The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 853 | 17 January 2025 | শুক্রবার ৩ মাঘ ১৪৩১



Tulip Resigned Over Financial Scandal >> Page 18



Michelle Obama will skip Trump inauguration >> Page 18



From Bailey Road to 'Miss North America': Zarin's inspiring journey >> Page 19



Gov. Hochul wants police on every subway train overnight >> Page 19

# হাসিনার হরতালে সাড়া নেই

## নিউইয়র্কে হরতালের সর্মথনে সমাবেশ

আজকাল রিপোর্ট




শেখ হাসিনার ডাকা হরতাল এবং ভার্চুয়াল বক্তৃতা বাংলাদেশে সাড়া মিলছে না। দলীয়ভাবেও এ হরতাল সফল করার জন্য কোন তৎপরতা নেই। শুধুমাত্র সোশাল মিডিয়া কিংবা ফেসবুকে নিউইয়র্ক ভিত্তিক কিছু আওয়ামী একটিভিস্ট হরতাল সফর করার জন্য আহবান জানাচ্ছেন। বৃহস্পতিবার যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমানের আহবানে দেশে হরতাল সফল করার জন্য জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় সমাবেশ অনুষ্ঠিত হয়। বাংলাদেশের প্রধান কোনও মিডিয়াই সাবেক এই প্রধানমন্ত্রীর বক্তব্য প্রচার করছে না। সম্প্রতি শেখ হাসিনার একটি অডিও রেকর্ড থেকে জানা যায় যে, আগামী ১৮ জানুয়ারি হরতাল ডেকেছেন। ভিডিও বার্তায় শেখ হাসিনা বলেছেন, আমি বলে দিচ্ছি। এর কাছে ওর কাছ থেকে শুনতে হবে না।প্রত্যেক এলাকা ভিত্তিক মানব বন্ধন, মিছিল মিটিং করতে হবে। আর যদিরাস্তায় নামতে না দেয় তবে হরতাল ডাকবা। যারযার এলাকায় সুবিধা হবে হরতাল ডিক্লারেশন দিয়ে দিবা। ১৮ তারিখে হরতাল দিবা। তবে এরপর ৩৪ পৃষ্ঠায়

# ডা. জিয়া মুক্তধারার চেয়ারম্যান ড. নুরুন্নবী'র পদত্যাগ





আজকাল রিপোর্ট

নিউইয়র্কের মুক্তধারা ফাউন্ডেশনে চেয়ারম্যান (২০২৫-২৬) নির্বাচিত হয়েছেন ডা.জিয়াউদ্দীন আহমেদ। ২০২৪'র ছাত্রজনতার অভ্যুত্থানকে কেন্দ্রে করে বিদায়ী চেয়ারম্যান ড. নুরুন্নবী সহ ৫ জন পদত্যাগ করেছেন। পদত্যাগী অন্যরা হলেন জিনাত নবী, ফাহিম রেজা নুর, জাকিয়া ফাহিম ও স্বীকৃতি বড়ুয়া।

জুলাই অভ্যুত্থানের পর মুক্তধারা ফাউন্ডেশনের কার্যকরী কমিটিতে দুটি ধারা তৈরি হয়েছে। একটি অংশ জুলাই অভ্যুত্থানের এরপর ৫১ পৃষ্ঠায়

# বাংলাদেশে সংস্কার প্রস্তাব নিয়ে তীব্র মতভেদ

মাসুদ করিম, *ঢাকা থেকে*

বাংলাদেশে সংস্কার প্রস্তাব নিয়ে তীব্র মতভেদ দেখা দিয়েছে। বিশেষ করে সংবিধান এবং নির্বাচনী ব্যবস্থা সংস্কারের লক্ষ্যে দু'টি পৃথক কমিটি যেসব প্রস্তাব দিয়েছে তা নিয়ে বিতর্কের সৃষ্টি হয়েছে। বিশেষ করে সংবিধানের মূলনীতি পরিবর্তন করে অনেকটা নতুন সংবিধান প্রনয়নের মতো করে আমূল পরিবর্তনের সুপারিশ করা হয়েছে। নির্বাচনী ব্যবস্থার সংস্কারেরও বিভিন্ন প্রস্তাব বেশ বিতর্কের জন্ম দিয়েছে। সংবিধানের সংস্কার এবং জুলাই ঘোষণাপত্রের বিষয়ে দলগুলো একমত হতে পারছে না। বিএনপি এসব বিষয়ে সিদ্ধান্ত নির্বাচিত সরকারের ওপর ছেড়ে দেবার পক্ষপাতি। কারণ নির্বাচিত পার্লামেন্ট ছাড়া এসব সংস্কার কেউ অনুমোদন করতে পারবে না। পার্লামেন্টে পাস হলেও সংবিধানের মৌলিক চেতার পরিপন্থী যে কোনও সংশোধনী আদালত বাতিল করতে পারবেন। বিএনপি আগষ্টের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের দাবি করছে। যদিও নির্বাচন কমিশন বলছে, ডিসেম্বরের আগে নির্বাচন মোটেও সম্ভব নয়।

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মাধ্যমে শেখ হাসিনার সরকারের পতন হলে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অর্ন্তবর্তি সরকার দায়িত্ব গ্রহণ করে। সরকার সংস্কারকে অগ্রাধিকার ঘোষণা করে প্রস্তাবনা তৈরীর লক্ষ্যে কাজ চালিয়ে যাচ্ছে। এই লক্ষ্যে পৃথক কমিটিগুলো সুপারিশ প্রণয়ন করেছে। এরপর ২৭ পৃষ্ঠায়



# সংসার ভাঙ্গলো হাসিনা পুত্রের

আজকাল রিপোর্ট

সাবেক প্রধানমন্ত্রীর পুত্র সজীব ওয়াজেদ জয় তার ব্যক্তিগত জীবন ও পরিবার নিয়ে দেশের ভিতরে চলা বিভিন্ন অভিযোগ নিয়ে তার ভেরিফায়েড ফেসবুক পেজে একটি স্ট্যাটাস দিয়েছেন সোমবার ১৩ জানুয়ারি। সেখানে তিনি তাঁর বিবাহ বিচ্ছেদের সংবাদ জানান। তিনি বলেন, ক্রিস্টিন এরপর ৩৬ পৃষ্ঠায়

# সিডিপ্যাপ জটিলতা কাটছে না

## আইনগতভাবে এখনো পিপিএলের কাছেই যাচ্ছে

আজকাল রিপোর্ট



সেবাদাতা প্রতিষ্ঠান ও সেবার ধরন পরিবর্তনসহ নিউইয়র্ক সিটির নতুন সিদ্ধান্তের কারণে কনজ্যুমার ডাইরেক্টেড পারসোনাল অ্যাসিসটেন্ট প্রোগ্রামের (সিডিপ্যাপ) সৃষ্ট জটিলতা কাটছে না। এর ফলে সিডিপ্যাপ সেবা গ্রহীতারা জটিলারও অবসান হচ্ছে না। দিন যতই ঘনিয়ে আসছে। ততই দুশ্চিন্তা বাড়ছে সেবা দাতা ও সেবা গ্রহীতা প্রতিষ্ঠানগুলোর মধ্যে। শুধুমাত্র সিডিপ্যাপ সেবা দেয় এমন শত-শত প্রতিষ্ঠান বন্ধ হওয়ার পাশাপাশি শত-শত সেবাদানকারীও চাকুরি হারানোর সম্ভাবনা রয়েছে।

জানা গেছে, সম্প্রতি আদালত এক রায়ে একটি প্রতিষ্ঠানকে তাদের সেবাগ্রহীতার তত্য বা ডাটা শেয়ার করার বিষয়ে সাময়িক নিষেধাজ্ঞা দিয়েছেন। এতে অনেক হোম কেয়ার প্রতিষ্ঠান আশার আলো দেখছে। বিষয়টি না বুঝেই অনেক প্রতিষ্ঠান সিডিপ্যাপে কোন সমস্যা হবে না বলে প্রচার করছে। আগের মতোই হোম কেয়ারের সিডিপ্যাপ সেবা একক প্রতিষ্ঠানের আওতায় যাবে অথবা সেবার ধরণে পরিবর্তন করতে হবে। এক্ষেত্রে আগের মতোই সমস্যা রয়ে গেছে। এপ্রিলের ১ তারিখ থেকেই সিডিপ্যাপ চলে যাবে পিপিএল নামক একক প্রতিষ্ঠানের আওতায়।

এর আগে নিউইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্ট থেকে সাত শতাধিক সিডিপ্যাপ সেবাদানকারী প্রতিষ্ঠানকে তাদের গ্রাহক সংক্রান্ত ডাটা ১৫ জানুয়ারির মধ্যে প্রদানের বিষয়ে আদেশ দেয়। তার পরিপ্রক্ষিতে প্রতিষ্ঠানটি আদালতে গেলে এ নিষেধাজ্ঞা আসে।

এদিকে নতুন আর্থিক প্রতিষ্ঠান তাদের অফিস নিউইয়র্কের রাজধানী আলবেনিতে অফিস স্থাপন করেছে। শতাধিক কর্মীও নিয়োগ করছে। আরও সাতটি এরপর ৩৪ পৃষ্ঠায়

























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
CenterLight Health System
Anthem.
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
SWH Senior Whole Health
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396
CALL US NOW:
718-516-3425
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suit C
Ozone Park, NY 11416

শাহাব উদ্দীন-এর কলাম
ভারত সরকার কি শেখ হাসিনাকে ফেরত দেবে?
০৫ পৃষ্ঠায়




সোহরাব হাসান-এর কলাম
খালেদা এখনো যেভাবে বিএনপির ঐক্য ও সংহতির প্রতীক
১১ পৃষ্ঠায়




ড. ইফতেখার উদ্দিন চৌধুরী-এর কলাম মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে দরকার কার্যকর পদক্ষেপ
১২ পৃষ্ঠায়








# বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড ও কার্যকরি কমিটির যৌথ সভা

আজকাল রিপোর্ট

নবনির্বাচিত বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটি ও বিদ্যমান বোর্ড অব ট্রাস্টির প্রথম যৌথ সভা গত ১২ জানুয়ারী রোববার বাংলাদেশ সোসাইটির নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম। সভার পরিচালনা করেন সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। বোর্ড অব ট্রাস্টির সদস্য মো. আক্তার হোসেন, আজিমুর রহমান বোরহান, মো. এমদাদুল হক কামাল, আব্দুল হাসিব হাসনু, ওয়াসি চৌধুরী, এরপর ২৯ পৃষ্ঠায়




# ঢালিউড ফিল্ম এন্ড মিউজিক অ্যাওয়ার্ড শনিবার

আজকাল রিপোর্ট

বহির্বিশ্বের সর্বাধিক জনপ্রিয় অনুষ্ঠান ঢালিউড ফিল্ম এন্ড মিউজিক অ্যাওয়ার্ড অনুষ্ঠিত হবে আগামীকাল ১৮ জানুয়ারি শনিবার কুইন্স থিয়েটার অডিটোরিয়ামে। ঠিকানা হচ্ছে: ফ্লাশিং, মেডস করোনা পার্ক, ১৪ ইউনাইটেড ন্যাশন এভিনিউ, নিউইয়র্ক ১১৩৬৮, এখানে ফ্রি পার্কিংয়ের ব্যবস্থা আছে। অনুষ্ঠান শুরু হবে সন্ধ্যা ৬টায়।
গোল্ডেন এজ হোম কেয়ার প্রেজেন্টস এই ঢালিউড অ্যাওয়ার্ড অনুষ্ঠানে আসছেন ছোট পর্দার জনপ্রিয় অভিনেতা এরপর ২৯ পৃষ্ঠায়

ধ্বংসযজ্ঞ আর অসংখ্য প্রাণহানিতে হাহাকার

# গাজা উপত্যকায় যুদ্ধবিরতি

আজকাল রিপোর্ট

বহুল কাংখিত যুদ্ধ বিরতির বাতাস বইছে গাজা উপত্যকায়। ইসরায়েল এবং হামাস গাজা উপত্যকায় বিধ্বংসী যুদ্ধ বন্ধ করতে একটি যুদ্ধবিরতি চুক্তিতে সম্মত হয়েছে। যুক্তরাষ্ট্র এবং কাতার বলেছে, শত্রুদের মধ্যে সবচেয়ে মারাত্মক এবং সবচেয়ে ধ্বংসাত্মক লড়াই বন্ধ করার সম্ভাবনা রয়েছে। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর কার্যালয় এই চুক্তির বিষয়টি নিশ্চিত করেনি এবং বলেছে যে চূড়ান্ত বিবরণ এখনও শেষ হয়নি। নেতানিয়াহুর কার্যালয় এক বিবৃতিতে বলেছে যে তারা আশা করছেন যে বুধবার রাতে চুক্তির চূড়ান্ত বিবরণ তৈরি করা হবে। সেই মোতাবেক যুদ্ধ বিরতি কার্যকর হবে।
গাজার ভিতরে এখনও প্রায় ১০০ জন বন্দী রয়েছে এবং ইসরায়েলের সামরিক বাহিনী বিশ্বাস করে যে কমপক্ষে এক তৃতীয়াংশ মারা গেছে। ইসরায়েলের হাতে বন্দী শত শত ফিলিস্তিনি নারী ও শিশুর বিনিময়ে ৩৩ জন নারী, শিশু, বয়স্ক এবং আহত বেসামরিক নাগরিকের মুক্তি দিয়ে তিন-পর্যায়ের চুক্তিটি শুরু হবে। দ্বিতীয় পর্যায়ে সৈন্য ও অন্যান্য পুরুষ বন্দীদের মুক্তি দেওয়া হবে।
চুক্তিটি কঠোরভাবে ক্ষতিগ্রস্থ গাজা উপত্যকায় স্বস্তি নিয়ে আসবে। যেখানে ইস্রায়েলের আক্রমণাত্মক বিশাল অঞ্চলগুলিকে ধ্বংসস্তূপে পরিণত করেছে এবং প্রায় ২.৩ মিলিয়ন জনসংখ্যার প্রায় ৯০% বাস্তুচ্যুত হয়েছে, অনেকে দুর্ভিক্ষের ঝুঁকিতে রয়েছে।
ইসরায়েল ও হামাসের মধ্যে দীর্ঘ প্রতীক্ষিত যুদ্ধবিরতি ও জিম্মি চুক্তিকে মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতিশীলতার সুযোগ বলে অভিহিত করেছেন বিশ্ব নেতারা। এরপর ৫৩ পৃষ্ঠায়


*যুদ্ধবিরতির ঘোষণার পর গাজার মানুষ আনন্দে মেতে উঠেন। প্রেসিডেন্ট জো বাইডেন ঘোষণা করেছেন যে, ইসরায়েল ও হামাসের মধ্যে গাজা যুদ্ধবিরতি চুক্তি হয়েছে। হয় সপ্তাহের যুদ্ধবিরতি যুদ্ধের স্থায়ী অবসান ঘটাতে পারে। ছবিঃ সংগৃহিত*

# গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশন সিলেট বিভাগ কমিটির অভিষেক

আজকাল রিপোর্ট

গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশন সিলেট বিভাগীয় কমিটির অভিষেক অনুষ্ঠান গত ১২ জানুয়ারি সিলেট নগরীর দরগাহ গেইটস্থ গ্র্যান্ড মোস্তফা হোটেল আবাবিল কনফারেন্স হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
এসোসিয়েশনের সিলেট বিভাগীয় শাখার নবনির্বাচিত প্রেসিডেন্ট এম আতাউর রহমানের সভাপতিত্বে সাংবাদিক হেলাল নির্ঝর ও কবি মামুন সুলতানের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. সাজেদুল করিম, বিশেষ অতিথি ছিলেন শিক্ষাবিদ মঈনুস সুলতান, চ্যানেল এসের (ইউকে) চেয়ারম্যান আহমেদ উস সামাদ এরপর ২৯ পৃষ্ঠায়



# ফেলানী দিবসে নিউইয়র্কে প্রতিবাদ ও মানববন্ধন

আজকাল রিপোর্ট

ভারতীয় সীমান্ত রক্ষীর (বিএসএফ) গুলিতে নিহত বাংলাদেশী কিশোরী ফেলানী খাতুনের ১৪তম মৃত্যু দিবস বা ফেলানী দিবসে নিউইয়র্কে প্রতিবাদ সভা ও মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।
যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশীদের সংগঠন 'প্যাট্রিয়টস অব বাংলাদেশ' 'ফেলানী দিবস' উপলক্ষ্যে ৮ জানুয়ারি বিকালে নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের সামনে এ প্রতিবাদ সভা ও মানববন্ধন এরপর ২৯ পৃষ্ঠায়

# ইনকাম ট্যাক্স রিটার্ণ শুরু ২৭ জানুয়ারী

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের নাগরিকদের গত ট্যাক্স ইয়ারের (২০২৪) ইনকাম ট্যাক্স রিটার্ন দাখিল প্রক্রিয়া আগামী ২৭ জানুয়ারী থেকে শুরু হচ্ছে। কোন জরিমানা ছাড়াই আগামী ১৫ এপ্রিল পর্যন্ত ট্যাক্স বছরের ব্যক্তিগত ট্যাক্স ফাইল করা যাবে। এবারের ইনকাম ট্যাক্স রিটার্নে আর্নড ইনকাম ক্রেডিট, এডিশনাল চাইল্ড ট্যাক্স ক্রেডিট ও স্ট্যান্ডার্ড ডিডাকশনের পরিমাণ গত বছরের চেয়ে বেড়েছে। যুক্তরাষ্ট্রের ইন্টারন্যাল রেভিনিউ সার্ভিসের (আইআরএস) এসব তথ্য জানিয়েছে। সংশ্লিষ্টরা জানান, কোন জরিমানা ছাড়াই ২০২৪ ট্যাক্স বছরের ব্যক্তিগত ট্যাক্স ফাইল আগামী ১৫ এপ্রিল পর্যন্ত করা যাবে। তবে আবেদনের মাধ্যমে ছয় মাসের এরপর ২৯ পৃষ্ঠায়



# জ্যাকসন হাইটসে সিপিএ শ্রাবনীর অফিস চালু

আজকাল রিপোর্ট

জ্যাকসন হাইটসে নতুন অফিস চালু করেছে কমিউনিটির পরিচিত মুখ ও সার্টিফাইড পাবলিক অ্যাকাউন্টস (সিপিএ) শ্রাবনী শিং। এ উপলক্ষ্যে গত ১১ জানুয়ারি জ্যাকসন হাইটসের একটি রেস্টুরেন্টে বাংলাদেশী কমিউনিটির সাথে অনুষ্ঠানে শুভেচ্ছা বিনিময় করেন শ্রবনী। এ অনুষ্ঠান পরিচালনা করেন নওশাদ কামাল। নিউইয়র্কে ট্যাক্স মৌসুম উপলক্ষে শ্রাবনীর ট্যাক্স অফিস সপ্তাহে সাত দিন খোলা রাখার কথা জানানো হয়। সভায় বাংলাদেশী এরপর ২৯ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনে বাড়ি
পাবলিক অকশনে বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শরট-সেল ও REO প্রপার্টি
কল করুনঃ
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com
Nurul Azim

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Accredited
Approved Travel Agent
এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক ৬৪৯+Tax
ওমরাহ
HAJ TOURS
মোঃ আব্দুল খালেক
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road, Bronx, NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
গ্যারান্টি সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়
OneKey MLS
Fazle
SHOHAG KHAN
Licensed Real Estate Sales
Cell : 1- 917 770 1341
Office : 1- 516 800 5160
Email: shohag. khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
LAILAC INSURANCE BROKERAGE INC.
One Stop Services
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646--361-0250
Authorized IRS e-file Provider
37-47 73rd Street. Suite # 217
Jackson Heights, NY-11372
Tel: 718-255-6783
Fax: 718-255-6783
usbanglatax@yahoo.com
lailacinsuranceinc@yahoo.com
Services: Individual & Business Tax Services, Immigration Services
Loan Modification, Auto, Home & Business Insurance, Real Estate




**টাউন হোম**
TW-2275
১,২৯৫ বর্গফুট জমি +
২,২৭৫ বর্গফুট ৩-তলা বাড়ী

মাত্র ৩১,৫২৫ US$ ডাউন পেমেন্ট দিয়ে জমির সাফ-কবলা মালিকানা দলিল বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র ৫০৯ US$, ৬০ মাস পর ভাড়া দিয়ে কিস্তি পরিশোধ

**টেরেস হোম**
TR-1900
৯৯০ বর্গফুট জমি +
১,৯০০ বর্গফুট ৩-তলা বাড়ী

মাত্র ২৪,০৫৩ US$ ডাউন পেমেন্ট দিয়ে জমির সাফ-কবলা মালিকানা দলিল বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র ৩৮৮ US$, ৬০ মাস পর ভাড়া দিয়ে কিস্তি পরিশোধ

**গার্ডেন হোম**
RX-5 (I)
৩,৬০০ বর্গফুট জমি +
৩,২৯২ বর্গফুট ৩-তলা বাড়ী

মাত্র ৭৮,৬৫০ US$ ডাউন পেমেন্ট দিয়ে জমির সাফ-কবলা মালিকানা দলিল বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র ১,২৭০ US$, ৬০ মাস পর ভাড়া দিয়ে কিস্তি পরিশোধ

পরিবেশ ছাড়পত্র নং- পরিবেশ/ঢাবি/৯৫২৫/৪১০৮

**৩১শে ডিসেম্বর ২০২৪** এর মধ্যে বুকিং দিলেই পাচ্ছেন বিশেষ ছাড়! সেই সাথে সর্বনিম্ন **২৪,০৫৩ US$** ডাউনপেমেন্ট দিয়েই বুঝে নিন জমির সাফ-কবলা মালিকানা দলিল।

**বিশেষ দ্রষ্টব্য:** এই অফারটি সীমিত সংখ্যক বাড়ী/প্লট এর জন্য **"আগে আসলে আগে পাবেন"** ভিত্তিতে প্রযোজ্য এবং জুলাই-আগষ্ট ২০২৪ বিপ্লবের অগ্রনায়ক, রেমিট্যান্স যোদ্ধা প্রবাসীগণ অগ্রাধিকার পাবেন।

- এই স্কিমের আওতায় সংশ্লিষ্ট ব্যাংকের নিকট গ্রাহকগনের দায় আনুপাতিক সম্পত্তি বন্ধকের ব্যবস্থা থাকবে।
- এই সুযোগটি গ্রহনের ক্ষেত্রে প্রত্যেক প্রবাসী ভাই-বোনকে যথাযথ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে কোম্পানীর নির্দিষ্টব্যাংকে একাউন্টে বৈদেশিক মুদ্রায় অর্থ পাঠাতে হবে।

ব্যাংক পার্টনার: ইসলামী ব্যাংক

Bangla Bosoti
বাংলা বসতি

Hotline +88 09644100800

For Details Please Call
+88 01321100800, +88 01708152444-9

Corporate Office: 49, Lake Circus, Kalabagan, Dhanmondi, Dhaka-1205, Sales Office: Axis Delvista (3rd Floor), 7/1, Mirpur Road, Mohammadpur, Dhaka-1207. E-mail : info@banglabosoti.com

## সম্পাদকীয়

# দ্রুত নির্বাচনের দাবি

অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর থেকে দ্রুত জাতীয় সংসদ নির্বাচনের ওপর জোর দিচ্ছে বিএনপিসহ মিত্ররা। অতি প্রয়োজনীয় সংস্কার শেষে দ্রুত নির্বাচনের বিষয়ে এখন একাট্টা দলগুলো। এরই ধারাবাহিকতায় জুলাই-আগস্টের মধ্যে নির্বাচনের তাগিদ দিয়েছে বিএনপি। সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে জানা গেছে, এ বিষয়ে একমত বিএনপির মিত্র অন্তত ৫২টি নিবন্ধিত ও অনিবন্ধিত রাজনৈতিক দলের নেতারাও। তাদের মতে, জাতীয় নির্বাচনের জন্য যে সংস্কার প্রয়োজন, তা দুই থেকে তিন মাসেই শেষ করা সম্ভব।প্রয়োজনীয় সংস্কার শেষে এ বছরের মাঝামাঝিতেই নির্বাচন দেওয়া উচিত। তারা মনে করেন, সরকার দ্রুততম সময়ের মধ্যে নির্বাচনি রোডম্যাপ ঘোষণার লক্ষ্যে আয়োজন করতে পারে একটি জাতীয় সংলাপের। ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে যুক্ত সব রাজনৈতিক দল ও অন্যান্য স্টেকহোল্ডারের সঙ্গে দ্রুত সংলাপে বসে নির্বাচনের তারিখ নির্ধারণ করা যেতে পারে। অন্যথায় সরকারের সঙ্গে রাজনৈতিক দলগুলোর দূরত্ব বাড়বে।দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, আইনশৃঙ্খলা পরিস্থিতিসহ নানা অস্থিরতাও নিয়ন্ত্রণে আনা কঠিন হবে।

> আবার এটাও সত্য, তড়িঘড়ি নির্বাচন করতে গেলে আশানুরূপ ফল না-ও মিলতে পারে। কাজেই রাজনৈতিক দলগুলোর মধ্যে যে প্রশ্ন ও তাগিদ দেখা যাচ্ছে, তা নিরসনে যত দ্রুত সম্ভব নির্বাচনি রোডম্যাপ দেওয়াই হবে অন্তর্বর্তী সরকারের জন্য প্রধান কাজ। এজন্য জাতীয় ঐক্য ও সংহতির বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিয়ে পুনরায় সব রাজনৈতিক দল এবং অভ্যুত্থানে যেসব শক্তি সংশ্লিষ্ট ছিল, তাদের সমন্বয়ে একটি সংলাপের উদ্যোগ নেওয়া যেতে পারে। এর ফলে নির্বাচন অনুষ্ঠানসহ দেশের উন্নয়নের স্বার্থে যে কোনো বিষয়ে সরকারের প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া সহজ হবে। রাজনৈতিক দলগুলোর আস্থা ধরে রাখতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে, এটাই প্রত্যাশা

গত মঙ্গলবার বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ বছরের মাঝামাঝি সময়ের মধ্যেই নির্বাচন করার জন্য সরকার, নির্বাচন কমিশন ও রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন। নির্বাচন যত বিলম্ব হচ্ছে, রাজনৈতিক ও অর্থনৈতিক সংকট তত বৃদ্ধি পাচ্ছে বলেও মনে করেন তিনি। বিএনপির এই দাবির সঙ্গে একমত পোষণ করে জামায়াতে ইসলামী বলছে, জাতীয় নির্বাচনের জন্য যে সংস্কার প্রয়োজন, তা দুই থেকে তিন মাসে শেষ করা সম্ভব। কাজেই প্রয়োজনীয় সংস্কার শেষে এ বছরের মাঝামাঝিতেই নির্বাচন দেওয়া উচিত। এদিকে ইসলামী আন্দোলন বলছে, এত বেশি কালক্ষেপণ করা ঠিক নয়, যাতে মানুষের মধ্যে বিরক্তি, ক্ষোভ তৈরি হয়। আবার এত বেশি তড়িঘড়ি করাও ঠিক নয়। অন্যদিকে ছয়দলীয় জোট, গণতন্ত্র মঞ্চ, ১২ দলীয় জোট, ১১ দলীয় জাতীয়তাবাদী সমমনা জোট, চারদলীয় গণতান্ত্রিক বাম ঐক্য, এলডিপিসহ মিত্র দলগুলো অভিন্ন সুরে বলেছে, দেশের যে পরিস্থিতি তাতে দ্রুত জাতীয় নির্বাচন দরকার। তা না হলে সংকট আরও বাড়বে। এমনকি ছয়দলীয় বাম গণতান্ত্রিক জোটও দ্রুত নির্বাচনের পক্ষে।

বলা বাহুল্য, অন্তর্বর্তী সরকারের প্রথম কাজ হচ্ছে একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য জাতীয় নির্বাচন অনুষ্ঠানের পরিবেশ সৃষ্টি করে তা সম্পন্ন করা এবং যথ াসম্ভব দ্রুতই তা করা। অন্যথায় রাজনৈতিক সংকট ভিন্নমাত্রা পাওয়ার আশঙ্কা থেকেই যায়। আবার এটাও সত্য, তড়িঘড়ি নির্বাচন করতে গেলে আশানুরূপ ফল না-ও মিলতে পারে।

কাজেই রাজনৈতিক দলগুলোর মধ্যে যে প্রশ্ন ও তাগিদ দেখা যাচ্ছে, তা নিরসনে যত দ্রুত সম্ভব নির্বাচনি রোডম্যাপ দেওয়াই হবে অন্তর্বর্তী সরকারের জন্য প্রধান কাজ। এজন্য জাতীয় ঐক্য ও সংহতির বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিয়ে পুনরায় সব রাজনৈতিক দল এবং অভ্যুত্থানে যেসব শক্তি সংশ্লিষ্ট ছিল, তাদের সমন্বয়ে একটি সংলাপের উদ্যোগ নেওয়া যেতে পারে। এর ফলে নির্বাচন অনুষ্ঠানসহ দেশের উন্নয়নের স্বার্থে যে কোনো বিষয়ে সরকারের প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া সহজ হবে। রাজনৈতিক দলগুলোর আস্থা ধরে রাখতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে, এটাই প্রত্যাশা।

# ভারত সরকার কি শেখ হাসিনাকে ফেরত দেবে?

শাহাব উদ্দীন



গত বছর ৫ আগস্টের ছাত্র জনতার গন অভ্যুত্থানের মুখে স্বল্প সময়ের নোটিশে প্রাণ রক্ষার্থে শেখ হাসিনা পালিয়ে ভারতে গিয়ে আশ্রয় নেন। তৎকালীন আওয়ামী লীগ সরকারের হয়ত কল্পনায় ও ছিল না। এ ভাবে দেশে সর্বত্র সাজানো বিশাল সাম্রাজ্য তাসের ঘরের মতো ভেঙে খান খান হয়ে যাবে। নেত্রীর সাথে পালাতে হবে মন্ত্রী, সাংসদ, দুর্নীতিবাজ আমলা, দলের নেতাসহ সকলেই। ষোল বছরের কর্তৃত্ববাদী, স্বৈরাচারী শাসন জনরোষে পদদলিত হয়ে নিমিষেই বিলীন হয়ে যাবে। পৃথিবীর দেশে দেশে স্বৈরশাসকের অত্যাচার নির্যাতনে মানুষের পিট যখন দেয়ালে ঠেকে যায়, তখন মানুষের শেষ বিদ্রোহের কাছে পরাজিত হয়ে স্বৈরাচারেরা তাদের বিশ্বস্ত বন্ধুর (কেউবা বলেন প্রভু) কাছে গিয়ে আশ্রয় নেন। বাংলাদেশের এভাবে হঠাৎ পরিবর্তন হবে ভারত হয়তো বুঝতে পারেনি। যে কারনে এখন পর্যন্ত বাংলাদেশের এই ঐতিহাসিক পরিবর্তন মেনে নিতে পারছে না। শেখ হাসিনার শাসন আমলে হত্যা, গুম খুন এবং গনহত্যার দায়ে দায়েরকৃত মামলার কারনে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালের পক্ষথেকে গ্রেফতারী পরোয়ানা জারি করা হয়েছে। অন্তর্বর্তীকালীন সরকারের পক্ষ থেকে ভারতীয় সরকারের কাছে শেখ হাসিনাকে ফেরত চেয়ে চিঠি দেওয়া হয়েছে। কিন্তু ভারত সরকারের কাছ থেকে এ ব্যাপারে কোন উত্তর পাওয়া যায়নি। তাই সচেতন মহলের কাছে এ ব্যাপারে বিভিন্ন প্রশ্নের উদ্বেগ সৃষ্টি হয়েছে।

> বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বাচ্চা ছেলেদের লাশের উপর দিয়ে গন অভ্যুত্থান সৃষ্টি হয়। সেই বৃহৎ দল সবাইকে নিয়ে ভংগুর দেশ গড়ার চিন্ত না করে ষোল দিনের মাথায় নির্বাচনের জন্য সরকার কে চাপ শুরু করে দিল। কেন এত তাড়াহুড়া? ক্ষমতায় গিয়ে নিজেদের আসন পাকাপোক্ত করার জন্য। আর পার্শ্ববর্তী শক্তিধর দেশের সাথে আঁতাত করে গনহত্যায় অভিযুক্ত ব্যক্তি, দল ও দুর্নীতিবাজদের পুনঃ প্রতিষ্ঠা করতে চান?

ভারতের সাথে আওয়ামী লীগ এবং বিশেষ করে শেখ মুজিবের পরিবারের সাথে ইন্দিরা কংগ্রেসের সম্পর্ক দীর্ঘদিনের। যে কারনে শেখ মুজিব মারা যাওয়ার পর (৭৫-৮১সাল পর্যন্ত) ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর কৃপায় শেখ হাসিনা ও শেখ রেহেনা ভারতের আশ্রয়ে ছিলেন। সেখানে ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জি সহ অনেক নেতাদের সাথে ব্যক্তিগত সম্পর্ক ও গড়ে উঠে। শেখ হাসিনা বাংলাদেশে আসার পর আওয়ামী লীগের সভাপতি বা প্রধানমন্ত্রী হওয়াতে সে সম্পর্ক আরও গভীর ও ব্যাপক হয়। যে বর্ধিত সম্পর্কের কারনেই শেখ হাসিনা ভারতের একটা মৌলবাদী সংগঠন ক্ষমতাসীন দলের নেতা নরেন্দ্র মোদির সাথে সমান তালেই কাজ চালিয়ে যাচ্ছেন।

ভারত এখানে শুধুমাত্র একটি পরিবার ও দলের সাথে সম্পর্কের মধ্যেই বাংলাদেশকে বিচার করছে।আর শেখ হাসিনা এবং আওয়ামী লীগ দেশের স্বার্থের ঊর্ধ্বে উঠে ভারতের সাথে সম্পর্কের কথা ভাবেন। এখানে বাংলাদেশ নামক একটা রাষ্ট্রে ত্রিশ লাখ শহীদের রক্তের বিনিময়ে যে আমরা স্বাধীন সার্বভৌম দেশ ও মানচিত্র-এইগুলো তাদের কাছে গৌন। যে কারনে বিগত দিনের যতগুলো চুক্তি হয়েছে ভারতের স্বার্থকেই প্রধান্য দেওয়া হয়েছে। এমনি কি চুক্তি হয়েছে জনগণকে জানানো হয়নি। সব কিছুই গোপন রাখা হয়েছে। কিন্তু বাংলাদেশের দীর্ঘদিনের তিস্তার পানি বন্টন সমস্যা, গংগার পানিবন্টন চুক্তি আলোচনা, সীমান্ত হত্যা ইত্যাদি দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় গুলো ছিল সব সময় উপেক্ষিত। কতটুকু নতজানু পররাষ্ট্রনীতি হলে একটা দেশের প্রধানমন্ত্রী বলেন, আমরা যা দিয়েছি, ভারত সারা জীবন মনে রাখবে। আমি কারও কাছে চাইতে ভালো পাই না। আমার দেওয়ার অভ্যাস বেশি। পররাষ্ট্রমন্ত্রী আরও নিচে নেমে বলেন, ভারতের সাথে আমাদের স্বামী-স্ত্রীর সম্পর্ক। আমাদের উন্নয়ন মানে ভারতের উন্নয়ন, ভারতের উন্নয়ন মানে আমাদের উন্নয়ন। এই ধরনের কূটনৈতিক পরিভাষা পৃথিবীর কোন দেশে নেই। যে কোন দেশ ছোট হোক কিংবা বড় হোক পারস্পারিক সম্পর্ক হবে সম মর্যাদার ভিত্তিতে। এখানে সম্পর্ক হবে রাষ্ট্রের সাথে রাষ্ট্রের, জনগনের সাথে জনগনের। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে আমাদের দেশের ক্ষেত্রে তা ছিল সম্পুর্ন অনুপস্থিত। যে কারনে ভারত চাইবে এখানে যদি পুতুল সরকার থাকে তাদের জন্য ভালো ও সব দিক থেকে নিরাপদ। যে কারনে বাংলাদেশে এত বড় একটা রাজনৈতিক পরিবর্তন হলো তা ভারত সরকার বা তাদের নীতি নির্ধারকরা মেনে নিতে পারছে না। তাদের স্বার্থেই বিগত দিন আমাদের দেশের নির্বাচন সহ অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করে যা এদেশের মানুষ ভালোভাবে নেয়নি। ২০১৪ সালের নির্বাচনের সময় ভারতের পররাষ্ট্র সচিব সুজাতা সিং কিভাবে আওয়ামী লীগের পক্ষে নির্বাচনকে প্রভাবিত করেছিলেন তা সবার জানা। এরপর ২০১৮ এবং ২০২৪ সালে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটেছে। ভারতের নগ্ন হস্তক্ষেপে শেখ হাসিনা বাংলাদেশের মানুষ কে ভোটের

এরপর ৩৬ পৃষ্ঠায়

# বাংলাদেশে বাম রাজনীতির অবস্থা-বাস্তবতা

ড. মঞ্জুরে খোদা

বাংলাদেশে বাম আন্দোলনের বিকাশ ও ক্ষমতায়নের উজ্জ্বল সম্ভাবনা ছিল কিন্তু তাকে কাজে লাগানো যায়নি। এই সংকট নিয়ে অনেক আলোচনা-বিশ্লেষণ হয়েছে কিন্তু কোনো কাজ হয়নি। সংকট না কমে বরং বেড়েছে। বাম দলগুলোও আরও বিভক্ত হয়ে পড়েছে। প্রভাব ও আকৃতির দিক থেকে ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছে। তারপরও যা আছে তা নিয়ে এভাবে নিজেদের অস্তিত্ব টিকিয়ে না রেখে ক্ষমতা দখলের রোডম্যাপ ও কৌশল ভাবতে হবে।

**একই আদর্শের কেন এত দল, বিভেদ ও ভিন্নতা**

বাংলাদেশে কতগুলো বাম দল আছে তার সঠিক সংখ্যা পাওয়া মুশকিল। আবার একই নামে একাধিক দল থাকা এবং কে কাকে বাম মনে করে সেটি নিয়েও বিতর্ক ও জটিলতা আছে। একই মার্কসীয় দর্শনের দলগুলোর মধ্যেও আছে ভয়াবহ দ্বন্দ্ব ও বিরোধ। সাধারণ মানুষের প্রশ্ন একই মতাদর্শের কেন এত দল? কেন এক দল নয়? আর দলের ভেতরে যদি উপদল থাকে সেখানে তো শত প্রশ্ন? এইসব বিতর্ক নেতা-কর্মীদের জন্য প্রচন্ড বিব্রতকর। এতে দলে, মানুষে বিভ্রান্তি ও হতাশা বাড়ে, অনেক ক্ষেত্রে তা তামাশা ও হাস্যরসে পরিণত হয়। লক্ষ করেছি, দেশের প্রধান সমস্যা-সংকটের কথায়-চিন্তায় তাদের তেমন কোনো ভিন্নতা নেই। সমাধানের পথ-উপায় কি খুব বিপরীত? সেটা যদি না হয় তাহলে দ্বন্দ্বটা আসলে কোথায়?

বাম দল অনেক থাকলেও সবার অবস্থা এক নয়। অধিকাংশ দলের বিকাশ-বিস্তার নেই, যুগ যুগ ধরে ক্ষয়িষ্ণু অবস্থায় কোনোভাবে টিকে আছে। কেন এমনটা হচ্ছে? সেটা কি উপযুক্ত কর্মসূচির অভাব, নেতৃত্বের সংকট, সময়কে বুঝতে না পারা, না অন্য কোনো কারণ? নাকি ব্যক্তির স্বার্থ-সুবিধা, নেতৃত্ব-কর্তৃত্বই প্রধান কারণ?

**বামরা কি জানে তাদের শক্তি ও সক্ষমতা**

বাংলাদেশের সংকট বিষয়ে বামরা অবগত। তারা এও জানে যে কারও একার পক্ষে এ সমস্যার সমাধান সম্ভব নয়। তার জন্য বড় সংগঠন ও ঐক্য দরকার। কিন্তু তাদের এই জানার অর্থ কী, যদি না তা চর্চা ও চেষ্টায় থাকে? মোটা দাগে বাংলাদেশে বাম দলগুলোর তিনটি ধারা-প্রবণতা লক্ষণীয়। একটি ধারা আওয়ামী লীগের সঙ্গে, আরেকটি বিএনপি ধারার সঙ্গে আন্দোলন ও ক্ষমতার অংশীদার হতে আগ্রহী এবং অন্যটি এই দুই ধারার মাঝামাঝি বা কোনোটিতে নেই। বৃহত্তর রাজনৈতিক স্বার্থে-প্রয়োজনে জোট-ঐক্যের চর্চা নতুন নয়, অতীতেও ছিল। নিজস্ব শক্তির ওপর ভরসা করে সেটা না করতে পারলে অন্যের অনুগ্রহের ওপর থাকতে হয় এবং তার পরিণতি সুখকর নয়, তার প্রমাণও অনেক।



বামরা তাদের শক্তি-সক্ষমতা সম্পর্কে কতটা অবগত জানি না, তবে বাংলাদেশের ইসলামি দলগুলো ঐক্যবদ্ধ হলে তারা দেশে একটি অঘটন ঘটিয়ে ফেলার মতো অবস্থা রাখে। সেটা করতে পারার কারণ দেশের মাদ্রাসাগুলো প্রায় শতভাগ তাদের নিয়ন্ত্রণে। ইসলামি দলগুলোর যে জমায়েত ক্ষমতা আছে, বাম দলগুলোর সে অবস্থা আছে কি না সন্দেহ। তবে ইসলামপন্থীদের তুলনায় বামদের সামাজিক ও সাংস্কৃতিক অবস্থান ও প্রভাব অধিক। তারপরও বাংলাদেশে কোনো বাম দলই দাবি করতে পারবে না যে তাদের নিজস্ব শক্তি দিয়ে সংসদে একটি আসন পেতে পারে। এর বাইরে প্রধান দল বিএনপি ও আওয়ামী লীগের কথা না হয় বাদই দিলাম, তাহলে বামরা কোন ভাবনায় বিচ্ছিন্ন ও বিভক্ত?

**নির্বাচনের দাবি ও বামদের অবস্থা-বাস্তবতা**

বাংলাদেশের বামপন্থী দলগুলোর একটি বড় সংকট হচ্ছে নিজেদের নির্ভুল ও বিশুদ্ধ ভাবার প্রবণতা। সে কারণে দলগুলোর মধ্য এক ধরনের দূরত্ব বিদ্যমান। বর্তমান সংকটের সময়ও কি সেই অবস্থা বজায় থাকবে, নাকি নিজেরা অধিক দায়িত্বশীল হয়ে সেই দূরত্ব দূর করবে: সেই প্রশ্ন গুরুত্বপূর্ণ?

৩ জানুয়ারি সিপিবির জনসভা থেকে এই মাসের মধ্যে সরকারের কাছ থেকে নির্বাচনের পরিষ্কার সময় ঘোষণার আহ্বান জানানো হয়েছে। ধরে নিলাম সরকার শিগগিরই নির্বাচনের একটি দিনক্ষণ ঘোষণা করল, তাতে সিপিবি বা বামপন্থীদের কী লাভ? দেশে এ পর্যন্ত ১২টি জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সেই নির্বাচনগুলোতে কি বামদের কোনো অবস্থান ছিল? এর মধ্যে চারটি বাদে বাকি নির্বাচনগুলো ছিল নানা মাত্রায় বিতর্কিত। কিন্তু যে কয়েকটি গ্রহণযোগ্য নির্বাচন হয়েছে, সেখানেও কি বামদের আশাবাদী হওয়ার মতো কিছু ছিল?

অতীতে দেখা গেছে, নির্বাচন এলে বাম দলগুলো বিভিন্ন ধারায় বিভক্ত হয়ে পড়ে। কোন দল জোটে গেলে কী সুবিধা পাবে সেটাই মুখ্য, সেখানে নীতি-আদর্শ সামান্য কাজ করে। কেউ জোট, মহাজোটে, কোনো কোনো বাম নিজেরা জোট করেছে, আবার নিশ্চিত পরাজয় জেনেও নিজেরাও নিজেদের বিরুদ্ধে নির্বাচন করেছে। এমনটাই চলছে যুগ যুগ ধরে। তাতে সাময়িক স্বার্থ-সুবিধা, আত্মতৃপ্তি, রাজনৈতিক ধারাবাহিকতা ছাড়া কোনো লাভ হয়নি। তারপরও কি যে যার আমিত্ব, শ্রেষ্ঠত্বের অহমিকা নিয়ে থ াকবে? সেটা না করে তারা যদি তাদের সুদূরপ্রসারী লক্ষ্যে অবিচল থাকত, তাহলে যুগ যুগ ধরে ব্যর্থতার গ্লানি বহন করতে হতো না। অবশ্য তারা নিজেদের কোনোভাবে ব্যর্থ মনে করেন কি না সেটাও প্রশ্ন।

এরপর ২৮ পৃষ্ঠায়

> এর বাইরে গণমানুষের পক্ষের একটি মধ্যবাম বিকল্প তৈরির ঐতিহাসিক সুযোগ সৃষ্টি হলেও শক্তিশালী জোট-সংগঠনের অভাবে তা আবারও হাতছাড়া হতে যাচ্ছে। মানুষ হতাশার যে তিমিরে ছিল, সেই তিমিরেই আছে। অথচ এই সুযোগকে কাজে লাগাতে স্বাধীনতাবিরোধী জামায়াতসহ সদ্য গজিয়ে ওঠা অভিন্ন চেতনার কিছু দল-সংগঠন তৎপর। অভ্যুত্থানে অংশীদার ছাত্রদের প্রভাবকে কাজে লাগিয়ে তারা ক্ষমতা দখলে তৎপর


| | | | |
|---|---|---|---|
| Editor & Publisher | : Shah Nawaz | সম্পাদক ও প্রকাশক | : শাহ্ নেওয়াজ |
| Managing Editor | : Rano Nawaz | ব্যবস্থাপনা সম্পাদক | : রানো নেওয়াজ |
| City Editor | : Anik Raj | সিটি এডিটর | : অনিক রাজ |
| General Manager | : Abubakar Siddique | জেনারেল ম্যানেজার | : আবুবকর সিদ্দিকী |

**Weekly Ajkal**
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ক্ষমতার পালাবদল নয়, দরকার নৈতিক সংস্কার!

রাজু আহমেদ

কল্পনা করুন এমন দু'জন চাকুরিজীবীর কথা, যাদের একজন এমন কোনো চাকুরি করে যেখানে চাইলেও আর্থিক অসততায় জড়ানোর সুযোগ নাই এবং অন্যজনের বিস্তৃত আর্থিক অনিয়ম করার তথা ঘুষ ও দুর্নীতি করার সুযোগ আছে। আর্থিক অসততার সুযোগ নাই কিন্তু মনে মনে অসততা লালন করে কিংবা আর্থিক অসততার সুযোগ আছে কিন্তু লোভকে নিবৃত্ত করে সৎ থাকার চেষ্টা করে- দু'জন মানুষের মধ্যে আল্লাহ সৎ মানুষটিকেইবেশি পছন্দ করেন। আর আল্লাহ যাকে অপছন্দ করেন তার আয় মোটা হলেও, চেহারা চওড়া হলেও কিংবা সম্পদের পাহাড় থাকলেও তা বৃথা। যৌবনে ঘুষ-দুর্নীতি করে বার্ধক্যে দান-খয়রাত করবে, মসজিদ-মন্দিরে হাজিরা দেবে এবং শেষবেলায় সাধুর বেশ ধরলে অতীত মাফ হবে? মহান আল্লাহ দয়াময় হিসেবে আল্লাহর হক ক্ষমা করে দিতে পারেন কিন্তু বান্দাহর হক ঠকালে সেটা মাফ করার দায়িত্ব প্রভু নিজের কাছে রাখেননি। যাকে ঠকিয়েছেন তার কাছে ঠেকে থাকতেই হবে।

স্রষ্টা এমন কোন জীবিকা জুটিয়ে দিয়েছেন যেখানে সৎ থাকা তুলনামূলকভাবে সহজ- এটা বান্দাহের প্রতি রবের দয়া। যে পেশায় সৎ থাকতে প্রবৃত্তির বিরুদ্ধে সহজ জিহাদ করেই সততা ধরে রাখা যায় সেখানে নিজেকে জড়ানো উচিত। অসংখ্য বিকল্পের মধ্যে সর্বাধিক হালাল পথে জীবিকা অন্বেষণ করা আবশ্যক। কবরের দিকে তাকিয়ে প্রত্যেকের তাবা উচিত, অন্যায়ভাবে স্তূপীকৃত এত এত সম্পদ, কারো হক ঠকিয়ে আদায় করা ক্ষমতা কিংবা কারো অধিকার বঞ্চিত করে অর্জিত দীর্ঘশ্বাস- মানবমুক্তির উপকারে আসবে নাকি বাঁধার সৃষ্টি করবে? কত ক্ষমতাধর ব্যক্তি, সম্পদশালী জমিদার কিংবা রূপনগরের চরিত্র মাটির সাথে মিলেমিশে একাকার হয়ে গেছে। হাড়-মাটি আলাদা করার সাধ্যও অবশিষ্ট নাই। কে কোন কবরে ঘুমিয়ে আছে সে সবেরও হদিস নাই। পরিচয়বিহীন মানুষগুলোর এককালে দুনিয়াতে কম দাপট ছিল না। অথচ তাদের রেখে যাওয়া সম্পদ যারা ভোগ করছে তারা তাদের পূর্বপুরুষদের নামধাম পর্যন্ত জানে না।

জীবনে সৎ থাকা খুব জরুরি। আর্থিক ক্ষেত্রে স্বচ্ছতাই সততার একমাত্র নির্ণায়ক নয়। চরিত্রের সততা, জবানের সততা কিংবা দায়িত্ব পালনের সততার সম্মিলিত রূপেই একজন মানুষ ভালো মানুষ হয়ে ওঠেন। কারো অভিশাপ-দীর্ঘশ্বাস নিয়ে, উদ্দেশ্য আদায়ের জন্য কাউকে জিম্মি করে কিংবা কারো প্রাপ্য অনাদায়ী রেখে কাউকে কোনভাবে মানসিক বা শারীরিক হয়রানি করলে- সেটাই অসততা। সৎ মানুষ মানুষের মন-মগজ থেকে সম্মানিত হন। যেহেতু সমাজে সৎ মানুষগুলো বিচ্ছিন্ন, তাদের বিচরণ বিক্ষিপ্ত সেজন্য সমাজে অসৎ মানুষগুলোর জয়জয়কার। সমাজ সঠিক পথে চলছে কি-না সেটা বোঝার প্রধান আলামত হচ্ছে সেই সমাজে সৎ মানুষদের অবস্থান বিশ্লেষণ করা। দুর্ভাগ্যজনক হলেও সত্য, আমাদের সমাজে সৎ মানুষগুলো নেতৃত্বস্থানীয় পর্যায়সমূহে নাই। এমনকি সৎ-নীতিবান মানুষেগুলো প্রচারেরও বাইরে। এখানে কতিপয় অসততার গল্পের রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা পেলেও সততার পুরস্কার পাওয়ার সৌভাগ্য খুব কম ক্ষেত্রেই ঘটে। সমাজের পচনে, সামাজিক শৃঙ্খলা ধ্বংসে এবং ঘুষ-দুর্নীতি প্রাতিষ্ঠানিকীকরণের ক্ষেত্রে ভালো মানুষদের দায়িত্বশীল অবস্থানে না থাকাই প্রধানত দায়ী।



সমাজের প্রশ্ন হচ্ছে, চাকুরিতে আয় কত? ব্যবসায় মুনাফা কেমন? সুদের হার কতগুবেতনের সাথে সঙ্গতিহীন আয় নিয়ে প্রশ্ন করতে দায়িত্বশীলরা ভুলে গেছেন। উৎপাদিত ফসলের দামে কৃষক মাঠে মাথায় হাত দিয়ে বসে আছে অথচ বাজারের ফড়িয়ারা ক্রেতাদের পকেট কাটছে তরাজর আগরণে। মহাজনের সুদের কষাঘাতে গরীব আরও গরীব হচ্ছে। এসব নিয়ে সমাজস্থদের মাথাব্যথা নাই। অন্যের ছেলে-মেয়েদের অবৈধ আয় দেখে ইসলাম-ঈমানের বয়ান দিবে অথচ নিজে এবং নিজের ছেলেমেয়ে অবৈধ অর্থ কামাই করে সম্পদের স্তূপির হয়েছে- সে বিষয় একটি কথাও নাই। যে সমাজে ঘুষ-দুর্নীতি বেতনের মত স্বাভাবিক বিনিময়ের স্থান দখল করে সে সমাজ আদতে পঁচে গেছে- এটা বলতে তাড়া করে বিশেষজ্ঞ আনার দরকার নাই। সমাজে খুব অল্প মানুষ পাওয়া যাবে যারা সৎভাবে বাঁচার চেষ্টা করছে। তবে আশার কথা কেউ কেউ এখনো ধর্মীয় অনুশাসন মেনে, দেশপ্রেমের মূল্যবোধ ধারণ করে এবং বিবেককে বিচারক বানিয়ে সমাজের নানা প্রতিকূলতা সহ্য করেও হালালভাবে বেঁচে থাকার জন্য নিত্য সর্বোচ্চ সংগ্রাম করছে।

সুযোগ বারবার আসে না। চব্বিশের জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থান জাতিকে শুধরে যাওয়ার একটি সুবর্ণ সুযোগ দিয়েছে। এই বিপ্লব যাতে বেহাত না হয়। দুর্নীতিবাজ, ঘুষখোর এবং লুটপাটকারীদের অস্তিত্ব গুড়িয়ে দিতে হবে। ক্ষমতার পালাবদলের চেয়ে জাতির বেশি দরকার নৈতিক সংস্কার! জনতার মানসিকতা বদলানোর জন্য যা যা করা দরকার তা ছাত্র-জনতার ম্যান্ডেটধারী অন্তবর্তীকালীন সরকার করতে ব্যর্থ হলে সেটা জাতির জন্য অত্যন্ত দুর্ভাগ্যজনক এবং পরিতাপের বিষয় হবে। এবার যদি সংস্কার না হয় তবে এই বাংলাদেশের ভাগ্য ভূমিকম্প ছাড়া আর কোনদিন বদলাবে- সেই আশাবাদ কেউ রাখে না। ঘুষখোরদের চিহ্নিত করে বিদায় করতে হবে, অসৎ ব্যবসায়ীদের দৌরাত্ম্য রুখে দিতে হবে এবং ভেঙে ফেলতে হবে যাবতীয় সিন্ডিকেট। শয়তানের বৈশিষ্ট্যসম্পন্ন মানুষের জিম্মি দশা থেকে দেশ ও দশ মুক্তি চায়। স্বাধীনতার তিপ্পান্ন বছরে যে অসম বৈষম্যের সৃষ্টি করেছে তা ঘুচিয়ে আনার এরপর ২৮ পৃষ্ঠায়



> শয়তানের বৈশিষ্ট্যসম্পন্ন মানুষের জিম্মি দশা থেকে দেশ ও দশ মুক্তি চায়। স্বাধীনতার তিপ্পান্ন বছরে যে অসম বৈষম্যের সৃষ্টি করেছে তা ঘুচিয়ে আনার উপযুক্ত মওসুম চলতে যাদের জীবনের বিনিময়ে, যাদের রক্ত ও ত্যাগের ক্ষমতার পালাবদল ঘটতে যাচ্ছে তাদের সেই জীবনের উৎসর্গের প্রতি সম্মান রেখে যদি নিয়মের পরিবর্তন, রীতির বদল না ঘটে তবে ঘুষ-দুর্নীতি, ফ্যাসিবাদ-বৈষম্য নতুন মোড়কে, নতুন নতুন হাতের স্পর্শে পুরাতন বোতলে ফেরত আসবে। কেবল ক্ষমতা বদলের এমন ধারাবাহিকতা চললে জাতির ভাগ্য বদলের অবকাশ আর কোনদিন হবেই না তবে। নিয়মের পরিবর্তন এবং আইনের সফল প্রয়োগ দরকার। জাতির ঐক্যবদ্ধ উদ্যোগে আমরা আমাদের ভাগ্য বদলাতে পারি- যদি চাই

# গণ-অভ্যুত্থানের পরেও প্রবাসীরা কেন উপেক্ষিত

মোহাম্মদ জালাল উদ্দিন শিকদার

> বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর আর অভিবাসন ও প্রবাসী ইস্যুকে উপেক্ষা করার সুযোগ নেই। এটি কোনো বিমূর্ত নীতিগত উদ্বেগ নয়, এটি এমন একটি বাস্তবতা, যা লাখো মানুষের জীবনকে গভীরভাবে প্রভাবিত করে এবং দেশের অর্থনীতিকে স্থায়িত্ব দেয়। একটি ব্যাপক ও অন্তর্ভুক্তিমূলক পদ্ধতির মাধ্যমে এ বিষয়গুলো সমাধান করা কেবল রাজনৈতিক প্রয়োজন নয়, এটি একটি নৈতিক দায়িত্ব। রাজনৈতিক দলগুলোর উচিত প্রবাসীদের প্রতি তাদের দায়িত্বকে গুরুত্ব দিয়ে দেখা এবং তাঁদের কল্যাণ নিশ্চিত করার প্রতিশ্রুতি দেওয়া। প্রবাসীদের অংশগ্রহণ নিশ্চিত করা হলে জাতীয় উন্নয়নে একটি নতুন দিগন্ত উন্মোচিত হবে

২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে ছাত্র-জনতার অভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে একটি পরিবর্তনশীল মুহূর্ত হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। এ অভ্যুত্থান ন্যায়বিচার ও সংস্কারের জন্য একটি সম্মিলিত দাবি জানাতে ছাত্র, সাধারণ জনগণ, শ্রমিক, অভিবাসী এবং প্রবাসীদের একত্রিত করেছিল। এই গণ-অভ্যুত্থানে বাংলাদেশের অভিবাসী কর্মী এবং প্রবাসী সম্প্রদায়ের অবদান ছিল অসাধারণ। তাঁরা দেশের অর্থনীতির জন্য একটি গুরুত্বপূর্ণ 'লাইফলাইন' হিসেবে রেমিট্যান্স কিছু সময়ের জন্য বন্ধ করে দেন এবং আন্তর্জাতিক প্ল্যাটফর্মে গণ-অভ্যুত্থানের দাবি জোরালো করতে বৈশ্বিক বিক্ষোভ সংগঠিত করেছিল। জাতির ভবিষ্যৎ গঠনে তাঁদের এই গুরুত্বপূর্ণ ভূমিকা সত্ত্বেও অভিবাসন এবং প্রবাসীদের ইস্যু প্রধান রাজনৈতিক দলগুলোর অ্যাজেন্ডায় দৃশ্যমান নয়। সম্প্রতি বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও জামায়াতে ইসলামী তাদের রাষ্ট্র সংস্কারে ৩১ দফা এবং ৪১ দফা সংস্কার পরিকল্পনা পেশ করেছে। তাদের অ্যাজেন্ডায় সংবিধান-বিচার বিভাগ-নির্বাচনী ব্যবস্থার সংস্কারের বিষয়গুলো থাকলেও অভিবাসন বা প্রবাসীদের ইস্যু অন্তর্ভুক্ত নেই। এটি অত্যন্ত হতাশাজনক।



অভিবাসন ও প্রবাসীদের ইস্যুর সম্পৃক্তি কোনো গৌণ বিষয় নয়, এটি বাংলাদেশের অর্থনীতি, সামাজিক কাঠামো এবং জাতীয় পরিচয়ের একটি ভিত্তি।

রাজনৈতিক অ্যাজেন্ডা থেকে অভিবাসন ও প্রবাসীদের ইস্যু বাদ দেওয়া বাংলাদেশের অর্থনৈতিক স্থিতিশীলতার মূল ভিত্তিকে দুর্বল করে। প্রতিবছর ২১ বিলিয়ন মার্কিন ডলারের বেশি রেমিট্যান্স প্রেরণকারী অভিবাসী কর্মীরা দেশের জিডিপির ৬ শতাংশের বেশি অবদান রাখেন, যা বৈদেশিক মুদ্রার অন্যতম বৃহৎ উৎস। এই অর্থ লাখো পরিবারকে টিকিয়ে রাখে, দারিদ্র্য হ্রাস করে এবং শিক্ষা ও স্বাস্থ্যসেবার মতো গুরুত্বপূর্ণ খাতে অর্থায়ন করে। এ খাতকে উপেক্ষা করার মাধ্যমে রাজনৈতিক দলগুলো দেশের অর্থনীতির মেরুদণ্ডকে অবজ্ঞা করছে।

অভিবাসনকে উপেক্ষা করা নিছক একটি ভুল নয়-এটি এমন লাখো কর্মীর প্রতি একটি সক্রিয় অবহেলা, যাঁরা তাঁদের পরিবার ছেড়ে বিদেশে কঠোর পরিশ্রম করে দেশের অর্থনীতিকে স্থিতিশীল রাখতে সহায়তা করেন। যখন রাজনৈতিক নেতারা তুলনামূলকভাবে কম গুরুত্বপূর্ণ ইস্যুতে মনোযোগ দেন এবং অভিবাসীদের অবদান উপেক্ষা করেন, এটি একটি বড় বিশ্বাসঘাতকতার চেয়ে কম কিছু নয়।



**বিশাল ভোটার ভিত্তি থেকে বিচ্ছিন্নতা**

অভিবাসন কোনো বিমূর্ত ধারণা নয়-এটি বাংলাদেশের চার কোটির বেশি মানুষের জীবনে সরাসরি প্রভাব ফেলে। অভিবাসী পরিবারের সদস্যরা ভোটারদের একটি উল্লেখযোগ্য অংশ গঠন করে। তাদের উদ্বেগগুলো উপেক্ষা করে রাজনৈতিক দলগুলো এমন একটি জনগোষ্ঠী থেকে বিচ্ছিন্ন হওয়ার ঝুঁকি নিচ্ছে, যারা ঐতিহাসিকভাবে অবহেলিত কিন্তু গ্রামীণ এবং আধা-শহরে এলাকায় অত্যন্ত প্রভাবশালী।

রাজনৈতিক নেতাদের অবশ্যই বুঝতে হবে যে অভিবাসী পরিবারের কণ্ঠস্বর উপেক্ষা করা কেবল ভোটের হিসেবে নেতিবাচক নয়, বরং এমন একটি গোষ্ঠীকে আরও প্রান্তিক করবে, যারা ইতিমধ্যেই দেশের জন্য অনেক ত্যাগ স্বীকার করেছে। এই উপেক্ষা তাদের অবদান এবং ত্যাগের প্রতি একটি বড় অবমাননা।

**গণ-অভ্যুত্থানের চেতনার প্রতি বিশ্বাসঘাতকতা**

২০২৪ সালের জুলাইয়ের ছাত্র-জনতার গণ-অভ্যুত্থান ছিল একটি সংজ্ঞায়িত মুহূর্ত যা ন্যায়বিচার, সমতা এবং সংস্কারের জন্য ছাত্র, শ্রমিক এবং প্রবাসীদের একত্র করেছিল। অভিবাসী এবং প্রবাসী সম্প্রদায় তাদের রেমিট্যান্স প্রবাহ বন্ধ করে এবং বিক্ষোভ সংগঠিত করে অভ্যুত্থানের বার্তাকে শক্তিশালী করে। তাদের অংশগ্রহণ এমন একটি শাসনব্যবস্থাকে উৎখাত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যা জনগণের সঙ্গে সম্পর্কহীন হয়ে পড়েছিল।

অভিবাসন এবং প্রবাসীদের ইস্যু উপেক্ষা করে রাজনৈতিক দলগুলো সেই অন্তর্ভুক্তি ও ঐক্যের চেতনার প্রতি বিশ্বাসঘাতকতা করছে, যা গণ-অভ্যুত্থানকে সংজ্ঞায়িত করেছিল। যাঁরা এই সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন, তাঁদের বাদ দিয়ে নেতারা কীভাবে অভ্যুত্থানের আদর্শ ধরে রাখার দাবি করতে পারেন?

**অভিবাসন নীতি উপেক্ষা থেকে সৃষ্ট অর্থনৈতিক ঝুঁকি**

একটি সুনির্দিষ্ট অভিবাসন নীতির অভাব বাংলাদেশকে উল্লেখযোগ্য অর্থনৈতিক ঝুঁকিতে ফেলেছে, যা জাতীয় স্থিতিশীলতা ও অগ্রগতিকে বিপন্ন করেছে। বছরে ২১ বিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স পাওয়া সত্ত্বেও হুন্ডির মতো অনানুষ্ঠানিক ব্যবস্থার ওপর অতিরিক্ত নির্ভরশীলতা কয়েক বিলিয়ন ডলারকে আনুষ্ঠানিক ব্যাংকিং চ্যানেল থেকে দূরে সরিয়ে দেয়। এটি অর্থনীতিকে দুর্বল করার পাশাপাশি পার্শ্ববর্তী দেশগুলোতে মাদক ও মানব পাচারের মতো অবৈধ কার্যক্রমকে উসকে দেয়।

এ ছাড়া অনিয়ন্ত্রিত নিয়োগপ্রক্রিয়া অভিবাসী কর্মীদের জন্য অত্যধিক ব্যয় বাড়িয়ে দেয় এবং অনেক পরিবারকে ঋণের চক্রে ফেলে। পাশাপাশি বাংলাদেশ অভিবাসনের জন্য কয়েকটি নির্দিষ্ট গন্তব্য দেশের ওপর অতিরিক্ত নির্ভরশীল, যা এই সম্পর্কগুলো ক্ষতিগ্রস্ত হলে অর্থনৈতিক ধাক্কা সৃষ্টি করতে পারে। রাজনৈতিক নেতারা এই গুরুতর সমস্যাগুলো সমাধান করতে ব্যর্থ হলে এটি শুধু রেমিট্যান্স স্থিতিশীলতাকেই ক্ষতিগ্রস্ত করবে না, বরং তাদের এরপর ৪০ পৃষ্ঠায়

# উপসচিব নিয়োগে বৈষম্য : সংস্কার জরুরি

> উন্মুক্ত পরীক্ষার মাধ্যমে উপসচিব নিয়োগের ব্যবস্থা চালু করলে রাষ্ট্র একটি বৈচিত্র্যময় ও গতিশীল আমলাতন্ত্র পাবে। মন্ত্রণালয়গুলো তাদের নিজস্ব প্রয়োজন অনুযায়ী বিশেষজ্ঞ আমলা নিয়োগ করতে সক্ষম হবে। উপসচিব নিয়োগে দুর্নীতি, দলীয়করণ ও রাজনৈতিক হস্তক্ষেপের সুযোগ বন্ধ হবে। রাষ্ট্রের কর্মচারীদের মধ্যে সহযোগিতা ও প্রতিযোগিতার মনোভাব তৈরি করবে। একটি দক্ষ ও যোগ্য ও পেশাদার আমলাতন্ত্র গড়ে তোলবার সুযোগ তৈরি হবে। সর্বোপরি এই সংস্কারের মাধ্যমে একটি জনবান্ধব আমলাতন্ত্রের ভীত রচিত হবে যা আল্টিমেটলি একটি ন্যায়ভিত্তিক, গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের পথকে মসৃণ করবে

সফিক ইসলাম



বাংলাদেশের প্রশাসনিক কাঠামোতে উপসচিবের পদটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। একে নীতিনির্ধারণী পদসমূহের প্রারম্ভিক পদ হিসেবে বিবেচনা করা হয়। সঙ্গত কারণে এক সরকারের মূল কাঠামোর একটি প্রাথমিক পদ হিসেবেই ধরা হয়। কাজেই এই পদে নিয়োগ প্রক্রিয়া, যোগ্যতার মানদণ্ড এবং এর সঙ্গে সম্পর্কযুক্ত বিবিধ বিষয় সম্পর্কে সকলের, বিশেষ করে যারা রাষ্ট্র পরিচালনা করেন তাঁদেরতো অবশ্যই, সুনির্দিষ্ট ও স্পষ্ট ধারণা থাকা দরকার।

রাষ্ট্র কাঠামোতে উপসচিব নিয়োগের গুরুত্ব: বাংলাদেশের রাষ্ট্র কাঠামোতে উপসচিব এবং তদুর্ধ পদসমূহের গুরুত্ব বুঝতে হলে বাংলাদেশ রাষ্ট্র কিভাবে কাজ করে সেই প্রক্রিয়াটি বিবেচনায় নেয়া দরকার সবার আগে। বাংলাদেশের রাষ্ট্র কাঠামোতে প্রজাতন্ত্রের কর্মচারীদের দুটি প্রধান অংশে ভাগ করা হয়। এক অংশের কাজ হলো মাঠ পর্যায়ে, আর অন্য অংশ কাজ করে মন্ত্রণালয়ে। মাঠ পর্যায়ে যারা কাজ করেন তারা হলেন বাস্তবায়নকারী অংশ; আর মন্ত্রণালয়ে যাঁরা কাজ করেন তাঁরা হলেন নীতিমালা প্রণয়নকারী অংশ।

রাষ্ট্রের বহুমাত্রিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য দক্ষ ও যোগ্য কর্মীবাহিনি দরকার। বাংলাদেশের সরকারি কর্মকমিশন ছাব্বিশটি ক্যাডারের মাধ্যমে রাষ্ট্রের নানাবিধ কর্ম সম্পাদনের জন্য যোগ্য ও মেধাবী কর্মচারীদের মনোনয়ন করে থাকেন এবং রাষ্ট্রের পক্ষে রাষ্ট্রপতি এদের নিয়োগ দিয়ে থাকেন। মূলত এঁরাই প্রথম অংশের কর্মচারী। অর্থাৎ, এঁরাই হলেন সরকারের বিভিন্ন সিদ্ধান্তসমূহ বাস্তবায়নকারী মাঠ পর্যায়ের অংশ। মাঠ পর্যায়ে এদের প্রত্যেকের বিশেষ রকমের কাজ থাকে। যেমন ডাক্তারের কাজ চিকিৎসা প্রদান করা, ট্যাক্স কর্মচারীদের কাজ ট্যাক্স আদায় করা, প্রশাসন ক্যাডারের কাজ হলো উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্থানীয় সরকার কাঠামোকে সহায়তা করা।

অন্যদিকে নীতিমালা প্রণয়নকারী অংশ কাজ করে মন্ত্রণালয়ে। মন্ত্রণালয়ের প্রধান ব্যক্তি মন্ত্রী হলেও নির্বাহী প্রধান বলা হয় সচিবকে। একজন উপসচিব পর্যায়ক্রমে যুগ্ম সচিব, অতিরিক্ত সচিব ও সবশেষে সচিব হিসেবে পদোন্নতি লাভ করেন। বাংলাদেশের সরকারের ৪৩টি মন্ত্রণালয় রয়েছে। প্রতিটি মন্ত্রণালয়ের রয়েছে স্বতন্ত্র কর্মপরিধি। মন্ত্রণালয়ের লক্ষ্য ও উদ্দেশ্যের ওপর নির্ভর করে স্বতন্ত্র আইন ও বিধিমালা প্রণয়ন করা দরকার পড়ে। উপসচিব ও তদুর্ধ্ব লেভেলের কর্মচারীরাই রাষ্ট্রের জন্য আইন-কানুন, বিধি-বিধান ও নিয়ম-নীতিমালা প্রণয়নের মূল কাজটি করে থাকেন। সঙ্গত কারণেই উপসচিব পদটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাষ্ট্র ও জনগণের জন্য। প্রকৃত মেধাবী ও যোগ্যরা এই পদে নিয়োগ না পেলে এর নেতিবাচক প্রভাব অন্য সকল ক্ষেত্রে পড়তে বাধ্য। কাজেই উপসচিব পদে নিয়োগ প্রক্রিয়াটি অত্যন্ত স্ব"ছ ও আধুনিক হওয়া বাঞ্ছণীয়।




বৈষম্যমূলক নিয়োগ ব্যবস্থা

বর্তমানে যে আইনের মাধ্যমে উপসচিব নিয়োগ করা হয় তাতে বলা হয় এই পদে নিয়োগের জন্য একজন কর্মচারীকে সিনিয়র স্কেল পদে পাঁচ বছর চাকুরিসহ ক্যাডার সার্ভিসে অন্যূন দশ বছর চাকুরি'কে শর্ত হিসেবে নির্দিষ্ট করা হয় এবং উপসচিব এর ৭৫% পদ প্রশাসন ক্যাডারের জন্য সংরক্ষণ করা হয়। আর অবশিষ্ট পঁচিশ শতাংশ পদ অন্য পঁচিশটি ক্যাডার থেকে পূরণ করার বিধান রাখা হয়। বর্তমানে এই পদ্ধতির মাধ্যমেই উপসচিব পদে নিয়োগ দেয়া হয়।

গত পনেরো বছরে এই বৈষম্যমূলক প্রথা বিলুপ্ত করার বদলে ইচ্ছাকৃতভাবে বৈষম্য বৃদ্ধি করা হয়। ফ্যাসিবাদী সরকার নিজেদের ক্ষমতা কুক্ষীগত করে রাখার লক্ষ্যে রাষ্ট্রের সকল পেশাকে অবমূল্যায়ন করে প্রশাসন ক্যাডারকে মাত্রাতিরিক্ত গুরুত্ব দিয়ে একটি ভারসাম্যহীন রাষ্ট্র কাঠামো গড়ে তোলে। অন্য সকল পেশার মধ্যে ইচ্ছাকৃত বৈষম্য সৃষ্টি করা হয়। উপসচিব পদে যে পঁচিশ ক্যাডারের যে শতাংশ কর্মচারী যোগদান করেন তাদের মধ্যেও কাঠামোগতভাবে বৈষম্য সৃষ্টি করা হয়। ফলে পঁচিশ ক্যাডারের সদস্যদের পক্ষে সচিব হওয়া অসম্ভব হয়ে ওঠে।

বিরল ঘটনা

রাষ্ট্রের নীতি নির্ধারণী পর্যায়ে কোনো একটি পেশার এমন একাধিপত্য পৃথিবীতে বিরল। আমাদের পার্শ্ববর্তী রাষ্ট্র ভারতের উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের তালিকা পর্যবেক্ষণ করে দেখা যায় ভারতের ২৩৬ জন যুগ্ম সচিবের মধ্যে ১৫৬ জনই প্রশাসনের বাইরে থেকে এসেছে। সিঙ্গাপুরের সচিবদের প্রায় সকলেই স্ব স্ব ক্ষেত্রে যথেষ্ট দক্ষ ও অভিজ্ঞ। পেশাদার আমলা ও শিক্ষকদের সমন্বয়ে পরিচালিত হয় মালয়েশিয়ার শিক্ষা মন্ত্রণালয়। চিনের শিক্ষা মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ নির্বাহী পদের প্রায় সবগুলোই শিক্ষা-সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সমন্বয়ে গড়ে তোলা হয়েছে এবং প্রায় অধিকাংশেরই শিক্ষা বিষয়ে উচ্চতর ডিগ্রিও রয়েছে। অন্যদিকে বাংলাদেশের বিভিন্ন মন্ত্রণালয়গুলোর প্রধান নির্বাহী কর্তাব্যক্তিদের বিষয়ভিত্তিক জ্ঞান না থাকলেও চলে। এখানে এসব পদে নিয়োগের একমাত্র যোগ্যতা হলো প্রশাসন ক্যাডারের সদস্য হওয়া। বিশ্বে এমন ঘটনা আর কোথাও নেই।

এই পদ্ধতির সমস্যা কোথায়?

বর্তমান উপসচিব নিয়োগে কমপক্ষে এরপর ৪২ পৃষ্ঠায়






# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



Moin Choudhury, Esq

# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# খালেদা এখনো যেভাবে বিএনপির ঐক্য ও সংহতির প্রতীক

নেতা-কর্মীরা তাঁকেই দলের ঐক্য ও সংহতির প্রতীক মনে করেন। প্রশ্ন উঠেছে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দেশে আসার দিনক্ষণ নিয়েও। কয়েক দিন আগে বিএনপির স্থায়ী কমিটির একজন সদস্য বলেছেন, তারেক রহমানের দেশে ফিরে আসার পরিবেশ এখনো হয়নি। এর মধ্য দিয়ে তিনি কি তাঁর বিরুদ্ধে মামলার ইঙ্গিত করেছেন না অন্য কিছু? মামলার ইঙ্গিত করলে হয়তো তেমন চিন্তা নেই। খালেদা ও তারেকের বিরুদ্ধে দায়ের করা প্রায় সব মামলা চূড়ান্ত নিষ্পত্তির পথে। তারেক রহমানের দেশে ফিরে আসার 'পরিবেশ' কখন তৈরি হবে, সেটা নিশ্চিত করে না বলা গেলেও, খালেদা জিয়ার লন্ডনযাত্রা কোনোভাবেই প্রস্থান নয়; এটা রাজনীতিতে পুনরাগমনের পূর্বাভাসই বলে ধারণা করি

## সোহরাব হাসান



লেখক ও গবেষক মহিউদ্দিন আহমদ খালেদা জিয়াকে নিয়ে যে রাজনৈতিক উপাখ্যান লিখেছেন, তার নাম খালেদা। এ বিষয়ে তাঁর মন্তব্য, 'আমাদের রাজনীতির মাঠে অনেক খেলোয়াড়। তাঁরা একেকজন একেকটি জানলা, যার মধ্য দিয়ে নির্দিষ্ট একটি সময়কে দেখা ও বোঝা যায়। মাওলানা আবদুল হামিদ খান ভাসানী, শেখ মুজিবুর রহমান, সিরাজুল আলম খান, সিরাজ সিকদার, তাজউদ্দীন আহমদের পর আমার এবারের বিষয় খালেদা জিয়া।'

রাজনীতিকেরা যখন ক্ষমতায় থাকেন, তখন তাঁদের প্রকৃত জনপ্রিয়তা বোঝা যায় না। রাষ্ট্রীয় প্রচারমাধ্যম ও অনুগত প্রচারকর্মীরা নেতা-নেত্রীদের দেবতার আসনে বসান। প্রতিমুহূর্তে তাঁদের মহিমা প্রচার করেন। নেতা-নেত্রীরা নানা কৌশলে নিজ দলের নেতা-কর্মী-সমর্থকদের কাছ থেকে 'বাধ্যতামূলক' সমীহ আদায় করে থাকেন। আর পদ ধরে রাখার জন্য নেতা-নেত্রীকে বন্দনা করা কর্মীদের অপরিহার্য কর্তব্য হয়ে দাঁড়ায়। আবার ক্ষমতা থেকে বিতাড়িত হওয়ার পর আমরা সেই মহিমা বুদ্‌বুদের মতো উবে যেতেও দেখি।

যেসব রাজনীতিক ক্ষমতার বাইরে থেকেও ব্যাপকসংখ্যক মানুষের শ্রদ্ধা ও সমীহ পেয়েছেন, নিঃসন্দেহে খালেদা জিয়া তাঁদের একজন। এমন বহু মানুষ পাওয়া যাবে, যাঁরা বিএনপির রাজনীতি করেন না, বিএনপির নীতি-আদর্শেরও সমর্থক নন, তাঁরাও রাজনীতিক হিসেবে খালেদা জিয়াকে পছন্দ করেন। এটি তিনি অর্জন করেছেন ব্যক্তিগত শিষ্টাচার ও সৌজন্যবোধের মাধ্যমে। তিনি কম কথা বলেন, এটাও তাঁর গুণ হিসেবে ধরে নেওয়া যায়।

সমকালীন বাংলাদেশে তাঁর সমতুল্য জনপ্রিয় রাজনীতিক কেউ আছেন বলে মনে হয় না। ১৯৯১ সাল থেকে খালেদা জিয়া কোনো নির্বাচনে হারেননি। এমনকি যেসব নির্বাচনে বিএনপি হেরে গেছে, সেসব নির্বাচনেও তিনি সব কটি আসনে রেকর্ডসংখ্যক ভোট পেয়েছেন।

২০০৭ সালে সেনাসমর্থিত সরকার ক্ষমতায় আসার পর দুই নেত্রীর বিরুদ্ধে ডজনখানেক মামলা করে এবং একপর্যায়ে তাঁদের গ্রেপ্তারও করা হয়। পরে ঘরে ও বাইরে পরিস্থিতি সামাল দিতে না পেরে তাঁদের ছেড়ে দিতেও বাধ্য হয় তারা।



ভারতের সাবেক রাষ্ট্রপতি প্রণব মুখার্জির কোয়ালিশন ইয়ার্স বইয়ে এ বিষয়ে চমকপ্রদ কিছু তথ্য আছে। সেনাসমর্থিত সরকারের টার্গেট ছিলেন দুই নেত্রী ও দুই দল। কিন্তু ২০০৯ সালে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর শেখ হাসিনার বিরুদ্ধে করা সব মামলার দ্রুত নিষ্পত্তি হলেও খালেদা জিয়ার মামলাগুলো থেকে যায়। ২০১৮ সালে দুটি 'বিতর্কিত' মামলায় তাঁকে শাস্তি দিয়ে জেলে পাঠানো হয়। সেই থেকে থমকে যায় খালেদা জিয়ার প্রকাশ্যে রাজনৈতিক কার্যক্রম। ২৫ মাস কারাদণ্ড ভোগ করার পর আওয়ামী লীগ সরকার নির্বাহী আদেশে তাঁর শাস্তি স্থগিত করলেও চিকিৎসার জন্য বিদেশে যাওয়ার অনুমতি দেয়নি। যদিও এর আগে দুর্নীতির মামলায় দণ্ডিত হয়ে প্রয়াত রাষ্ট্রপতি এইচ এম এরশাদ, সাবেক মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়াসহ অনেকে জামিন পেয়েছেন। ওই সময় থেকে লন্ডনপ্রবাসী তারেক রহমান ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দল পরিচালনা করে আসছেন।

খালেদা জিয়া প্রকাশ্যে রাজনৈতিক কর্মকাণ্ডে যুক্ত না থাকলেও তাঁকেই বিএনপির প্রধান শক্তি ও ভরসা ভাবা হয়। জুলাই গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার পর খালেদা জিয়ার বিদেশে যাওয়ার ওপর নিষেধাজ্ঞা উঠে যায়। এরপর কয়েক মাস ধরে প্রস্তুতি নিয়ে তিনি ৭ জানুয়ারি কাতারের আমিরের দেওয়া একটি এয়ার অ্যাম্বুলেন্সে ঢাকা থেকে লন্ডন যান। বর্তমানে দ্য লন্ডন ক্লিনিকে তাঁর চিকিৎসা চলছে।

খালেদা জিয়ার লন্ডনযাত্রা নিয়ে রাজনৈতিক মহলে যেসব জল্পনা আছে, তার ভিত্তি আছে বলে মনে হয় না। ২০০৭ সাল আর ২০২৫ সাল এক নয়। ২০০৭ সালে বিএনপি ও আওয়ামী লীগের মধ্যকার সংঘাত দেশকে ভয়াবহ পরিস্থিতির দিকে ঠেলে দিয়েছিল। এক-এগারোর ক্ষমতার পালাবদলের অন্যতম কারিগর মইন ইউ আহমেদ তাঁর শান্তির স্বপ্ন ও সময়ের স্মৃতিচারণ বইয়ে এর পটভূমি ব্যাখ্যা করেছেন।

তারেক রহমানের দেশে ফিরে আসার 'পরিবেশ' কখন তৈরি হবে, সেটা নিশ্চিত করে না বলা গেলেও, খালেদা জিয়ার লন্ডনযাত্রা কোনোভাবেই প্রস্থান নয়; এটা রাজনীতিতে পুনরাগমনের পূর্বাভাসই বলে ধারণা করি।

১৭ বছরের ব্যবধানে সংগঠিত দুই রাজনৈতিক পালাবদলের মধ্যে বিরাট পার্থক্য আছে। এক-এগারো ঘটেছিল সেনাবাহিনীর একক ইচ্ছায়। রাজনীতিকদের সক্রিয় কোনো ভূমিকা ছিল না। আর চব্বিশে আওয়ামী লীগ সরকার বিতাড়িত হয়েছে ছাত্র-জনতার অভ্যুত্থানের মাধ্যমে। সেখানে সেনাবাহিনী জনগণের বিপক্ষে অবস্থান নেয়নি। বরং তারা পরিবর্তনকে স্বাগত জানিয়েছে এবং অন্তর্বর্তী সরকার গঠনেও ভূমিকা রেখেছে।

সম্প্রতি সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান প্রথম আলোর সঙ্গে সাক্ষাৎকারে স্পষ্ট ভাষায় বলেছেন, রাজনীতিতে আসার কোনো ইচ্ছা সেনাবাহিনীর নেই। বরং তারা গণতান্ত্রিক প্রক্রিয়ায় অন্তর্বর্তী সরকারকে সমর্থন করছে।

খালেদা জিয়া লন্ডন যাওয়ার আগে তাঁর সঙ্গে সেনাপ্রধানের সাক্ষাৎ নিয়ে রাজনৈতিক মহলে এরপর ৩৬ পৃষ্ঠায়

# মানুষ স্বস্তি না পেলে সংস্কার হোঁচট খাবে

## আজাদুর রহমান চন্দন

গত মাসের তৃতীয় সপ্তাহে দুই দিনের ব্যবধানে দুটি জাতীয় দৈনিকে প্রধান প্রতিবেদন প্রকাশিত হয়েছে নাজুক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে। গত ২২ ডিসেম্বর প্রথম আলোর প্রধান প্রতিবেদনের শিরোনাম ছিল 'ঢাকায় একের পর এক ছিনতাই, চলাচলে ভয়'। এর আগে ২০ ডিসেম্বর আজকের পত্রিকার প্রধান শিরোনাম ছিল 'স্বস্তি ফিরছে না জনমনে'। গত ১৮ ডিসেম্বর রাতে রাজধানীর মেয়র হানিফ ফ্লাইওভার দিয়ে হেঁটে যাওয়ার সময় এক ব্যক্তির মোবাইল ফোন ও সাত হাজার টাকা ছিনিয়ে নিতে ছিনতাইকারীরা তাঁর পেটে ছুরিকাঘাত করায় তিনি মারা যান। ওই ঘটনার কথা উল্লেখ করে প্রথম আলোর প্রতিবেদনে বলা হয়, 'রাজধানীতে ছিনতাইয়ের এমন অনেক ঘটনা ঘটছে। বিশেষ করে রাতে ও ভোরে চলাচল করতে মানুষ ভয় পাচ্ছেন। ঘটছে চুরি ও ডাকাতির ঘটনা। কিছুদিন আগে ঢাকার কেরানীগঞ্জে ব্যাংকে ডাকাতির চেষ্টা হয়। পুলিশ ও ঢাকার আদালত-সংশ্লিষ্ট সূত্রে পাওয়া তথ্য অনুযায়ী, ঢাকার ৫০টি থানা এলাকায় গত ১ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত ৪০ দিনে অন্তত ৩৪ জন ছিনতাইয়ের শিকার হয়ে মামলা করেছেন। এ সময় একজন ছিনতাইকারীর হাতে নিহত হয়েছেন। গুরুতর জখম হয়েছেন আরও চারজন। সব মিলিয়ে গত ৫ আগস্ট থেকে ১৮ ডিসেম্বর পর্যন্ত সাড়ে চার মাসে ছিনতাইকারীর হাতে নিহত হয়েছেন সাতজন।' প্রতিবেদনে রাজধানীতে চুরি-ডাকাতির তথ্য তুলে ধরে বলা হয়, হাতিরঝিল থানাধীন এলাকায় ডাকাতির ঘটনাটি ঘটে ৩০ নভেম্বর। ১ নভেম্বর থেকে ১০ ডিসেম্বরের মধ্যে আরেকটি ডাকাতির ঘটনা ঘটেছে আদাবরে। উল্লিখিত ৪০ দিনে ঢাকা মহানগরে সর্বাধিক ৯টি করে চুরির মামলা হয়েছে ভাটারা ও শাহবাগ থানায়। ৬টি করে মামলা হয়েছে উত্তরা পূর্ব, শেরেবাংলা নগর, কলাবাগান, পল্লবী ও মোহাম্মদপুর থানায়। ৫টি করে মামলা হয়েছে গুলশান, কামরাঙ্গীরচর, হাতিরঝিল ও মিরপুর থানায়। প্রথম আলো রাজধানীর আইনশৃঙ্খলা পরিস্থিতি তুলে ধরলেও আজকের পত্রিকা সারা দেশের চিত্র তুলে ধরে। 'স্বস্তি ফিরছে না জনমনে' শীর্ষক প্রতিবেদনে বলা হয়, একের পর এক খুন, ছিনতাই, ডাকাতি, চুরির ঘটনা মানুষের মনে নিরাপত্তাহীনতা তৈরি করছে।

এমন এক সময়ে প্রতিবেদন দুটি ছাপা হলো যখন কিনা দেশের গণমাধ্যমে 'সেলফ সেন্সরশিপ' কাজ করার অভিযোগ তুলেছেন খোদ গণমাধ্যম সংস্কার কমিশনের প্রধান। অন্তর্বর্তী সরকারের গঠন করা এই কমিশনের প্রধান কামাল আহমেদ গত ২২ ডিসেম্বর সেন্টার ফর গভর্ন্যান্স স্টাডিজ (সিজিএস) আয়োজিত এক আলোচনা অনুষ্ঠানে বলেন, এখনো 'সেলফ সেন্সরশিপ' আছে। কাজেই বাড়িয়ে লেখার মতো অবস্থা যে নেই, তা বলাই বাহুল্য। গণমাধ্যম সংস্কার ছাড়াও রাষ্ট্রের বিভিন্ন খাতে সংস্কারের সুপারিশ দিতে আরও ১০টি কমিশন গঠন করেছে অন্তর্বর্তী সরকার। আগে সংস্কার নাকি নির্বাচন-সে নিয়ে বিতর্কও দেখা দিয়েছে। যদিও এমন নয় যে যাঁরা দ্রুত নির্বাচন দাবি করছেন তাঁরা সংস্কারের বিপক্ষে। বরং তাঁদের কেউ কেউ অনেক আগে থেকেই গুরুত্বপূর্ণ সংস্কারের দাবি জানিয়ে আসছেন। কিন্তু কোনো সরকার চাইলেই তো আর সব সংস্কার সব সময় করে ফেলতে পারে না। শেখ হাসিনার সরকারের পতন হওয়ার মাসখানেকের মধ্যেই একাধিক নিবন্ধে বলেছি, নির্বাচিত জাতীয় সংসদ ছাড়া সংবিধান সংস্কার বা পরিবর্তন করার কোনো সুযোগ নেই। আবার এটাও ঠিক যে সংবিধান ছাড়াও সংস্কার করার মতো অনেক ক্ষেত্র আছে, যার একটি হলো স্থানীয় সরকারের স্বশাসন নিশ্চিত করা। স্থানীয় সরকার সংস্কার কমিশনও অবশ্য এ বিষয়ে কিছু ইতিবাচক সুপারিশের আভাস দিয়েছে।



সংস্কার দেশের আপামর জনগণের দীর্ঘদিনের আকাঙ্ক্ষা। ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে কর্তৃত্ববাদী শাসনের অবসান এবং অন্তর্বর্তী সরকার গঠিত হওয়ার পর এই জন-আকাঙ্ক্ষা বাস্তবে রূপ পাওয়ার সুযোগ এসেছে। কিন্তু সংস্কারের নামে অযৌক্তিক কিছু করতে চাইলে কিংবা জাতীয় নির্বাচন বিলম্বিত করার চেষ্টা করা হলে সবই মাঠে মারা যেতে পারে। এ ছাড়া গুরুত্বপূর্ণ সংস্কারের জন্য দরকার জনজীবনে স্বস্তি। সাধারণ মানুষ তখনই স্বস্তি পায়, যখন নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম তাদের নাগালে থাকে এবং ভালো থাকে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি।

নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম যে কতটা ঊর্ধ্বমুখী সে চিত্র আগের লেখায় তুলে ধরেছি। গত কয়েক দিনে সবজির বাজার খানিকটা সহনীয় হলেও নতুন পেঁয়াজ বাজারে আসার পরও দাম কিছুটা কমতে না কমতেই আবার বাড়তে শুরু করেছে। আমনের ভরা মৌসুমে বাড়ছে চালের দামও। বেশি বেড়েছে মোটা চালের দাম, স্বল্প আয়ের মানুষ যেটি কিনে থাকে। সরকারি সংস্থা ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশের (টিসিবি) হিসাবে, মোটা চালের দাম বেড়েছে মূলত সর্বশেষ এক সপ্তাহে-কেজিতে তিন থেকে চার টাকা। এ সময়ে মাঝারি চালের দাম বেড়েছে কেজিতে দুই টাকা। সরু চালের দাম এক সপ্তাহে বাড়েনি। কিন্তু এক মাসের হিসাবে বেড়েছে দুই থেকে চার টাকা।

এই যদি হয় বাজারের অবস্থা, তাহলে সাধারণ মানুষ চলবে কীভাবে! আর আইনশৃঙ্খলা পরিস্থিতির কথা তো শুরুতেই বলেছি। এটা ভুলে গেলে চলবে না যে সাধারণ মানুষ স্বস্তিতে-শান্তিতে না থাকলে এরপর ২২ পৃষ্ঠায়



এমন অনেক সংগঠনের ব্যানারেও আন্দোলন হচ্ছে, যেসব সংগঠনের কোনো অস্তিত্বই ছিল না। শুধু দাবি জানানোর জন্য বেশ কিছু সংগঠনের জন্ম হয়েছে। আবার কেউ কেউ কোনো ব্যানার বা সংগঠন ছাড়াই আন্দোলনে নেমেছেন। নানা কঠোরতা-সীমাবদ্ধতার কারণে আগের সরকারের সময় যৌক্তিক দাবিও অনেকে প্রকাশ করতে পারেননি। বৈষম্যবিরোধী আন্দোলনের সুবাদে গণ-অভ্যুত্থানের পর তাঁরা দাবি জানানোর সুযোগ এসেছে বলে হয়তো মনে করছেন। তবে অনেক অযৌক্তিক আন্দোলনও যে হচ্ছে না, তেমনটি নয়। এসব আন্দোলনের পেছনে কারও অসৎ উদ্দেশ্য থাকতেও পারে। কাজেই সংস্কারের পথ নিষ্কণ্টক করতে চাইলে জনজীবনে স্বস্তি ফেরাতে হবে। সেই সঙ্গে নজর দিতে হবে নানা ক্ষেত্রে বৈষম্য নিরসনেও

# বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

আমরা IATA অনুমোদিত

আমরা ARC AIRLINES REPORTING CORPORATION অনুমোদিত



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯+
JFK-Dhaka-JFK Return





SAUDI ARABIAN AIRLINES

স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল

DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS




## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ



কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ



কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ



মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ



জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ

## 7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

## Phone: 917-396-4140, 917-592-7828

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে দরকার কার্যকর পদক্ষেপ

ড. ইফতেখার উদ্দিন চৌধুরী

ছাত্র-জনতার গৌরবদীপ্ত জুলাই ২০২৪ গণ-অভ্যুত্থানপরবর্তী সময়ে কিছুকাল দ্রব্যমূল্যের নিয়ন্ত্রণ দৃশ্যমান ছিল। কিন্তু স্বল্পসময়ের ব্যবধানে দেশের বাজারে আলু, তোজ্যতেল, চিনি, পেঁয়াজসহ বিভিন্ন নিত্যপণ্যের দাম ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়েছে। বাজার পরিস্থিতি নিয়ন্ত্রণে বর্তমান অন্তর্বর্তী সরকার পণ্যের যৌক্তিক মূল্য নির্ধারণের পাশাপাশি কিছু পণ্যের শুল্ক-কর কমিয়েছে। আমদানির অনুমতিও দেওয়া হয়েছে কিছু পণ্যের। তাছাড়া টিসিবির পণ্য বিক্রি বাড়ানো, বাজার তদারকি সংস্থাগুলোর অভিযান বৃদ্ধি, সরবরাহ নিশ্চিতে সহযোগিতা এবং জেলায় জেলায় টাস্কফোর্স গঠনসহ বিভিন্ন ইতিবাচক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এতৎসত্ত্বেও নিত্যপণ্যের বাজারব্যবস্থায় সিন্ডিকেটের কারসাজিসহ বিভিন্ন অদৃশ্য কারণে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধ করা যাচ্ছে না। এটি অনস্বীকার্য যে, মুক্তবাজার অর্থনীতিতে আন্তর্জাতিক বাজারে পণ্যের দাম বাড়লে দেশের বাজারেও এর প্রভাব পরিলক্ষিত হয়। কিন্তু দেশে পণ্যের বাজারে কোনো ঘাটতি না থাকা সত্ত্বেও দাম বাড়ার যৌক্তিকতা কতটুকু, তা নিয়ে জনমনে প্রশ্ন রয়েছে। বস্তুত মূল্যস্ফীতির কারণে নিম্ন-আয়ের মানুষের জীবনযাপন নাজুক অবস্থায় নিপতিত। ইলেকট্রনিক মিডিয়ায় দেখা যায়, মূল্যবৃদ্ধির জন্য পাইকারি ও খুচরা বিক্রেতারা একে অপরের প্রতি দোষারোপ করছেন। সুখের বিষয় হচ্ছে, গত ডিসেম্বরে দেশে মূল্যস্ফীতি কিছুটা হলেও কমেছে। বাজারে শীতের শাকসবজির দাম সহনীয় পর্যায়ে রয়েছে। ৬ জানুয়ারি গণমাধ্যমে প্রকাশিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ প্রতিবেদন বলছে, ডিসেম্বরে খাদ্য মূল্যস্ফীতি ছিল ১২ দশমিক ৯২ শতাংশ এবং সার্বিক মূল্যস্ফীতি কমে হয়েছে ১০ দশমিক ৮৯ শতাংশ। কিন্তু মূল্যস্ফীতির এ দুই হার এখনো দুই অঙ্কের ঘরে থাকার মানে হলো নির্দিষ্ট আয়ের মানুষকে সংসার চালাতে হিমশিম খেতে হচ্ছে। ওই প্রতিবেদনে আরও বলা হয়, বিদায়ি বছরের পুরো সময় দেশের মানুষ উচ্চ মূল্যস্ফীতির কারণে প্রচণ্ড চাপে ছিল। শহরের চেয়ে বেশি ভুগেছে গ্রামের মানুষ। ডিসেম্বরে সার্বিক মূল্যস্ফীতি শহর অঞ্চলের তুলনায় বেশি ছিল গ্রামীণ এলাকায়।

অতিসম্প্রতি জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ফল, জুস, বেভারেজ, তামাকপণ্য, রেস্তোরাঁসহ ৯০টিরও বেশি পণ্য ও সেবার ওপর মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং সম্পূরক শুল্ক বাড়িয়ে নির্দেশনা জারি করেছে। নির্দেশনা অনুযায়ী, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক গন্তব্যের বিমান ভাড়া অনেকটা বাড়ানো হয়েছে। পটেটো ফ্লেক্স, বিস্কুট, আচার, চাটনি, বিভিন্ন ধরনের পেস্ট, এলপিজি, পাইকারিভাবে আমদানি করা পেট্রোলিয়াম বিটুমিন, ফেরো-ম্যাঙ্গানিজ, ফেরো-সিলিকো-ম্যাঙ্গানিজ অ্যালয়, ফেরো-সিলিকন অ্যালয়, এইচআর কয়েল থেকে সিআর শিট, বৈদ্যুতিক ট্রান্সফরমার, চশমার প্লাস্টিক ফ্রেম এবং ইনডেন্টিং ব্যবসার ভ্যাটের হার আগের ৫ শতাংশ থেকে বাড়িয়ে ১৫ শতাংশ করা হয়েছে। কিচেন-হ্যান্ড টাওয়েল, নন-এসি হোটেল এবং স্থানীয় ব্র্যান্ডের পোশাক পণ্যে ভ্যাট আগের ৭ দশমিক ৫ শতাংশ থেকে বাড়িয়ে ১৫ শতাংশ এবং কিছু কিছু পণ্য ও সেবার ভ্যাট হার ১০ শতাংশ থেকে বাড়িয়ে ১৫ শতাংশ করা হয়েছে। মোবাইল টকটাইম ও ইন্টারনেট, আমদানি করা ফল, ফলের জুস, পেইন্ট ও বার্নিশ, চামড়া ও জুতার কাঁচামাল, ডিটারজেন্ট এবং নন-কার্বোনেটেড কৃত্রিম স্বাদযুক্ত পানীয়সহ ৪১টি পণ্য ও পরিষেবার জন্য সম্পূরক শুল্ক ৫০ শতাংশেরও বেশি বৃদ্ধি করা হয়েছে। কার্বোনেটেড, নন-কার্বোনেটেড পানীয়ের ওপর নতুন করে ৩০ ও ১৫ শতাংশ হারে এবং ইন্টারনেট সেবা প্রদানকারী বা আইএসপির ওপর ১০ শতাংশ সম্পূরক শুল্ক আরোপ করা হয়েছে। তাছাড়া ওষুধ, এলপিজি ও স্থানীয় ব্যবসায় ভ্যাট বাড়ানো হয়েছে।



বিশ্লেষকদের মতে, এমন একটি সময়ে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যখন মূল্যস্ফীতি নিয়ে দেশের জনগণ ইতোমধ্যেই চাপে রয়েছে। এখন শুল্ক ও কর বাড়ানোর ফলে সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় আরও বৃদ্ধি পাবে। কর ও শুল্ক বৃদ্ধির ফলে সাধারণ মানুষের অবস্থা আগের চেয়েও কঠিন হবে; বিশেষ করে স্বল্প-আয়ের মানুষের জন্য তা অতিরিক্ত বোঝা হিসাবে দাঁড়াতে পারে। বিশেষজ্ঞরা বলছেন, বর্তমান সময়ের পরিপ্রেক্ষিতে কার্যকর গবেষণা ও বিশ্লেষণ ছাড়া ভ্যাট হার বৃদ্ধির সুফল অর্থনীতিতে নাও আসতে পারে। বরং এর ফলে অর্থনীতিতে তৈরি হতে পারে ঝুঁকি। এরই মধ্যে বিভিন্ন রাজনৈতিক দল, সংস্থা ও ব্যবসায়ী সংগঠন থেকে মূল্যস্ফীতি-দ্রব্যমূল্যের উর্ধ্বগতিতে সৃষ্ট জনদুর্ভোগ কমাতে ভ্যাট-সম্পূরক শুল্ক বৃদ্ধির সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানানো হয়েছে। ব্যবসায়ীদের দাবি-যেসব পণ্য-সেবায় ভ্যাট, সম্পূরক ও আবগারি শুল্ক বাড়ানো হয়েছে, এর মধ্যে নিত্যপ্রয়োজনীয় পণ্য থাকায় স্বাভাবিকভাবেই মানুষের ব্যয় বৃদ্ধি পাবে। একই সঙ্গে ক্রয়-বিক্রয়েও পড়বে এর প্রভাব। ফলে ব্যবসায়ীরা ক্ষতির সম্মুখীন হবে।

প্রসঙ্গত, কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর চট্টগ্রাম বিভাগের নেতারা এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলেছেন, সীমিত ও প্রান্তিক আয়ের মানুষ এমনিতেই নিত্যপণ্যের ক্রমাগত দাম বৃদ্ধি নিয়ে কঠিন বাস্তবতার মুখোমুখি, সেখানে এই ভ্যাট ও সম্পূরক শুল্ক বৃদ্ধির কারণে অসাধু ব্যবসায়ীরা আরেক দফা তাদের পণ্য ও সেবার মূল্য বাড়িয়ে জনজীবনে নতুন করে অস্থিরতা তৈরি করবে। আগামী মার্চে রমজান উপলক্ষ্যে এখন থেকেই নিত্যপণ্যের দাম, বিশেষ করে তেল, ডাল, চিনি, ছোলা, মাছ, মাংস, মসলাসহ অনেক পণ্যেরই দাম বাড়ানো ও মজুত করা শুরু করেছেন ব্যবসায়ীরা। শীতের ভরা মৌসুমে শীতকালীন সবজির দাম কিছুটা কম থাকলেও

এরপর ২২ পৃষ্ঠায়




> আমাদের দেশে অতীতেও বিভিন্ন সময় নির্বাচনে 'ইঞ্জিনিয়ারিং' করা হয়েছিল; সেই পথে কোনো দল যে ক্ষমতায় গিয়ে বসবে, এ রকম আশঙ্কা এবার কম। কারণ, গোটা বিশ্বের দৃষ্টি এখন বাংলাদেশের দিকে। নির্বাচনের নামে প্রহসন করার কোনো সুযোগ অন্তত এবারের নির্বাচনে নেই। নির্বাচনের মাধ্যমে একটি দল ক্ষমতায় না আসা পর্যন্ত পরিস্থিতির বদল হবে না। তবে উগ্র কোনো মতবাদ যেন এই সময়ে বাংলাদেশের চিন্তার জগৎকে গ্রাস করে না ফেলে, সেদিকে সচেতন মহলের তীক্ষ্ণ নজর রাখা দরকার। সাধারণ মানুষ অরাজকতা চায় না, কোনো ধরনের মতবাদের প্রতি অন্ধ সমর্থন চায় না; তারা চায় কথা বলার স্বাধীনতা, চায় ঘুষ-দুর্নীতিমুক্ত দেশ। তবে সবকিছুর ওপর ১৯৭১ সালে রক্তের দামে কেনা দেশটিকে শ্রদ্ধা করতে চায়। এ কথা যেন আমরা ভুলে না যাই

# শুধু কোটা প্রথার বিরুদ্ধে নয়, এটি ছিল মুক্তির আন্দোলন

**বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন**

> তারা হলেন নাহিদ ইসলাম, সারজিস আলম, হাসনাত আবদুল্লাহ, আসিফ মাহমুদ, আবু বাকের মজুমদার ও আবদুল কাদের। শুরুতে ৬ই আগস্ট বৈষম্যবিরোধী আন্দোলন 'লং মার্চ টু ঢাকা' কর্মসূচি ঘোষণা করে। তবে এই পরিস্থিতি বিবেচনায় সমন্বয়করা কর্মসূচি একদিন এগিয়ে এনে ৫ই আগস্ট ঘোষণা করেন। আন্দোলনকে ঘিরে ৫ আগস্ট অনেক জেলায় পাল্টাপাল্টি ধাওয়া, সংঘর্ষ এবং গোলাগুলির ঘটনা ঘটে, এতে ১০৮জন সাধারণ নাগরিক ও পুলিশ নিহত হয়। ৫ আগস্ট শেখ হাসিনা এক দফা দাবির প্রেক্ষিতে সম্মিলিত ছাত্র-জনতার এক গণঅভ্যুত্থানে পদত্যাগ করেন এবং দেশ থেকে পালিয়ে ভারতে আশ্রয় নেন। এরই মধ্য দিয়ে তার ১৫ বছরেরও বেশি সময়ের শাসনের অবসান ঘটে

দয়াল কুমার বড়ুয়া

বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের সময় প্রায় ২ সহস্রাধিক মানুষ নিহত হয়েছেন। ২০২৪-এর কোটা সংস্কার আন্দোলন হলো বাংলাদেশে সব ধরনের সরকারি চাকরিতে প্রচলিত কোটাভিত্তিক নিয়োগ ব্যবস্থার সংস্কারের দাবিতে সংগঠিত একটি আন্দোলন। সবারই জানা পৌনে ১৬ বছরের কর্তৃত্ববাদী শাসনের কাছে দেশের ১৮ কোটি মানুষ জিম্মি হয়ে পড়েছিল। জনগণের কথা বলার অধিকার কেড়ে নেওয়া হয়েছিল। কর্তৃত্ববাদীদের সামনে গণমাধ্যমের স্বাধীনতা হয়ে পড়েছিল রুদ্ধ। ব্যবসায়ীদের বাধ্য করা হয়েছে কর্তৃত্ববাদের হুকুম তামিলে। কর্তৃত্ববাদের পতন শুধু কোটাবিরোধী বা বৈষম্যবিরোধী আন্দোলন নয় ১৮ কোটি মানুষের মহান জাতির বিজয় নিশ্চিত করেছে।



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন শুধু চাকরি ক্ষেত্রে অবাঞ্ছিত কোটা প্রথার বিরুদ্ধে নয়, এটি ছিল শ্বাসরুদ্ধকর অবস্থা থেকে দেশবাসীকে মুক্তি দেওয়ার আন্দোলন। দেড় দশক ধরে কর্তৃত্ববাদের থাবা দেশের সাংবিধানিক সব প্রতিষ্ঠানকে পঙ্গু করেছে। সেগুলোকে নতুনভাবে সাজাতে শান্তিতে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস সফল হবেন এমনটিই দেখতে চায় দেশবাসী।

জুলাই মাসে সংগঠিত বৈষম্যবিরোধী আন্দোলন হলো বাংলাদেশের সাধারণ শিক্ষার্থীদের একটি যৌক্তিক আন্দোলন। কোটা সংস্কার আন্দোলন ও পরবর্তীতে অসহযোগ আন্দোলনে রূপ লাভ করে। যার পরিপ্রেক্ষিতে শেখ হাসিনা পালিয়ে যেতে বাধ্য হয়।

২০২৪ সালের ১ জুলাই কোটা সংস্কার আন্দোলন শুরু হয়। বাংলাদেশে কোটা সংস্কারের লক্ষ্যে ২০২৪ সালের ১ জুলাই থেকে চার দফা দাবিতে 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন'-এর ব্যানারে আন্দোলনকারী শিক্ষার্থীরা লাগাতার কর্মসূচি দেয়। ২ থেকে ৬ জুলাই দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা বিক্ষোভ, মানববন্ধন, মহাসড়ক অবরোধ ইত্যাদি কর্মসূচি পালন করে। ৭ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ঢাকায় গণপরিবহন বন্ধ এবং রাস্তা অবরোধ কর্মসূচি চালায় এবং পরবর্তীতে সারাদেশে অবরোধ কর্মসূচি দেওয়া হয় যা "বাংলা ব্লকেড" কর্মসূচি নামে পরিচিত। বাংলা ব্লকেড চলাকালীন রাজধানীতে শুধু মেট্রো রেল চালু ছিল। পরবর্তী দিনগুলিতেও ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে একই কর্মসূচিত পালিত হয়। এইসব কর্মসূচিতে শিক্ষার্থীরা ছাত্রলীগ ও পুলিশি হামলার শিকার হয়। ১৪ জুলাই আন্দোলনরত শিক্ষার্থীরা ঢাকায় গণপদযাত্রা করে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বরাবর স্মারকলিপি প্রদান করে। এদিন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার এক বক্তব্যে কোটা আন্দোলনকারীদের "রাজাকারের নাতি-পুতি" হিসেবে অভিহিত করেন, তার মন্তব্যের প্রতিক্রিয়া হিসেবে আন্দোলনকারী শিক্ষার্থীরা ব্যঙ্গ করে "তুমি কে? আমি কে? রাজাকার, রাজাকার; কে বলেছে? কে বলেছে? স্বৈরাচার, স্বৈরাচার" এবং "চাইতে গেলাম অধিকার: হয়ে গেলাম রাজাকার" স্লোগান দেয়। এর পরেরদিন ১৫ জুলাই আওয়ামী লীগ ও তৎকালীন সরকারের বিভিন্ন কর্মকর্তা, মন্ত্রী আন্দোলনকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে 'মুক্তিযুদ্ধের চেতনা' নষ্ট করার অভিযোগ আনে। ১৫ জুলাই বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম বলেন, "গত রাতে বিক্ষোভ করে আমরা সোমবার ১২টার প্রধানমন্ত্রীকে তার বক্তব্য প্রত্যাহারের দাবি জানিয়েছিলাম। প্রত্যাহার না হওয়ায় আমরা রাস্তায় নেমেছি"। পরবর্তী দিনগুলিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নেতৃত্বে দেশের বিভিন্ন স্থানে আন্দোলন চলে। ১৭ জুলাই রাতে তারা ১৮ জুলাইয়ের জন্য 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচির ঘোষণা করে।

১৯ জুলাইতেও সারাদেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা সর্বাত্মক অবরোধ চলে। এদিন মধ্যরাতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম কেন্দ্রীয় সমন্বয়ক নাহিদ ইসলামকে আটক করা হয়। যেসময়ে নাহিদ ইসলামকে আটক করা তার কাছাকাছি সময়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের তিনজন প্রতিনিধির সাথে সরকারের তিনজন প্রতিনিধির একটি বৈঠক অনুষ্ঠিত হয় যেখানে তারা সরকারের কাছে 'আট দফা দাবি' জানান। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষে আলোচনায় অংশ নেন সমন্বয়ক সারজিস আলম ও হাসনাত আব্দুল্লাহ এবং সহ-সমন্বয়ক তানভীর আহমেদ।

২১ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের একটি পক্ষ '৯ দফা' দাবি জানিয়ে শাটডাউন চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়। ২২ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম চার দফা দাবি জানিয়ে ৪৮ ঘণ্টার আল্টিমেটাম দিয়ে 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচি স্থগিত করেন, তিনি জানান "আমাদের চার দফার মধ্যে রয়েছে - ৪৮ ঘণ্টার মধ্যে ইন্টারনেট চালু, ক্যাম্পাসগুলো থেকে আইনশৃঙ্খলা বাহিনী প্রত্যাহার করে ক্যাম্পাস চালু, সমন্বয়ক ও আন্দোলনকারীদের নিরাপত্তা প্রদান এবং কারফিউ প্রত্যাহার... যারা নয় দফা দাবি ও শাটডাউন অব্যাহত রেখেছে তাদের সাথে আমাদের নীতিগত কোন বিরোধ নেই। নিজেদের মধ্যে কোন যোগাযোগ না থাকায় আমরা তাদের সাথে কথা বলতে পারছি না"। ১৯ জুলাই থেকে নিখোঁজ থাকার পর ২৪ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক আসিফ মাহমুদ, আবু বাকের মজুমদার ও রিফাত রশীদের খোঁজ পাওয়া যায়। ২৫ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে আন্দোলনকারী শিক্ষার্থীদের উদ্দেশে আটটি বার্তা দেওয়া হয়। এর মধ্যে রয়েছে হতাহতদের

এরপর ৩৬ পৃষ্ঠায়







# Basement Environmental Health & Safety

আপনার বেসমেন্ট, গ্যারেজ, অ্যাটিক বা পিছনের উঠোনকে বৈধ করতে বিনামূল্যে NYC ADU অনুদানের অর্থ ব্যবহার করুন। (PlusOneADU@hpd.nyc.gov or 311).

DANGER

## সাবধান- Do Not SLEEP in an Unhealthy Toxic Basement without a Safety Inspection

### Serious Health Hazards in your Basement

Various Health Issues, Chronic Respiratory illness, Cancer, Kidney, liver, Brain damage, Risk of Severe Mental Health Depression, and Central Nervous System even death. (অস্বাস্থ্যকর বেসমেন্টে দীর্ঘায়িত ঘুমের জন্য দায়ী। বিভিন্ন স্বাস্থ্য সমস্যা, দীর্ঘস্থায়ী শ্বাসযন্ত্রের রোগ, ক্যান্সার, কিডনি, লিভার, মস্তিষ্কের ক্ষতি, গুরুতর স্বাস্থ্যের অবনতি এবং কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ঝুঁকি, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।)







**Homeowners:** Minimizing Liability and Preventing Legal Lawsuit (আবশ্যিক নিরাপত্তা পরিদর্শন: দায়বদ্ধতা কমানো এবং আইনি মামলা প্রতিরোধ).

- Indoor Air Quality- Lead-Based Paint Check, Radon Gas, and other Toxicity Inspections. বাড়ির মালিকদের অবশ্যই এই ধরনের পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং তাদের অবশ্যই সংশোধন করতে হবে। অস্বাস্থ্যকর বেসমেন্ট থেকে, ভাড়া আদায় নিষিদ্ধ।
- Basement Tenant: Get Help from HPD Grant Money, Move Out from an Unhealthy Toxic Basement. (বেসমেন্ট ভাড়াটিয়া: HPD অনুদানের অর্থের সাহায্য নিন, অসুস্থকর বিষাক্ত বেসমেন্ট থেকে বেরিয়ে আসুন, এবং দীর্ঘায়ু লাভ করুন।)

আইনজীবী ছাড়া বেজমেন্ট ভাড়াটিয়ার উচ্ছেদ, ব্যক্তিগত তদন্তের মাধ্যমে অর্থ সংগ্রহ, এবং সম্প্রদায়ের মধ্যস্থতা।

917-618-0740 Bcsafetymediator@gmail.com

FOR SALE! FOR SALE!! FOR SALE!!!

# Luxury Property

## Address : 99-20 196St Hollis, NY 11423
## Price : $1,249,000






## Building size: 2,832sq
## Lot Size : 4,000sq
## 7 Bedrooms & 6 Bathrooms

**Contact:**

# 718-600-6058

# Immigrant Elder Home Care LLC.

# হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী
বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের
সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308


NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NYI
NY INSURANCE BROKERAGE


NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444
NY
CAR & LIMO
SERVICES INC.
BO2902


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
ABC-1234
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

গল্প



# জীবন-তার মতো

## রূপা খানম



হাজারো চেষ্টা করলেও কিছু মানুষের ভাগ্য পরিবর্তন হয় না। মিতা ছিল বাড়ির আদরের মেয়ে। ছোটবেলা রাগ করে একবার বাড়ির কাজের মেয়ে রহিমাকে চড় মেরে ছিল। এর জন্য বাবার হাতে এক থাপ্পর খেয়ে লজ্জা, অভিমানে- খাটের নিচে সারাটা দিন ছিল। বাবার ডাকাডাকি তবুও খাটের নীচ থেকে বের হয়নি। এক সময় না খেয়ে ক্লান্ত হয়ে সেখানেই ঘুমিয়ে পড়েছিল। কেন- বাবা থাপ্পর মেরেছে? তাও বাড়ির কাজের লোকের জন্য! এতে খুবই অভিমান হয়েছে মিতার।নিজের মেয়ে থেকে কাজের মেয়ে বড় বাবার কাছে। আজ বয়বৃদ্ধার সাথে বুঝতে পেরেছে বাবা কেন কাজের লোকের জন্য থাপ্পর মেরেছিল।বাবা এবং মা ছোট বেলা থেকে আদব কায়দা তুখোড় কড়া ছিল।বাড়িতে সবাই কে খুব সম্মান দেওয়া হোত যার যতটুকু প্রাপ্য। কাজের লোক বলে তাকে মারতে হবে এটি পরিবারে গ্রহণ যোগ্যতা ছিল না।বাবা সেদিন শিখাতে চেয়েছে গরীব বা কাজের লোক বলে তাদের সাথে খারাপ ব্যবহার করতে নেই। পেটের দায়ে তারা অন্যত্র কাজ করে।মিতার পরিবার এত ভালবাসার পরও সেই কাজের মহিলা রহিমা ঘরে চুরি করে সবকিছু নিয়ে পালিয়ে যায়। বিশ্বাস এর মর্যাদা রাখেনি ভালবাসায়ও সেদিন থাকেনি কাজের লোকটি।

বলতে কি- মানুষের ভালবাসা, বন্ধু, প্রেমিক, স্বামী, সন্তান কোনো কিছুর সৌভাগ্যই মিতার কপালের জন্য নয়!

ছোটবেলা থেকে মিতা খুবই মেধাবী এবং সহজ সরল বন্ধু বৎসল সাদা মনের মানুষ। খেলার সাথীকে নিজে না খেয়ে তার টিফিন দিয়ে দিয়েছে বন্ধুকে খুব বেশি ভালবেসে। বাড়ি ফেরার পর মাকে দিয়েছে মিথ্যা উত্তর সব কিছু খেয়ে নিয়েছে। মিতা জন্মগ্রহণ করেছিল খুবই কম ওজন নিয়ে। তাই পরিবারের সকলের চিন্তা ছিল তার শারীরিক বৃদ্ধি নিয়ে।। মিতার মা চাইত যাতে সে ঠিকমত পুষ্টিকর খাবার খাওয়া দাওয়া করে। তাই মা তার স্কুলে সব সময় ভাল খাবার দিয়ে দিত। মিতার বন্ধুরা সবাই তার খাবার পছন্দ করত। শুধু ভালো বন্ধু হওয়ার জন্য মিতা না খেয়ে তাদের দিয়ে দিত তার টিফিনের খাবার।এভাবে প্রতিনিয়ত না খেতে খেতে মিতার শরীর আরো শুকনো লিকলিকে হয়ে গিয়েছে। তাতে কি যায় আসে সে তার বন্ধুকে খাওয়াতে পেরে আত্মতৃপ্তি পেয়েছি।এভাবে প্রতিনিয়ত বন্ধুদের সকল আবদার মেনে নিয়েছে হৃদয় দিয়ে।



কৈশোরে কলেজে পড়ার সময় স্কুলের এক বন্ধু বেলী প্রেমে পরে পাড়ার এক ছেলে সোহেলের সাথে। বেলী ছিল ইঁচড়ে পাকা। কলেজে পড়ার সময়ই বিয়ের দিকে ঝোঁক ছিল। প্রতিদিন কলেজ শেষে দুজনে দেখা করার সময় জায়গা খুঁজে পেত না কোথায় দুজনে কথা বলবে? সীমিত টাকা। রেষ্টুরেন্টে বসে কথা বলার তেমন টাকা নেই সোহেলের পকেটে। সেও লেখাপড়া করছে। বাবার হোটেলে খায়। মধ্যবিত্ত পরিবারের ছেলে।মিতার বন্ধু বেলী তাই সে নিজের বাবার ভাড়া করা বাড়ির চিলেকোঠায় প্রেম করার সুযোগ করে দিত বেলীর অনুরোধে। একবার সে সুযোগ দিতে গিয়ে বাড়িওয়ালা দেখে ফেলে।এ কারনে শেষ মেষ নোটিস পেয়েছিলো মিতার বাবা-মা। এমন কি- মায়ের হাতে মারও খেতে হয়েছিল প্রচুর। এক সময় এই বন্ধুই মিতাকে প্রচুর কষ্ট দেয়। নিজের স্বার্থ হাসিল করা শেষ হয়ে গেলে।

একবার কাপড়ের নীল দিয়ে কপালে টিপ দেওয়ার জন্য ফাতেমা নামের এক বন্ধুকে পুরা নীলের কৌটা দিয়ে দিয়েছিল। সাদা কাপড় ধোয়ার পর নীল দিতে গিয়ে মিতার মা আর তা খুঁজে পায়নি। যখন নীলের খোঁজ পরলো মাকে মিতা সত্যি কথা বলে দেয়। যার কারনে মায়ের হাতে সেকি মার না খেতে হয়েছিলো সেদিন! মিতা মাকে বুঝাতে পারিনি বন্ধু চেয়েছে তাই দিয়েছে কিন্তু মা জানত এ বন্ধু সুবিধা নেওয়ার বন্ধু ।তাই মিতার সরলতার জন্য মা তাকে আরো বকা দিয়েছিল।

যৌবনে পদার্পণ করে মিতা বন্ধুর দুঃখে এতোটাই দুঃখী হতো টাকা ধার থেকে শুরু করে নিজের গায়ের কাপড়, শীতের পোষাক ঘরে গিয়ে বন্ধুদের দিয়ে দিত। নিজে যা খাইত বা পরত, তাই দিয়ে দিত বন্ধুরা চাইলে। কাজ করার আগে নিজের সব প্লান বুদ্ধি বন্ধুদের সাথে শেয়ার করত।বন্ধুদের সাথে সবকিছুই ভাগাভাগির কারনে মিতার গোপনীয়তা সব বন্ধুরা জেনে নিজেদের সেভাবে পরিচালিত করত।তাকে বন্ধুত্বের অভিনয় করে হিংসা করতে থাকে। তার পথের কাঁটা হয়ে দাঁড়াল সব বন্ধুরা।

কথায় আছে-নিজের উন্নতির পথ কাউকে দেখাতে নেই বা বলতে নেই। অথবা নিজের পরিকল্পনা বলতে নেই শুধু কাজের ফল বের হলেই সবাই দেখতে পায় এটিই হওয়া উচিত।

তখন আর সুযোগ নিতে পারে না। এখানে মিতা সব সময় ব্যর্থ হয়েছে কারন তার সব কাজে বন্ধু ছিল তার জীবনে সব চেয়ে গুরুত্বপূর্ণ। বন্ধু মানে আপন এই বিশ্বাস মিতার মনে ধারণ করে।একদিন সেই বন্ধুরা মিতাকে প্রতিদ্বন্দ্বী ভেবে একসময় সবাই তাকে এমন ভাবে একা ফেলে চলে যায় মিতা একাকী হয়ে যায়। তাঁরই বন্ধু নিজের ভাগ্য পরিবর্তন করে, মিতার সাথে যোগাযোগ বন্ধ করে দেয়। তাকে দেখিয়ে দেয় তারা এখন মিতাকে ছাড়া চলতে পারে। সরল মনে একশত ভাগ মানুষ কে ভালোবাসলে সেখানে প্রতিহিংসার জন্ম হয়।

যৌবনে ভার্সিটিতে পড়ার সময় মিতা ভালবাসে একজন কে। দুজনের মন দেওয়া নেওয়া শুরু হয়। যেটা এমন পর্য্যায়ে চলে যায় দুজন দুজন কে ছাড়া বাঁচতে পারে না।নিজের প্রেমকে ধরেরাখবে বিয়ে করবে তাই প্রেমিককে প্রতিষ্ঠিত হতে বলে। কারণ বাবা মা তাকে প্রতিষ্ঠিত ছেলে ছাড়া বিয়ে দিবে না।তাই প্রেমিক কে

এরপর ২২ পৃষ্ঠায়

# এ সপ্তাহের কবিতা



## অনাবৃত দেহে একা একা
### আহম্মদ হোসেন বাবু

অনাবৃত দেহে আছি একা একা রোদে-অন্ধকারে
বুকের তলায় রক্তধারা বুদবুদের মতো জাগে
মানুষের মন বড়ই জটিল জগত-সংসারে!
জানিনা তোমাকে কেন এত বেশি আপনার লাগে?

নির্জনবাসে দূর্বাঘাসে বিছিয়েছে আঁচল শবনম
জীবনে যা ঘটে, গল্প-কবিতায় পাই নাকি বলো?
পথে-পথে কেটে গেল, বেহিসেবী পুরোটা জনম
যত কথা জমা ছিল, কতটুকু তার বলা হলো?

হৃদয়ের ঋতুচক্র প্রকৃতির মতো যায়-আসে
ভিত্তির নিচের ইট, সে কি সর্বোচ্চ উঁচুতে নয়?
পৌষের রোদের মতো রাত আশীর্বাদ হয়ে হাসে
যার কষ্ট শুধুমাত্র সেই বোঝে, অন্য কেউ নয়।

কী শাস্তি আমাকে দেবে? যে আত্মায় নিহত নিজেই!
প্রার্থনার ভাষা এবং প্রেমকথার সৃষ্টি আবেগেই।।

লেখক: কবি, নিউইয়র্ক।





## মার্টিন লুথার কিং জুনিয়র
(জন্মদিনের শ্রদ্ধা)
### সুজন দাশ

সবার জন্য চেয়েছিলে তুমি নাগরিক অধিকার,
বৈষম্য তুমি দেখেছিলে চোখে বুনেছ স্বপ্নগুলি তার!
লড়ে যাও তাই অহিংস পথে,
মানুষকে টানো আপনার মতে ;
জ্বালাময়ী ছিল ভাষণ তোমার কথা ছিল ক্ষুরধার।

অন্তর জুড়ে যে ড্রিম তোমার বলেছ সবাই খুলে,
আঘাত করেছ বর্ণবাদের নিদারুণ বেদীমূলে!
প্রতিষ্ঠা পায় সম অধিকার,
সিভিল রাইট হয়েছে সবার ;
সবাই পাচ্ছে সুফলটি আজ বিভেদ গিয়েছে ভুলে।

মানুষ পেয়েছে সত্যিকারের মর্যাদা আর মান,
মানবিকতার তুমি বড় দূত গাইছি তোমার গান।
প্রভাবিত করো বিশ্বকে তুমি,
মহান উদার হৃদয়ের ভূমি!
ভুলিনি তোমায় মার্টিন লুথার-গর্বিত অবদান।

তোমার মতন এমন স্বপ্ন কজন দেখতে পারে?
যেখানে মানুষ সবার উর্ধ্বে হিংসা থাকে না দ্বারে!
বর্ণবাদের ঘটে অবসান,
ফিরেছে শান্তি পায় সবে মান;
গণতন্ত্রের ওড়ে আজ ধ্বজা ঢেউ জাগে পাড়ে পাড়ে।

লেখক: কবি, নিউজার্সি।





## প্রিয় গোলাপ ফুল
### মোহাম্মদ আব্দুল আজিজ

কী উপমা দেই গো তোমার?
তোমার যে নাই তুল,
তোমার বিষের কাঁটাও যে
লাগে গোলাপ ফুল।।

তোমায় ভালোবাসেনি গো
এমন তো কেউ নেই,
তোমার রূপে পাষাণ গলে
মজে একটু হাসিতেই।

তুমি ছাড়া ভালোবাসা
হয় না যে গো পূর্ণ,
তোমার রূপেই অরূপ রূপের
দম্ভ যে হয় চূর্ণ।
তুমি যে গো রূপের রানি
ভালোবাসার ফুল।-ঐ

তোমার রূপের মূল্য যে কী
নাই বা তুমি জানলে,
ভালোবেসে কাউকে তুমি
নাই বা কাছে টানলে।

তবু তোমার তুলতুলে গায়
একটু পরশ পেতে,
তোমার মধুগন্ধে সারা
বিশ্ব যে রয় মেতে।
গোলাপ তোমার নামটিও যে
অনন্য অতুল।-ঐ

লেখক: কবি, নিউইয়র্ক।

# Tulip Resigned Over Financial Scandal




Russian President Vladimir Putin, right, Bangladesh Prime Minister Sheikh Hasina, second right, and Tulip Siddiq, left, attend a signing ceremony in the Kremlin in Moscow, Russia, Tuesday, Jan. 15, 2013. (AP Photo/Mikhail Metzel, Pool, File)

Ajkal Desk

Britain's anti-corruption minister resigned on Tuesday, bowing to mounting pressure over her links to her aunt, ousted Bangladeshi Prime Minister Sheikh Hasina. Tulip Siddiq said that she had been cleared of wrongdoing but was quitting as economic secretary to the Treasury because the issue was becoming "a distraction from the work of the government."

Siddiq, 42, is a former local councilor who was elected lawmaker for a north London district in 2015. She was appointed to the government after Prime Minister Keir Starmer 's center-left Labour Party won a landslide election victory in July.

Starmer has been under growing pressure to remove Siddiq from her post since she referred herself to the government's ethics watchdog in early January following reports that she lived in London properties linked to her aunt.

Starmer said he was sad to see Siddiq go, adding in a letter that the watchdog — independent adviser on ministerial interests Laurie Magnus — "has assured me he found no breach of the Ministerial Code and no evidence of financial improprieties on your part."

Starmer offered Siddiq the possibility of returning to government, saying "the door remains open to you going forward."



## Gov. Hochul wants police on every subway train overnight

Ajkal Desk

Police should patrol every New York City subway train during the overnight hours, Gov. Kathy Hochul proposed during her State of the State address Tuesday.

The state will help pay for two police officers on every subway train from 9 p.m. to 5 a.m. for the next six months, Hochul said. The increased patrols could go into effect as early as next week, according to a spokesperson for the governor's office.

"We have to stop the chaos," Hochul said.

Hochul said she will work with the city to implement the temporary overnight patrols.

In March, Hochul announced the National Guard would patrol the New York City Subway system, and in December, added 250 more National Guard members.

Earlier this month the city announced police officers would be deployed to the 50 subway stations where most crimes occur, NYPD Commissioner Jessica Tisch announced.

Major crime in the transit system decreased for a second straight year in 2024, down 5.4% compared to 2023, according to Tisch. But some high-profile crimes have caught the city's attention in recent months, including a woman being burned to death on a Brooklyn subway in late December.

In her State of the State address, Hochul also announced a new tax cut plan to reduce taxes for over 8.3 million New Yorkers. The program will affect joint filers making under $323,000 per year, she said.




## Michelle Obama will skip Trump inauguration

Ajkal Desk

Former first lady Michelle Obama will skip the inauguration of President-elect Donald Trump, the second time in two weeks that she is not attending a gathering of former U.S. leaders and their spouses, but former Presidents Barack Obama, George W. Bush and Bill Clinton will be there.

Laura Bush and former Secretary of State Hillary Clinton will join their husbands for the Jan. 20 swearing-in ceremony at the Capitol, representatives said.

"Former President Barack Obama is confirmed to attend the 60th Inaugural Ceremonies. Former first lady Michelle Obama will not attend the upcoming inauguration," said a statement from the Office of Barack and Michelle Obama that was shared with The Associated Press.

No explanation was given for why Michelle Obama was skipping Trump's inauguration. She also did not attend former President Jimmy Carter's state funeral in Washington last week. Former Presidents Trump, Obama, Bush and Clinton and their spouses attended — except for her.

Bill Clinton will attend Trump's swearing-in ceremony, a person familiar with the former president's schedule confirmed for the AP. Hillary Clinton will also attend, a spokesperson said.

Related Stories

The Office of George W. Bush said he and former first lady Laura Bush are also attending. Michelle Obama was the only spouse absent at last week's funeral service at Washington National Cathedral, where her husband and Trump were seated next to each other and chatted and laughed like old friends despite the history of political animosity between the Democratic former president and the returning Republican.

The former first lady campaigned against Trump during his 2016, 2020 and 2024 presidential campaigns. In her 2018 memoir, she described her shock upon learning that Trump would succeed her husband, and she denounced Trump's "birther" campaign, which questioned Barack Obama's citizenship.

Michelle Obama campaigned last fall for Democratic presidential nominee Kamala Harris, delivering an emotional speech in Michigan in which she challenged men to vote for the vice president and argued that women's lives would be at risk if Trump returned to the White House.

All three former presidents and their wives attended Trump's first inauguration in 2017, including Hillary Clinton, after she lost the 2016 presidential election to Trump. Carter also attended.

# 24 dead as fire crews try to corral Los Angeles blazes

**Anik Raj**



Firefighters scrambled Sunday to make further progress against wildfires that have destroyed thousands of homes and killed 24 people in the Los Angeles area as forecasters again warned of dangerous weather with the return of strong winds this week. At least 16 people were missing, and authorities said that number was expected to rise.
The National Weather Service issued red flag warnings for severe fire conditions through Wednesday, with sustained winds of 50 mph (80 kph) and gusts in the mountains reaching 70 mph (113 kph). The most dangerous day will be Tuesday, said weather service meteorologist Rich Thompson.
"You're going to have really strong gusty Santa Ana winds, a very dry atmosphere and still very dry brush, so we still have some very critical fire weather conditions out there," Thompson said at a community meeting Saturday night.
Los Angeles County Fire Chief Anthony C. Marrone said 70 additional water trucks arrived to help firefighters fend off flames spread by renewed gusts. "We are prepared for the upcoming wind event," Marrone said. Fire retardant dropped by aircraft Sunday will act as a barrier along hillsides, officials said.
Fierce Santa Anas have been largely blamed for turning the wildfires sparked last week into infernos that leveled entire neighborhoods around the city where there has been no significant rainfall in more than eight months.
Twelve people were missing within the Eaton Fire zone and four were missing from the Palisades Fire, Los Angeles County Sheriff Robert Luna said. Luna added that "dozens" more reports might have come in Sunday morning and investigators were reconciling whether some of the missing might be among the dead. There are no children among those reported missing, he said.
Meanwhile, the death toll rose to 24 over the weekend. Eight of the deaths were attributed to the Palisades Fire and 16 resulted from the Eaton Fire, the Los Angeles County coroner's office said in a statement Sunday evening.
Officials said they expected that figure to increase as teams with cadaver dogs conduct systematic grid searches in leveled neighborhoods. Authorities have established a center where people can report the missing.
Officials also were building an online database to allow evacuated residents to see if their homes were damaged or destroyed. In the meantime, LA city Fire Chief Kristin Crowley urged people to stay away from scorched neighborhoods.
"There are still active fires that are burning within the Palisades area, making it extremely, extremely dangerous for the public," Crowley said at a Sunday morning briefing. "There's no power, there's no water, there's broken gas lines, and we have unstable structures."
Officials warned the ash can contain lead, arsenic, asbestos and other harmful materials. About 150,000 people in Los Angeles County remained under evacuation orders, with more than 700 residents taking refuge in nine shelters, Luna said. Officials said most of the orders in the Palisades area were unlikely to be lifted before the red flag warnings expire Wednesday evening.
"Please rest assured that first thing Thursday we will begin talking about repopulation," Marrone said. By Sunday morning, Cal Fire reported the Palisades, Eaton, Kenneth and Hurst fires had consumed more than 62 square miles (160 square kilometers), an area larger than San Francisco. The Palisades Fire was 11% contained and containment on the Eaton Fire reached 27%. Those two blazes accounted for 59 square miles (nearly 153 square kilometers).

# From Bailey Road to 'Miss North America': Zarin's inspiring journey

**Ajkal Desk**

When NSU graduate Zarin Mahmood landed in Canada in 2017, she had left behind a life of relative certainty to enter the grind of a life far away. Discarding her desire to pursue business, which was her major in university, she jumped on the opportunity to complete a Master's in Technology Innovation Management at Ottawa's Carlton University.



However, she never imagined in her wildest dreams that she would pursue pageantry. "It was difficult enough when I switched from business to STEM, and I was mentally struggling. Peer pressure was also eating away at my confidence – I had to make something of myself soon."
After graduation, Zarin found success, joining an IT Firm, and going on to later secure a job as an IT Project Manager in a Canadian governmental institution. "There's immense pressure for girls my age to get married when we move abroad, but I knew I wanted to do something more, I wanted to inspire."



Pageantry was the perfect platform for a person naturally gifted with height and a symmetrical face, to do exactly that. She soon became the first runner-up at the "Miss Canada World" competition.
That leap of faith emboldened the Zarin, who had spent nearly eight years behind a desk in Canada. "For an introvert, it is very difficult to be the centre of attention like that! But the first pageant, which took place in June 2024, gave me a new set of directions for life."
At this point of the interview, I asked her if she was at all surprised when she beat 45 women to claim the title of Miss North America. With astounding confidence, she replied, "I was somehow confident I would win. A lot of credit goes to my mother, who acted as a mentor, inspiration, and strict coach throughout the entire process."
At the final junction of the competition, Zarin was asked if she could spend some time with any historical figure, whom she would choose to do that with. "I chose Mother Teresa. I could not think of a better human being off the top of my head – she helped hundreds of thousands of people. Wanting to do somewhat of the same thing, she was the perfect answer."
Zarin Mahmood's pageantry titles make her the first Bangladeshi to achieve them. Seemingly at her peak, what does the young IT professional want to do next? "My primary aim has always been to help women. I want to build a platform, where women who are struggling with a new environment, can reach out. At the risk of sounding tacky, I really do want to break barriers, inspire change, and cultivate environments where women can thrive confidently."
Beyond her professional work, she has actively contributed to her community. She served as an executive member of the Greater Vancouver Bangladesh Cultural Association (GVBCA), where she helped organise cultural events, engaged youth, and fostered connections within the Bangladeshi community in Vancouver, BC. Zarin is also a skilled Nazrul Geeti singer, having performed at various events since her school days.
Now to address the elephant in the room – does the newly crowned Miss North America want to join the Bangladeshi showbiz industry? "There's no such plans at the moment," laughed Zarin, rather amused. "However, if there is a project that I can leverage towards women's empowerment, I am all for it."





# Roza Ahmed shares honeymoon photos with Tashan

**Ajkal Desk**

Acclaimed singer Tahsan Khan grabbed much attention by revealing his marriage from the start of the year. The announcement of his marriage to makeup artiste Roza Ahmed sparked many conversations online.
On January 7, Tahsan travelled with Roza went on their honeymoon to the Maldives, but no pictures were initially shared. However, last night, Tahsan's wife, Roza Ahmed, posted some pictures from their honeymoon on her social media profiles.
Reflecting the endless nature of their life together, Roza shared several stills and a video clip with the caption, "In the tapestry of life, our threads are forever entwined, a love so strong, so divine."
The photos have garnered considerable attention from fans, resulting in high engagement. As of the writing of this report, her Facebook post had amassed approximately 60,000 reactions, over 2,000 comments, and 400 shares.
In the photos shared on her Facebook page, Roza is pictured walking barefoot along a beach in the Maldives, dressed in a red dress. She appears calm and serene, with a small island visible in the distance.
Roza Ahmed, Tahsan's wife, is a bridal makeup artiste based in New York, where she has been working for over two years. In addition to her work, she also teaches makeup artistry. Roza met Tahsan Khan in Bangladesh, and they decided to get married last year.
When Tahsan opened up about meeting his wife to local media, he said, "We crossed paths a long time ago, and from there, our conversations began and flowed until eventually we decided to get married."



# স্ট্রোক কি হার্ট নাকি ব্রেনের রোগ?

ডা. মো. নাজমুল হুদা



স্ট্রোকে ব্রেনের ভেতরের রক্তনালির মধ্যে এক বা একাধিক রক্তনালি ব্লক হয়ে যায় অথবা ছিঁড়ে যায়। ব্রেনের একেকটি অংশ শরীরের একেক অংশকে নিয়ন্ত্রণ করে। স্ট্রোকের ফলে ওই রক্তনালি ব্রেনের যে অংশে রক্ত সরবরাহ করে সচল রাখত, সে অংশ তার কার্যক্ষমতা হারায়। ফলে শরী-রের ওই অংশের কার্যক্রম বন্ধ হয়ে যায় বা কমে যায়। বেশিভাগ ক্ষেত্রে ব্রেনের যে কোনো একপাশের রক্তনালি ব্লক হয়ে বা ছিঁড়ে গিয়ে স্ট্রোক হয়। সেজন্য স্ট্রোকের লক্ষণও সাধারণত আমাদের শরীরের একপাশে দেখা দেয়।

* স্ট্রোকের লক্ষণ

হঠাৎ করে শরীরের এক পাশের হাত-পা অবশ হয়ে যাওয়া, অথবা আলাদাভাবে শুধু একহাত বা পা অবশ হওয়া, কথা জড়িয়ে যাওয়া, মুখ বাঁকা হওয়া, খাবার গিলতে অসুবিধা হওয়া, চোখে ঠিকমতো দেখতে না পারা-ইত্যাদিও স্ট্রোকের লক্ষণ। একজন সুস্থ সবল ব্যক্তির যখন হঠাৎ এসব সমস্যা দেখা দেবে, তখনই ধরে নিতে হবে তিনি স্ট্রোকে আক্রান্ত হয়েছেন। এসব লক্ষণ দেখে নিকটজন স্ট্রোকে আক্রান্ত হয়েছেন সন্দেহ করলেই আমাদের উচিত হবে, রোগীকে তৎক্ষণাৎ নিকটস্থ হাসপাতালে, সম্ভব হলে সব সুযোগ-সুবিধা সম্পন্ন হাসপাতালে নিয়ে যাওয়া। যেখানে অতি দ্রুত ব্রেনের ইমেজিংসহ প্রয়োজনীয় পরী-ক্ষা-নিরীক্ষা করে স্ট্রোকের আধুনিক চিকিৎসা শুরু করা সম্ভব। এসব রোগীর ক্ষেত্রে স্ট্রোক পরবর্তী প্রতিটি মুহূর্ত মূল্যবান। লক্ষণ শুরু হওয়ার পর যত তাড়াতাড়ি রোগীর চিকিৎসা শুরু করা যায়, ব্রেনের ক্ষতির হার তত কম হয়। স্ট্রোকের কারণে রোগীর শরীরে ঘটে যাওয়া শারী-রিক সমস্যার উন্নতির হারও দ্রুত হয়।

* চিকিৎসা

বর্তমানে স্ট্রোকের আধুনিক চিকিৎসা হচ্ছে- থ্রম্বোলাইসিস। যেখানে স্ট্রোক হওয়ার সময় থেকে পরবর্তী চার থেকে সাড়ে চার ঘণ্টার মধ্যে সিটি স্ক্যান/ এমআরআই-সহ প্রয়োজনীয় পরীক্ষা-নিরী-ক্ষার পর রোগীর অবস্থা এনালাইসিস করা হয়। রোগী যদি থ্রম্বোলাইসিস চিকিৎসার শর্তাবলী পূরণ করে, তবে সংশ্লিষ্ট রোগীকে স্ট্রোকের এই আধুনিক চিকিৎসা দেওয়া হয়। এ চিকিৎসায় রেজাল্ট খুবই ভালো। রোগী আরও খারাপ তো হয়-ই না, বরং এক-দুদিনের মধ্যে প্রায় সম্পূর্ণ সুস্থতা লাভ করে। নিঃসন্দেহে এটি বর্তমান চিকিৎসা বিজ্ঞানের একটি আশীর্বাদ। বাংলাদেশের বেশ কয়েকটি টারশিয়ারি লেভেলের হাসপাতালে

এরপর ২৩ পৃষ্ঠায়



# হঠাৎ মুখ বেঁকে যাওয়ার কারণ ও প্রতিকারের উপায়

ডা. মো. আব্দুল হাফিজ শাফী

কেস স্টাডি : ইএনটি আউটডোরে রোগী দেখছিলাম। ৪৫ বছরের এক ভদ্রমহিলা এসে রোগের ইতিহাস জানিয়ে বললেন, সকালে ঘুম থেকে উঠে ব্রাশ করতে গিয়ে আয়নায় দেখলেন মুখ একদিকে হঠাৎ বাঁকা হয়ে গেছে, ডান চোখ বন্ধ হয় না, কুলি করতে গেলে অন্য পাশে চলে যায়। ইতিহাস শুনে মনে হলো এ রোগের নাম বেলস পালসি। যদিও ফেসিয়াল প্যারালাইসিসের সঙ্গে শীতের সরাসরি কোনো সম্পর্ক নেই, কিন্তু এ রোগের একটি রিস্ক ফ্যাক্টর হলো শ্বাসনালির ঠান্ডাজনিত ভাইরাল ইনফেকশন এবং ঠান্ডা লেগে কানের ইনফেকশন, যা শীতের সময় বেশি দেখা যায়। শীতে ফেসিয়াল প্যারালাইসিসের ঝুঁকি উল্লেখযোগ্যভাবে বেড়ে যায়। এটি এমন একটি শারীরিক অবস্থা যেখানে মুখের একপাশের পেশিগুলো হঠাৎ অবশ হয়ে যায়। সপ্তম ক্রেনিয়াল নার্ভ যে কোনো কারণে আক্রান্ত হওয়ায় ফেসিয়াল মাসলের একপাশে দুর্বল অথবা প্যারালাইসিস হয়ে যাওয়াকে ফেসিয়াল পালসি বলা হয়। যখন সুনির্দিষ্ট কোনো কারণ পাওয়া যায় না তখন একে বলা হয় বেলস পালসি। এটি যে কোনো বয়সের মহিলা ও পুরুষ উভয়েরই হতে পারে। তবে পুরুষের তুলনায় মহিলাদের এ রোগটি বেশি দেখা যায়।

* কারণ

ফেসিয়াল প্যারালাইসিসের মূল কারণ এখনও নিশ্চিতভাবে জানা যায়নি। তবে এটি ভাইরাল সংক্রমণের কারণে হতে পারে, যেমন হারপিস সিমপ্লেক্স, ইনফ্লুয়েঞ্জাসহ বিভি-ন্নরকম ভাইরাল ইনফেকশন, মধ্যকর্ণের প্রদাহজনিত ইনফেকশন, ঠান্ডাজনিত কারণে (শীতের সময় মোটরসাইকেল চালানো, শীতের মধ্যে পানিতে নেমে সারা রাত মাছ ধরা, শীতে খেলাধুলার পর অতিরিক্ত ঠান্ডা পানি পান করা, শীতে দীর্ঘ ভ্রমণ যাত্রা, ইত্যাদি), মস্তিষ্কে অথবা মাথার খুলিতে আঘাতজনিত কারণ, কানের অপারেশন পরবর্তী জটিলতা।

* লক্ষণ

** আক্রান্ত রোগীর মুখ এক দিকে বেঁকে যায়।
** আক্রান্ত পাশের চোখ বন্ধ হয় না, আক্রান্ত পাশের চোখ দিয়ে পানি পড়ে।
** দাঁত দেখাতে গেলে মুখ বেঁকে যায়।
** কোনো কিছু খেতে গেলে খাবার একপাশে চলে যায়। খাবার

এরপর ২৩ পৃষ্ঠায়

# শীতে হৃদরোগীদের করণীয়

অধ্যাপক ডা. মো. মাহবুবুর রহমান বাবু



হৃদরোগীদের জন্য শীতকাল খুব একটা সুখকর নয়। যার ফলাফলস্বরূপ হাসপাতালে হৃদরোগীদের ভর্তি লক্ষণীয়ভাবে বৃদ্ধি পায়। একটি গবেষণায় দেখা গেছে, শীত-কালে মায়োকার্ডিয়াল ইনফার্কশান, এনজিনা পেক্টোরিস, এট্রিয়াল ও ভেন্ট্রিকুলার এরিদমিয়া, হার্ট ফেইলিউর, উচ্চ রক্তচাপ বৃদ্ধি পায়। ঠান্ডা আবহাওয়া বিশেষত যখন তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের নিচে নামে তখন দেহের তাপমাত্রা ঠিক রাখতে মানবদেহের বিপাক বৃদ্ধি পায়।

ফলে হৃদযন্ত্রের কাজ বৃদ্ধি পায়, যা আপনার হৃদস্পন্দন এবং রক্তচাপ বৃদ্ধির কারণ হতে পারে। তা ছাড়া ঠান্ডায় রক্তনালি সংকুচিত হয় এবং আপনার হৃৎপিণ্ডকে রক্ত পাম্প করতে আরো কঠোর পরিশ্রম করতে হয়। ঠান্ডায় রক্তে ফিব্রিনোজেন, ক্যাটাকোলামাইনের মতো কিছু প্রোটিন ও হরমোন বৃদ্ধি পাওয়ায় রক্ত জমাট বাঁধার প্রবণতাও বেড়ে যায়। পুরুষদের মধ্যে এই প্রবণতা বেশি।

কিছু পরোক্ষ কারণও হৃদরোগের সম্ভাবনা ও জটিলতা বৃদ্ধি করে। যেমনঠান্ডাজনিত সর্দি-কাশি, ঘরে অবস্থান ও কম কায়িক শ্রম, অধিক ক্যালরিযুক্ত খাদ্য গ্রহণ ইত্যাদি।

করণীয়

* আপনার যদি হৃদরোগ বা উচ্চ রক্তচাপের মতো চিকিৎসা সমস্যা থাকে, তাহলে নিয়-মিত চিকিৎসকের তত্ত্বাবধানে চেকআপ করাবেন। সামান্য বুকে ব্যথা, শ্বাসকষ্ট, অস্বস্তি বা বুক ধড়ফড় করাকে অবহেলা করবেন না।

* অধিক কায়িক পরিশ্রম থেকে বিরত থাকবেন। তবে নিয়মিত হালকা ব্যায়াম করবেন।

* ঠান্ডাজনিত রোগ এড়াতে গরম কাপড় ও মাস্ক ব্যবহার করবেন।

* ধূমপান পরিহার করুন।

* অধিক ক্যালরিসমৃদ্ধ খাদ্য যেমনভর্তুকি, পিঠা, তেল, ঘি, লবণ যথাসম্ভব এড়িয়ে চলবেন।

প্রচুর পরিমাণে তাজা ফলমূল ও শাক-সবজি খাবেন। অতি ভোজন পরিহার করবেন। যথেষ্ট পরিমাণ পানি পান করুন।

* পুরুষ ও মহিলাদের হার্ট অ্যাটাকের

এরপর ২৩ পৃষ্ঠায়

# কী কী সুফল পেতে কিশমিশ সব সময় ভিজিয়ে খাবেন?

আরাফাত রহমান পলক

স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে অন্যতম উপকারী খাবার কিশমিশ। বিভিন্ন রান্নায় কিশমিশ ব্যবহার করা হয়। কিশমিশের গুণাগুণ অনেকেরই অজানা। গ্যাস্ট্রিকের সমস্যায় খুব উপকারী কিশমিশ। এতে ভালো মাত্রায় পটাশিয়াম ও ম্যাগনেসিয়াম থাকায় অ্যাসিডিটি কমাতে সাহায্য করে। এর পাশাপাশি শরীরের টক্সিন অপসারণের পাশাপাশি আর্থ্রাইটিস, কিডনিতে পাথর এবং হৃদরোগের মতো জটিল রোগও দূর করে। যারা রক্তস্বল্পতায় ভোগেন তাদের জন্য খুব উপকারী। কিশমিশে প্রচুর পরিমাণে আয়রন এবং ভিটামিন বি-কমপ্লেক্স থাকায় শরীরে রক্ত বৃদ্ধি করতে সাহায্য করে। নিয়মিত কিশমিশ খেলে তা পেট ভালো রাখে।

পুষ্টিবিদরা জানাচ্ছেন, রান্নায় দিয়ে কিংবা শুধু খাওয়ার বদলে কিশ-মিশ ভিজিয়ে খেতে পারলে বেশি উপকার পাওয়া যায়। ভিজিয়ে খাচ্ছেন না মানেই যে কোনো সুফল নেই, বিষয়টি তেমন নয়। তবে ভিজিয়ে খেলে বাড়তি কিছু উপকার পাওয়া যায়। সেগুলি কী?

আয়রনের খুব ভালো উৎস কিশমিশ। বিশেষ করে ভেজানো কিশ-মিশে প্রচুর পরিমাণে আয়রন থাকে। তাই আয়রনের অভাবজনিত রোগ অ্যানিমিয়া বা রক্তাল্পতা কমাতে বিশেষ ভূমিকা পালন করে কিশমিশ।



সুস্থ থাকার জন্য ভালো হজমশক্তি জরুরি। এক্ষেত্রে কিসমিস হজমশক্তি বাড়াতে সাহায্য করে। রোজ রাতে এক গ্লাস পানিতে কিশমিশ ভিজিয়ে রাখুন। পরের দিন ভোরে সেই কিশমিশ খান। নিজেই তারপর তফাত খেয়াল করুন। দিন পনেরো পরেই ফলাফল বুঝতে পারবেন।

কিশমিশে ভালো মাত্রায় পটাশিয়াম ও ম্যাগনেসিয়াম থাকে। আর এ উপাদানগুলো অ্যাসিডিটি কমাতে সাহায্য করে। এর পাশাপাশি এগুলো সিস্টেম থেকে টক্সিন অপসারণের পাশাপাশি গাউট, আর্থ্রাইটিস, কিডনিতে পাথর এবং হৃদরোগের মতো জটিল রোগ প্রতিরোধেও অনেক উপকারী ভূমিকা পালন করে।

রক্তচাপ নিয়ন্ত্রণে থাকলে হৃৎপিণ্ড ভালো থাকে। উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখতে ভেজানো কিশমিশের জুড়ি নেই। তাছাড়া কিশমিশে রয়েছে পটাশিয়ামের মতো খনিজ, যা হৃৎপিণ্ডের জন্য অত্যন্ত উপকারী।

কিশমিশ ক্যালশিয়াম সমৃদ্ধ একটি খাবার। বিশেষ করে ভেজানো কিশমিশ ক্যালশিয়ামের খুব ভালো উৎস। এ কারণে হাড়ের যত্ন নিতে কিশমিশের উপর ভরসা রাখতে পারেন। কিশমিশ খেলে ক্যালশিয়ামের ঘাটতি পূরণ হয়।

নিয়মিত কিছু পরিমাণে কিশমিশ খেলে তা পেট ভালো রাখতে সহায়তা করতে পারে। এতে ভালো পরিমানে ফাইবার থাকার কারণে তা পানির উপস্থিতিতে ফুলে উঠতে শুরু করে আর পেটে রেচক প্রভাব দেয় ও কোষ্ঠকাঠিন্য দূর করতে সাহায্য করে।

কিশমিশে অ্যান্টি-অক্সিড্যান্ট অক্সিডেটিভ স্ট্রেস কমাতে সাহায্য করে এবং বয়সজনিত চোখের সমস্যাও প্রতিরোধ করে।

ত্বকের কোষকে যেকোনো ক্ষতি থেকে রক্ষা করেতে অনেক উপকারী ভূমিকা পালন করে কিশমিশ। এতে থাকা অ্যান্টিঅক্সিডেন্ট ত্বকের কোষ, কোলাজেন এবং ইলাস্টিনের ক্ষতি থেকে ফ্রি র‍্যাডিকেলগুলোকে বাধা দেয়। এর ফলে এটি বলি, সূক্ষ্ম রেখা ও ত্বকে দাগ দেখা দেওয়ার সমস্যাসহ বার্ধক্যের লক্ষণ অনেকটা বিলম্ব করতে সহায়তা করে।

# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

## জীবন-তার মতো

১৭ পৃষ্ঠার পর

প্রতিষ্ঠিত করতে মিতার ভালবাসার মানুষ রনজন কে বিদেশেপাঠিয়ে দেয়। শপথ করেও কাগজের জন্য অন্য একটি মেয়েকে বিয়ে করে ফেলে। ছয় বছর প্রতিক্ষার পর তাকে হারাতে হবে মিতা কখনো ভাবেনি। প্রথম প্রেম মিতার সাথে এভাবে প্রতারণা করবে তা কোন দিন বুঝতে পারেনি। বাড়ি থেকে চাপ আসে বিয়ে করার জন্য। মিতা সিদ্ধান্ত নেয় আর বিয়েই করবে না। রনজন বিদেশে যাওয়ার পর নিয়মিত তাদের যোগাযোগ ছিল ।এভাবেই কয়েক বছর দুজনের স্বপ্ন বড় হয়েছে ।এরপর হারিয়ে ফেলা ভালোবাসার মানুষ মিতার জন্য অনেক কষ্টের ছিল। স্বপ্ন ভেঙে খান খান হয়ে যায় ।একদিন বিয়ে করবে সংসার হবে কিন্তু উল্টো হলো ভালবাসায় সমাপ্তি হলো। যাকে ধরে রাখার চেষ্টা করে মিতা আবারও ব্যর্থ হলো। রনজন চলে গেল মিতার জীবন থেকে।

একদিন পরিবারের চাপে মিতার বিয়ে হলো- বাবা মায়ের পছন্দের একজন প্রতিষ্ঠিত পাত্রেরসাথে। মনের মিল নেই কোনদিন দেখাও হয়নি। কথা নেই বাবা মায়ের পছন্দের একজন কে হুট করে বিয়ে করে ফেলার সিদ্ধান্ত ছিল পুরোটাই ভুল ।মিতা মনে প্রশ্ন জাগে বিয়েটা আসলে কিংবিয়ে যে শুধু সামাজিক রীতিনীতি আর ধরে বেঁধে দুটি মানুষের এক বন্ধন ।দুটি মনের কোন মিল নেই তবুও সংসারে একসাথে চলা। বিয়ের পর সব কথা তার সাথে হাত দিয়ে চলা। নিজের রুচির বাহিরে তরকারিতে লবন কম খাওয়া, যে একসময় মাছ ভেজে খেত তাকেই, মাছ ভেজে না খাওয়া। নিজের পছন্দ বলতে কিছু নেই। বিছানায় নিরিবিলি ঘুমানোর জায়গা নেই। শরীর ভালো নেই তবুও শরীর ভালো করে সব কাজ পরিপূর্ণ করতে হয় ।এই করা চলবে না ঐ করা চলবে না শুধু ই একজনের অধীনস্থ হয়ে থাকা ।বাহিরে গেলে নিজের পছন্দের খাবার খাওয়া চলবে না ।রান্না হলে সেখানে তার স্বামী খাবে কি খাবে না চিন্তা করে রান্না করা ।কারন তার স্বামী রোজগার করে , তার প্রাধান্য বেশী। জীবনে মিতা খুশী না খুশী রোজ ভাবতে থাকে ।বিয়ের পর ধীরে ধীরে বছর আষ্টেপৃষ্ঠে নির্যাতনের গণ্ডীতে জড়িয়ে যেতে থাকে মিতা। তবুও বিবাহিত জীবনে সামাজিক রীতি নীতি মানিয়ে জীবন চালিয়ে মুক্তিমতির তকমা পায় না মিতা ।একটি মেয়ের বাচ্চা হবে কি হবে না সেটাও সমাজ স্বামীর গ্রহণ যোগ্যতা চিন্তা করে তাদের খুশীকে প্রাধান্য দেওয়া। যোগ্য বউ পরীক্ষা দিতে গিয়ে প্রতি নিয়ত তার গুন আর দোষ যাচাই বাছাই করতে থাকে স্বামী স্বামীর বাড়ির লোকেরা। তা নাহলে অন্য বাড়ির বউ এর সাথে চলে অন্য বউদের তুলনা। কারণ স্বামীদের কাছে সব সময় বাড়ির বউ সুন্দরী, গুনবতী নয় ।তারপর তো আছে শশুর শাশুড়ী কে সেবা করা সন্তানের যোগ্য জননী হওয়া সব দায়ভার যেন মিতার। তারপরও সব কিছুই মিতা নিজের ভালবাসার মধ্যেই রাখে।

কিছুদিন না যেতেই বুঝতে পার জীবন তার অন্যরকম একটি নরক। একটি সন্তান জন্ম দেয়। সে সন্তান স্বাভাবিক নয়। এমনই অসুস্থ যাকে টানতে গিয়ে রাত দিন চোখের পাতা এক করতে পারে না। নিজের জীবনে টানাপোড়নের শিকার হয় ।এখানেও মেয়েদের দোষ যে হয়ে সুস্থ সন্তানের জন্ম দিতে পারেনি প্রতিনিয়তঃতাদের সবমুহূর্তে অভিশাপঅভিব্যক্তিত করতে লাগে মিতা। এমন কেন হয় মিতার মত একটি মেয়ের জীবন ?এ কোন অভিশাপ না পরীক্ষা মিতা গুলায় ফেলে। দিন দিন তার জীবন এক কঠিন থেকে কঠোরতম হয়ে উঠে। বাহিরে থেকে কেহ জানে না সংসার জীবন সন্তান সবটাই মিতার জন্য এক আগোর খেলা ।এরপরও আশার আলো মিটি মিটি জ্বলে কালকে হয়ত পরিবর্তন আসবে। আসলে কাল কি হবে তা আজই বলে দেয় সবার জীবনেই কাল বলতে না পারলেও মধ্য বয়সি মিতা তার আগোর চাকা আর ঘুরবে না টের পেয়েছে। এ জীবনে কাল আসার নয় কারণ মিতার সন্তান স্বামী তার অবস্থান কখনোই পরিবর্তন হওয়ার নয়। যা ঘটার তা তো ঘটবেই শুরু থেকেই মিতার সংসার ছিল ভঙ্গুর। ভালোবাসার কোন ছোঁয়া ছিল না। সংসার নামক জলাতংক মিতাকে কুরে কুরে খায় তার কবে লাগবে সংসারের জোড়া? এমন জোড়া তালি সংসার কখনই কি কাল আসে। স্বামী রনজন কিছুতেই সুখ খুঁজে পায় না তাকে কি করে মিতা সুখী করবে? সত্যের সাথে যখন জীবন যুদ্ধ হারকে মেনে নিতে হয় ।মিতা বুঝে নেয় যা তার পরিবর্তন কখনোই হয় না। সবাই শুধু বেঁচে থাকার মিথ্যা আশা নিয়ে সামনে চলে ।আর এই আশা আছে বলেই আমাদের বেঁচে থাকা। আশা এমন একটি শক্তি ভেঙে চুরে শেষ হয়ে আবার সামনে চলার শক্তি যোগায়। ঘুম ভেঙে যায়। মিতা মাঝ রাতে বেলকুনিতে এসে একটি চেয়ারে বসে ।এক গ্লাস পানি হাতে ভাবতে থাকে কি পেলাম কি হলো না তা না জেনে কি করব কতদূর যাব তাই ভাবি না কেন? পানি পান করে যেখান দিয়ে অতীতের সব কথা ভুলে যেতে চায়। মিতার এই স্মৃতিকথার অতীত , বর্তমান, ভবিষ্যৎ একদিন পরিবর্তন হবে ঠিকই। হয়ত মিতা থাকবে না। তা শুধুই স্থান, কাল, পাত্রভেদে পরিবর্তন হবে এর বেশি কিছু না। আশা এমন এক শক্তি হারিয়ে যাওয়া স্বপ্ন গুলিকে- বারংবার আশা জাগায় বাঁচিয়ে রাখে আত্মাকে ।মিতার বেঁচে থাকার অর্থ বুঝায়, মিতার জীবনের মহৎ উদ্দেশ্য কি বুঝতে শেখায় ।তার সন্তান কে বড় করতে হবে তাকে নিজের ক্ষমতা বাড়াতে হবে। মিতার হঠাৎ না পাওয়ার কষ্ট চলে যায় যখন অন্যের আরো অনেক কষ্টের কথা ভাবে। কারণ তার বন্ধু নেই তাকে কি? তার স্বামী বন্ধুর মত নয় তাতেই বা কি? সংসার তো করে যাচ্ছি। অসুস্থ সন্তান নিষ্পাপ চাহনি আর হাসি তাকে সব কিছু ফিরিয়ে দেয় যখন সন্তানকে নিয়ে মিতা ভাবতে থাকে। জীবন শুধু পাওয়ার জন্য নয় ত্যাগেও জীবন সুন্দর। সময়ের চেয়ে বড় কোন ওষুধ পৃথিবীতে নেই। কতক্ষত, কত ব্যথা, কত অভিমান, অভিশাপ। কতটা নিঃসঙ্গতা বুকে চেপে রেখে মানুষ একসময় একা বাঁচতে শিখে যায়। বড় বড় মানবী তাদের সফলের জীবন ত্যাগে পূর্ণতা পেয়েছে ।এ জীবন অনেক ছোট। সবাই স্বপ্ন বুনতে জানলেও স্বপ্ন দেখে যেতে পারে না। তবুও স্বপ্ন অনেক বড় যা বাঁচতে শেখায় যাকে সবাই ছুঁয়ে দেখতে চায় জীবনের শেষ পর্যন্ত।

লেখক: কবি ও সাংবাদিক, নিউইয়র্ক।

## মানুষ স্বস্তি না পেলে সংস্কার হোঁচট খাবে

১০ পৃষ্ঠার পর

অপশক্তি সংস্কারের পথে বাধা সৃষ্টি করার সুযোগ পাবে সহজেই। এরই মধ্যে এ ধরনের নানা আলামত দেখাও যাচ্ছে। সংবাদপত্রে প্রকাশিত তথ্যমতে, গত বছরের ৫ আগস্টের পর থেকে পাঁচ মাসে বৈষম্য-বঞ্চনাসহ নানা দাবিতে ১০১টি আন্দোলন হয়েছে। আপাতত বিরতি দিলেও আন্দোলনে আছেন সরকারের বিভিন্ন ক্যাডারের কর্মকর্তারা। সরকারি কর্মকর্তাদের দুটি পক্ষ মুখোমুখি অবস্থানে আছে। এক পক্ষে আছেন প্রশাসন ক্যাডারের সাবেক ও বর্তমান কর্মকর্তারা। অন্য দলে আছেন প্রশাসন বাদে অন্য ২৫টি ক্যাডারের কর্মকর্তারা। 'আন্তক্যাডার বৈষম্য নিরসন পরিষদ' ব্যানারে ২৫ ক্যাডার সার্ভিসের কর্মকর্তারা উপসচিব পদে কোটা পদ্ধতি বাতিল, নিজ নিজ ক্যাডার কর্মকর্তাদের মধ্য থেকে সচিব পদে দায়িত্ব দেওয়া এবং সব ক্যাডার কর্মকর্তাদের সমান অধিকার নিশ্চিত করার দাবি জানাচ্ছেন। জনপ্রশাসন সংস্কার কমিশন সম্প্রতি ঘোষণা দেয়, উপসচিব পদে পদোন্নতির ক্ষেত্রে প্রশাসন ক্যাডারের জন্য ৫০ শতাংশ এবং অন্যান্য ক্যাডারের জন্য ৫০ শতাংশ কোটা রাখার সুপারিশ করা হবে। এই ঘোষণার পর প্রশাসন ক্যাডারের সাবেক ও বর্তমান কর্মকর্তারা জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রধান আবদুল মুয়ীদ চৌধুরীর পদত্যাগ বা অপসারণ দাবি করেছেন।

রাজধানীতে নানা দাবিতে সড়ক অবরোধের কারণে যানজটে সৃষ্টি হচ্ছে জনদুর্ভোগ। জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী আন্দোলনের সময় আহত হওয়া ব্যক্তিরা ক্ষোভ থেকে সড়কে নেমেছিলেন গত ১৩ নভেম্বর। প্রায় ১৪ ঘণ্টা তাঁরা চিকিৎসা না নিয়ে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানের (পঙ্গু হাসপাতাল) সামনের সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করেন। গত ১৯ নভেম্বর হাইকোর্টের এক নির্দেশনার বিরোধিতা করে ঢাকার রাজপথে আন্দোলনে নামেন ব্যাটারিচালিত রিকশাচালকেরা। তাঁরা ঢাকার বিভিন্ন এলাকার সড়ক অবরোধ করে শুরু করেন আন্দোলন। মজুরি বাড়ানোর দাবিতে আন্দোলনে আছেন চা-শ্রমিকেরাও। সংখ্যালঘু নির্যাতন বন্ধের দাবিতে এখনো চলমান সম্মিলিত সংখ্যালঘু জোটের আন্দোলন। চলমান আন্দোলনের মধ্যে 'ইনকিলাব মঞ্চ'-এর ব্যানারে কিছু মানুষ সড়কে নেমে আওয়ামী লীগের নিবন্ধন বাতিলসহ নানা দাবিতে বিক্ষোভ দেখাচ্ছেন।

যাঁরা সড়ক অবরোধ করে আন্দোলন করছেন, তাঁদের বেশির ভাগই নিজেদের 'বঞ্চিত' বা 'বৈষম্যের শিকার' বলে দাবি করছেন। এমন অনেক সংগঠনের ব্যানারেও আন্দোলন হচ্ছে, যেসব সংগঠনের কোনো অস্তিত্বই ছিল না। শুধু দাবি জানানোর জন্য বেশ কিছু সংগঠনের জন্ম হয়েছে। আবার কেউ কেউ কোনো ব্যানার বা সংগঠন ছাড়াই আন্দোলনে নেমেছেন। নানা কঠোরতা-সীমাবদ্ধতার কারণে আগের সরকারের সময় যৌক্তিক দাবিও অনেকে প্রকাশ করতে পারেননি। বৈষম্যবিরোধী আন্দোলনের সুবাদে গণ-অভ্যুত্থানের পর তাঁরা দাবি জানানোর সুযোগ এসেছে বলে হয়তো মনে করছেন। তবে অনেক অযৌক্তিক আন্দোলনও যে হচ্ছে না, তেমনটি নয়। এসব আন্দোলনের পেছনে কারও অসৎ উদ্দেশ্য থাকতেও পারে। কাজেই সংস্কারের পথ নিষ্কণ্টক করতে চাইলে জনজীবনে স্বস্তি ফেরাতে হবে। সেই সঙ্গে নজর দিতে হবে নানা ক্ষেত্রে বৈষম্য নিরসনেও।

লেখক: সাংবাদিক ও গবেষক।

## মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে দরকার কার্যকর পদক্ষেপ

১২ পৃষ্ঠার পর

ক্রমাগতভাবেই বাড়ছে চালের দাম। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সরকারের নানাবিধ উদ্যোগ চলমান সত্ত্বেও এর সুফল জনগণ পাচ্ছে না। সরকার ইতঃপূর্বে ২৯টি পণ্যের ভ্যাট ও আমদানি শুল্ক প্রত্যাহার করলেও ভোক্তা পর্যায়ে এর কোনো প্রতিফলন দেখা যায়নি। সরকারের উচিত রাজস্ব আয় বাড়ানোর জন্য বিদ্যমান ভ্যাট নেটের আওতা বাড়ানো, সহজীকরণ করা, কর ফাঁকি বন্ধ করা, এনবিআরের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা। অর্থনীতিবিদদের অনেকেই ভ্যাট ও কর বৃদ্ধির যত যৌক্তিক কারণই থাকুক না কেন, এ বিষয়ে বিকল্প কিছু ভাবার পরামর্শ দিয়েছেন। তাদের মতে, রোজার বাকি আর মাত্র দেড় মাস। ফলে এ চাপ রমজানের বাজারে পড়তে পারে।

অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ জানিয়েছেন, পণ্য ও সেবার ওপর ভ্যাট বাড়ানো হলেও সেটি সামগ্রিক মূল্যস্ফীতিকে তেমন প্রভাবিত করবে না। এতে পণ্যের দামও বাড়বে না বা সাধারণ মানুষের জীবনযাপনে এর নেতিবাচক প্রভাব পড়বে না। গত ২ জানুয়ারি সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের উদ্দেশে তিনি বলেন, 'মূল্যস্ফীতির মূল ওয়েটের ইন্ডিকেটরগুলো হলো চাল, ডালসহ নিত্যপ্রয়োজনীয় পণ্য। অত্যাবশ্যকীয় জিনিসের শুল্ক জিরো করে দিয়েছি। আমরা যেসব জিনিসপত্রের দাম বাড়াচ্ছি, এগুলো আমাদের মূল্যস্ফীতি বাড়ানোর ক্ষেত্রে খুবই কম গুরুত্বপূর্ণ।' সাধারণ মানুষের কষ্ট হবে কি না-এমন প্রশ্নের জবাবে তিনি আরও বলেন, 'জনগণের স্বস্তি না পাওয়ার তো কোনো কথা না। শিক্ষা, স্বাস্থ্য, আইটি খাতে আমরা বরাদ্দ কমাব না, বরং বৃদ্ধি করব। কিন্তু আমাদের রাজস্ব আয় বাড়াতে হবে। ধার করে বেশিদিন চলা যায় না। আর আমাদের রাজস্ব গ্যাপ এত বেশি, আমি তো বড় করে ডেফিসিট ফাইন্যান্সিং করে এগোতে পারব না।'

সার্বিক পর্যালোচনায় এটি স্পষ্ট যে, দেশে কতিপয় অসাধু-অনৈতিক ব্যবসায়ীর লোভ এখনো নিয়ন্ত্রণ করা যায়নি। দ্রুততম সময়ের মধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি রোধ করা প্রয়োজন। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিসহ বিভিন্ন কারণে দিনমজুর, শ্রমিক বা নিম্ন-আয়ের কর্মজীবীরা দৈনন্দিন জীবনযাপনে অপরিমেয় সংকটে ভুগছে। পেশাশক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে অরাজকতা সৃষ্টির উদ্দেশ্যে ষড়যন্ত্রের বিষয়টিও বহুল আলোচিত। ক্ষেত্রবিশেষে অশুভ শক্তির তৎপরতা সম্পর্কেও জনশ্রুতি রয়েছে। সরকারি গোয়েন্দা সংস্থাসহ দেশপ্রেমিক জনগণের সম্মিলিত চেষ্টায় এসব কর্মকাণ্ড নির্মূল করা না গেলে সংকট আরও বাড়বে। অসাধু ব্যবসায়ীদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে কার্যকর আইনি ব্যবস্থা গ্রহণ অতীব জরুরি হয়ে পড়েছে। অন্যথায় দেশবাসীর হতাশা অধিকতর অস্থিতিশীল পরিবেশ তৈরিতে সহায়ক হবে।

ড. ইফতেখার উদ্দিন চৌধুরী : শিক্ষাবিদ, সমাজ-অপরাধবিজ্ঞানী।




## স্ট্রোক কি হার্ট নাকি ব্রেনের রোগ?

২০ পৃষ্ঠার পর

স্ট্রোকের এ সমন্বিত চিকিৎসা চালু আছে। স্ট্রোকের ক্ষেত্রে প্রতিটি মুহূর্ত মূল্যবান। তবে সবার আগে মনে রাখতে হবে Prevention is better than cure. অর্থাৎ আমাদের চেষ্টা থাকবে স্ট্রোক যাতে না হয়।

* প্রতিরোধ : যাদের ডায়াবেটিস, হাই ব্লাড প্রেসার, হার্টের অসুখ ও রক্তে চর্বি বেশি, তাদের স্ট্রোকে আক্রান্ত হওয়ার আশঙ্কা বেশি। সুতরাং যাদের এসব রোগ রয়েছে, স্ট্রোকের হাত থেকে বাঁচতে তাদের উচিত হবে এসব রোগ কঠোরভাবে কন্ট্রোল করা। স্ট্রোকের সঙ্গে সংশ্লিষ্ট এসব রোগের উপযুক্ত কন্ট্রোল ছাড়াও কিছু সচেতনতা এবং সতর্কতাও স্ট্রোকের হাত থেকে আমাদের বাঁচাতে পারে। ধূমপান, শারীরিক নিষ্ক্রিয়তা অর্থাৎ কম কায়িক পরিশ্রম করা, অস্বাস্থ্যকর খাবার অর্থাৎ সুষম খাবার না খাওয়া, অতিরিক্ত ওজন বৃদ্ধি ইত্যাদিও স্ট্রোকের ঝুঁকি বাড়িয়ে দেয়। স্ট্রোক প্রতিরোধে এসব ব্যাপারেও আমাদের সতর্ক থাকতে হবে।

* শীতে কি স্ট্রোক বাড়ে : শীতের সঙ্গে স্ট্রোকের সম্পর্ক আছে। অন্যান্য ডাক্তারি কারণ ছাড়াও এর সাধারণ ব্যাখ্যা হলো-শীতে শরীরের তাপমাত্রা কমে আমাদের রক্তনালি সংকুচিত হয়ে প্রেশার বেড়ে যায়। আর প্রেশার বেড়ে যাওয়ার ফলে শীতকালে ব্রেনের রক্তনালি ছিঁড়ে হেমোরেজিক স্ট্রোকের হার বেশি হয়। সেজন্য শীতকালে স্ট্রোকের হাত থেকে বাঁচতে অন্যান্য সতর্কতার সঙ্গে নিয়মিত প্রেশার চেক করাও অত্যাবশ্যক। তাৎক্ষণিক রেজাল্টের ভিত্তিতে হাই প্রেসারের রোগীদের ওষুধও সময়ে সময়ে এডজাস্ট করতে হয়।

লেখক: কনসালটেন্ট, নিউরোমেডিসিন, আজগর আলী হাসপাতাল, ঢাকা।

## শীতে হৃদরোগীদের করণীয়

২০ পৃষ্ঠার পর

লক্ষণগুলো জেনে নিন।

* মানসিক চাপ এবং উদ্বেগ এড়িয়ে চলুন। প্রয়োজনে চিকিৎসকের সহায়তা নিন। রাতে ভালো ঘুম নিশ্চিত করুন।
* অতিরিক্ত গরম পোশাক পরা থেকে বিরত থাকুন এবং স্তরে স্তরে গরম কাপড় ব্যবহার করুন, যাতে গরম লাগলে আপনি একটি একটি করে পোশাক খুলে রাখতে পারেন। বেশি গরম হৃদরোগের ঝুঁকি বাড়ায়।
* ওষুধ গ্রহণে গাফিলতি করবেন না। নিয়মমতো চিকিৎসকের ব্যবস্থাপত্র মোতাবেক সব ওষুধ খাবেন।
* আপনার যদি হৃদরোগ না থাকে, কিন্তু আপনার রক্ত সম্পর্কের আত্মীয়দের কারো যদি হৃদরোগ থাকে, আপনার যদি ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ থাকে, রক্তে কোলেস্টেরলের মাত্রা বেশি থাকে, স্থূলতা থাকে, মানসিক চাপ থাকে, বয়স ৪৫-এর বেশি হয় অথবা ৩৫ বছরের অধিক বয়সী মহিলারা যদি জন্ম নিয়ন্ত্রণ বড়ি খান, তবে আপনার হৃদরোগের ঝুঁকি বেশি। তাই শীতে আপনাদেরও বাড়তি সতর্কতা অবলম্বন করতে হবে।

লেখক : অধ্যাপক, কার্ডিওলজি বিভাগ, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল ঢাকা।

## হঠাৎ মুখ বেঁকে যাওয়ার কারণ ও প্রতিকারের উপায়

২০ পৃষ্ঠার পর

মুখের ভেতরের আক্রান্ত অংশে জমা হয়ে থাকে।
** খাবারের স্বাদ কমে যায় বা অনুভব হয় না।
** কপাল ভাঁজ করতে পারে না।
** হঠাৎ উচ্চমাত্রায় আওয়াজ শুনতে পাওয়া।

* চিকিৎসা

লক্ষণ দেখা দিলে যত দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হবেন, ততই ভালো। কেননা, স্টেরয়েড বা অ্যান্টিভাইরাল চিকিৎসা ৭২ ঘণ্টার মধ্যে শুরু করলেই সবচেয়ে বেশি উপকার পাওয়া যায়। এ ছাড়া চিকিৎসক বিশেষ ধরনের ব্যায়াম শিখিয়ে দেবেন, যা দিনে কয়েকবার করতে হবে। এ সময় চোখের বিশেষ যত্ন নিতে হবে। যেহেতু চোখ সহজে বন্ধ হয় না, তাই তা শুষ্ক হয়ে যায়। চোখের ড্রপ ব্যবহার ছাড়াও রাতে ঘুমানোর সময় বিশেষ প্যাচ ব্যবহার করে চোখ বন্ধ রাখা হয়। খাবার খেতে সমস্যা হলে ধীরে ধীরে তরল বা আধা তরল খাবার খেতে হবে। বেশিভাগ ক্ষেত্রে বেলস পালসি কয়েকদিন বা কয়েক মাসের মধ্যেই সেরে যায়। কিছু ক্ষেত্রে সমস্যা দীর্ঘমেয়াদিও হতে পারে। বেলস পালসি গুরুতর গোছের কোনো রোগ নয়, তবে এ ধরনের উপসর্গ দেখা দিলে দ্রুত নিকটস্থ নাক-কান-গলা বিশেষজ্ঞ অথবা নিউরোমেডিসিন বিশেষজ্ঞের শরণাপন্ন হবেন। প্রয়োজন হলে পাশাপাশি ফিজিওথেরাপিও নেওয়া লাগতে পারে। সেক্ষেত্রে একজন বিশেষজ্ঞ ফিজিওথেরাপি চিকিৎসক রোগীর অবস্থা বুঝে প্রয়োজনীয় ফিজিওথেরাপি দিয়ে থাকেন।

* শীতে চাই বিশেষ সতর্কতা

শীতের আমেজ উপভোগ করুন। তার সঙ্গে সঙ্গে সতর্ক থাকুন যেন এ রোগে আক্রান্ত না হয়ে পড়েন। মাথা ঢাকার ক্ষেত্রে আমরা কিছুটা উদাসীন থাকি। মাথা, নাক, মুখ, কান উপযুক্ত শীতের কাপড় দিয়ে ঢেকে চলুন। যতই বিদঘুটে লাগুক না কেন শীতে টুপি, মাফলার, মাস্ক পরা ছাড়বেন না। বাইরে গেলে খেয়াল রাখতে হবে কান দিয়ে যাতে বাতাস যেন না ঢুকে। রাতের শেষদিকে ঠান্ডা লাগার আশঙ্কা আছে তাই ঘুমানোর সময় এ ব্যাপারেও সতর্কতা অবলম্বন করা উচিত।

লেখক: নাক-কান-গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন, রেজিস্ট্রার, নাক-কান-গলা বিভাগ; সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল।


# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ



স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)





# তাবলিগ জামাত ও বিশ্ব ইজতেমার গোড়ার কথা

মুফতি পিয়ার মাহমুদ



পুরো পৃথিবীতে সফল, কার্যকর ও গ্রহণযোগ্য দাওয়াতি কাফেলার নাম 'তাবলিগ জামাত'। এই জামাতের নিবেদিতপ্রাণ সাথীরা নিঃস্বার্থভাবে প্রতিনিয়ত মানুষকে ইসলামের দিকে আহ্বান করে যাচ্ছেন। ইসলামের ছয়টি মৌলিক বিষয়কে সামনে রেখে তাবলিগ জামাত তার দাওয়াতি কার্যক্রম গোটা বিশ্বে পরিচালনা করে আসছে সুনামের সঙ্গে। ছয়টি মৌলিক বিষয় হচ্ছে১. কালেমা, ২. নামাজ, ৩. ইলম ও জিকির, ৪. ইকরামুল মুসলিমিন, ৫. সহিহ নিয়ত, ৬. দাওয়াত ও তাবলিগ।

তাঁদের বলিষ্ঠ পদচারণে সারা দুনিয়ার দিকদিগন্ত মুখরিত। তাঁদের এই সাধনার বদৌলতে আজ পৃথিবীর দিকদিগন্তে হেদায়াতের শাশ্বত জ্যোতি পৌঁছে গেছে কোটি প্রাণে। আল্লাহকে ভুলে থাকা মানুষ চিনেছে আল্লাহকে নতুনভাবে। গড়ে তুলেছে মজবুত আমলময় জিন্দেগি।

যুগান্তকারী এ দাওয়াতি কাজের সূচনা করেছিলেন বিংশ শতাব্দীর প্রখ্যাত সাধক, দারুল উলুম দেওবন্দের কৃতী সন্তান মাওলানা ইলিয়াস কান্ধলভি (রহ.)। তিনি ছিলেন দারুল উলুম দেওবন্দের ছাত্র ও শায়খুল হিন্দ আল্লামা মাহমুদুল হাসান দেওবন্দি (রহ.)-এর স্নেহধন্য শিষ্য। ১৩২৬ হিজরিতে তিনি দারুল উলুম দেওবন্দে ভর্তি হন এবং এক পর্যায়ে শায়খুল হিন্দ (রহ.)-এর কাছে বুখারি শরিফ ও তিরমিজি শরিফ অধ্যয়ন করেন। ১৯১০ সালে ভারতের রাজস্থানের মেওয়াতে মাওলানা ইলিয়াস (রহ.) তাবলিগ জামাতের গোড়াপত্তন করেন। ১৯২০ সালে তৎকালীন দেওবন্দ মাদ্রাসার সব আকাবির ও আসলাফদের পরামর্শ মোতাবেক মাওলানা ইলিয়াস (রহ.) দিল্লির নিজামুদ্দীনে তাবলিগ জামাতের কার্যক্রম শুরু করেন। ১৯৪৪ সালে মাওলানা ইলিয়াস (রহ.)-এর ইন্তেকালের পর তাবলিগ জামাতের দায়িত্ব দেওয়া হয় তাঁর সন্তান মাওলানা ইউসুফ কান্ধলভি (রহ.)-কে। মাওলানা ইউসুফ (রহ.)-এর ইন্তেকালের পর তাবলিগ জামাতের আমিরের দায়িত্ব দেওয়া হয় মাওলানা ইনামুল হাসান (রহ.)-কে। মাওলানা ইনামুল হাসান (রহ.)-এর ইন্তেকালের আগে তাবলিগ জামাতের কার্যক্রম বিশ্বব্যাপী অত্যন্ত সুচারুরূপে পরিচালনার লক্ষ্যে ১০ সদস্যের একটি আলমি শুরা গঠন করা হয়।

**বিশ্ব ইজতেমার ইতিকথা**

বাংলাদেশের রাজধানী ঢাকার উপকণ্ঠে শিল্পনগরী টঙ্গীর তুরাগ তীরে ময়দানে প্রতিবছর অনুষ্ঠিত হয় বিশ্ব ইজতেমা।

বিশ্ব ইজতেমা বিশ্ব তাবলিগ জামাতের সর্ববৃহৎ সমাবেশ। বাংলাদেশের তাবলিগ জামাতের প্রধান মারকাজ হলো ঢাকার কাকরাইল মসজিদ। এই কাকরাইল মসজিদেই ১৯৪৬ সালে প্রথম বিশ্ব ইজতেমা শুরু হয়। ১৯৪৮ সালে অনুষ্ঠিত হয় চট্টগ্রামে। এরপর নারায়ণগঞ্জে ১৯৫৮ সালে ইজতেমা অনুষ্ঠিত হয়। তারপর টঙ্গীর পাগার নামক স্থানে ইজতেমা হয় ১৯৬৬ সালে। এরপর ১৯৬৭ সাল থেকে তুরাগ নদের পূর্ব তীরে অনুষ্ঠিত হয়ে আসছে বিশ্ব ইজতেমা। মধ্যপ্রাচ্য, মধ্য এশিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া, পাকিস্তান, ভারত ও ইউরোপীয় দেশগুলোসহ বিশ্বের প্রায় ৫০-এর বেশি দেশের ধর্মপ্রাণ মুসলমান বিশ্ব ইজতেমায় অংশ নিয়ে থাকেন। আখেরি মোনাজাতে বাংলাদেশের রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীসহ রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ব্যক্তিরা অংশগ্রহণ করে থাকেন। বর্তমান বিশ্ব ইজতেমা ময়দান ১৯৯৫ সালে সরকার স্থায়ীভাবে বরাদ্দ দেয়।

এরপর ২৮ পৃষ্ঠায়



# যেভাবে উপদেশ দিলে ফলপ্রসূ হয়



জাওয়াদ তাহের

আল্লাহ তাআলা বলেন, 'আপনি তাদের উপদেশ দিতে থাকুন, কেননা উপদেশ মুমিনদের উপকারে আসবে।' (সুরা : জারিয়াত, আয়াত : ৫৫)। জারির ইবনে আবদুল্লাহ আল-বাজালি (রা.) বলেন, আমি আল্লাহর রাসুল (সা.)-এর কাছে বাইয়াত গ্রহণ করেছি নামাজ কায়েম করার, জাকাত প্রদান করার এবং সব মুসলিমের মঙ্গল কামনা করার। (বুখারি, হাদিস : ৫৭)। একজন মানুষকে উপদেশ দেওয়ার আগে নিজেকে সংশোধন করা আবশ্যক। তখনই তার সাহচর্য থেকে অন্যরা পরিবর্তন হবে, ইনশাআল্লাহ। নিম্নে উপদেশ ফলপ্রসূ হওয়ার পদ্ধতি বর্ণনা করা হলো-

বিশুদ্ধ নিয়ত : সর্বপ্রথম যে শর্ত তা হচ্ছে ইখলাসের সঙ্গে নসিহত করা। কারণ ইখলাসবিহীন কোনো আমল আল্লাহর কাছে গ্রহণযোগ্য নয়। অর্থাৎ আমি যে তাকে উপদেশ দিচ্ছি তা একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য, দুনিয়ার কোনো পার্থিব স্বার্থ হাসিলের জন্য নয়।

কোনো ধরনের হিংসা-বিদ্বেষ রাখা যাবে না : দায়ী ব্যক্তি নিজের অন্তরে বিদ্বেষ রেখে দাওয়াত দেবে না। ব্যক্তির প্রতি তার কোনো ক্ষোভ, ঘৃণা ও কুধারণা থাকবে না। কারণ হিংসা মানুষকে তিলে তিলে ক্ষয় করে শেষ করে দেয়। যারা হিংসুক, তারা ইহকাল ও পরকাল উভয় জগতে ক্ষতিগ্রস্ত হয়। আবু হুরায়রা (রা.) বলেন, নবী (সা.) বলেছেন, তোমরা ধারণা করা থেকে বিরত থাকো। ধারণা বড় মিথ্যা ব্যাপার। তোমরা দোষ তালাশ কোরো না, গোয়েন্দাগিরি কোরো না, পরস্পর হিংসা পোষণ কোরো না, একে অন্যের প্রতি বিদ্বেষভাব পোষণ কোরো না এবং পরস্পর বিরোধে লিপ্ত হয়ো না; বরং তোমরা সবাই আল্লাহর বান্দা, ভাই ভাই হয়ে যাও। (সহিহ বুখারি, হাদিস : ৬০৬৪)।

নিজের ভাষা কোমল রাখা : রাসুল (সা.)-এর প্রতি মহান আল্লাহ তাআলা বলেছেন, '(হে নবী! এসব ঘটনার পর) আল্লাহর রহমতেই ছিল, যদ্দরুন তাদের প্রতি তুমি কোমল আচরণ করেছ। তুমি যদি রূঢ় প্রকৃতির ও কঠোর হৃদয় হতে, তবে তারা তোমার আশপাশ থেকে সরে বিক্ষিপ্ত হয়ে যেত। সুতরাং তাদের ক্ষমা করো, তাদের জন্য

এরপর ২৮ পৃষ্ঠায়



# আত্মার মুক্তি মেলে যেভাবে

শায়খ আবদুল কাদির জিলানি (রহ.)

শায়খ আবদুল কাদির জিলানি (রহ.) বলেন, তোমার কিছুই গ্রহণযোগ্য হবে না, কেননা তোমার ইসলাম পরিশুদ্ধ নয়, যা সব কিছুর মূল। তোমার কালেমার সাক্ষ্য পূর্ণ নয়। তুমি বলো আল্লাহ ছাড়া আর কোনো উপাস্য নেই। কিন্তু প্রকৃতপক্ষে তুমি মিথ্যা সাক্ষ্য দাও।

কেননা তোমার অন্তরে বহু উপাস্য আস্তানা গেড়েছে। সময়ের শাসক, তোমার অঞ্চলের প্রশাসকের ভয় অন্তরে উপাস্যের জায়গা করে নিয়েছে। নিজের উপার্জন, নিজের লাভ, নিজের শক্তি, নিজের ক্ষমতা, নিজের পর্যবেক্ষণ, নিজের দৃষ্টিভঙ্গির ওপর তোমার অন্ধ আস্থা উপাস্যের জায়গা করে নিয়েছে। তোমার লাভ-ক্ষতি ও আদান-প্রদানে সৃষ্টির খুশি ও অখুশি তোমার উপাস্যে পরিণত হয়েছে।

সমাজের বহু ভালো মানুষ যে অন্তরের এসব বিষয়ের ওপর নির্ভর করেছে। যদিও বাহ্যত তারা আল্লাহর প্রতি আস্থা প্রকাশ করে। তারা আল্লাহর ইবাদত করে অজ্ঞানবশত। তাও শুধু মুখে মুখে।

কিন্তু যখন তাদের প্রতি এমন অভিযোগ পেশ করা হয়, তখন তারা ক্ষেপে যায়। আমাদের কেন এমন বলা হয়? আমরা কি মুসলিম না?

এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি — Prayer Times For New York City — জানুয়ারি ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১৮ | ৫:৫৬ | ৭:১৬ | ১২:০৭ | ২:৩৭ | ৪:৫৭ | ০৬:১৭ |
| ১৯ | ৫:৫৬ | ৭:১৬ | ১২:০৭ | ২:৩৮ | ৪:৫৮ | ০৬:১৮ |
| ২০ | ৫:৫৬ | ৭:১৫ | ১২:০৭ | ২:৩৯ | ৫:০০ | ০৬:১৯ |
| ২১ | ৫:৫৫ | ৭:১৫ | ১২:০৭ | ২:৪০ | ৫:০১ | ০৬:২০ |
| ২২ | ৫:৫৫ | ৭:১৪ | ১২:০৮ | ২:৪১ | ৫:০২ | ০৬:২১ |
| ২৩ | ৫:৫৪ | ৭:১৩ | ১২:০৮ | ২:৪২ | ৫:০৩ | ০৬:২২ |
| ২৪ | ৫:৫৪ | ৭:১৩ | ১২:০৮ | ২:৪৩ | ৫:০৪ | ০৬:২৩ |

source: salahtimes.com


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

# বাংলাদেশে সংস্কার প্রস্তাব নিয়ে তীব্র মতভেদ

১ পৃষ্ঠার পর

সংবিধানের মূলনীতিতে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের চেতনার পাশাপাশি ২০২৪ সালের ফ্যাসিবাদি শাসনবিরোধী আদর্শের বিষয়টিও অন্তর্ভুক্ত করা হয়। সংবিধানের প্রযোজ্য সকল ক্ষেত্রে 'প্রজাতন্ত্র' এবং 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' শব্দগুলোর পরিবর্তে 'নাগরিকতন্ত্র' এবং 'জনগণতন্ত্রী বাংলাদেশ' শব্দগুলো ব্যবহৃত হবে। 'বাংলাদেশের জনগণ জাতি হিসাবে বাঙালী ...' বিধানটি বিলুপ্ত করার সুপারিশের পাশাপাশি 'বাংলাদেশের নাগরিকগণ বাংলাদেশি বলে পরিচিত হবেন' হিসাবে প্রতিস্থাপনের সুপারিশ করা হয়েছে।

সংবিধানের মূলনীতি হিসাবে সাম্য, মানবিক মর্যাদা, সামাজিক সুবিচার, বহুত্ববাদ এবং গণতন্ত্রকে অন্তর্ভুক্ত করার সুপারিশ করা হয়েছে। কমিশন একটি দ্বিকক্ষ বিশিষ্ট আইন সভার প্রস্তাব করেছে। একটি নিম্নকক্ষ জাতীয় সংসদ এবং একটি উচ্চকক্ষের কথা বলা হয়েছে। উভয় কক্ষের মেয়াদ হবে চার বছর। নিম্নকক্ষ গঠিত হবে সংখ্যাগরিষ্ঠভোটে সরাসরি নির্বাচিত সদস্যদের সমন্বয়ে। চারশ' আসন নিয়ে নিম্নকক্ষ গঠিত হবে।

তিনশ সদস্য একক আঞ্চলিক নির্বাচনী এলাকা থেকে সরাসরি ভোটে নির্বাচিত হবেন। অরও ১০০ জন নারী সদস্য সারা দেশের সকল জেলা থেকে এই মর্মে নির্ধারিত একশটি নির্বাচনী এলাকা থেকে কেবল নারী প্রার্থীদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

রাজনৈতিক দলগুলো নিম্নকক্ষের মোট আসনের ন্যূনতম ১০ শতাংশ তরুণ-তরুণীদেও মধ্য থেকে প্রার্থী মনোনীত করবে। সংসদীয় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার ন্যূনতম বয়স কমিয়ে ২১ বছর করা হবে। দুইজন ডেপুটি স্পীকার থাকবেন যাদের মধ্যে একজন বিরোধী দল থেকে মনোনীত হবেন। একজন সংসদ সদস্য একই সাথে নিম্নলিখিত যে কোনও একটির বেশি পদে অধিষ্ঠিত হবেন না। ক. প্রধানমন্ত্রী, খ, সংসদ নেতা এবং গ. রাজনৈতিক দলের প্রধান। উচ্চকক্ষ মোট ১০৫ জন সদস্য সমন্বয়ে গঠিত হবে। এর মধ্যে ১০০ জন সদস্য জাতীয় সংসদ নির্বাচনে প্রদত্ত মোট ভোটের সংখ্যানুপাতে নির্ধারিত হবেন। উচ্চকক্ষের স্পিকার সাধারন সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে উচ্চকক্ষের সদস্যদের মধ্য থেকে নির্বাচিত হবেন।

সংবিধানের যে কোনও সংশোধনী উভয়কক্ষের দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার অনুমোদন প্রয়োজন হবে। প্রস্তাবিত সংশোধনী উভয়কক্ষে পাস হলে একটি গণভোটে উপস্থাপন করা হবে। গণভোটের ফলাফল সাধারন সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে নির্ধারিত হবে। পাঁচ আগস্টকে ঐক্যবদ্ধের প্রতীক মন্তব্য করে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, ওইদিন পুরো অনুভূতিটাই ছিল একতার অনুভূতি। তাই এখন কিছু করতে হলে সবার মতামতের ভিত্তিতে করতে হবে। যাতে কেউ বলতে না পারে, তুমি অমুক, তুমি তমুক। কাজেই জুলাই ঘোষণাপত্র সবার মতামতের ভিত্তিতে করতে চাই। বৃহস্পতিবার বিকালে জুলাই ঘোষণাপত্র তৈরির লক্ষ্যে রাজধানীর বেইলি রোডে ফরেন সার্ভিস একাডেমিতে সর্বদলীয় ঐক্যের বৈঠকে তিনি এসব এ কথা বলেন। বিকাল ৪টায় শুরু হয়ে সন্ধ্যা ৬টায় বৈঠকটি শেষ হয়।

বৈঠকে উপস্থিত রাজনৈতিক দলের প্রতিনিধিদের উদ্দেশে প্রধান উপদেষ্টা বলেন, আপনাদের সবার সঙ্গে দেখা হলে, বসতে পারলে আমার কাছে খুব ভালো লাগে, মনে সাহস পাই। প্রাণসঞ্চার হয়। কারণটা পরিষ্কার, এই সরকারের জন্ম হয়েছে ঐক্যের দ্বারা। যতদিন আছি এই একতা নিয়েই থাকতে চাই।

তিনি বলেন, যখন আমরা নিজেরা নিজেরা কাজ করি, হঠাৎ তখন দেখি একা পড়ে গেছি, আশপাশে আপনারা কেউ নেই; তখন একটু দুর্বল অনুভব করি। আবার যখন আপনারা একসঙ্গে হন, মনের মধ্যে সাহস আসে যে, আমরা একতাবদ্ধ আছি। একতাতেই আমাদের জন্ম, একতাতেই শক্তি। আপনাদের সবার সঙ্গে দেখা হলে প্রাণসঞ্চার হয়।

জুলাই গণ-অভ্যুত্থানের ঘোষণাপত্র ইস্যুর অবতারণা প্রসঙ্গে ড. ইউনূস রাজনৈতিক দলের নেতাদের বলেন, মাঝখানে একদিন ছাত্ররা এসে বলল যে, তারা একটা ঘোষণা দেবে, প্রক্লেমেশন করবে।

আমাকেও সেখানে থাকতে হবে। আমি বুঝতে চাইলাম, কী প্রক্লেমেশন, তারা বলল। আমি বললাম, এটা হবে না। সেখানে আমারও যাওয়া হবে না, আর তোমাদেরও এটা করা ঠিক হবে না। তোমরা যদি ৫ আগস্টে ফিরে যেতে চাও। সেদিনের পরিপ্রেক্ষিতে যা হয়েছিল, সেটা রিক্রিয়েট করতে হবে। একা এটা করা যাবে না।

সম্প্রতি ছাত্রদের সঙ্গে আলাপচারিতার বিবরণ তুলে ধরে প্রধান উপদেষ্টা আরও বলেন, কেউ সেদিন বলেনি যে, তুমি অমুক, আমি অমুক। কাজেই সেটা যদি করতে চাও, সবাইকে নিয়ে করতে হবে। এটা পরিষ্কার, এটা না করলে সেটা ঠিক হবে না। যে একতা নিয়ে তোমরা ৫ আগস্ট সৃষ্টি করেছিলে, সেটার অবমাননা হবে। তারা খুব খুশি হয়নি আমার কথায়। কিন্তু ক্রমেই তারা বুঝল যে, ৫ আগস্ট যদি রিক্রিয়েট করতে হয়, তাহলে এভাবে করতে হবে। সবাইকে একত্রিত করতে হবে। সে কথা থেকেই এ আলাপ শুরু।

আজকের আলোচনাটা এটাকে কেন্দ্র করেই হবে। যেখানে আমরা এটা একতাবদ্ধভাবে করতে পারব না, সেখানে এটার উদ্দেশ্য ব্যাহত হবে। তাহলে এটার দরকারও নেই আসলে।

গণ-অভ্যুত্থানের গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, আপনাদের দেখলে আমার মনে সাহস আসে। সবার মনেই সাহস আসবে। সবাই যদি আমরা একত্র হই, সারা দেশ একেবারে চমকে উঠবে যে হ্যাঁ, আমরা তো জেগে আছি এখনো। আমরা ভোঁতা হয়ে যাইনি, আমাদের অনুভূতি এখনো ভোঁতা হয়নি, ধারা আছে। জাতি হিসাবে এখনো ঐক্যবদ্ধ আছি। আপনারা দোয়া করবেন, আমি যতদিন আছি, এই একতা নিয়েই থাকব।

আমাদের সেই পথেই চলতে হবে। আপনারা আমাদের সেই সাহসটা দেন, যখন আমরা আপনাদের সঙ্গে একত্রে বসি। আজ আবার নিজেকে খুবই সাহসী মনে হচ্ছে। আপনাদের দেখে। ৫ আগস্টের কথা স্মরণ করে যে, আমরা একতাবদ্ধ আছি। কীভাবে সেই একতাকে মানুষের সামনে প্রকাশ করব, এই ৫ আগস্টকে রিক্রিয়েট করব, সেটাই এখন আলাপের বিষয়বস্তু হবে। বৈঠকে অংশ নেওয়ার জন্য সবাইকে ধন্যবাদ জানান প্রধান উপদেষ্টা।

বিকাল পৌনে ৪টার দিকে ফরেন সার্ভিস একাডেমিতে প্রবেশ করেন অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল, উপদেষ্টা মাহফুজ আলম, আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এবং প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম।

সর্বদলীয় বৈঠকে রাজনৈতিক নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ, জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার ও সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আজাদ, ইসলামী আন্দোলন বাংলাদেশের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব গাজী আতাউর রহমান ও যুগ্ম মহাসচিব আশরাফুল আলম, গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি, বাম গণতান্ত্রিক জোটের সমন্বয়ক ও বাসদের (মার্ক্সবাদী) সমন্বয়ক মাসুদ রানা, গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক, রাষ্ট্র সংস্কার আন্দোলনের নেতা হাসনাত কাইয়ুম, আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টি) সাধারণ সম্পাদক আসাদুজ্জামান ফুয়াদ, জেএসডির সাধারণ সম্পাদক শহীদউদ্দিন মাহমুদ স্বপন।

এ ছাড়া জাতীয় নাগরিক কমিটির আহ্বায়ক নাসীরুদ্দীন পাটওয়ারী ও সদস্য সচিব আখতার হোসেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সদস্য সচিব আরিফ সোহেল ও মুখ্য সংগঠক আবদুল হান্নান মাসউদও বৈঠকে উপস্থিত ছিলেন।

ঘোষণাপত্র প্রণয়নের বিষয়ে সবাই একমত হয়েছেন-আসিফ নজরুল : বৈঠক শেষে আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেন, বৈঠকে জুলাই গণ-অভ্যুত্থানের ঘোষণাপত্র প্রণয়নের বিষয়ে সবাই একমত হয়েছেন। সবাই বলেছেন-এ ধরনের একটা ঘোষণাপত্র করার দরকার আছে। তবে এখানে অনেক সাজেশন আসছে-মোটাদাগে বলো-ঘোষণাপত্রে সবার অবদান বলতে হবে, ধারাবাহিকতা ঠিকমতো উল্লেখ করতে হবে।

ঘোষণাপত্রের রাজনৈতিক স্ট্যাচার বা লিগ্যাল স্ট্যাচার কি হবে সেটা স্পষ্ট করতে হবে। বেশি গুরুত্ব দেওয়া হয়েছে-এই ঘোষণাপত্র আরও বেশি আলোচনার ভিত্তিতে জুলাই গণ-অভ্যুত্থানের পক্ষের যে রাজনৈতিক দল, শক্তি, ছাত্র-জনতার বিভিন্ন ফোরাম সবার মধ্য আলোচনা করে সর্বসম্মতভাবে এটা প্রণয়ন করতে হবে। এটার জন্য যত সময় প্রয়োজন সময় নেওয়া যেতে পারে। তবে এটাও বলছে যাতে অযথা কালক্ষেপণ না হয় সেই মতামত দিয়েছে। সবাই ঐকমত্য হয়েছেন আরও নিবিড় পর্যবেক্ষণের ভিত্তিতে এই ধরনের ঘোষণাপত্র হওয়া উচিত।

জুলাই ঘোষণাপত্র ঘিরে যেন ঐক্যে ফাটল সৃষ্টি না হয় : বৈঠক শেষে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ সাংবাদিকদের বলেন, জুলাই ঘোষণাপত্র ঘিরে যাতে ফ্যাসিবাদবিরোধী ঐক্যে ফাটল সৃষ্টি না হয়, সেদিকে অন্তর্বর্তী সরকারকে লক্ষ্য রাখতে বলেছেন তারা। একই সঙ্গে সাড়ে ৫ মাস পরে জুলাই গণ-অভ্যুত্থানের ঘোষণাপত্রের কোনো প্রয়োজন ছিল কিনা, সে প্রশ্নও করা হয়েছে বলে জানিয়েছেন বিএনপির এই নেতা। তিনি বলেন, যদি কোনো রাজনৈতিক দলিল ঐতিহাসিক দলিলে পরিণত হয়, সেই দলিলটাকে বিএনপি অবশ্যই সম্মান করে। কিন্তু সেটা প্রণয়ন করতে গিয়ে যাতে সংশ্লিষ্ট সবাইকে অংশীদার করা হয়, তাদের পরামর্শ নেওয়া হয়, সেই পরামর্শ দিয়েছে বিএনপি।

বিএনপির এই নেতা বলেন, প্রধান উপদেষ্টা আজ আমাদের আহ্বান করেছিলেন, আমরা এসেছি, কথা বলেছি। রাষ্ট্র পরিচালনাসহ বিভিন্ন বিষয়ে যেসব পরামর্শ প্রয়োজন, সেটা আমরা দিয়েছি।

বস্তুনিষ্ঠ সত্য ধারণ করে ঘোষণাপত্র প্রস্তুতিতে আমরা একমত : বাংলাদেশ জামায়াত ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বৈঠকের উদ্দেশ্য ছিল-ঘোষণাপত্রে জাতীয় ঐক্যের চেতনাকে দৃঢ় রাখার প্রয়োজনে জাতীয় নেতাদের মতামত চাওয়া। সেখানে উপস্থিত রাজনৈতিক দল ও ব্যক্তিদের পক্ষ থেকে সুচিন্তিত মতামত দিয়েছেন। বৈঠকে আমাদের মতামত পেশ করেছি। প্রত্যেক রাজনৈতিক দল জুলাই অভ্যুত্থানের চেতনা ও জাতীয় ঐক্য ধারণ করে জুলাই অভ্যুত্থানের ঘোষণাপত্র প্রস্তুত করার পরামর্শ দিয়েছেন।

হেফাজতে ইসলামের সিনিয়র যুগ্ম-মহাসচিব ও জমিয়তে ওলামায়ে ইসলামের সহসভাপতি জুনাইদ আল হাবিব বলেন, জুলাই বিপ্লবের পর যে বিপ্লবী সরকার গঠন হয়েছে, আমরা গত ৫ মাসে বিপ্লবী কোনো কিছুই দেখিনি; সুতরাং সরকার বিপ্লবী হবে, পরাজিত শক্তির দোসর এবং তাদের সহযোগী যে যেখানেই আছে প্রত্যেককে ধরে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে হবে। আগামী নির্বাচনে পরাজিত শক্তির কেউই অংশগ্রহণ করতে পারবে না।

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি বলেছেন, বৈঠকের উদ্দেশ্য ছিল জুলাই গণ-অভ্যুত্থানের একটি ঘোষণাপত্র কিভাবে তৈরি করা যাবে।

গণ-অভ্যুত্থানের যে প্রেক্ষাপট, গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে জনগণের যেযে আকাংক্ষার প্রকাশ ঘটেছে, গণ-অভ্যুত্থান ভবিষ্যৎ বাংলাদেশের যেই দিকনির্দেশনা দেয়, এই বিষয়গুলো একটা দলিলে একত্রিত হতে পারে। তবে সেটার একটা পদ্ধতিগত দিক কি হবে; দলিলটা কীভাবে তৈরি হবে; এই বিষয়ে আমরা আমাদের প্রস্তাবগুলো তুলে ধরেছি। আশা করি-সেই অনুযায়ী অন্তর্বর্তীকালীন সরকার কর্মপন্থা তৈরি করবেন।

বৈঠক শেষে জাতীয় নাগরিক কমিটির আহ্বায়ক নাসীরুদ্দীন পাটওয়ারী সাংবাদিকদের জানান, আমরা সবাই একটি ঐকমত্যে পৌঁছেছি যে একটি ঘোষণাপত্র হবে। অতি দ্রুত পর্যাপ্ত পর্যালোচনাসহ এটি দ্রুত প্রকাশ করা হবে। এর মধ্যে কিছু দৃষ্টিভঙ্গিগত এবং শাব্দিক কিছু চয়নে সবার মধ্যে কিছু আলোচনা প্রয়োজন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সদস্য সচিব আরিফ সোহেল বলেন, যদিও আমরা ১৫ জানুয়ারির মধ্যে ঘোষণাপত্র জারি করতে পারব বলে আশা করেছিলাম। কিন্তু পরবর্তীতে সরকারকে সেভাবে তুড়িত পদক্ষেপ নিতে দেখিনি।

শুধু ঘোষণাপত্র নয়, ১৬ বছরের আন্দোলনের স্বীকৃতি চায় ১২ দলীয় জোট : এদিকে সর্বদলীয় বৈঠকে আমন্ত্রণ জানানো হয়নি বিএনপির মিত্র ১২ দলীয় জোটকে। বৃহস্পতিবার রাজধানীর পুরানা পল্টনের জাতীয় গণতান্ত্রিক পার্টির (জাগপা) কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে ঘোষণাপত্রে শুধু জুলাই গণ-অভ্যুত্থানের ৩৬ দিনের সময় নয় বিগত ১৬ বছরের আন্দোলন ও সংগ্রামের ত্যাগের স্বীকৃতি দাবি করেছে ১২ দলীয় জোট।

একই সঙ্গে গণ-অভ্যুত্থানের 'প্রোক্লেমেশন' নয়, গণ-অভ্যুত্থান নিয়ে একটা 'ডিক্লারেশন' বা 'ঘোষণা' আসতে পারে বলেও জোট নেতারা মনে করেন। জোটের পক্ষে এসব দাবি তুলে ধরেন সমন্বয়ক ও বাংলাদেশ জাতীয় দলের চেয়ারম্যান সৈয়দ এহসানুল হুদা। লিখিত বক্তব্য তিনি বলেন, সাংবিধানিক প্রশ্নে আমাদের স্পষ্ট অবস্থান, ১২ দলীয় জোটসহ বিগত ১৬ বছরে ফ্যাসিবাদবিরোধী আন্দোলন ও সংগ্রামে যুক্ত রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা করে ঘোষণাপত্র বাস্তবায়ন করতে হবে।




## বাংলাদেশে বাম রাজনীতির অবস্থা-বাস্তবতা

৫ পৃষ্ঠার পর

বৃহত্তর ঐক্যের সংকট কোথায়

বামরা জনগণের ঐক্যের কথা বলবে কিন্তু নিজেদের বিভেদ-বিতর্ক বন্ধের কোনো চেষ্টা-উদ্যোগ নেই। তাহলে কোন নৈতিকতায় তারা ঐক্যের কথা বলে? সবাই চায় দেশে একটি বিকল্প রাজনীতি গড়ে উঠুক। জনগণের সেই চাওয়া যুগ যুগ ধরেই ছিল। কতটা দুর্নিবার ছিল তার প্রমাণ পাওয়া যায় জুলাই অভ্যুত্থানে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে দলমত-নির্বিশেষে লাখো জনতা সেদিন তাদের আহ্বানে সাড়া দিয়েছিল। এক অভূতপূর্ব অভ্যুত্থানের মাধ্যমে স্বৈরাচারী হাসিনা সরকারের পতন হয়।

অভ্যুত্থান-পরবর্তী অন্তর্বর্তী সরকার গঠনের পর মানুষ তাদের আকাঙ্ক্ষার প্রতিফলন দেখতে পাচ্ছে না। দেশে এখন এক ধরনের নৈরাজ্যকর পরিস্থিতি চলছে। ইতিমধ্যে আন্দোলনে অংশ নেওয়া দলগুলোর মধ্যে অনৈক্য-অবিশ্বাস তৈরি হয়েছে। জুলাই-আগস্টে দেশে যে অভূতপূর্ব ঐক্যের সুযোগ সৃষ্টি হয়েছিল তা হাতছাড়া প্রায়।

পূর্বের দ্বি-দলীয় ধারার স্থলে এখন ত্রি-দলীয় ও বহুদলীয় ধারা তৈরি হয়েছে এবং সবগুলো ডান ও অতি দক্ষিণপন্থী ধারা। এর বাইরে গণমানুষের পক্ষের একটি মধ্যবাম বিকল্প তৈরির ঐতিহাসিক সুযোগ সৃষ্টি হলেও শক্তিশালী জোট-সংগঠনের অভাবে তা আবারও হাতছাড়া হতে যাচ্ছে। মানুষ হতাশার যে তিমিরে ছিল, সেই তিমিরেই আছে। অথচ এই সুযোগকে কাজে লাগাতে স্বাধীনতাবিরোধী জামায়াতসহ নানা গজিয়ে ওঠা অভিন্ন চেতনার কিছু দল-সংগঠন তৎপর। অভ্যুত্থানে অংশীদার ছাত্রদের প্রভাবকে কাজে লাগিয়ে তারা ক্ষমতা দখলে তৎপর।

## জুলাই আন্দোলন নিয়ে 'দ্য রিমান্ড', প্রদর্শনে বাধা!

৪৬ পৃষ্ঠার পর

কারণও 'দ্য রিমান্ড' জুলাই বিপ্লবের পর প্রথম পূর্ণদৈর্ঘ্য সিনেমা হিসেবে স্বীকৃতি পাবে। প্রযোজক চান সিনেমাটি দ্রুত সারা দেশের প্রেক্ষাগৃহে মুক্তি দিতে।" আক্ষেপ জানিয়ে এই অভিনেতা বলেন, 'বাংলা একাডেমিতে সিনেমাটি প্রদর্শনের অনুমতি দিয়েও শেষ মুহূর্তে বন্ধ করে দেওয়া হয় অজানা কারণেই। অন্যদিকে, সেন্সর বোর্ডও সনদ দিচ্ছে না। আমরা দর্শকদের সিনেমাটি দেখাতে চাই।'

## যেভাবে উপদেশ দিলে ফলপ্রসূ হয়

২৫ পৃষ্ঠার পর

মাশরিরাত্তের সোয়া করো এবং (গুরুত্বপূর্ণ) বিষয়ে তাদের সঙ্গে পরামর্শ করতে থাকো।

অতঃপর তুমি যখন (কোনো বিষয়ে) মনস্থির করবে, তখন আল্লাহর ওপর নির্ভর কোরো। নিশ্চয়ই আল্লাহ তাওয়াক্কুলকারীদের ভালোবাসেন।' (সুরা : আলে ইমরান, আয়াত : ১৫৯)। তাই অন্যকে উপদেশ আর নসিহতের জন্য নম্রতা ও কোমলতার বিকল্প নেই।

আমলহীন নসিহত: যে বিষয়ে নসিহত করবে সে বিষয়ে নিজেই আমল করা। এমন যেন না হয় যে অন্যকে নসিহত করে নিজে তা থেকে বেমালুম থাকে। এমন ব্যক্তির জন্য আল্লাহ তাআলা ভর্ৎসনা করেছেন। আল্লাহ তাআলা বলেন, 'তোমরা কি মানুষকে সৎকাজের নির্দেশ দাও, আর নিজেদের কথা ভুলে যাও! অথচ তোমরা কিতাব অধ্যয়ন করো। তবে কি তোমরা বুঝ না?' (সুরা : বাকারাহ, আয়াত : ৪৪)।

হাদিসে এসেছে, রাসুল (সা.) ইরশাদ করেছেন, কিছুসংখ্যক জান্নাতবাসী অন্য কিছু জাহান্নামবাসীকে অগ্নিদগ্ধ হতে দেখে জিজ্ঞেস করবেন যে তোমরা কিভাবে জাহান্নামে প্রবেশ করলে, অথচ আল্লাহর কসম, আমরা তো সেসব সৎকর্মের জন্য জান্নাত লাভ করেছি, যা তোমাদের কাছে শিখেছিলাম? জাহান্নামবাসীরা বলবে, আমরা মুখে অবশ্য বলতাম কিন্তু নিজে তা কাজে পরিণত করতাম না। (সহিহ বুখারি, হাদিস : ৩২৬৭)।

নসিহতে ধৈর্য ধারণ: সঠিক পদ্ধতিতে দাওয়াত দেওয়ার পর যদি কোনো বিপদ আসে তাহলে ধৈর্য ধারণ করা। সব নবী দাওয়াত দিয়েছেন এবং ধৈর্য ধরেছেন। কারণ দাওয়াতের ময়দান অনেক বিস্তৃত। আর যে ময়দান যত বেশি বিস্তৃত হবে বাধা-বিপত্তি তত বেশি আসবে। আল্লাহ তাআলা বলেন, 'হে আমার প্রিয় বৎস! সালাত কায়েম করো, সৎকাজের নির্দেশ দাও এবং অসৎ কাজে নিষেধ করো, আর তোমার ওপর যা আপতিত হয় তাতে ধৈর্য ধারণ করো। নিশ্চয়ই এটা অন্যতম দৃঢ় সংকল্পের কাজ।' (সুরা : লোকমান, আয়াত : ১৭)।

কোরআনের কথা বলা: নসিহতের সময় ওই ব্যক্তিকে কোরআনের বাণী শোনানো উচিত। নবী ও আগের মুসলিম মনীষীদের ঘটনা বর্ণনা করবে। আজগুবি, অযৌক্তিক কথাবার্তা ও শুনতে বানানো উদ্ভট কথা বলে দাওয়াত দেবে না। আল্লাহ তাআলা সবাইকে সুন্দরভাবে দাওয়াত দেওয়ার তাওফিক দান করুন।

## ৩০ বছরের সংসার রক্ষা করতে পারলেন না গার্দিওলা

৫২ পৃষ্ঠার পর

উপস্থিত ছিলেন। একই বছর জুলাইয়ে উইম্বলডনে এই দম্পতিকে একসঙ্গে দেখা গিয়েছিল।

উল্লেখ্য, ক্রিস্টিনার সঙ্গে গার্দিওলার প্রথম সাক্ষাৎ হয় ১৯৯৪ সালে। তাদের তিন সন্তান আছে ২৪ বছর বয়সী মারিয়া, ২২ বছর বয়সী মারিয়াস এবং ১৭ বছর বয়সী ভ্যালেন্তিনা। ২০১৪ সালে বার্সেলোনার কাছে একটি অনুষ্ঠানে গার্দিওলা ও সেরা বিবাহবন্ধনে আবদ্ধ হন। কিন্তু দশ বছর পরই ঘটল বিবাহবিচ্ছেদ। গার্দিওলার বিচ্ছেদের খবরের মাঝে ম্যানচেস্টার সিটি মাঠেও কিছুটা চাপে রয়েছে। কারণ, চলতি মৌসুমে তারা শীর্ষ চারে নেই। গার্দিওলার অধীনে এমন বাজে পারফরম্যান্স কখনও দেখা যায়নি ম্যানসিটির।

## ক্ষমতার পালাবদল নয়, দরকার নৈতিক সংস্কার!

৬ পৃষ্ঠার পর

উপযুক্ত মওসুম চলছে যাদের জীবনের বিনিময়ে, যাদের রক্ত ও ত্যাগের ক্ষমতার পালাবদল ঘটতে যাচ্ছে তাদের সেই জীবনের উৎসর্গের প্রতি সম্মান রেখে যদি নিয়মের পরিবর্তন, রীতির বদল না ঘটে তবে ঘুষ-দুর্নীতি, ফ্যাসিবাদ-বৈষম্য নতুন মোড়কে, নতুন নতুন হাতের স্পর্শে পুরাতন বোতলে ফেরত আসবে। কেবল ক্ষমতা বদলের এমন ধারাবাহিকতা চললে জাতির ভাগ্য বদলের অবকাশ আর কোনদিন হবেই না তবে। নিয়মের পরিবর্তন এবং আইনের সফল প্রয়োগ দরকার। জাতির ঐক্যবদ্ধ উদ্যোগে আমরা আমাদের ভাগ্য বদলাতে পারি- যদি চাই।

রাহু আহমেদ: প্রাবন্ধিক ও কলামিস্ট।

## তাবলিগ জামাত ও বিশ্ব ইজতেমার গোড়ার কথা

২৫ পৃষ্ঠার পর

তাবলিগ জামাত ও ওলামায়ে কেরাম

তাবলিগ জামাতের এই কাফেলা শুরু থেকে আজ অবধি ওলামায়ে কেরামের মাধ্যমে পরিচালিত হয়ে আসছে এবং এর উসুল ও মূলনীতি কোরআন-হাদিসের আলোকে ওলামায়ে কেরামের মাধ্যমেই প্রণীত ও সুবিন্যস্ত। সুতরাং নিঃসন্দেহে বলা যায়, দাওয়াত ও তাবলিগের সহিহ মেহনত বজায় রাখতে ওলামায়ে কেরামের নেতৃত্ব ও নির্দেশনার বিকল্প নেই। কারণ রাসুলুল্লাহ (সা.) নিজেই ওলামায়ে কেরামের হাতে দাওয়াত ও তাবলিগের এই মহান দায়িত্ব অর্পণ করে গেছেন। মহানবী (সা.) বলেছেন, ওলামায়ে কেরাম নবীদের ওয়ারিশ, আর নবীরা কাউকে সোনা-রুপার ওয়ারিশ বানাননি। তাঁরা ইলমের ওয়ারিশ বানিয়েছেন।

সুতরাং ওহির শাশ্বত জ্ঞান নবীদের কাছে আসার পর তাঁদের যে দায়িত্ব ছিল, কিয়ামত পর্যন্ত আলেমদের ওপর সেই একই দায়িত্ব অর্পিত। আম্বিয়ায়ে কেরাম যেভাবে মানুষের কাছে দ্বীনের দাওয়াত পৌঁছে দিয়েছেন, ওলামায়ে কেরামও একইভাবে মানুষের কাছে দ্বীনের দাওয়াত পৌঁছে দেবেন। আবদুল্লাহ বিন আমর (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেন, আল্লাহ তাআলা বান্দাদের কাছ থেকে ইলম ছিনিয়ে নেবেন না; কিন্তু তিনি ওলামায়ে কেরামকে উঠিয়ে নেওয়ার মাধ্যমে ইলমও উঠিয়ে নেবেন। এভাবে যখন কোনো আলেম অবশিষ্ট থাকবে না, তখন মানুষ কিছু মূর্খ লোকের শরণাপন্ন হবে। অতঃপর ধর্মীয় বিষয়ে তাদের প্রশ্ন করা হবে, তারা ইলম ছাড়াই ফতোয়া দেবে। এর ফলে তারা নিজেরাও গোমরাহ হবে এবং মানুষকেও গোমরাহ করবে। (সহিহ বুখারি ১/২০, সহিহ মুসলিম ২/৩৪০, জামে তিরমিজি ২/৯৩-৯৪)।

সুতরাং তাবলিগ জামাতের নেতৃত্বে ওলামায়ে কেরামের প্রয়োজনীয়তা ও গুরুত্ব কতটুকু-তা বলার অপেক্ষা রাখে না। রাব্বে কারিম আমাদের সবাইকে ওলামায়ে কেরামের দিকনির্দেশনায় হিদায়াতের পথে নিজে চলে, অন্যকেও আহ্বান করার তাওফিক দান করুন। আমিন।

লেখক : সিনিয়র মুহাদ্দিস, জামিয়া আরাবিয়া মাখযানুল উলুম, তালতলা, মোমেনশাহী।

## আত্মার মুক্তি মেলে যেভাবে

২৫ পৃষ্ঠার পর

পরকালে সব আবরণ খসে পড়বে, সব গোপন বিষয় প্রকাশ পাবে। ইবাদত ও উপাসনার ক্ষেত্রে 'লা ইলাহা' সব কিছুকে না করার জন্য, আর 'ইল্লাল্লাহ' আল্লাহর জন্য সর্বাত্মক আনুগত্য প্রমাণের জন্য, অন্য কারো জন্য নয়। সুতরাং তোমার মনে আল্লাহ ছাড়া অন্য কিছুর ওপর আস্থা চলে আসার অর্থ হলো তুমি সব 'ইবাদত-উপাসনা' আল্লাহর জন্য এই সাক্ষ্যদানে মিথ্যাবাদী। তোমার উপাস্য হলো যার ওপর তুমি ভরসা করেছ।

বাহ্যিক কথার কোনো মূল্য নেই। মুখের কালেমা তো মুনাফিকরাও পাঠ করত। অন্তরের সঙ্গেই প্রধানত ঈমানের সম্পর্ক। অন্তরই একত্ববাদের প্রকৃত সাক্ষ্যদাতা, আল্লাহর প্রতি একনিষ্ঠ, আল্লাহভক্ত, দুনিয়াবিমুখ, আল্লাহর পরিচয় লাভকারী, আমলকারী। অন্য সব তার সৈনিক ও অনুগত মাত্র। যখন তুমি সাক্ষ্য দাও আল্লাহ ছাড়া কোনো উপাস্য নেই, তখন তুমি আল্লাহর ওপরই আস্থা রাখো। আল্লাহ ছাড়া কারো ওপর ভরসা কোরো না।

তোমার বাহ্যিককে শরিয়তের সঙ্গে যুক্ত রাখো এবং ভেতরকে আল্লাহর সঙ্গে, ভালো-মন্দের স্রষ্টার সঙ্গে যুক্ত রাখো। যারা আল্লাহর পরিচয় লাভ করেছে তারা তাঁর আনুগত্য করেছে। আল্লাহর সামনে তারা নির্বাক হয়ে গেছে। আল্লাহ ও তাঁর প্রিয় বান্দার সামনে তারা বিনয়ী হয়েছে। তাদের চিন্তা ও ভয়ের পরিমাণ বেড়েছে। তাদের লজ্জা বেড়ে গেছে। অতীতের অপূর্ণতার অনুশোচনা বেড়েছে। আর যেসব ভালো পুণ্যের কাজ করেছে তা ছুটে যাওয়ার ভয় করছে। কেননা আল্লাহ যা ইচ্ছা করতে পারেন। কেউ তাঁকে প্রশ্ন করার ক্ষমতা রাখে না, সৃষ্টিজগৎ জিজ্ঞাসিত হবে। কখনো নিজের বিগত দিনের অপূর্ণতা, অজ্ঞতা ও অস্থিতিশীলতার প্রতি দৃষ্টি দেয়, তবে লজ্জায় সংকোচিত হয়ে যায় এবং আল্লাহর পক্ষ থেকে শাস্তির ভয় করে। আর ভবিষ্যতের প্রতি দৃষ্টি দিলে আশঙ্কা কাজ করে আল্লাহ আমলগুলো কবুল করবেন, নাকি করবেন না? যা কিছু দিয়েছেন তা কেড়ে নেবেন, নাকি অবশিষ্ট রাখবেন? কিয়ামতের দিন মুমিনের সঙ্গে হাশর হবে, নাকি কাফিরদের সঙ্গে? এ জন্য রাসুলুল্লাহ (সা.) বলেন, আমি তোমাদের মধ্যে আল্লাহকে সবচেয়ে বেশি চিনি এবং তাঁকে সবচেয়ে বেশি ভয় পাই।

আল্লাহর পরিচয় লাভকারীদের মধ্যে এমন মানুষ খুব কমই হয়, যাদের মধ্যে ভয়ের তুলনায় নিরাপত্তাবোধ প্রবল থাকে। আল্লাহ পুরস্কার ও শাস্তির যে বর্ণনা দিয়েছেন তা পাঠ করে তারা নিজেদের পরিণতি নিয়ে ভয় করে এবং মনকে তাগিদ দেয় যেন সে নিশ্চিন্ত হয়ে না যায়। আল্লাহর পরিচয় লাভের যে সাধনা তার সূচনা হয় ইসলাম গ্রহণ, আল্লাহর নির্দেশ পালন, নিষিদ্ধ বিষয় পরিহার, বিপদে ধৈর্য ধারণের মাধ্যমে। আর শেষ হয় আল্লাহ ছাড়া সব কিছুর মোহ ত্যাগের মাধ্যমে। তার অবস্থা এমন হয় যে তার কাছে স্বর্ণ ও মাটি, প্রশংসা ও নিন্দা, পাওয়া ও না পাওয়া, জান্নাত ও জাহান্নাম, সচ্ছলতা ও অসচ্ছলতা, সৃষ্টির অস্তিত্ব ও অস্তিত্বহীনতা-সব কিছু সমান হয়ে যায়। তার অন্তরে কেবল আল্লাহর অস্তিত্বই বাকি থাকে। আর কোনো বান্দা এমন স্তরে উপনীত হলে আল্লাহ তাকে সৃষ্টিজগতের ওপর শ্রেষ্ঠত্ব ও নেতৃত্ব দান করেন।

ফুতুহুল গাইব থেকে মো. আবদুল মজিদ মোল্লার অনুবাদ

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা
বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।
Email: ajkalnews@gmail.com
যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১

## ফেলানী দিবসে নিউইয়র্কে প্রতিবাদ ও মানববন্ধন

৩ পৃষ্ঠার পর

করেছে। ওই কর্মসূচিতে বিএসএফের নির্বিচারে বাংলাদেশী নাগরিকদের হত্যা করার তীব্র নিন্দা ও ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের সামনের রাস্তার নামটির নাম 'ফেলানী সড়ক' করার দাবী জানানো হয়।

এ সংক্রান্ত একটি স্মারকলিপি বাংলাদেশ কনস্যুলেটকে দেয়া হয়। কনস্যুলেটের পক্ষ থেকে মিনিস্টার মোহাম্মদ আনিসুজ্জামান স্মারকলিপিটি গ্রহণ এবং তা যথাযথ কর্তৃপক্ষের কাছে পৌঁছে দেওয়ার প্রতিশ্রুতি দেন।

দেড় যুগ আগে ২০১১ সালের ৭ জানুয়ারি কুড়িগ্রাম সীমান্তে বাংলাদেশ-ভারত কুড়িগ্রাম সীমান্তে ১৫ বছর বয়সী ফেলানীকে গুলি করে নির্মমভাবে হত্যা করে বিএসএফ। ফেলানীর দেহ সীমান্তের কাঁটাতারের বেড়ায় চার ঘণ্টা ধরে ঝুলে থাকলেও বিএসএফ তাকে উদ্ধার করেনি। দিনটি বাংলাদেশে ফেলানী দিবস হিসেবে পালিত হয়ে আসছে। মানববন্ধনে উপস্থিত ছিলেন কমিউনিটি অ্যাক্টিভিস্ট আবদুন নবুর, 'প্যাট্রিয়টস অব বাংলাদেশ'-এর প্রধান সমন্বয়কারী আবদুল কাদের, সদস্য জুয়েল জাকির, সাংবাদিক চৌধুরী মোহাম্মদ ফারুক, মুশফিকুর রহমান, মোহাম্মদ আরিফ ও রাসেল খান প্রমুখ।

সমাবেশে আবদুল কাদের বলেন, ভারতীয়রা যেভাবে সীমান্তে বাংলাদেশীদের হত্যা করছে, এটা সং প্রতিবেশীসুলভ আচরণ হতে পারে না। এটা মানবাধিকারের স্পষ্ট লঙ্ঘন। এত দিন ভারতের তাবেদার 'আওয়ামী লীগ সরকার' ফেলানী হত্যার বিচার দাবী করেনি। এখন বাংলাদেশের স্বাধীনতার পক্ষের সরকার জোরালো ভাষায় ফেলানী হত্যাকান্ডের বিচার দাবী করবে। আশা করব, ভারত সরকার বিএসএফ-কে সংযত হতে নির্দেশ দেবে।

আবদুন নবুর বলেন, 'ফেলানীকে যেভাবে হত্যা করা হয়েছে, সেটা নিঃসন্দেহে মানবতাবিরোধী অপরাধ। তাকে চার ঘণ্টা কাঁটাতারের ওপর ঝুলিয়ে রাখা হয়েছিল। তখন তার শরীর থেকে চুইয়ে চুইয়ে রক্ত পড়ছিল। বিএসএফ তাকে উদ্ধার করেনি। মৃত্যুর ১৪ বছর পরও ফেলানী হত্যার বিচার হয়নি।'

জুয়েল জাকির বলেন, 'বিএসএফের আচরণ কোন সভ্য বাহিনীর আচরণ হতে পারে না। একটি ১৫ বছরের কিশোরী নির্মমভাবে নিহত হয়েছে। কিন্তু বিচার পায়নি। ঢাকাস্থ ভারতীয় দূতাবাসের সামনের রাস্তাটির নাম ফেলানীর নামে নামকরণ করে 'ফেলানী সড়ক' বা 'ফেলানী স্ট্রিট' করার জন্য অন্তর্বর্তী সরকারের কাছে এই দাবী জানাচ্ছি।'

## বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড ও কার্যকরি কমিটির যৌথ সভা

৩ পৃষ্ঠার পর

মো. শাহজাহান সিরাজী ও মো. আতাউল আলম, কার্যকরী কমিটির সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজ্জামান কামরুল, সাংগঠনিক সম্পাদক- ডিউক খান, জনসংযোগ ও প্রচার সম্পাদক- সিদ্দু মোহাম্মদ, সমাজ কল্যাণ সম্পাদক- জামিল আনসারী, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- আহাদ আলী খান লিটন, স্কুল ও শিক্ষা সম্পাদক- মোহাম্মদ হাসান (জিলানী), কার্যকরি সদস্য- জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মোহাম্মদ সিদ্দিক পাটোয়ারী, মুনসুর আহমদ ও হাছান খান সভায় উপস্থিত ছিলেন।

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করার পাশাপাশি সোসাইটির প্রয়াত সদস্য ও প্রয়াত প্রবাসীদের রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া করা হয়।

সভাপতি আতাউর রহমান সেলিম শুভেচ্ছা বক্তব্যে বলেন এই যৌথ সভার মূল উদ্দেশ্য হলো নবনির্বাচিত কার্যকরী পরিষদের সাথে বোর্ড অব ট্রাস্টির সদস্যদের পরিচয় করিয়ে দেওয়া। এছাড়া দায়িত্ব গ্রহণের পর বিদায়ী কমিটির কাছ থেকে নতুন কমিটি কি পেল এবং সোসাইটির বর্তমান পরিস্থিতি বোর্ড অব ট্রাস্টিকে অবহিত করা।

সভায় সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী ও সিনিয়র সভাপতি মহিউদ্দিন দেওয়ানসহ অন্যরা বিদায়ী কমিটির (২০২৩-২০২৪) নানা কর্মকান্ডে গঠনতন্ত্র পরিপন্থি কার্যকলাপ এবং অর্থনৈতিক কর্মকান্ডে নানা গড়মিলের অভিযোগ তোলেন। বিশেষ করে বিদায় কমিটির কাছ থেকে দায়িত্ব গ্রহণের সময় অনেক কিছু সঠিকভাবে বুঝে না পাওয়া, কবর এবং ব্যাংক খাতে লেনদেনে অনেক গরমিল রয়েছে বলেও তারা সভাকে অবহিত করেন তারা। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- গত ১৬ ই ডিসেম্বর নবনির্বাচিত কার্যকরী পরিষদের অভিষেক অনুষ্ঠানে বিদায়ী কোষাধক্ষ্য সওগাদ হোসেন তার দেয়া বক্তব্যে সবাইকে অবহিত করেন ৩ লক্ষ ৮৪ হাজার ডলার সংগঠনের ফান্ডে রেখে যাচ্ছেন। তবে নতুন কোষাধক্ষের কাছে ব্যাংক ট্রান্সফার ও হিসাব বুঝিয়ে দেওয়া সময় টাকার পরিমাণে ব্যাপক গরমিল পাওয়া যায়। বিশেষ করে গঠনতন্ত্রের তোয়াক্কা না করে বিদায়ী কমিটির কর্মকর্তারা অভিষেকের দিন ১৬ ই ডিসেম্বর ২ লক্ষ ৪০ হাজার ডলার ব্যয় করে ৩৬০ টি কবর কিনেন যা এখনো পর্যন্ত ব্যবহার উপযোগী নয়। এ সময় সোসাইটির বিগত দিনের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে একটি তদন্ত কমিটি গঠনের কথাও বলেন।

পরবর্তীতে বোর্ড অব ট্রাস্টির সদস্যরা এ ব্যাপারে তাদের বক্তব্য ও মতামত তুলে ধরেন। তারা বলেন, সোসাইটির গঠনতন্ত্র অনুযায়ী বড় ধরনের কোন অর্থ খরচ করতে হলে অবশ্যই বোর্ড অব ট্রাস্টির মতামত এবং অনুমতি নিতে হয়। কবর ক্রয়ের বিষয়ে সে ধরনের কোন কিছুই বিগত কমিটি করেনি। তারা বলেন সোসাইটিকে জবাবদিহিতামূলক সংগঠন করতে হলে এ ধরনের কর্মকান্ডের জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। পরবর্তীতে সভার উপস্থিতির মতামতের ভিত্তিতে একটি যৌথ কমিটি গঠন করা হয়। কমিটিকে আগামী ৩০ কার্য দিবসের মধ্যে বিদায়ী কমিটির কাছ থেকে এ ব্যাপারে তাদের বক্তব্য জেনে পরবর্তী করণীয় ঠিক করার কথা বলা হয়।

কমিটির সদস্যরা হলেন বোর্ড অব ট্রাস্টির সদস্য মো. আক্তার হোসেন ও আজিজুর রহমান সোহাগ এবং কার্যকরী কমিটির সদস্য মো. মহিউদ্দিন দেওয়ান, আবুল কালাম ভূঁইয়া, মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, সিদ্দু মোহাম্মদ। সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী পদাধিকার বলে এ কমিটির সদস্য হিসেবে থাকবেন।



## জ্যাকসন হাইটসে সিপিএ শ্রাবনীর অফিস চালু

৩ পৃষ্ঠার পর

আমেরিকান প্রবাসী কমিউনিটির মানুষদের ট্যাক্স রিটার্ণ সহজতর করতে জ্যাকসন হাইটসে সেবা প্রদানের ঘোষণা দেন। এমনকি যারা আর্থিক ভাবে ভালো অবস্থায় নেই তাদের বিনামূল্যে সেবার কথাও বলেন তিনি। এসময় তিনি সিপিএ শ্রাবনী নামের জ্যাকসন হাইটস শাখা পরিচালনায় কমিউনিটির সকলের সহযোগিতা কামনা করেন।

শ্রাবনী বলেন, যুক্তরাষ্ট্রে ট্যাক্স ফাইল করা সবার জন্য বাধ্যতামূলক। তাই জরিমানা এড়াতে যথা সময়ে ট্যাক্স ফাইল জমা দিতে হবে। এ ক্ষেত্রে সব ধরনের জটিলতা এড়াতে সিপিএ দিয়ে সঠিক ভাবে ফাইল জমা দেয়া উচিত। এক্ষেত্রে শ্রাবনী ট্যাক্সের ওপর সবাই আস্থা রাখতে পারেন।

সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন এটর্নী খাইরুল বাশার, চট্টগ্রাম সমিতির সভাপতি আবু তাহের, সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম, মিরসরাই এসোসিয়েশনের সাবেক সভাপতি মনিরুল ইসলাম, কমিউনিটি এক্টিভিস্ট খান শওকত, আরিফুল হায়দার, আব্দুর রহিম।

## ইনকাম ট্যাক্স রিটার্ণ শুরু ২৭ জানুয়ারী

৩ পৃষ্ঠার পর

বর্ধিত সময় পাওয়া যাবে। এক্ষেত্রে জরিমানা এড়াতে ডিউ ট্যাক্স ১৫ এপ্রিলের মধ্যেই শোধ করতে হবে। বর্ধিত সময় আবেদন ইলেকট্রনিকভাবে বা পেপার মাধ্যমে করা যায়। তবে, নির্ধারিত চক্রবৃদ্ধি হারে জরিমানা প্রদান সাপেক্ষে সারা বছরই ট্যাক্স ফাইল করা যায়। এ বছর ট্যাক্স সিজনে প্রায় ১৪০ মিলিয়ন ব্যক্তিগত ট্যাক্স ফাইল হওয়ার সম্ভাবনা রয়েছে।

## ঢালিউড ফিল্ম এন্ড মিউজিক অ্যাওয়ার্ড শনিবার

৩ পৃষ্ঠার পর

অপূর্ব, পলাশ, অভিনেত্রী সাফা কবির, সাবিলা নূর, স্পর্শিয়া, সামিয়া সাম, খল অভিনেতা মিশা সওদাগর, অমিত হাসান, নায়ক ইমন, ঢাকাই চলচ্চিত্রের শীর্ষস্থানীয় অভিনেত্রী শবনম বুবলি, প্রিয়দর্শিনী মৌসুমী, তরুণ প্রজন্মের হার্ট থ্রব অভিনেত্রী দিঘী, গায়ক সেলিম চৌধুরী, প্রতিক হাসান, বিন্দুকনা, রাসেল নেওয়াজ, লালন কন্যা লায়লা, অংকন ও জনপ্রিয় উপস্থাপিকা নীল হুরেরজাহান।

## গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশন সিলেট বিভাগ কমিটির অভিষেক

৩ পৃষ্ঠার পর

চৌধুরী জেপি, যুক্তরাজ্য প্রবাসী আলাউদ্দিন আহমেদ, শিশুরোগ বিশেষজ্ঞ আজিজুর রহমান, লন্ডন বাংলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক তাইসির মাহমুদ প্রমুখ।

অনুষ্ঠানে সংবর্ধিত অতিথি ছিলেন গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশন কেন্দ্রীয় কমিটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মো. কাওসার হোসেন, ভাইস প্রেসিডেন্ট মো. আব্দুল মুনিম জাহেদী (কারুল), সহ সভাপতি অলি উদ্দিন শামীম, এসোসিয়েশনের স্পেন শাখার প্রেসিডেন্ট আমিন আলী রফিক, সাধারণ সম্পাদক সাবির রহমান, অস্ট্রেলিয়া শাখার প্রেসিডেন্ট রাসেল আহমেদ, মালয়েশিয়া শাখার প্রেসিডেন্ট মোহাম্মদ জাকারিয়া, পর্তুগাল শাখার প্রতিনিধি মো. শহীদুজ্জামান চৌধুরী।

অনুষ্ঠানে কুরআন থেকে তিলাওয়াত করেন সংগঠনের সদস্য কামাল উদ্দিন ভূঁইয়া। স্বাগত বক্তব্য দেন এসোসিয়েশনের সিলেট বিভাগীয় কমিটির অভিষেক ও প্রবাসী নেতৃবৃন্দকে সংবর্ধনা প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান সৌহার্দ্য-২০২৫'-এর আহ্বায়ক বদরুল ইসলাম চৌধুরী বদর। শুভেচ্ছা বক্তব্য দেন আব্দুল মুকিত আজাদ। ধন্যবাদ জ্ঞাপন করেন এসোসিয়েশনের সিলেট বিভাগীয় শাখার সাধারণ সম্পাদক বায়েজীদ মাহমুদ ফয়সল।






GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
হোম
সর্বোচ্চ পেমে
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।
PCA
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
• Salary & Benefits
• Weekly Payments
• Direct Deposit
Please C
Shah
Presiden
646-5
আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834
HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 11
Ph: 718-530-1
Fax: 917-396-
Email: info@goldenagehomecare.c


কেয়ার
ন্টের নিশ্চয়তা
A AND CDPAP SERVICE
সর্বাধিক জনপ্রিয়
ম হেল্‌থ কেয়ার এজেন্সী
ontact
Nawaz MBA
t & CEO
591-8396
ং স্কুল আছে
FFICE
e Ave
1432
820
4115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA
Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ
এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903


মিনা বাজার MINA BAZ
SUPERMARKET & FRESH ZABIHA HALAL MEAT • FISH • FRUITS &
7110 35th Ave, Jackson Heights, NY 11372
718-639
RUHU 3KG
$14.99
EACH
2 FOR $25.00
RUHU 4KG
$18.99
EACH
MRIGAL 3KG
$19.99
EACH
MRIGAL 4KG
$26.99
EACH
PUNGASH 2KG
$3.49
LB
KATLA 4KG
$2.99
LB
KATLA 5KG
$3.29
LB
MAGUR
$3.99
LB
MAZOLA OIL
Veg. & Canola
$10.99
96 OZ
MAZOLA
Corn Oil
$14.99
LB
MILK
REGULAR
$3.99
EACH
KACHUR LATI
3 FOR
$5.00
NAWBAB
Parboiled
Basmati Rice
$17.99
20 LB
MASOOR DAL
$4.99
4 LB
MINA BAZAAR
GOLDEN TEMPLE
ATTA
$14.99
20 LB
RED COW
Full Cream
Milk Powder
$22.99
2.5 KG
RESHME
Parboiled
Basmati Rice
$20.99
20 LB
3 KHAN'S
Extra Long Grain
Parboiled Rice
$19.99
20 LB
KRISHAK
Parboiled
Basmati Rice
$18.99
20 LB
CANADIAN
ONION
$4.99
10 LB


ZAAR
HMS HALAL MONITORING SERVICES HALAL CERTIFIED AND MONITORED
WINTER Special Sale
DEC. 13, 2024 - MAR 31, 2025
বিশেষ মূল্যহ্রাস
& VEGETABLES
-6462
KORAL 6KG $5.49 LB
KORAL 1KG $3.99 LB
SHOLE 1KG UP $4.49 LB
KASKI 3 FOR $3.99
SHARPUTI $2.49 LB
HILSHA 3FOR $24.99 PACK
HILSHA $20.99 1000 - 1200 EACH
1200 - 1500 UP $9.99 LB
CARNATION MILK $1.49 EACH
MAGNOLIA MILK $1.49 EACH
Kawan PARATHA $8.49 EACH
Jhatpot PARATHA $5.99 EACH
Nawbab PARATHA $5.99 EACH
PLAIN PARATHA
প্লেইন পরোটা
DELTA RICE $33.99 50 LB
RICE
VEG. OIL $29.99 32.5 LB
SWAD VEGETABLE OIL
CANOLA OIL $29.99 32.5 LB
SWAD CANOLA OIL
CORN OIL $35.99 32.5 LB
SWAD CORN OIL
SAFI Special Basmati Rice $22.99 20 LB
SAFI
SHAHI Chinigura Rice $14.99 10 LB
LAXMI Mustard Oil $14.99 5 LB
WAGH BAKRI Premium Tea $9.49 2 LB
PREMIUM TOWEL Kirkland Signature $23.99
Towel

## হাসিনার হরতালে সাড়া নেই

১ পৃষ্ঠার পর

বাংলাদেশের সাধারন মানুষ এই হরতাল সম্পর্কে জানে না। শেখ হাসিনা যদিও পালিয়ে থাকা নেতা-কর্মীদের আন্দোলনে যোগ দেবার আহ্বান জানিয়েছেন। কিন্তু নেতা-কর্মীরা মামলার কারণে এসব কর্মসূচিতে অংশ নিলে গ্রেফতার ও হয়রানির মধ্যে পড়তে পারেন।

আওয়ামী লীগ বিভিন্ন বিবৃতিতে অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সরকারের সমালোচনা করছে। এক বিবৃতিতে বলা হয়, বাংলাদেশ আওয়ামী লীগ দেশের গণমানুষের রাজনৈতিক প্রতিষ্ঠান। আওয়ামী লীগ কাছে ক্ষমতা নয়, জনগণই মুখ্য। আওয়ামী লীগ ক্ষমতায় থাকুক আর ক্ষমতার বাইরে থাকুক, সর্বদা জনকল্যাণের নীতি মেনে ও জনস্বার্থে রাজনীতি করে। দেশি-বিদেশি ষড়যন্ত্রের মাধ্যমে একটি চক্রান্তকারী গোষ্ঠী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে নির্বাচিত একটি সরকারকে হটিয়ে অবৈধ ও অসাংবিধানিক উপায়ে রাষ্ট্রক্ষমতা দখল করে। এই অবৈধ ও অসাংবিধানিক দখলদার ফ্যাসিস্ট ইউনূস সরকারের কোনো গণতান্ত্রিক বৈধতা নেই।

তাই নিজেদের দুর্বলতা ঢাকতে তারা পরিকল্পিতভাবে বাংলাদেশ আওয়ামী লীগ ও শেখ হাসিনার বিরুদ্ধে মিথ্যা ও ভিত্তিহীন অপপ্রচার চালাচ্ছে। নিজেদের দক্ষতা ও কর্মপন্থা দিয়ে নয় বরং প্রতিপক্ষকে ঘায়েল করে, বিরোধী মত দমন করে তারা ক্ষমতায় টিকে থাকতে চায়। চক্রান্ত ও ষড়যন্ত্রের মাধ্যমে মানুষের আবেগকে পুঁজি করে শেখ হাসিনার সরকার হটানোর পেছনে তারা সফল হলেও দেশের জনগণকে স্বস্তি দিতে সম্পূর্ণভাবে ব্যর্থ। বরং জনগণের জীবনকে নরকময় করে তুলেছে। জননেত্রী শেখ হাসিনার সময়ে দেশের মানুষের জানমালের নিরাপত্তা ছিল, মানুষ স্বস্তিতে নিঃশ্বাস নিতে পারত। অথচ আজ বাংলাদেশের মানুষের জানমালের কোনো নিরাপত্তা নেই। দেশের সর্বত্র চুরি,ছিনতাই, ডাকাতি, চাঁদাবাজি ও লুটপাট চলছে। প্রতিদিন অসংখ্য মানুষ হত্যার শিকার হচ্ছে। অন্যান্য অধিকার তো দূরের কথা সাধারণ মানুষের বেঁচে থাকার অধিকারটাও নিশ্চিত করতে অপারগ জনগণের প্রতি দায়বদ্ধহীন এই অবৈধ ও অসাংবিধানিক দখলদার ফ্যাসিস্ট ইউনূস সরকার।

মানুষের রাজনৈতিক ও গণতান্ত্রিক অধিকার, বাকস্বাধীনতা ও বিরোধী মত সংগঠনের জায়গাগুলোকে খর্ব করা হয়েছে। সন্ত্রাস আতঙ্কের বিস্তার ঘটিয়ে গণমাধ্যমের স্বাধীনতার কেড়ে নেওয়া হচ্ছে। চিন্তাশীল মানুষের মস্তিষ্কের সম্প্রসারণশীলতাকে আটকে দিতে লেখকের কলম ভেঙে ফেলার হুমকি দিচ্ছে সরকারের মদদপুষ্ট পান্ডারা।

আমরা দলের নেতাকর্মী ও দেশবাসীকে আশ্বস্ত করতে চাই, বাংলাদেশ আওয়ামী লীগ আপনাদের পাশে আছে। বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা নিয়মিত বিরতিতে দলের নেতাকর্মী ও দেশবাসীর উদ্দেশে বক্তব্য ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করছেন।

তারই ধারাবাহিকতায় আগামী ১৯ জানুয়ারি দুপুর ১২:৩০মিনিটে দক্ষিণ কোরিয়া আওয়ামী লীগ, সন্ধ্যা ৬:৩০ মিনিটে দক্ষিণ আফ্রিকা ও রাত ৯:৩০ মিনিটে ফ্রাঙ্কফুর্ট (জার্মানি) আওয়ামী লীগের নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় সভায় বক্তব্য রাখবেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবেন।

## সিডিপ্যাপ জটিলতা কাটছে না

১ পৃষ্ঠার পর

আঞ্চলিক অফিস নেয়ার পথে আছে। তবে তাদের কোন আর্থিক বিষয় প্রকাশ করেনি। এমনকি তাদের আওতায় ২৪ টি সাব কন্ট্রাক্ট প্রতিষ্ঠান বা কেয়ারগিভাররা কি ধরনের আয় করবে সে বিষয়েও কিছু বলছে না। তাছাড়া ২৪টি সহযোগী প্রতিষ্ঠান থাকলেও সব ধরনের নিয়ন্ত্রণ থাকবে শুধু মাত্র মূল প্রতিষ্ঠান বা একটি প্রতিষ্ঠানের কাছেই। এ অবস্থায় বিপাকে পড়বেন কেয়ার গিভার ও সেবাগ্রহীতারা।

হোম কেয়ার সংশ্লিষ্টরা বলছেন, সিডিপ্যাপের এখন বিশাল সংখ্যক সেবাগ্রহীতারা তাদের বর্তমান সেবাদাতা প্রতিষ্ঠানের সঙ্গে একটি সম্পর্ক তৈরি হয়েছে।

কিন্তু এখন সিডিপ্যাপ সেবা নিতে হলে তাদের একক প্রতিষ্ঠানের আওতায় যেতে হবে। না হলে আগের প্রতিষ্ঠান বা যে ধরনের প্রতিষ্ঠান পিসিএ সার্ভিস দেয় সেসব প্রতিষ্ঠানের মাধ্যমে সেবার ধরনে পরিবর্তন আনতে হবে।

একই সঙ্গে সেবাদাতাদেরও নিতে হবে বিশেষ প্রশিক্ষণ ও সনদ। এখন থেকে আর নিকট আত্মীয় বা বাবা-মাকে সেবা দিতে পারবেন না সেবাদাতারা। পরিবারের বাইরে কাউকেই সেবা দিতে হবে।

সেবা দানকারী প্রতিষ্ঠানগুলো বলছে, সিডিপ্যাপ সার্ভিস রক্ষার্থে সেবাগ্রহীতার সার্ভিসকে পিসিএ সার্ভিসে রূপান্তর করা উচিত। পিসিএ সার্ভিস নেওয়ার জন্য সেবা প্রদানকারীকে বিশেষায়িত স্কুলে নিয়মিত ৮৩ ঘণ্টা বা ৪০ ঘণ্টা ক্লাস করে এইচএইচএ অথবা পিসিএ যেকোনো একটি সার্টিফিকেট নিতে হবে। এজন্য যে সমস্ত হোমকেয়ার এজেন্সিতে দেকনা (এইচএইচএ/পিসিএ) লাইসেন্স আছে, সে সব এজেন্সির সাথে যোগাযোগ করা উচিত।

এ বিষয়ে গোল্ডেন এজ হোম কেয়ারের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ বলেন, 'সিডিপ্যাপ সেবা গ্রহীতারা আসলেই চ্যালেঞ্জের মুখে পড়বে। কারণ নতুন নিয়মে অনেক বিষয় তাদের বোঝার বাইরে থাকবে। তাই সময় নষ্ট না করে গ্রাহকদের সেকনা আছে এমন হোম কেয়ারের সঙ্গে যোগাযোগ করা উচিত।

এক্ষেত্রে গোল্ডেন এজ হোম কেয়ারের গ্রাহকদের দুশ্চিন্তার কোন কারণ নেই। কারণ আমাদের নিজস্ব ট্রেনিং সেন্টার রয়েছে, যেখান থেকে সেবাদানকারীরা প্রশিক্ষণ গ্রহণ করে এইচএইচএ/পিসিএ সার্টিফিকেট নিতে পারবেন।

পাশাপাশি গোল্ডেন এজের দেকনা, এনএইচটিডি এবং টিসিআই লাইসেন্সও রয়েছে। বিভিন্ন বরোতে দেশকয়েকটি অফিসও রয়েছে।

সেগুলোর যে কোন একটিতে গিয়ে নতুন বা বিদ্যমান কোন গ্রাহক প্রয়োজনীয় সেবা নিতে পারবেন।'






## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

### আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা



ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা




USA 5 YEARS MULTIPLE TOURIST VISA

### দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








# SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS, NEW YORK

# BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

## শুধু কোটা প্রথার বিরুদ্ধে নয়, এটি ছিল মুক্তির আন্দোলন

১২ পৃষ্ঠার পর

তালিকা তৈরি, হত্যা ও হামলায় জড়িতদের চিহ্নিত করা, বিশ্ববিদ্যালয় ও হল খুলে দেওয়ার চাপ তৈরি করা।

২৬ জুলাই নাহিদ ইসলামসহ কোটা সংস্কার আন্দোলনের তিন সমন্বয়ককে রাজধানীর গণস্বাস্থ্য নগর হাসপাতাল থেকে তুলে নিয়ে যায় সাদা পোশাকের এক দল ব্যক্তি। তাঁরা নিজেদের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য পরিচয় দিয়েছেন বলে সেখানে উপস্থিত এক সমন্বয়কের স্বজন ও হাসপাতালের চিকিৎসকেরা জানান।

২৭ জুলাই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন সংগঠনের আরও দুই সমন্বয়ককে হেফাজতে নেয় গোয়েন্দা শাখা। তারা হলেন সারজিস আলম ও হাসনাত আবদুল্লাহ। পরে এক অনলাইন সংবাদ সম্মেলনে ২৮ তারিখের (রোববারের) মধ্যে সমন্বয়ক নাহিদ ইসলামসহ, আসিফ মাহমুদসহ আটক সকল শিক্ষার্থীদের মুক্তি, মামলা প্রত্যাহার ও শিক্ষার্থী গণহত্যার সাথে জড়িত মন্ত্রী পর্যায় থেকে কনস্টেবল পর্যন্ত সকল দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে আল্টিমেটাম দেয় আন্দোলনকারী শিক্ষার্থীরা। একই সাথে রোববার সারা দেশের দেয়ালগুলোতে গ্রাফিতি ও দেয়াল লিখনসহ বিভিন্ন কর্মসূচির ঘোষণা দেয়া হয়। ২৮ জুলাই রাত ১০টার দিকে পুলিশি হেফাজতে থাকা ৬ সমন্বয়ক আন্দোলন প্রত্যাহারের ঘোষণা দেন। কিন্তু পুলিশে আটক হওয়া অবস্থায় পুলিশের অফিসে বসেই বাকি সমন্বয়কারীদের সাথে যোগাযোগ না করে এমন ঘোষণা দেয়ায় এই ঘোষণাকে সরকার ও পুলিশের চাপে দেয়া হয়েছে বলে আখ্যায়িত করে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেয় বাকিরা।

৩১ জুলাই হত্যা, গণগ্রেপ্তার, হামলা, মামলা ও গুমের প্রতিবাদে ৩১ জুলাই বুধবার সারাদেশে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন 'মার্চ ফর জাস্টিস' (ন্যায়বিচারের জন্য পদযাত্রা) কর্মসূচি পালন করে। ১ আগস্ট গোয়েন্দা পুলিশের (ডিবি) হেফাজতে থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয় সমন্বয়ককে বেলা দেড়টার একটু পরেই ছেড়ে দেওয়া হয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ২ আগস্ট শুক্রবার 'প্রার্থনা ও ছাত্র-জনতার গণমিছিল' কর্মসূচি ঘোষণা করে। ২ আগস্ট গোয়েন্দা পুলিশের (ডিবি) হেফাজত থেকে ছাড়া পাওয়া বৈষম্যবিরোধী আন্দোলনের ছয় সমন্বয়ক গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে বলেন যে আন্দোলন প্রত্যাহার করে ডিবি অফিস থেকে প্রচারিত ছয় সমন্বয়কের ভিডিও বিবৃতিটি তারা স্বেচ্ছায় দেননি।

৩ আগস্ট অনির্দিষ্টকালের জন্য সর্বাত্মক অসহযোগ আন্দোলনের ডাক দেয়া হয়। কেন্দ্রীয় শহীদ মিনারে দেয়া হয় অসহযোগ আন্দোলনের রূপরেখা। রূপরেখাগুলো ছিল:

কেউ কোনো ধরনের ট্যাক্স বা খাজনা প্রদান করবেন না। বিদ্যুৎ বিল, গ্যাস বিল, পানির বিলসহ কোনো ধরনের বিল পরিশোধ করবেন না। সকল ধরনের সরকারি বেসরকারি প্রতিষ্ঠান, অফিস আদালত ও কল কারখানা বন্ধ থাকবে। আপনারা কেউ অফিসে যাবেন না, মাস শেষে বেতন তুলবেন।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম বন্ধ থাকবে।

প্রবাসীরা ব্যাংকিং চ্যানেলে কোনো ধরনের রেমিট্যান্স দেশে পাঠাবেন না।

সকল ধরনের সরকারি সভা, সেমিনার, আয়োজন বর্জন করবেন।

বন্দরের কর্মীরা কাজে যোগ দেবেন না। কোনো ধরনের পণ্য খালাস করবেন না।

দেশের কোনো কলকারখানা চলবে না, গার্মেন্টকর্মী ভাই বোনেরা কাজে যাবেন না।

গণপরিবহন বন্ধ থাকবে। শ্রমিকরা কেউ কাজে যাবেন না।

জরুরি ব্যক্তিগত লেনদেনের জন্য প্রতি সপ্তাহের রোববার ব্যাংকগুলো খোলা থাকবে।

পুলিশ সদস্যরা রুটিন ডিউটি ব্যতীত কোনো ধরণের প্রটোকল ডিউটি, রায়ট ডিউটি ও প্রটেস্ট ডিউটিতে যাবেন না। শুধু থানা পুলিশ নিয়মিত থানার রুটিন ওয়ার্ক করবে।

দেশ থেকে যেন একটি টাকাও পাচার না হয়, সকল অফশোর ট্রানজেকশন বন্ধ থাকবে। বিজিবি ও নৌবাহিনী ব্যতীত অন্যান্য বাহিনী সেনানিবাসের বাইরে ডিউটি পালন করবে না। বিজিবি ও নৌবাহিনী ব্যারাক ও কোস্টাল এলাকায় থাকবে।

আমলারা সচিবালয়ে যাবেন না, ডিসি বা উপজেলা কর্মকর্তারা নিজ নিজ কার্যালয়ে যাবেন না।

বিলাস দ্রব্যের দোকান, শো রুম, বিপণিবিতান, হোটেল, মোটেল, রেস্টুরেন্ট বন্ধ থাকবে। তবে হাসপাতাল, ফার্মেসি, ওষুধ ও চিকিৎসা সরঞ্জাম পরিবহন, অ্যাম্বুলেন্স সেবা, ফায়ার সার্ভিস, গণমাধ্যম, নিত্যপ্রয়োজনীয় দ্রব্য পরিবহন, জরুরি ইন্টারনেট সেবা, জরুরি ত্রাণ সহায়তা এবং এই খাতে কর্তব্যরত কর্মকর্তা-কর্মচারী পরিবহন সেবা চালু থাকবে। নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দোকান বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত খোলা থাকবে।

এক দফা দাবি

৩ আগস্ট শহীদ মিনার থেকে সমন্বয়ক নাহিদ ইসলাম সরকার পদত্যাগের এক দফা আন্দোলন ঘোষণা করেন। এক দফা ঘোষণার সময় শহীদ মিনারে আরও উপস্থিত ছিলেন অন্যান্য সমন্বয়করা। তারা হলেন নাহিদ ইসলাম, সারজিস আলম, হাসনাত আবদুল্লাহ, আসিফ মাহমুদ, আবু বাকের মজুমদার ও আবদুল কাদের।

শুরুতে ৬ই আগস্ট বৈষম্যবিরোধী আন্দোলন 'লং মার্চ টু ঢাকা' কর্মসূচি ঘোষণা করে। তবে এই পরিস্থিতি বিবেচনায় সমন্বয়করা কর্মসূচি একদিন এগিয়ে এনে ৫ই আগস্ট ঘোষণা করেন। আন্দোলনকে ঘিরে ৫ আগস্ট অনেক জেলায় পাল্টাপাল্টি ধাওয়া, সংঘর্ষ এবং গোলাগুলির ঘটনা ঘটে, এতে ১০৮জন সাধারণ নাগরিক ও পুলিশ নিহত হয়।

৫ আগস্ট শেখ হাসিনা এক দফা দাবির প্রেক্ষিতে সম্মিলিত ছাত্র-জনতার এক গণঅভ্যুত্থানে পদত্যাগ করেন এবং দেশ থেকে পালিয়ে ভারতে আশ্রয় নেন। এরই মধ্য দিয়ে তার ১৫ বছরেরও বেশি সময়ের শাসনের অবসান ঘটে।

লেখক: কলামিস্ট ও চবি আলামনাই কানাডার সভাপতি। সাবেক ট্রাস্টি, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

## খালেদা এখনো যেভাবে বিএনপির ঐক্য ও সংহতির প্রতীক

১০ পৃষ্ঠার পর

আলোচনা আছে, সেটাও অনেকটা কল্পনাপ্রসূত। বিএনপির স্থায়ী কমিটির একজন সদস্য প্রথম আলোকে বলেন, 'তিনি (খালেদা জিয়া) চিকিৎসার জন্য দেশের বাইরে যাচ্ছেন। সে জন্য তাঁর স্বাস্থ্যের খোঁজ নিতে সেনাপ্রধান সস্ত্রীক এসেছিলেন। যতটুকু জেনেছি, সাক্ষাতে ম্যাডামের স্বাস্থ্য ও চিকিৎসা নিয়েই কথাবার্তা হয়েছে, রাজনীতি বা অন্য কোনো বিষয়ে আলোচনা হয়নি।' (প্রথম আলো, ৫ জানুয়ারি ২০২৫) বিবিসির খবরে বলা হয়, বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া চিকিৎসার জন্য লন্ডন গেছেন, তবে দলের ভেতরে ও বাইরে তাঁর বিদেশ যাওয়া নিয়ে 'স্বস্তি' পাশাপাশি 'উদ্বেগ-উৎকণ্ঠা'ও আছে। দুই শীর্ষ নেতার 'অনুপস্থিতি' কেমন পরিস্থিতি তৈরি করতে পারে, সেটি নিয়ে নানা বিচার-বিশ্লেষণ চলছে দলটির নেতা, কর্মী ও সমর্থকদের মধ্যে। এর অর্থ খালেদা জিয়ার উপস্থিতি যেমন দলের জন্য, তেমনি গণতন্ত্রের জন্যও অপরিহার্য।

ডিসেম্বরের শেষ দিকে খালেদা জিয়ার বিদেশযাত্রার বিলম্ব সম্পর্কে জানতে চাইলে বিএনপির একজন কেন্দ্রীয় নেতা বলেছিলেন, 'ম্যাডামের এখন যে শারীরিক অবস্থা, তাতে বিদেশে যেতে কোনো বাধা নেই। তবে দেশে তাঁর উপস্থিতি থাকা না-থাকার ওপর অনেক কিছু নির্ভর করে।' তিনি খোলাসা করে না বললেও বিএনপি নেতৃত্বে যে উত্তোর-চাপান আছে, সেটা স্বীকার করলেন। ইতিমধ্যে নির্বাচনের সম্ভাব্য প্রার্থিতা নিয়ে বিভিন্ন স্থানে সংঘাত-সংঘর্ষের ঘটনাও ঘটেছে। কেন্দ্রীয় নেতাসহ অনেকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েও পরিস্থিতি সামাল দেওয়া যাচ্ছে না পুরোপুরি। এ মুহূর্তে দলের প্রধান ও ভারপ্রাপ্ত চেয়ারম্যানের বিদেশে থাকা নিয়ে বিএনপির নেতা-কর্মীরা কিছুটা চিন্তিতও। তাঁদের সঙ্গে দেশবাসীও আশা করেন, খালেদা জিয়া চিকিৎসা শেষে সুস্থ হয়ে দেশে ফিরে ফের দলের হাল ধরবেন। নেতা-কর্মীরা তাঁকেই দলের ঐক্য ও সংহতির প্রতীক মনে করেন। প্রশ্ন উঠেছে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দেশে আসার বিলম্ব নিয়েও। কয়েক দিন আগে বিএনপির স্থায়ী কমিটির একজন সদস্য বলেছেন, তারেক রহমানের দেশে ফিরে আসার পরিবেশ এখনো হয়নি। এর মধ্য দিয়ে তিনি কি তাঁর বিরুদ্ধে মামলার ইঙ্গিত করেছেন না অন্য কিছু? মামলার ইঙ্গিত করলে হয়তো তেমন চিন্তা নেই। খালেদা ও তারেকের বিরুদ্ধে দায়ের করা প্রায় সব মামলা চূড়ান্ত নিষ্পত্তির পথে। তারেক রহমানের দেশে ফিরে আসার 'পরিবেশ' কখন তৈরি হবে, সেটা নিশ্চিত করে না বলা গেলেও, খালেদা জিয়ার লন্ডনযাত্রা কোনোভাবেই প্রস্থান নয়; এটা রাজনীতিতে পুনরাগমনের পূর্বাভাসই বলে ধারণা করি।

সোহরাব হাসান: প্রথম আলোর যুগ্ম সম্পাদক ও কবি।

## সংসার ভাঙলো হাসিনা পুত্রের

১ পৃষ্ঠার পর

এবং আমি আর একসঙ্গে নেই। এছাড়াও তিনি বলেন, তার পরিবারের বিরুদ্ধে কুৎসা রটানো হচ্ছে। সাম্প্রতিক সময়ে একটি ভুয়া এফবিআই রিপোর্টের দাবি করে তার বিরুদ্ধে মিথ্যা প্রচার চালানো হচ্ছে।

তিনি বলেন, তারা যে এফবিআই এজেন্টের নাম উল্লেখ করেছে, তিনি বহু বছর আগে অবসর নিয়েছেন। এছাড়া যাকে জাস্টিস ডিপার্টমেন্টের আইনজীবী হিসেবে উল্লেখ করা হয়েছে, তিনি ২০১৩ সালেই মারা গেছেন। এটা থেকেই স্পষ্ট যে এই রিপোর্ট সম্পূর্ণ মিথ্যা। এছাড়া, রিপোর্টে তার নামে উল্লেখিত গাড়িগুলোর তালিকা নিয়েও তিনি প্রশ্ন তুলেছেন। তিনি জানান, তালিকায় থাকা গাড়িগুলোর মধ্যে বেশিরভাগই তিনি ২০ বছর আগে বিক্রি করেছেন এবং তার কোনো বিদেশি ব্যাংক অ্যাকাউন্ট নেই। জয় আরও বলেন, আমি চ্যালেঞ্জ করছি, যদি তাদের কাছে কোনো প্রমাণ থাকে, তাহলে তা জনসমক্ষে উপস্থাপন করুক।

## ভারত সরকার কি শেখ হাসিনাকে ফেরত দেবে?

৫ পৃষ্ঠার পর

অধিকার থেকে বঞ্চিত রেখেছেন। যে ক্ষোভ ছিল প্রতিটি মানুষের অন্তরে। ভারতের সরকারকে বুঝতে হবে বাংলাদেশের মানুষ কোন দেশের মোড়লী পনা ও দাদাগিরী সহ্য করে না। আমরা স্বাধীন চেতা মানুষ। এক সময় মধ্যেই সব কিছুর পাল্টা জবাব দেবে। ভারত সরকারের চিন্তা করতে হবে ৭১ সালের জেনারেশন আর বর্তমান জেনারেশনের মধ্যে, চেতনা ও স্বকীয়তার মধ্যে পার্থক্য আছে। এই বাস্তবতা মেনে নিয়েই আমাদের দু দেশের সম্পর্ক উন্নয়ন করতে হবে। ভারত আমাদের বৃহৎ প্রতিবেশি দেশ। চার হাজার পাচ শত কিলোমিটার নিয়ে আমাদের বর্ডার রয়েছে। সুতরাং দুই দেশের স্বার্থেই আমাদের সম্পর্ক উন্নয়ন করা একান্ত জরুরী। কিন্তু ভারতীয় সরকার আমাদের দেশের অন্তর্বর্তীকালীন সরকারকে কোন ভাবেই মেনে নিতে পারছেন না। বরং একটি দল ও শেখ হাসিনাকে ক্ষমতায় পুনঃপ্রতিষ্ঠার জন্য রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় তাদের গণ মাধ্যমে ও সামাজিক যোগাযোগ মাধ্যমে এক তরফাভাবে বাংলাদেশ বিরোধী প্রচারণা চালিয়ে যাচ্ছেন। আমাদের দেশে অশান্তি সৃষ্টির জন্য হিন্দু মৌলবাদী সংগঠন ইসকন সহ বিভিন্ন গোষ্ঠীদের উস্কানি দিচ্ছেন। আগরতলায় বাংলাদেশ হাইকমিশনে হামলা-ভাংচুর, আমাদের জাতীয় পতাকার অবমাননা, সীমান্তে কাঁটাতারের বেড়া, সীমান্ত হত্যা ও উত্তেজনা বিরাজমান। যা কোন সচেতন মানুষ পার্শ্ববর্তী দেশের কাছ থেকে আশা করে না। আমাদের দুই দেশের সম্পর্ক উন্নয়নে তা অন্তরায়। এবং সর্বশেষ ভারতীয় সেনাবাহিনীর প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদির বক্তব্য আরও স্পষ্ট হয়েছে। তিনি বলেন ,বাংলাদেশের সাথে আমাদের সম্পর্ক হবে নির্বাচিত সরকারের সাথে। সেনাপ্রধান যা বলেছেন,তা সে দেশের সরকারের রাজনৈতিক বক্তব্যও প্রতিধ্বনি। এর আগে সাবেক ভারতীয় রাষ্ট্রদূত হর্ষবর্ধন শ্রিংলা আরও পরিষ্কারভাবে এই কথাগুলো বলেছেন। যদিও একজন সেনাবাহিনীর প্রধানের কাছ থেকে এ ধরনের বক্তব্য কেউ আশা করে না। বিশ্বের কোন উন্নত দেশের সেনা প্রধানের এ ধরনের বক্তব্যর নজির নেই। বাংলাদেশের ষোল বছরের মানবাধিকার লংঘন ও গণতন্ত্রহীনতার সংস্কৃতির ব্যাপারে জাতিসংঘ সহ উন্নত বিশ্ব ছিল সোচ্চার। বিরোধী দলের অনুপস্থিতিতে ভোট কারচুপি, দিনের ভোট রাতে সম্পন্ন করা ,ডামিদের নিয়ে ভোটের নামে তামাশার কারনে শেখ হাসিনা সরকার ছিল সমালোচিত ও অগ্রহণযোগ্য। দেশের মানুষ ও বিশ্বের গণতান্ত্রিক রাষ্ট্রের প্রত্যাশা ছিল সেই সরকারের পরিবর্তন। বাংলার হাজার হাজার ছাত্র জনতা বুকের তাজা রক্তের বিনিময়ে স্বৈরাচারের পতন করে মানুষের কাংখিত সরকার প্রতিষ্ঠিত করেছে। বিশ্ব নন্দিত , সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তি নোবেল বিজয়ী ড.মোহাম্মদ ইউনুসের নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকার কে আমেরিকা, ইউরোপ সহ বিশ্বের সকল দেশ অভিনন্দন জানিয়েছেন। কিন্তু ভারতের সমস্যা কি? এটা আমাদের বুঝতে অসুবিধে নেই, তারা তাদের নিজস্ব স্বার্থের বাইরে যেতে চায় না। অর্থাৎ যে পুতুল সরকার নিজের নাক কেটে পরের যাত্রা করবে, তাদের সাথেই সম্পর্ক হবে। ভারতীয় সরকারের এই মনোভাবের কারনে বাংলাদেশের আপামর জনগনের শ্রদ্ধা ও ভালবাসার বদলে ঘৃণার জন্ম দিচ্ছে। যা ভবিষ্যতে সৌহার্দ্য সম্পর্কের ক্ষেত্রে সুখকর নয়। বিশেষ করে মৌলবাদী মোদি সরকার, ধর্মীয় উম্মাদনাকে তার ক্ষমতা পাকাপোক্ত করার জন্য কাজে লাগাচ্ছেন। তিনি যতবেশি দেখাতে পারবেন বাংলাদেশে হিন্দুদের উপর আক্রমন ও নির্যাতন হচ্ছে তাদের আলকশী হিসেবে ভারতের মুসলিমদের চাপে রেখে, তার দেশে হিন্দু ভোটের সংখ্যা বৃদ্ধি পাবে। সেই একই রাজনীতি ভারতের অভ্যন্তরে হিন্দু মুসলিম দাংগা, মসজিদ ভেঙে মন্দির স্থাপন করে সম্প্রীতি নষ্টের খেলাই চলছে। আর ভারতের হিন্দু মুসলিম ভোটের লড়াইয়ের দাবার গুটি হিসেবে শেখ হাসিনাকে ব্যবহার করা হচ্ছে। সুতরাং শেখ হাসিনাকে ভারতে রাখাই লাভ বেশি। যে কারনে বিশ্বের কোন দেশ শেখ হাসিনাকে আশ্রয় না দিলেও ভারত দ্বিতীয় বারের মতো ভিসার মেয়াদ বৃদ্ধি করেছে। এ ব্যাপারে ভারতের বি জে পি এবং কংগ্রেসের চিন্তাধারা একই। কংগ্রেসের কেন্দ্রীয় নেতা, সাবেক মন্ত্রী ও কূটনৈতিক মনি শংকর আইয়ার পি.টি.আইকে এক সাক্ষাৎকারে বলেন, শেখ হাসিনা ও তার দল আমাদের দীর্ঘদিনের পরিক্ষিত বন্ধু। তিনি ক্ষমতায় থাকা কালে আমাদের জন্য ভালো অনেক কিছু করেছেন। তাকে সহায়তা করা আমাদের একান্ত জরুরী। তিনি যতদিন ইচ্ছে আমৃত্যু এখানে থাকবেন। কিন্তু নোবেল বিজয়ী অমর্ত্য সেন বলেন, 'ধর্মীয় অবক্ষয়ে ভারতের মতো সংকীর্ণতা বাংলাদেশে নেই'। ভারতীয় প্রখ্যাত বুদ্ধিজীবী, সাংবাদিক অর্ক ভাদুড়ী বলেন ,'আগে মানুষ মন্দিরে যেত ভগবান খুঁজতে আর এখন মসজিদের নিচে খুঁজছে মন্দির'। এগুলো মোদিজীর পুরানো খেলা। ১৯০৫ সালে মুসলিমলীগ সংখ্যা লঘু নিয়ে খেলছিলো। বাংলাদেশে কোন হিন্দু নির্যাতিত নয়। এগুলো রাজনৈতিক খেলা। বাংলাদেশের মানুষ বলছে হাসিনাকে ভোট চোর, স্বৈরাচার, গনহত্যাকারী। আমরা কেন একজন লোককে জায়গা দিয়ে একটা দেশ এবং আঠারো কোটি মানুষের চক্ষুশূল হচ্ছি। পাশের বাড়ির ঝামেলা নিয়ে আমরা নাক গলাব কেন? এই ব্যক্তিকে আশ্রয় দিয়ে পশ্চিম বঙ্গের ব্যবসা বানিজ্য, অর্থনীতির বিরাট ক্ষতি হচ্ছে। সে দিকে লক্ষ রাখা উচিৎ। ভারত ও বাংলাদেশের দুই দেশের সংবিধানে লেখা আছে। আমরা কোন দেশের অভ্যন্তরীন ব্যাপারে হস্তক্ষেপ করব না। কিন্তু ভারত কখনো এই সৌজন্যতা বোধ দেখায়নি। সেজন্য দক্ষিণ এশিয়ার কোন দেশের সাথে সম্পর্ক ভালো নেই ।এবং যদি অন্য দেশের অপরাধী ধরা পড়ে তবে বন্দী বিনিময় চুক্তির কারনে সংশ্লিষ্ট দেশের কাছে ফেরত দেবে। সেই চুক্তির কারনে বাংলাদেশে গ্রেফতারকৃত অনুপ চেটিয়াকে ভারত সরকারের কাছে ফেরত দিয়েছিল। সেই চুক্তির বলেই জুলাই গণহত্যার দায়ে অভিযুক্ত শেখ হাসিনাকে বাংলাদেশ সরকার ভারতীয় সরকারের কাছে ফেরত চেয়েছে। বিচারের সম্মুখীন করার জন্য। যদি ভারত ন্যায় বিচারের স্বার্থে অভিযুক্ত ব্যক্তিকে ফেরত দেয়। তবে বুঝা যাবে ভারত তার সংবিধান ও পার্শ্ববর্তী দেশের প্রতি শ্রদ্ধাশীল। পৃথিবীর কাছে প্রমাণিত হবে ন্যায় বিচার ও সংবিধানের স্বার্থে বন্ধুকেও ফেরত দিতে কুন্ঠাবোধ করে না।কিন্তু অবস্থা দৃষ্টে মনে হচ্ছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের গ্রেফতারী পরোয়ানা দিয়ে। অন্তর্বর্তী কালীন সরকারের পররাষ্ট্র মন্ত্রীর চিঠিতে কাজ হবে না। ভারতের ইচ্ছা দ্রুত নির্বাচনের মাধ্যমে গঠিত সরকারের সাথে শেখ হাসিনা বিষয়ে বুঝাপড়া ও ভারতের সম্পর্কের নিশ্চিত হওয়ার পর এ ব্যাপারে সিদ্ধান্ত হবে। সেই দিকেই হাটছে বাংলাদেশের সম্ভাব্য ক্ষমতাসীন পার্টি। যে কারনে হাজারো শহিদের আত্মত্যাগের বিনিময়ে এত বড়ো বিপ্লব হলো। কিন্তু কোন সংস্কার ছাড়াই অবিলম্বে নির্বাচনের দাবী। যে দলের নেতা কর্মীরা দীর্ঘ ষোল বছর শত শত মামলা নিয়ে কোর্টের দ্বারে দ্বারে ধর্ণা দিতে হতো। গুম,খুন,নির্যাতনের কারণে রাস্তায় আন্দোলন করতে পারে নাই। নেত্রী কারাগারে সুচিকিৎসার ব্যবস্থা ছিল না। ভারপ্রাপ্ত চেয়ারম্যান ৮২ টি মামলা ও যাবজ্জীবন কারাদণ্ডাদেশ নিয়ে বিদেশে নির্বাসিত জীবন। যে দল ষোল বছর আন্দোলন করে সরকারের কিছুই করতে পারেনি। তবে জনমত সৃষ্টি হয়েছিল। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের রাজা হেলেনের লাশের উপর দিয়ে গন অভ্যুত্থান সৃষ্টি হয়। সেই বৃহৎ দল সবাইকে নিয়ে ভংগুর দেশ গড়ার চিন্তা না করে গোল দিবের মাথায় নির্বাচনের জন্য সরকার কে চাপ শুরু করে দিল। কেন এত তাড়াহুড়া? ক্ষমতায় গিয়ে নিজেদের আসন পাকাপোক্ত করার জন্য। আর পার্শ্ববর্তী শক্তিশর দেশের সাথে আঁতাত করে গণহত্যায় অভিযুক্ত ব্যক্তি, দল ও দুর্নীতিবাজদের পুনঃ প্রতিষ্ঠা করতে চান?

শাহাব উদ্দীন: কলামিষ্ট ও রাজনীতিক।


MLS

# York Holding Realty

Licensed Real Estate Broker

Over 20 Years Experience in Real Estate Business



Zakir H. Chowdhury
President

■ Now Hiring Sales Persons
■ Free Training (Free course fees for selected people)
■ Earn up to 300K Yearly

Call Us: 718-255-1555 | 917-400-3880

We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals

718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com

70-32 Broadway, Jackson Heights NY-11372



MD Golam Mostofa, ESQ.
NY State Attorney

LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


BUY - SALE - RENT
kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY
List your House with me
I will Sell within a short time
বাড়ী দ্রুত ক্রয়- বিক্রয় ও
ভাড়ার জন্য এখনই যোগাযোগ করুন
REHENA AKTER
Licensed Real Estate Salesperson
(646) 724-5933
(347) 846-1200
MLS
akter@kw.com
akter.kw.com
75-35 31ST AVENUE, SUITE 202
JACKSON HEIGHTS, NY 11370
EACH OFFICE IS INDEPENDENTLY OWNED AND OPERATED

نسك nusuk

إثراء الخير ITHRAA ALKHAIR

ZAM ZAM TRAVEL US

رواف منى لخدمات الحجاج Rawaf Mina for Pilgrims Services

وزارة الحج والعمرة MINISTRY OF HAJJ AND UMRAH



# HAJJ REGISTRATION IS OPEN

## FOR US PASSPORT AND GREENCARD HOLDERS

**ZAM ZAM TRAVEL US** in a Partnership with
**ITHRAA ALKHAIR & RAWAF MINA**

## Our Services

- **Flight Ticket**
- **Visa Processing**
- **Hajj & Umrah Service Provider**

আমরা সারা বছর
আপনাদের চাহিদা অনুযায়ী
উমরাহ প্যাকেজ করে থাকি

zamzamtravelus

www.zamzamtravelus.com

+1 (718) 395-9697 zamzamtravelus@gmail.com

37-15 73 Street (Suite-207), Jackson Heights, NY-11372

## রানো নেওয়াজের সুস্থতা কামনায় দোয়া-মাহফিল

৬৪ পৃষ্ঠার পর

মাওলানা ইয়াহইয়া। এতে অংশগ্রহণ করেন নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ারের প্রেসিডেন্ট এড লিউও, সাপ্তাহিক আজকাল'র সম্পাদক ও প্রকাশক শাহ নেওয়াজ, ইমরান রন শাহ, আনোয়ারুল আলম ভূঁইয়া, কুতুবুদ্দিন সোলায়মান, মুক্তিযোদ্ধা আব্দুস সালাম, মুক্তিযোদ্ধা জাহাঙ্গীর আলম, মুক্তিযোদ্ধা সৈয়াকত আলী, কবি জুলি রহমান, কবি বি.মেহের চৌধুরী, আবু সাঈদ খান, মঞ্জুরুল আলম, ডাক্তার নার্গিস রহমান, আলমগীর খান আলম, আহসান হাবীব, ডে কেয়ারের এক্সিকিউটিভ ডিরেক্টর জাহিদ আলম, অনিক রাজসহ ব্রঙ্কসের বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

## ট্রাম্পের অভিষেকে অংশ নিবেন বিএনপি নেতা বাতিন

৬৪ পৃষ্ঠার পর

পার্টির সাথে অনেক দিন ধরেই সম্পৃক্ত। গত নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পকে ভোট দিয়েছি। তিনি নির্বাচিত হওয়ায় আমি খুশি। তার প্রশাসনে রয়েছে এমন বেশ কয়েকজনের সঙ্গে আমার পরিচয় থাকায় ট্রাম্পের শপথ গ্রহণ অনুষ্ঠানে যাওয়ার জন্য যোগাযোগ করি। এরপর তারাও যোগাযোগ করেন। এ জন্য প্রয়োজনীয় প্রক্রিয়াও সম্পন্ন করতে হয়েছে। আমি কয়েকটি ইভেন্টে যোগ দেওয়ার সুযোগ পেয়েছি। তারা আমাকে অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য কনফারমেশন দিয়েছেন এরমধ্যে রয়েছে, আগামী ১৯ জানুয়ারি মেক আমেরিকা গ্রেট অ্যাগেইন ভিক্টরি র‌্যালিতে অংশ নেবো। ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট হিসাবে শপথ নেবেন আগামী ২০ জানুয়ারি। শপথগ্রহণ অনুষ্ঠান বেলা ১১টায় শুরু এবং সিবাটি ইনোগোরাল বল সন্ধ্যা সাড়ে ৬টায়। এমএ বাতিন বলেন, এবারের নির্বাচনের আগে রিপাবলিকানদের জন্য কাজ করেছি। ভবিষ্যতে বেশি পরিসরে নিজেকে যুক্তরাষ্ট্রের রিপাবলিকান পার্টির সাথে সম্পৃক্ত করতে চাই।

উল্লেখ্য, বিএনপির রাজনীতির সাথে তিনি দীর্ঘদিন ধরেই সম্পৃক্ত। দেশে থাকতেও সম্পৃক্ত ছিলেন। নিউইয়র্কেও সম্পৃক্ত রয়েছেন। তিনি ১৯৯৬ সালে যুক্তরাষ্ট্রে আসেন। তিনি সিলেটের বিয়ানীবাজারের সন্তান।

## 'খসরু-সুয়েব' প্যানেল নির্বাচনে 'জালাল-রেণু'দের বয়কট

৬৪ পৃষ্ঠার পর

সম্পন্ন হওয়ার ঘোষণা দেন এসোসিয়েশনের প্রধান নির্বাচন কমিশনার সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ। কমিশন সূত্রে জানা যায়, ১ হাজার ৮ জন সাধারণ ভোটার এবার রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। সাবেক ও বর্তমান মোট লাইফ মেম্বার হচ্ছে ৬২ জন। এ সময় নির্বাচন কমিশনার সদস্য আব্দুল আলী ও আব্দুল মুকিত চৌধুরী উপস্থিত ছিলেন। এদিকে ভোট রেজিস্ট্রেশনের শেষ দিনে রোববার এস্টোরিয়ায় আয়োজিত এক সংবাদ সম্মেলনে 'পিতার নাম ছাড়া ভোটার তালিকা করার অভিযোগ এনে ভোট বয়কটের ঘোষণা দিয়েছেন 'জালাল-রেণু' প্যানেল'। অপরদিকে ভোটার নিবন্ধন কার্যক্রম সফলভাবে সম্পন্ন হওয়ায় ভোটারদের কৃতজ্ঞতা জানিয়ে আসন্ন এসোসিয়েশনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী 'খসরু-সুয়েব' পরিষদ সবার সহযোগিতা কামনা করেছেন। আগামী মে মাসের প্রথম সপ্তাহে এই নির্বাচন হওয়ার কথা বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, অতীতে ফুলতলা এসোসিয়েশনের ৫টি নির্বাচনে ভোটার তালিকায় পিতার নাম অন্তর্ভুক্তির বিধান ছিলো না। শুধুমাত্র ভোটারের নাম ঠিকানা, মোবাইল ও জন্ম সাল দিয়ে ভোটার রেজিস্ট্রেশনের নিয়ম ছিলো। কিন্তু এবার ভোটারের সদস্য ফর্মে 'পিতার নাম' অন্তর্ভুক্তির দাবী উঠেছে। এনিয়ে সংগঠনের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা গেছে এবং পাল্টাপাল্টি বক্তব্য পাওয়া যাচ্ছে। এ বিষয়ে একাধিক ভোটার জানান, একটি এসোসিয়েশনের ভোটার হতে যদি এতো তথ্য দেওয়া অনেকের পক্ষে সম্ভব না। কারণ তথ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত না হয়ে কেউই এ রকম একটি প্লাটফর্মে ব্যক্তিগত তথ্য দিতে চাইবে না। এখন হঠাৎ শুনি একটি প্যানেল পিতার তথ্য দিয়ে ভোটার তালিকায় নিবন্ধন চায়। কমিউনিটির সাথে সম্পৃক্ত থাকার জন্য এ রকম এসোসিয়েশনের সাথে যুক্ত থাকেন প্রবাসী বাংলাদেশীরা। এখানে ব্যক্তিগত সকল তথ্য দিয়ে কেউই নিজের তথ্যের গোপনীয়তাকে ঝুঁকিতে ফেলে ভোটার হতে চাইবে না।

তাছাড়া এ বছর নির্বাচন প্রস্তুতির অংশ হিসেবে ভোটার রেজিস্ট্রেশনের শেষ দিনে এসে ভোটারদের সাথে তাদের পিতার নামের অন্তর্ভুক্তির দাবি এনে ভোট বয়কটের ঘোষণা দেওয়ায় অনেকটা বিস্মিত ভোটাররা।

রোববার সন্ধ্যা ৭টার দিকে এস্টোরিয়ার বৈশাখী রেস্টুরেন্টে আনুষ্ঠানিক ভোটার নিবন্ধন কার্যক্রম সম্পন্ন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি শাহ আলাউদ্দিন। সংগঠনের সাধারণ সম্পাদক জাবেদ আহমদের সঞ্চালনায় নির্বাচন কমিশনারবৃন্দ ছাড়াও এসময় প্রবীণ রাজনীতিক লুৎফুর রহমান চৌধুরী হেলাল, 'খসরু-সুয়েব' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক রাশেদুল মান্নান চৌধুরী হেশাম, সদস্য সচিব জামাল উদ্দিন লিটন, সভাপতি পদপ্রার্থী সৈয়দ ইলিয়াস খসরু ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী মজিবুর রহমান সুয়েব, বর্তমান কোষাধ্যক্ষ কামাল আহমেদ, আটোয়া এসোসিয়েশন ইউএসএ'র সাধারণ সম্পাদক হারুনুর রশীদ, সংগঠক শওকত হোসেন, মিসবাহুর রহমান এনাম, রুহুলাদুল ইসলাম লিটু, রায়হান বিন ওয়াহিদ প্রমুখ উপস্থিত ছিলেন। অপরদিকে জালালাবাদ ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে নির্বাচন বয়কটের ঘোষণা দিয়ে 'জালাল-রেণু' প্যানেলের সভাপতি পদপ্রার্থী এনায়েত হোসেন জালাল বলেন, 'পিতার নাম' ছাড়া ভোটারদের নাম তালিকায় অন্তর্ভুক্তির বিষয়টি নির্বাচন কমিশনে বরাবর অভিযোগ করা হয়েছে। তবে কমিশন এ বিষয়ে কোনো ব্যবস্থা নেয়নি। বরং উল্টো নির্বাচন কমিশন পক্ষপাতমূলক আচরণ করছে বলে অভিযোগ করেন জালাল উদ্দিন। এছাড়াও গঠনতন্ত্র সুষ্ঠুভাবে ভোটার অর্ন্তভুক্তির সঠিক নীতিমালা না আনা পর্যন্ত, আগামীতে এসোসিয়েশনের কোনো কর্মসূচিতে অংশগ্রহণ থেকে বিরত থাকার জন্য সবার প্রতি আহবান জানানো। তিনি বলেন, এসোসিয়েশনের গঠনতন্ত্রে সুষ্ঠুভাবে ভোটার অন্তর্ভুক্তির সঠিক নীতিমালা না আনা পর্যন্ত, আগামীতে এসোসিয়েশনের কোনো কর্মসূচিতে অংশগ্রহণ থেকে বিরত থাকবেন বলে জানান।

হাজী বদরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে রেজাউল করিম রেণু, জাভেদ খসরু, আশরাফ আহমেদ ইকবাল, কয়ছর রশীদ, আতাউর রহমান চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

## ক্ষমতা যাচ্ছে 'বিপজ্জনক' গোষ্ঠির হাতে

৬৪ পৃষ্ঠার পর

নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর আগে ২০২০ সালে ট্রাম্পকে পরাজিত করে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হয়েছিলেন বাইডেন।

ওভাল অফিস থেকে গত বুধবার রাতে আমেরিকানদের উদ্দেশে বিদায়ী ভাষণ দেন বাইডেন। ওভাল অফিস থেকে এবার পঞ্চমবারের মতো ভাষণ দিলেন তিনি। এর আগে ২০২৪ সালের জুলাই মাসে ভাষণ দিয়েছিলেন জো বাইডেন। মনে করা হচ্ছে, এবারই প্রেসিডেন্ট হিসেবে জীবনের সর্বশেষ ভাষণ দিয়েছেন বাইডেন। আর এ ভাষণেই আমেরিকানদের সতর্ক করেছেন তিনি।

জাতির উদ্দেশে দেয়া ভাষণে ৮২ বছর বয়সী বাইডেন বলেছেন, আজ আমেরিকায় চরম সম্পদ, ক্ষমতা ও প্রভাবের একটি 'অলিগার্কি' বিকশিত হচ্ছে। বাইডেন বলেন, 'আমেরিকায় সম্পদ, ক্ষমতা এবং প্রভাব এক অভিজাততন্ত্রে রূপ নিচ্ছে যা আমাদের সমগ্র গণতন্ত্র, আমাদের মৌলিক অধিকার এবং স্বাধীনতাকে সত্যিই হুমকির মুখে ফেলেছে এবং সকলের এগিয়ে যাওয়ার জন্য ন্যায্য সুযোগ তৈরি করেছে। আমেরিকার মূল ধারণা হচ্ছে- সকলেরই ন্যায্য সুযোগ পাওয়ার অধিকার রয়েছে। কঠোর পরিশ্রম এবং প্রতিভা একজনকে যতদূর নিয়ে যেতে পারে। আমরা কখনই এই অপরিহার্য সত্য থেকে বিচ্যুত হতে পারবো না।' ১৯৬১ সালে হোয়াইট হাউস ত্যাগ করার সময় সাবেক প্রেসিডেন্ট আইজেন হাওয়ার সামরিক-শিল্প সম্পর্কে যে সতর্কবার্তা দিয়েছিলেন, তাঁর প্রতি ইঙ্গিত করে বাইডেন বলেন, আমি একটি প্রযুক্তি-শিল্প কমপ্লেক্সের সম্ভাব্য উত্থান সম্পর্কে সমানভাবে উদ্বিগ্ন। কেননা তা আমাদের দেশের জন্য প্রকৃতপক্ষে বিপদ ডেকে আনতে পারে।

যুক্তরাষ্ট্রের জনগণ ভুল তথ্য এবং বিভ্রান্তিকর তথ্যের নীচে চাপা পড়ছে বলে মন্তব্য করেছেন বাইডেন। তিনি বলেন, আমেরিকানরা ভুল তথ্য এবং বিভ্রান্তিকর তথ্যের তুষারধসের নিচে চাপা পড়ছে, যা ক্ষমতার অপব্যবহারের ন্যায্যতা দিচ্ছে। এর মাধ্যমে গণমাধ্যম তার স্বাধীনতা হারাচ্ছে বলেও অভিযোগ করেছেন তিনি। বাইডেন বলেন, ক্ষমতা লাভের জন্য মিথ্যা দিয়ে সত্যকে ঢেকে ফেলা হচ্ছে। ক্ষমতার অপব্যবহার থেকে সন্তান, পরিবার এবং গণতন্ত্রকে রক্ষা করতে সামাজিক প্লাটফর্মগুলোকে জবাবদিহিতার আওতায় আনার আহ্বান জানিয়েছেন তিনি।

হোয়াইট হাউসে থাকাকালীন সংঘটিত অপরাধের জন্য মার্কিন প্রেসিডেন্টদের যেন শাস্তির আওতায় আনা যায়, সেজন্য সাংবিধানিক সংশোধনীরও আহ্বান জানিয়েছেন বাইডেন।

তিনি বলেন, আমাদের সংবিধান সংশোধন করতে হবে। যেন এটা স্পষ্ট করে বলা যায় যে, দেশের কোনো প্রেসিডেন্টই ক্ষমতায় থাকাকালীন অপরাধের শাস্তি থেকে মুক্ত নন। প্রেসিডেন্টের ক্ষমতা সীমাহীন নয়। তিনি নিরঙ্কুশ নন এবং তা হওয়া উচিতও নয় বলে ভাষণে উল্লেখ করেন যুক্তরাষ্ট্রের বিদায়ী প্রেসিডেন্ট জো বাইডেন।

## লন্ডনের মিডিয়ায় তোলপাড়

৬৪ পৃষ্ঠার পর

তোলপাড় হচ্ছে। এতে বলা হয়, পতিত সরকারের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সামরিক উপদেষ্টা ছিলেন বৃটেনের অর্থমন্ত্রীর দায়িত্বে থাকা টিউলিপ সিদ্দিকের চাচা তারিক আহমেদ সিদ্দিক। তার স্ত্রী শাহীন সিদ্দিক। ২০১৩ এবং ২০১৫ সালে মোট দুইবার হেনলি অ্যান্ড পার্টনার্সের কাছে মাল্টার নাগরিকত্ব পাওয়ার আবেদন করেন তিনি। তবে দুর্নীতি এবং ঢাকায় জমি আত্মসাতের দায়ে অভিযোগ থাকায় দুইবারই তার আবেদন নাকচ করে দিয়েছে দেশটির কর্তৃপক্ষ।

ফাঁস হওয়া নথির ভিত্তিতে ফিন্যান্সিয়াল টাইমস জানিয়েছে, শাহীনের বিরুদ্ধে হাসিনার আমলে ঢাকার জমি আত্মসাতের অভিযোগ থাকায় মাল্টার ইমিগ্রেশন কনসালটেন্সি তাদের নাগরিকত্বের আবেদন নাকচ করে দেয়। কারণ হিসেবে তারা জানিয়েছে, শাহীনের বিরুদ্ধে বাংলাদেশের গণমাধ্যমে জমি আত্মসাতের অভিযোগ প্রকাশিত হয়েছে। শাহীন সিদ্দিক হচ্ছেন টিউলিপের আপন চাচা তারিক আহমেদ সিদ্দিকের স্ত্রী। তারিক ছিলেন একজন সামরিক কর্মকর্তা। তিনি শেখ হাসিনার সামরিক উপদেষ্টা ছিলেন। টানা ১৬ বছর স্বৈরশাসন চালানোর পর গত আগস্টে পদত্যাগ করে দেশ ছাড়তে বাধ্য হন শেখ হাসিনা। তার গোটা শাসনামলেই ব্যক্তিগত সামরিক উপদেষ্টার দায়িত্ব পালন করেন তারিক। হাসিনার পতনের পর অক্টোবরে তারিক সিদ্দিকের পরিবারের ব্যাংক অ্যাকাউন্ট জব্দ করেছে বাংলাদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

মাল্টাতে পাসপোর্ট আবেদনের নথিতে তারিকের পরিবার কীভাবে সেখানে নাগরিকত্ব নেয়ার চেষ্টা করেছিলেন তার বিশদ বিবরণ পাওয়া গেছে। হেনলির প্রকাশিত তথ্য থেকে জানা যায়, ঢাকায় প্রচ্ছায়া নামের একটি সংগঠনের মাধ্যমে জমি আত্মসাৎ করেন শাহীন সিদ্দিক। ২০১৩ সালে নাগরিকত্ব আবেদনের নথিতে প্রচ্ছায়া নামের সংগঠনটির কথা উল্লেখ করেছিলেন তিনি। সমালোচকদের দাবি ২০০৯ সালের পর থেকে ক্ষমতাচ্যুত হওয়ার আগ পর্যন্ত শেখ হাসিনার সামরিক উপদেষ্টার দায়িত্বে ছিলেন তারিক। তিনি দেশের নিরাপত্তা বাহিনীকে ব্যবহার করে প্রচ্ছায়ার মাধ্যমে ঢাকার জমি দখল করেছিলেন। ২০১৬ সালে আত্মসাৎকৃত ওই জমিগুলো বিক্রি করে দেন তিনি।

ফাঁস হওয়া নথি অনুযায়ী, ২০১৩ এবং ২০১৫ সালে দুইবার মাল্টার নাগরিকত্বের জন্য আবেদন করেন শাহীন। দ্বিতীয়বার লন্ডনে থাকা মেয়ে বুশরার সঙ্গে যৌথভাবে আবেদন করেছিলেন তিনি। বুশরা টিউলিপের চাচাতো বোন। ২০১১ সালে প্রচ্ছায়ার পরিচালক হিসেবে ছিলেন বুশরা। ২০১৫ সালের মার্চে মাল্টাতে নাগরিকত্বের জন্য যৌথ আবেদন করেন তারা। সেটি পেতে তাদের যথাক্রমে ৬ লাখ ৫০ হাজার ও ২৫ হাজার পাউন্ড লাগতো। এর সঙ্গে ফি হিসেবে আরও ৭০ হাজার পাউন্ড নিতো হেনলি। যা বাংলাদেশি টাকায় প্রায় ১০ কোটি টাকার সমান। আবেদনের অংশ হিসেবে শাহীন কুয়ালালামপুরের একটি ব্যাংকে ২৭ লাখ ৬০ হাজার ৪০৯ ডলার দেখিয়েছিলেন। ১১ বছরে এই অর্থ তার ব্যাংক অ্যাকাউন্টে জমা হয়েছিল। তবে এসব অর্থের উৎস কী ছিল সেটি স্পষ্ট নয়। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান জানিয়েছেন, বর্তমানে বাংলাদেশে যে আইন আছে সে অনুযায়ী, একজন ব্যক্তি বছরে ১২ হাজার ডলারের বেশি বিদেশে নিতে পারবেন না।

মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD & NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

## গণ-অভ্যুত্থানের পরেও প্রবাসীরা কেন উপেক্ষিত

৬ পৃষ্ঠার পর

জাতীয় উন্নয়নের দৃষ্টিভঙ্গিতে একটি গুরুত্বপূর্ণ ফাঁকও তুলে ধরে।

**প্রবাসীদের সম্ভাবনা উপেক্ষা**

যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও কানাডার মতো দেশে বসবাসরত বাংলাদেশি প্রবাসীরা জাতীয় উন্নয়নের জন্য একটি বিশাল সম্ভাবনা ধারণ করেন, যা এখনো সঠিকভাবে ব্যবহার করা হয়নি। তাঁদের সম্ভাবনা অর্থনৈতিক বিনিয়োগ, বৈশ্বিক শক্তি এবং জ্ঞান বিনিময় পর্যন্ত বিস্তৃত। প্রাতিষ্ঠানিক সহায়তা ও নিরাপদ বিনিয়োগ প্ল্যাটফর্ম সরবরাহ করা হলে, প্রবাসীরা বাংলাদেশের অর্থনীতিতে বিলিয়ন ডলার বিনিয়োগ করতে পারেন।

প্রবাসীরা আন্তর্জাতিক মঞ্চে বাংলাদেশের স্বার্থ রক্ষায় সফলভাবে লবিং করেছেন, বাণিজ্য চুক্তি ও কূটনৈতিক প্রভাব বৃদ্ধিতে ভূমিকা রেখেছেন। প্রযুক্তি, স্বাস্থ্যসেবা এবং শিক্ষার মতো ক্ষেত্রের দক্ষ পেশাজীবীরা সংগঠিত প্রোগ্রামের মাধ্যমে দেশের উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারেন। তবে প্রবাসী সম্পৃক্তি উপেক্ষা করার মাধ্যমে রাজনৈতিক নেতারা এ সম্ভাবনাগুলো নষ্ট করছেন এবং বাংলাদেশের অর্থনৈতিক ও বৈশ্বিক অবস্থানকে দুর্বল করছেন। এটি শুধুই একটি ক্ষুদ্র দৃষ্টি নয়, এটি অগ্রহণযোগ্য অবহেলা।

**অভিবাসীদের উপেক্ষা মানে মানবাধিকারের প্রতি অবজ্ঞা**

বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখা অভিবাসী কর্মীরা প্রায়ই বিদেশে নাজুক পরিস্থিতির মুখোমুখি হন। তাঁরা দীর্ঘ সময় ধরে কম মজুরিতে কাজ করেন, নিম্নমানের বাসস্থানে থাকেন এবং বিশেষ করে নারী কর্মীরা শোষণ ও নির্যাতনের শিকার হন। তাঁদের অধিকার রক্ষায় শক্তিশালী নীতির অনুপস্থিতি তাঁদের মৌলিক মানবিক মর্যাদা ও ত্যাগকে উপেক্ষা করে। এ ইস্যুগুলো সমাধান করতে ব্যর্থ হলে রাজনৈতিক দলগুলো শুধুই একটি সামাজিক-অর্থনৈতিক বাস্তবতাকে অবহেলা করছে না, বরং শোষণের জন্য দায়ী হয়ে পড়ছে। অভিবাসীদের কল্যাণ ও অধিকার নিশ্চিত করা শুধু একটি নীতিগত প্রয়োজন নয়, এটি একটি নৈতিক দায়িত্ব।

**অন্যান্য দেশের শিক্ষা ও বাংলাদেশের জন্য প্রাসঙ্গিক দৃষ্টান্ত**

বিশ্বের বিভিন্ন দেশ, বিশেষ করে যারা গণ-অভ্যুত্থান বা গুরুত্বপূর্ণ রাজনৈতিক রূপান্তরের মধ্য দিয়ে গেছে, তারা অভিবাসন ও প্রবাসীদের ইস্যুগুলোকে কৌশলগতভাবে তাদের জাতীয় অ্যাজেন্ডায় অন্তর্ভুক্ত করেছে। ২০১১ সালে আরব বসন্তের পর তিউনিসিয়া একটি অনন্য দৃষ্টান্ত স্থাপন করে। তারা অভিবাসী শ্রমিকদের অধিকার সুরক্ষার জন্য শক্তিশালী নীতি প্রণয়ন করেছে এবং একই সঙ্গে দক্ষ পেশাজীবীদের দেশে ফিরিয়ে আনার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করেছিল।

ফিলিপাইন একটি বিশ্বনন্দিত উদাহরণ, যারা অভিবাসন ব্যবস্থাপনায় সাফল্যের শীর্ষে রয়েছে। তাদের 'বালিক সায়েন্টিস্ট প্রোগ্রাম' একটি মাইলফলক, যা প্রবাসী দক্ষ পেশাজীবীদের জাতীয় উন্নয়নে অংশগ্রহণের সুযোগ করে দেয়। পাশাপাশি ওভারসিজ ওয়ার্কার্স ওয়েলফেয়ার অ্যাডমিনিস্ট্রেশনের মাধ্যমে প্রবাসী কর্মীদের আর্থিক সহায়তা, প্রশিক্ষণ এবং পুনর্বাসনের সুযোগ সৃষ্টি করেছে।

প্রবাসীদের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রাখতে ভারত প্রবর্তন করেছে 'প্রবাসী ভারতীয় দিবস' এবং ওভারসিজ সিটিজেন অব ইন্ডিয়া স্কিম। এসব উদ্যোগ শুধু প্রবাসীদের বিনিয়োগ এবং জ্ঞান আদান-প্রদানে উৎসাহিত করেনি, বরং ভারতের বৈশ্বিক অবস্থানকেও শক্তিশালী করেছে।

এই উদাহরণগুলো দেখায়, অভিবাসন ও প্রবাসী সম্পৃক্তি কেবল একটি অর্থনৈতিক কৌশল নয়, এটি একটি দেশের দীর্ঘমেয়াদি প্রবৃদ্ধি, কূটনৈতিক প্রভাব ও জাতীয় ঐক্যের জন্য অপরিহার্য উপাদান। বাংলাদেশের জন্য এই দৃষ্টান্তগুলো একটি সুস্পষ্ট শিক্ষা দেয়-অভিবাসন ইস্যুতে কৌশলগত বিনিয়োগ ও প্রবাসীদের সঙ্গে গভীর সম্পৃক্তি নিশ্চিত করে একটি টেকসই ভবিষ্যৎ নির্মাণ সম্ভব।

**রাজনৈতিক দলগুলোর অ্যাজেন্ডায় যা অন্তর্ভুক্ত হতে পারে**

প্রথমত, বাংলাদেশের রাজনৈতিক দলগুলোকে তাদের রাষ্ট্র সংস্কার ও নির্বাচনী ইশতেহারে স্পষ্টভাবে অভিবাসন এবং প্রবাসী সম্পৃক্তিকে অগ্রাধিকার দিতে হবে। এটি একটি স্বতন্ত্র প্রতিশ্রুতি হিসেবে তুলে ধরা উচিত, যা বিদেশে কর্মরত বাংলাদেশি কর্মীদের অধিকার ও মর্যাদা সুরক্ষায় আইনি কাঠামো এবং কূটনৈতিক প্রচেষ্টার মাধ্যমে স্পষ্ট প্রতিশ্রুতি প্রদান করে। এ ছাড়া প্রবাসীদের জাতীয় উন্নয়নে অন্তর্ভুক্ত করার পরিকল্পনাগুলো জোরালোভাবে উল্লেখ করতে হবে, যা তাঁদের অর্থনৈতিক এবং নীতিগত অবদানের সম্ভাবনাকে স্বীকৃতি দেয়।

দ্বিতীয়ত, নিরাপদ ও নিয়মিত অভিবাসনের পথ নিশ্চিত করার জন্য রাজনৈতিক দলগুলোকে শ্রমগ্রহণকারী দেশগুলোর সঙ্গে দ্বিপক্ষীয় চুক্তি শক্তিশালী করার প্রস্তাব দিতে হবে। এই চুক্তিগুলো ন্যায্য মজুরি, নিরাপদ কর্মপরিবেশ এবং কর্মীদের আইনি সুরক্ষা নিশ্চিত করার ওপর ভিত্তি করে হওয়া উচিত। একই সঙ্গে শোষণ বা নির্যাতনের মুখোমুখি অভিবাসীদের জন্য আইনি সহায়তা প্রদান নিশ্চিত করা উচিত, যা কর্মীদের অধিকার এবং মর্যাদা রক্ষার ক্ষেত্রে সরকারের প্রতিশ্রুতিকে চিহ্নিত করে।

তৃতীয়ত, অভিবাসনকে প্রশাসনিক কাঠামোর মধ্যে প্রাতিষ্ঠানিকীকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজনৈতিক দলগুলো একটি অভিবাসন টাস্কফোর্স প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দিতে পারে, যা নিয়মিতভাবে অভিবাসন-সংক্রান্ত চ্যালেঞ্জগুলো পর্যবেক্ষণ ও সমাধান করতে পারে। পাশাপাশি অভিবাসন ইস্যুগুলোকে জাতীয় অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়ন নীতিমালায় অন্তর্ভুক্ত করা উচিত, যা অভিবাসন-সংক্রান্ত উদ্বেগ সমাধানের জন্য একটি সামগ্রিক পদ্ধতির নিশ্চয়তা দেয় ও প্রবাসীদের অবদানকে কাজে লাগায়।

চতুর্থত, দলগুলোকে নির্বাচনের আগে একজন যোগ্য ও গুরুত্বপূর্ণ ব্যক্তিকে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী হিসেবে নিয়োগের প্রতিশ্রুতি দিতে হবে। এ ধরনের একটি নিয়োগ মন্ত্রণালয়ের মর্যাদা বাড়াবে এবং এটি যে গুরুত্বপূর্ণ ইস্যুগুলো পরিচালনা করে যেমন অভিবাসীকল্যাণ, রেমিট্যান্স নীতি ও প্রবাসী সম্পৃক্তি, সেগুলো যথাযথ মনোযোগ পাবে তা নিশ্চিত করবে।

**শেষ কথা**

বাংলাদেশের রাজনৈতিক দলগুলোর আর অভিবাসন ও প্রবাসী ইস্যুকে উপেক্ষা করার সুযোগ নেই। এটি কোনো বিমূর্ত নীতিগত উদ্বেগ নয়, এটি এমন একটি বাস্তবতা, যা লাখো মানুষের জীবনকে গভীরভাবে প্রভাবিত করে এবং দেশের অর্থনীতিকে স্থায়িত্ব দেয়। একটি ব্যাপক ও অন্তর্ভুক্তিমূলক পদ্ধতির মাধ্যমে এ বিষয়গুলো সমাধান করা কেবল রাজনৈতিক প্রয়োজন নয়, এটি একটি নৈতিক দায়িত্ব। রাজনৈতিক দলগুলোর উচিত প্রবাসীদের প্রতি তাদের দায়িত্বকে গুরুত্ব দিয়ে দেখা এবং তাঁদের কল্যাণ নিশ্চিত করার প্রতিশ্রুতি দেওয়া। প্রবাসীদের অংশগ্রহণ নিশ্চিত করা হলে জাতীয় উন্নয়নে একটি নতুন দিগন্ত উন্মোচিত হবে।

লেখক: শিক্ষক ও সদস্য, সেন্টার ফর মাইগ্রেশন স্টাডিজ, সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্স (এসআইপিজি), নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়।

## সভাপতি কামরুল ও সম্পাদক কামাল





৬৪ পৃষ্ঠার পর

আহবায়ক কমিটি গত বছর নভেম্বর মাসে করা হয়েছে। সংগঠনকে গতিশীল করার লক্ষ্যে গত ১লা জানুয়ারী ২০২৫ বিভিন্ন দেশে অবস্থানরত জাতীয়তাবাদী বিশ্বনী চৌদ্দগ্রামবাসী উপস্থিতিতে এক ভার্চুয়াল প্রোগ্রামে উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে ১০১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। নবনির্বাচিত কমিটির সভাপতি কামরুল হাসান (আমেরিকা) সাধারণ সম্পাদক কামাল হোসেন (বেলজিয়াম)।

ভার্চুয়াল মিটিং-এ সভাপতিত্ব করেন, সাবেক ছাত্রনেতা নিউইয়র্ক মহানগর বিএনপির সাবেক সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ কামরুল হাসান (আমেরিকা), সঞ্চালনা করেন বেলজিয়াম বিএনপির দপ্তর সম্পাদক কামাল হোসেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাবেক যুক্তরাষ্ট্রের বুশ প্রশাসনের জলবায়ু বিষয়ক উপদেষ্টা ড. জয়নুল আবদীন (আমেরিকা), বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চৌদ্দগ্রাম পৌরসভার সাবেক সভাপতি এডভোকেট গোলাম রাব্বানী নয়ন বাঙালী (আমেরিকা)। উপস্থিত ছিলেন চৌদ্দগ্রাম উপজেলা ছাত্রদলের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক, যুবদলের সাবেক সভাপতি এম এ আজাদ পাটোয়ারী (আমেরিকা) তিনি বিএনপির সহ-সভাপতি কাজী মোস্তাফিজুর রহমান (আমেরিকা), মোঃ শাজাহান সিরাজী (আমেরিকা), মোঃ আরিফ মজুমদার (ইংল্যান্ড), ফজলুল হক টিটু ( ফ্রান্স), এমদাদুল হক কামাল (আমেরিকা), ফরিদ আহমেদ শাহিন (দুবাই), আক্তার হোসেন (সুইজারল্যান্ড), মীর আনোয়ার হোসেন (আমেরিকা), গাজী সালাউদ্দিন (ইতালি), কাজী আমজাদুল হক দিপু (বেলজিয়াম), আব্দুল ইসলাম (সৌদি), কাজী বাবু (বেলজিয়াম) জসিম মিরাজী (ইতালি), মনির মজুমদার (আমেরিকা), আবুকালাম মিলন (দুবাই), কাজী মোঃ আহিদুল আলী, আব্দুল কাইয়ুম (সৌদি), ইকবাল হোসেন (আমেরিকা), কে এম বাবুল (সৌদি), মোহাম্মদ ফরিদ (কাতার), এম আব্দুল গফুর (সৌদি), সজেল আরমান (পর্তুগাল), অমর হাসান রফিক, (কুয়েত), মোহাম্মদ সোলাইমান (আরব আমিরাত), শ্রীপুর মাঈনউদ্দিন মজুমদার (আরব আমিরাত) আইয়ুবর রহমান (কাতার), জাহিদুর রহমান (সৌদি), আশিক হোসেন ( সৌদি), শামিম চৌধুরী (ফ্রান্স)।

সভাপতি কামরুল হাসান বলেন, বহির্বিশ্বে বসবাসকারী চৌদ্দগ্রামের জাতীয়তাবাদী আদর্শের সবাইকে ঐক্যবদ্ধ হওয়া বর্তমান সময়ের দাবী। আমরা আমাদের দলকে শক্তিশালী করার পাশাপাশি প্রবাসী চৌদ্দগ্রামবাসীকেও শক্তিশালী করতে হবে। আগামী জাতীয় সংসদ নির্বাচনে কুমিল্লা ১১ চৌদ্দগ্রামের ধানের শীষের পক্ষে কাজ করতে হবে। ভৌগলিক দিক থেকে বাংলাদেশের গুরুত্বপূর্ণ উপজেলা চৌদ্দগ্রাম। চৌদ্দগ্রাম বিএনপি শক্তিশালী মানে পুরো চট্টগ্রাম বিভাগে বিএনপির শক্তিশালী। কারণ ঢাকা-থেকে চট্টগ্রাম প্রবেশদ্বার আমাদের প্রিয় চৌদ্দগ্রাম। সুতরাং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর হাতকে শক্তিশালী করতে কুমিল্লা ১১ আসনে ধানের শীষের প্রার্থীকে বিজয়ী করতে হবে।

প্রধান অতিথি ড. জয়নুল আবদীন বলেন, বাংলাদেশে বর্তমানে সবচেয়ে জনপ্রিয় নেত্রী বেগম খালেদা জিয়া এবং জনপ্রিয় নেতা তারেক রহমান। আর সবচেয়ে বেশী ঘৃণিত নেত্রী স্বৈরাচারী শেখ হাসিনা। তিনি বলেন, প্রতিষ্ঠার পর থেকে বিএনপি নেতাকর্মীদেরকে বিভিন্নভাবে মূল্যায়ন করা হয়েছে। এখন আমাদের প্রয়োজন দেশ গড়ার কাজে ঐক্যবদ্ধভাবে কাজ করা। চৌদ্দগ্রামে উন্নয়নমূলক প্রসঙ্গে প্রধান অতিথি বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে ঐক্যবদ্ধ হতে হবে। বহির্বিশ্বে বিএনপিকে শক্তিশালী করতে সকল সহযোগিতার প্রতিশ্রুতি দেন তিনি।

বিশেষ অতিথি এডভোকেট নয়ন বাঙালী বলেন, ওয়ার্ল্ড ফোরাম বহির্বিশ্বে প্রবাসীদের অধিকার আদায়ের সচেষ্ট হতে হবে, প্রতিটি ইউনিয়নে প্রবাসী তথ্য কেন্দ্র গঠন করতে হবে। দেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা এবং জনগণকে তাদের ভোটের অধিকার ফিরিয়ে আনতে বিএনপির প্রত্যেক কর্মীকে অতন্দ্র প্রহরী হিসেবে কাজ করবে।

এম এ আজাদ পাটোয়ারী বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান যাকে নমিনেশন দিবেন, আমরা তার পক্ষে কাজ করব তাকে সার্বিক সহযোগিতা করব। আগামী দিনে দলীয় নেতৃত্বের প্রতি আনুগত্য থেকে ও সাংগঠনিক নিয়ম মেনেই কাজ করবে।

BEST TAX EXPRESS INC.

নিয়োগ বিজ্ঞপ্তি

CPA / IRS Enrollment Agent / Tax Filling

এ দীর্ঘ অভিজ্ঞতা সম্পূর্ণ ব্যক্তিদের আবেদন করার জন্য অনুরোধ করা হলো : বেতন $ 30/Hour

সপ্তাহে : Minimum-40 ঘণ্টা

যোগাযোগ:
929 -206-9520

Best Tax Express Inc.
Jamaica, NY
929 -206-9520
besttaxexpress@gmail.com

# আপনি কি সহজে ড্রাইভিং লাইসেন্স পেতে চান?

আমরা আপনাকে সহজে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার নিশ্চয়তা দিচ্ছি।
আমাদের দক্ষ ছেলে / মেয়ে ইনস্ট্রাকটার আপনাকে যত্নসহকারে নিখুঁতভাবে তৈরী করবে।



## BEGINNER'S DRIVING ACADEMY

**Please Call**

**(929) 244 7730**

129-20 Liberty Avenue
South Richmond Hill, NY 11419

71-16 35th Avenue
Jackson Heights, NY 11372

## উপসচিব নিয়োগে বৈষম্য: সংস্কার জরুরি

৭ পৃষ্ঠার পর

তিনটি গুরুত্বপূর্ণ সমস্যা রয়েছে। এক. এতে বিষয়ভিত্তিক দক্ষতা ও জ্ঞানের সুযোগ বন্ধ করা হয়েছে। দুই. এতে রাষ্ট্রের অন্য পেশার সদস্যদের জন্য সুযোগের সমতা সৃষ্টি না করে বৈষম্য সৃষ্টি করা হয়েছে। তিন. একটি গোষ্ঠির হাতে সকল মন্ত্রণালয় ন্যস্ত করার মাধ্যমে আমলাতন্ত্রে ভারসাম্যহীন অবস্থার সৃষ্টি করা হয়েছে।

এর কুফল অনেক।

এক. এর মাধ্যমে রাষ্ট্র ও জনগণ উপযুক্ত সেবা থেকে বঞ্চিত হচ্ছে। আগেই উল্লেখ করা হয়েছে বাংলাদেশে ৪৩টি মন্ত্রণালয় রয়েছে যাদের লক্ষ্য, উদ্দেশ্য এবং কর্মপরিধি স্বতন্ত্র। ফলে প্রতিটি মন্ত্রণালয়ের জন্যই স্বতন্ত্র আইন ও বিধিমালা প্রণয়ন করা দরকার পড়ে। যেমন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের জন্য প্রযুক্তিগত দক্ষতা এবং অভিজ্ঞতা প্রয়োজন, যেখানে শিক্ষা মন্ত্রণালয়ের জন্য অন্য ধরনের দক্ষতা দরকার। বন এবং প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের জন্য যে দক্ষতা দরকার জ্বালানী মন্ত্রণালয়ের জন্য দরকার তারচেয়ে আলাদা দক্ষতা। কাজেই প্রতিটি মন্ত্রণালয়ের জন্যই বিশেষায়িত জ্ঞানসম্পন্ন যোগ্য ও দক্ষ ব্যক্তিবর্গ দরকার। কিন্তু মন্ত্রণালয়ে প্রশাসন ক্যাডারের একচেটিয়া নিয়ন্ত্রণের কারণে মন্ত্রণালয়গুলোর এই বহুমাত্রিক দক্ষতা অর্জনে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়, যা কার্যকর শাসন ব্যবস্থা গঠনে সমস্যা সৃষ্টি করে। একটি ক্যাডার থেকে পঁচাত্তর শতাংশ নিয়োগ দেয়ার কারণে স্বাভাবিকভাবেই সর্বোচ্চ মেধাবী ও যোগ্য কর্মকর্তাদের নিয়োগ দেয়ার সুযোগ থাকছে না। ফলে জনগণ রাষ্ট্রের সর্বোচ্চ মেধাবী ও যোগ্যদের সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এবং এর ফলে জনগণ রাষ্ট্র থেকে সর্বোচ্চ সেবা পাচ্ছে না।

দুই. প্রশাসন ক্যাডারের একচ্ছত্র আধিপত্যের কারণে মন্ত্রণালয়ে প্রশাসন ক্যাডার এককভাবে সংগঠিত হয়েছে এবং শক্তিশালী হয়েছে। এর মাধ্যমে সরকারের একটি অঙ্গ যতটা শক্তিশালী হয়ে উঠেছে, অন্য অঙ্গগুলো ততটাই শক্তিহীন হয়ে পড়েছে। জনগণ অধিকার হারাচ্ছে, যা সামগ্রিকভাবে গণতান্ত্রিক মূল্যবোধ ও শাসনব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করেছে। এর ফলে রাষ্ট্র জনকল্যাণমূলক চরিত্র বদলে প্রশাসন ক্যাডার শাসিত একটি রাষ্ট্রে পরিণত হয়েছে।

তিন. রাষ্ট্রের সকল ক্ষমতা একটি গোষ্ঠির হাতে কেন্দ্রীভূত হওয়ায় সরকার খুব সহজেই আমলাতন্ত্রের ওপর নিজের খেয়াল খুশি, ইচ্ছা অনিচ্ছা চাপিয়ে দিতে পারছে। সরকার আর আমলাতন্ত্র মিলেমিশে একটি অসৎ ও দুর্বৃত্তায়নের সংস্কৃতি তৈরি করতে সক্ষম হয়েছে। সর্বোপরি এমন ভারসাম্যহীন আমলাতন্ত্র স্বৈরাচারী ও ফ্যাসিবাদী শাসন ব্যবস্থার পালে হাওয়া দিচ্ছে।

চার. মন্ত্রণালয়ে প্রশাসন ক্যাডারের একচ্ছত্র আধিপত্য ও দখলদারিত্বের ফলে রাষ্ট্রীয় বিভিন্ন উন্নয়ন ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডে দীর্ঘসূত্রিতা এবং শ্লথগতি দেখা দিয়েছে। এর ফলে রাষ্ট্রের সুষম উন্নয়ন ব্যাহত হচ্ছে। এর মাধ্যমে একদিকে প্রশাসন ক্যাডারের সদস্যরা নিজেদের ইচ্ছা মতো অপ্রয়োজনীয় প্রকল্প করে রাষ্ট্রের অর্থ লোপাট করছে, অন্যদিকে রাষ্ট্রের অন্যান্য সংস্থা প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাচ্ছে না। উদাহরণ হিসেবে বলা যায় ২০১৮ সালের নির্বাচন পরবর্তী সময়ে, মাঠ পর্যায়ের প্রশাসন ক্যাডারের কর্মচারীগণ দেশ জুড়ে পার্ক এবং ম্যুরাল তৈরির নামে রাষ্ট্রের কোটি কোটি টাকা লোপাট করেছে, অথচ শিক্ষা স্বাস্থ্যের মতো মৌলিক সেবাগুলো থেকে মানুষ বঞ্চিত হয়েছে।

পাঁচ. আন্তঃক্যাডার সম্প্রীতির পরিবর্তে আন্তঃক্যাডার বিভাজন তৈরি হয়েছে। অন্য ক্যাডারের সদস্যদের মধ্যে প্রবল অসন্তোষ ও হতাশা বিরাজ করছে এবং রাষ্ট্রীয় সকল কার্যক্রমে এর নেতিবাচক প্রভাব পড়ছে। সম্প্রতি আন্তঃক্যাডার বিভাজন স্বরণকালের মধ্যে সবচেয়ে তীব্রতর হচ্ছে এবং এর ফলে জনগণ কাঙ্ক্ষিত সেবা থেকে বঞ্চিত হচ্ছে।

ছয়. একটি ক্যাডারের সদস্যদের রাষ্ট্রের সর্বোচ্চ স্তরের নিয়োগপ্রাপ্তের মাত্রাতিরিক্ত সুযোগ থাকায় স্বজনপ্রীতি, ঘুষ ও দুর্নীতি, দলীয়করণের সুযোগ তৈরি হচ্ছে। রাষ্ট্রের প্রায় সর্বক্ষেত্রে সর্বগ্রাসী দুর্নীতি বিস্তার করছে। বাংলাদেশের বিভিন্ন জেলায় ও সচিবালয়ের কর্তাব্যক্তিদের সীমাহীন দুর্নীতির সাথে সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের দুর্নীতি, পিএসসির দুর্নীতিও অতীতের সকল রেকর্ড ভঙ্গ করেছে।

সাত. সর্বোপরি ডিএস নিয়োগের ক্ষেত্রে বিভিন্ন ক্যাডার কর্মকর্তাদের মধ্যে সুযোগের সমতা না থাকায় সাম্য ও ন্যায়বিচার লঙ্ঘিত হচ্ছে এবং দেশে একটি ভারসাম্যহীন গণবিরোধী আমলাতন্ত্র তৈরি হয়েছে।

আট. একটি গোষ্ঠির হাতে মন্ত্রণালয়ের সকল ক্ষমতা থাকার কারণে তারা নিজেদের স্বার্থে যেকোনো আইন ও কাঠামো তৈরি করে। উপসচিবদের জন্য গাড়ি ঋণ, গাড়ি পরিচালনা বাবদ পঞ্চাশ হাজার টাকার মাসিক ভাতা, এসিল্যান্ডদের জন্য কোটি টাকার গাড়ি সুবিধা থেকে শুরু করে মেট্রোরেলের এমডি পদটিও নিজেদের দখলে রাখার আইন করে রেখেছেন। এসবই তারা করেছেন নিজেদের ব্যক্তি ও গোষ্ঠি স্বার্থ রক্ষা করার জন্য। এর সাথে রাষ্ট্র ও জনগণের স্বার্থ জড়িত নয় কোনো মতেই।

সমাধান কোন পথে?

সমাধান একটাই। উপসচিব পদে বিদ্যমান নিয়োগ প্রক্রিয়ার সংস্কার। অতীতে বিভিন্ন সরকারের আমলে প্রশাসনিক সংস্কারের লক্ষ্যে বেশ কয়েকটি কমিশন গঠন করা হয়। প্রায় প্রত্যেকটি কমিশনই উপসচিব নিয়োগের এই অন্যায় প্রথা বিলুপ্তির সুপারিশ করে।

উপসচিব নিয়োগের একটি বিজ্ঞানসম্মত প্রচেষ্টা নেয়া হয় প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাসনামলে। উপসচিব পদটির গুরুত্ব উপলব্ধি করে সে সময়ে এই পদে নিয়োগের জন্য স্বতন্ত্র পদ্ধতির প্রস্তাব করা হয়। ১৯৭৯ সালে জিয়ার সরকার উপসচিব পদের জন্য সরাসরি নিয়োগের ব্যবস্থা চালু করার জন্য সিনিয়র সার্ভিস পুল প্রতিষ্ঠা করেন। তবে এর দেড় বছরের মাথায় জিয়া নিহত হলে সিনিয়র সার্ভিস পুল প্রতিষ্ঠা আর সফল হয়ে ওঠেনি। এরপর রাষ্ট্র ক্ষমতায় আসেন জেনারেল হুসেইন মুহম্মদ এরশাদ। এরশাদের শাসনামলে, ১৯৮৯ সালে, সিনিয়র সার্ভিস পুল বাতিল করা হয়।

এটিএম শামসুল হক এর নেতৃত্বে গঠিত জনপ্রশাসন সংস্কার কমিটি তাঁদের প্রতিবেদনে ডিএস নিয়োগে কোটাপ্রথা বিলুপ্তির সুপারিশ করে। তাঁরা বাংলাদেশ সরকারি কর্মকমিশন কর্তৃক পরিচালিত প্রতিযোগিতামূলক পরীক্ষার ভিত্তিতে উপসচিব পদে নিয়োগের সুপারিশ করে। তাঁরা বলেন, 'সকল ক্যাডারের সিনিয়র স্কেলভুক্ত এবং ন্যূনতম আট বছরের চাকুরির অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাগণ এই পরীক্ষায় প্রতিযোগিতার যোগ্য হবেন।' তাঁরা মনে করেন এর ফলে 'সচিবালয়ে সকল ক্যাডারের প্রতিনিধিত্বের সুযোগ নিশ্চিত হবে এবং প্রতিভাবান কর্মকর্তাদের দ্রুত পদোন্নতির সুযোগ সৃষ্টি হবে।'

প্রশাসন ক্যাডারের প্রবল আপত্তি ও অনীহার কারণে অতীতে এসকল সংস্কার কার্যক্রম আলোর মুখ দেখে নি। এখন সময় এসেছে রাষ্ট্রের জন্য জনবান্ধব আমলাতন্ত্র গড়ে তুলতে প্রয়োজনীয় সংস্কার সাধনের। এজন্য সবার আগে দরকার উপসচিব পদে বিদ্যমান কোটা প্রথা বিলুপ্ত করা। এর পরিবর্তে এই পদে সকল ক্যাডারের জন্য সমান সুযোগ নিশ্চিত করে উন্মুক্ত পরীক্ষার মাধ্যমে যোগ্য ও মেধাবীদের নিয়োগের ব্যবস্থা করা। এই উন্মুক্ত পরীক্ষায় বিদ্যমান ছাব্বিশটি ক্যাডারের পাশাপাশি জুডিশিয়াল সার্ভিস ও মিলিটারি সার্ভিসের সদস্যদেরও অন্তর্ভুক্ত করা যেতে পারে। আধুনিক যুগের সাথে তাল মিলিয়ে চলার জন্য উপযুক্ত একটি আধুনিক ও যোগ্য আমলাতন্ত্র গড়ে তোলার জন্য উপসচিব পদে অন্তত দশ শতাংশ পার্শ্বপ্রবেশের সুযোগ রাখাও জরুরি।

সংস্কারের ফলে কার লাভ?

উন্মুক্ত পরীক্ষার মাধ্যমে উপসচিব নিয়োগের ব্যবস্থা চালু করলে রাষ্ট্র একটি বৈচিত্র্যময় ও গতিশীল আমলাতন্ত্র পাবে। মন্ত্রণালয়গুলো তাদের নিজস্ব প্রয়োজন অনুযায়ী বিশেষজ্ঞ আমলা নিয়োগ করতে সক্ষম হবে। উপসচিব নিয়োগে দুর্নীতি, দলীয়করণ ও রাজনৈতিক হস্তক্ষেপের সুযোগ বন্ধ হবে। রাষ্ট্রের কর্মচারীদের মধ্যে সহযোগিতা ও প্রতিযোগিতার মনোভাব তৈরি করবে। একটি দক্ষ ও যোগ্য ও পেশাদার আমলাতন্ত্র গড়ে তোলবার সুযোগ তৈরি হবে। সর্বোপরি এই সংস্কারের মাধ্যমে একটি জনবান্ধব আমলাতন্ত্রের ভীত রচিত হবে যা আল্টিমেটলি একটি ন্যায়ভিত্তিক, গণতান্ত্রিক রাষ্ট্র গঠনের পথকে মসৃণ করবে।

লেখক: সরকারী শিক্ষক (বিসিএস)।

## টিকটকের ভবিষ্যৎ নির্ধারণ হবে ১৯ জানুয়ারি

৬২ পৃষ্ঠার পর

গুরুত্বপূর্ণ যুক্তি শুনে বিচারপতিরা যুক্তি দ্বারা বিশ্বাসযোগ্য বলে মনে হয়েছিল। জাতীয় নিরাপত্তা হুমকির মধ্যে টিকটক যুক্তরাষ্ট্রে ১৭০ মিলিয়ন ব্যবহারকারীকে সীমাবদ্ধ করা নিয়ে উদ্বেগ দেখা দিয়েছে।

আড়াই ঘণ্টারও বেশি সময় ধরে চলা বিতর্কের প্রথম দিকে, প্রধান বিচারপতি জন রবার্টস তার প্রধান উদ্বেগকে চিহ্নিত করেন। চীন ভিত্তিক বাইটড্যান্সের দ্বারা টিকটকের মালিকানা এবং চীনা সরকারের গোয়েন্দা ক্রিয়াকলাপের সাথে সহযোগিতা করার জন্য মূল সংস্থার প্রয়োজনীয়তা।

গত এপ্রিলে রাষ্ট্রপতি জো বাইডেন স্বাক্ষরিত আইনটির জন্য গত ১৯ জানুয়ারী টিকটককে বন্ধ করার উদ্যোগ চলছে। আইনজীবী নোয়েল ফ্রান্সিসকো টিকটকের পক্ষে বিচারপতিদেরও এ কথা বলেন। ফ্রান্সিসকো অনুরোধ করেন, বিচারপতিদের একটি অস্থায়ি বিরতি দেওয়া উচিত যা টিকটককে কাজ চালিয়ে যাওয়ার অনুমতি দেবে। ২০ জানুয়ারি ২০২৫ নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দায়িত্ব গ্রহণ নিয়ে তিনি বলেন, আমরা আবার অন্য জগতে থাকতে পারি। টিকটকের ১৪.৭ মিলিয়ন ফলোয়ার থাকা ট্রাম্প একটি রাজনৈতিক সমাধান করতে সময়সীমা পিছিয়ে দেওয়ারও আহ্বান জানিয়েছেন। ফ্রান্সিসকো ট্রাম্পের প্রথম রাষ্ট্রপতি মেয়াদে সলিসিটর জেনারেল হিসাবে দায়িত্ব পালন করেছিলেন। কোনও বিচারপতি এই ধরনের পথ বেছে নেবেন কিনা তা স্পষ্ট ছিল না। শুধুমাত্র বিচারপতি নীল গোরসাচ মনে করেছিলেন যে তিনি টিকটকের পক্ষ নেবেন যাতে এই নিষেধাজ্ঞা সংবিধান লঙ্ঘন করে।

## প্রবাসি সুরক্ষা আইন বাস্তবায়ন কমিটির বিক্ষোভ আজ

৬২ পৃষ্ঠার পর

নিশ্ছিদ্র করতে চাওয়ার পেছনে কারণ হলো গত কয়েক মাসে যুক্তরাষ্ট্রে ঘটা অসংখ্য কিছু বিচ্ছিন্ন হামলা, যা এককভাবে কোনো ব্যক্তি পরিচালনা করেছেন। হোয়াইট হাউজে ২০ জানুয়ারি ডোনাল্ড ট্রাম্পের অভিষেক ঘিরে কড়া নিরাপত্তার চাদরে ঢেকে দেয়া হচ্ছে ওয়াশিংটন ডিসি। সমবেত হাজারো সমর্থকদের তল্লাশি করার জন্য আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ২৫ হাজারের বেশি সদস্য মোতায়েন করা হয়েছে। স্থাপন করা হয়েছে প্রয়োজনীয় সংখ্যক তল্লাশি চৌকি ও প্রায় ৪৮ কিলোমিটার দীর্ঘ অস্থায়ী বেড়া।

আগামী সোমবার ইউএস ক্যাপিটলের সিঁড়িতে শপথ গ্রহণের পর হোয়াইট হাউজ পর্যন্ত কুচকাওয়াজের মধ্যে দিয়ে ট্রাম্পের অভিষেকের আনুষ্ঠানিকতা সম্পন্ন হবে। ওয়াশিংটন মনুমেন্টের দিকে ফিরে দাঁড়িয়ে নির্বাচিত কংগ্রেস সদস্য, তার প্রশাসনের মনোনীত ব্যক্তি ও সুপ্রিম কোর্টের বিচারকদের সঙ্গে শপথ গ্রহণ করবেন ট্রাম্প। ২০২০ সালে বাইডেনের কাছে পরাজয়ের পর এই ক্যাপিটল হিলেই হামলা চালিয়েছিলেন ট্রাম্প সমর্থকরা।

অভিষেক অনুষ্ঠানকে সামনে রেখে নিরাপত্তা নিশ্চিদ্র করতে চাওয়ার পেছনে আরেকটি কারণ হলো ট্রাম্পকে ইতোমধ্যে দুবার হত্যার চেষ্টা করা হয়েছে। প্রথমবার হামলাকারীর গুলি তার কানের পাশে দিয়ে চলে যায়।

এ ছাড়া বছরের শুরুতেই দুটি অন্যরকম হামলা হয়েছে যুক্তরাষ্ট্রে। নিউ অরলিন্সে এক সাবেক মার্কিন সেনা ট্রাক নিয়ে নববর্ষ উদযাপনকারীদের ভিড়ে ঢুকে পড়লে ১৪ জন নিহত এবং বহু লোক আহত হন। একই দিনে কর্মরত আরেক সেনা লাস ভেগাসে ট্রাম্প ব্র্যান্ডের একটি হোটেলের সামনে টেসলা সাইবার ট্রাক বিস্ফোরণ ঘটান। এতে তার মৃত্যু হয়।

নিরাপত্তার দায়িত্বে থাকা ইউএস সিক্রেট সার্ভিসের স্পেশাল এজেন্ট ম্যাট ম্যাককুল এক সংবাদ সম্মেলনে বলেছেন, আমরা খুব নিরাপত্তা ঝুঁকিতে আছি।

সুনির্দিষ্ট হামলার বদলে একক ব্যক্তির বিচ্ছিন্ন হামলা বা লোন উলফ অ্যাটাক নিয়ে উদ্বিগ্ন মার্কিন নিরাপত্তা কর্মকর্তারা। তারা বলেছেন, অভিষেক অনুষ্ঠানে নির্দিষ্ট ও সুপরিকল্পিত হামলা সম্পর্কে এখনও কোনও তথ্য পাওয়া যায়নি। তবে একক হামলাকারী নিয়ে উদ্বিগ্ন তারা।

মার্কিন ক্যাপিটল পুলিশ জানিয়েছে, আগুন দেওয়ার চেষ্টা করার সময় ক্যাপিটল ভবনের কাছ থেকে একজনকে আটক করা হয়েছে।

## রেকর্ড ছুঁল এবারের বিপিএল

৫২ পৃষ্ঠার পর

পেয়েছিলেন শতক। একই দলের তামিম ইকবাল সেঞ্চুরি করেছিলেন ফাইনালে।

ক্লার্কের সেঞ্চুরির পর অটনিয়েল বোলিংয়ে ৪৫ রানের বড় ব্যবধানে অনায়াসে জিতেছে চিটাগং। কঠিন লক্ষ্য তাড়ায় সেই অর্থে কোনো প্রতিদ্বন্দ্বিতা তৈরি করতে পারেনি খুলনা। তাদের ছয় ব্যাটার দুই অঙ্কে পৌঁছালেও প্রত্যেকে ইনিংস লম্বা করতে ব্যর্থ হন। ফলে দলটি পুরো ২০ ওভার খেলে থামে ৯ উইকেটে ১৫৫ রানে। চিটাগংয়ের পক্ষে স্পিনার আরাফাত সানি ৪ ওভারে ২৫ রানে নেন ৩ উইকেট। দুটি করে উইকেট পান শরিফুল ইসলাম ও খালেদ আহমেদ।

পাঁচ ম্যাচে টানা চতুর্থ জয়ে চিটাগংয়ের অর্জন ৮ পয়েন্ট। তারা ফরচুন বরিশালকে টপকে উঠে এসেছে পয়েন্ট তালিকার দ্বিতীয় স্থানে। অন্যদিকে, ছয় ম্যাচে টানা চতুর্থ হারের তেতো অভিজ্ঞতা পাওয়া খুলনার পয়েন্ট ৪। তারা রয়েছে সাত দলের আসরের চার নম্বরে।





MARRIAGE REGISTRY OFFICE
(Certified By City)
MUFTI ABDUL ALIM
Imam: Baitul Ahad Islamic Center Inc
We provide Marriage Services with Islamic Sariah and Issue Marriage Certificate According to New York's Law
107-58 Sutphin Blvd, Jamaica, NY 11435
Contact: 917-463-6918

কাজী অফিস
(সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত)
মুফতি আব্দুল আলীম
ইমাম: বাইতুল আহাদ ইসলামিক সেন্টার ইনক
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়
১০৭-৫৮ সাটফিন বুলবার্ড, জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫
যোগাযোগ: ৯১৭-৪৬৩-৬৯১৮

## প্রবাসি সুরক্ষা আইন বাস্তবায়ন কমিটির বিক্ষোভ আজ

৬২ পৃষ্ঠার পর

দেন বলে অভিযোগ। তারপর ৭ জুন মিলে তাকে ফিলমুভি দিয়ে রক্তাক্ত জখম করেছে। এই ঘটনার প্রতিবাদে নিউইয়র্কের জ্যাকসন হাইটস এর ডাইভারসিটি প্লাজায় বিকেল তিনটায় এই বিক্ষোভের আয়োজন করা হয়েছে। প্রবাসিদের এই বিক্ষোভে অংশগ্রহণ করার জন্য আহবান জানান আহবায়ক মাহাবুবার রহমান বকুল এবং ভারপ্রাপ্ত সদস্য সচিব ইসমাইল হোসেন স্বপন। এই সমাবেশ শেষে নিউইয়র্ক কনসাল জেনারেল নাজমুল হুদার কাছে একটি স্মারকলিপি প্রদান করা হবে।

## কাউন্সিলম্যান পদপ্রার্থী শহীদুল হকের ফান্ডরেইজিং ডিনার

৬২ পৃষ্ঠার পর

কাউন্সিলম্যান প্রার্থী হিসাবে কমিউনিটির প্রিয়মুখ হিসেবে প্রতিনিধিত্ব করবেন।

অনুষ্ঠানে গেস্ট অব অনার উপস্থিত হিসাবে উপস্থিত ছিলেন লায়ন্স ডিস্ট্রিক্ট গভর্নর টেড়ি পাপ্পালিনি। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশি রিপাবলিকান অ্যালায়েন্সের প্রেসিডেন্ট নাসির খান পল, স্মার্ট টেক আইটির সিইও সারওয়ার আহমেদ, ইমাম কাজী কাইয়ুম, আলাউদ্দিন ফুলু, আকতার হোসেন, জাহাঙ্গীর আলম জয়, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, রেজোয়ানা রাজ্জাক সেতু, সাবরিনা শেখ ফারহান প্রমুখ। অনুষ্ঠানের সঞ্চালনা করেন ওয়ার্ল্ড হিউম্যানেরাইটস ডেভেলপমেন্ট-এর সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার আব্দুল সোবহান ও তরিকুল ইসলাম বাবুল।

ওয়ার্ল্ড হিউম্যানরাইটস ডেভেলপমেন্ট, ইউ.এস.এ এর সভাপতি শাহ্ শহীদুল হক গত ৩০ বৎসর যাবৎ আর্তমানবতার সেবায় নিয়োজিত থেকে মানব সেবায় নিজেকে উৎসর্গ করেছেন। তিনি একজন প্রাক্তন ছাত্র নেতা এবং বর্তমানে কমিউনিটি সেবায় নিয়োজিত। তিনি ২০২১ সালের সিটি কাউন্সিল নির্বাচনে ডিস্ট্রিক্ট ২৫ থেকে উল্লেখযোগ্য সমর্থন অর্জন করেছিলেন। এ তহবিল সংগ্রহ অনুষ্ঠানে আসন্ন ২৪ জুন, ২০২৫ সালের সিটি কাউন্সিলম্যান নির্বাচনে শাহ্ শহীদুল হকের প্রচারণায় সমর্থন জানাতে ব্যবসায়ী নেতৃবৃন্দ, শিল্পী, লেখক, কমিউনিটি নেতৃবৃন্দ ও রাজনীতিবিদরা একত্রিত হয়েছিলেন।

## লস অ্যাঞ্জেলেস'র আকাশে বাতাসে পোড়াগন্ধ

৬২ পৃষ্ঠার পর

তাদের ঘরবাড়ির কোন কিছু অবশিষ্ট নেই। মাটির সাথে সব জৌলুস মিশে গেছে।

ঘনবসতিপূর্ণ লস অ্যাঞ্জেলেস কাউন্টির ৪৫ বর্গমাইল জুড়ে হাজার হাজার দমকলকর্মী দাবানলের সঙ্গে লড়াই করছেন। প্রায় ৮২,০০০ মানুষ বাধ্যতামূলক সরিয়ে নেওয়ার আদেশের অধীনে রয়েছে এবং আরও ৯০,০০০ মানুষকে সরিয়ে নেওয়ার সতর্কবার্তা জারি করা হয়েছে। ৭ই জানুয়ারি প্যাসিফিক প্যালিসেডে শুরু হওয়া প্যালিসেডস ফায়ার প্রায় ৫,০০০ টি কাঠামো ধ্বংস করেছে। এটি ২৩,০০০ একরেরও বেশি আচ্ছাদিত এবং ১৯% নিয়ন্ত্রণে রয়েছে।

পাসাডেনার উত্তরে ইটনের আগুনও ৭ই জানুয়ারি শুরু হয়েছিল এবং প্রায় ৭,০০০ টি কাঠামো ধ্বংস করেছে। এটি ১৪,০০০ একরেরও বেশি পুড়ে গেছে এবং ৪৫% নিয়ন্ত্রণে রয়েছে। লাল পতাকা সতর্কতা কার্যকর রয়েছে কারণ উচ্চ বাতাস এবং কম আর্দ্রতা, যা দাবানলকে আরও উস্কে দিতে পারে। যা লস অ্যাঞ্জেলেস অঞ্চলের জন্য হুমকিস্বরূপ।

২০২৫ সালের ৮ই জানুয়ারি ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলেস কাউন্টির আল্টাডেনা এলাকায় ইটনে অগ্নিকাণ্ডের সময় একটি অ্যাপার্টমেন্ট ভবন পুড়ে যাওয়ার দৃশ্যে কাজ করছেন দমকলকর্মীরা।

পাহাড়ে বাতাসের গতিবেগ ৪০ থেকে ৫৫ মাইল প্রতি ঘণ্টা এবং বিচ্ছিন্ন দমকা হাওয়া ৭০ মাইল প্রতি ঘণ্টা পর্যন্ত হওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে। উপকূল ও উপত্যকায় ঘণ্টায় ৩৫ থেকে ৫০ মাইল বেগে দমকা হাওয়া বয়ে যেতে পারে। বুধবার সন্ধ্যার মধ্যে এই বাতাস কমে যাবে। বৃহস্পতিবার ও শুক্রবার বাতাস আরও শান্ত থাকবে। শহরের অনুসন্ধান ও উদ্ধারকর্মীরা প্যাসিফিক কোস্ট হাইওয়ে বরাবর মানুষের দেহাবশেষ অনুসন্ধান করার সময় ধ্বংসাবশেষ সরানোর জন্য রেক ব্যবহার করছেন যেখানে প্যালিসেডস আগুনে বাড়িঘর ধ্বংস হয়ে গেছে।

আরবান সার্চ অ্যান্ড রেসকিউ রেসপন্ডার্স প্যালিসেডস ফায়ার থেকে পুড়ে যাওয়া সৈকতের সামনের বাড়িগুলিতে মানুষের দেহাবশেষ অনুসন্ধান করছে।

লস অ্যাঞ্জেলেস কাউন্টির জন্য একটি নতুন বায়ু মানের সতর্কতা জারি করা হয়েছে। বায়ুবাহিত ধুলো এবং ছাই থেকে ক্ষতিকারক কণা দূষণের মাত্রার কারণে। এই দূষণ ফুসফুসের গভীরে প্রবেশ করতে পারে এবং অসুস্থতার লক্ষণ, হাঁপানির আক্রমণ এবং শ্বাসযন্ত্রের সংক্রমণের ঝুঁকি সহ স্বাস্থ্য সমস্যা সৃষ্টি করতে পারে।

স্বাস্থ্য বিশেষজ্ঞ এবং সরকারি আধিকারিকেরা আগুনে ক্ষতিগ্রস্তদের বাড়ির ভিতরে থেকে, প্রয়োজনে সুরক্ষামূলক সরঞ্জাম এবং বাড়ির বাতাস বিশুদ্ধ করার পদক্ষেপ নিয়ে দূষণ থেকে নিজেকে রক্ষা করার আহবান জানিয়েছেন।

এলএপিডি জানিয়েছে, বুধবার ফায়ার জোনের ঠিক বাইরে পৃথক ঘটনায় অগ্নিসংযোগের জন্য দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। একটি ঘটনায়, একজন নাগরিক একটি গাছে আগুন নিভিয়ে ফেলে এবং অগ্নিসংযোগের সন্দেহভাজন একজনকে আটক করে বলে পুলিশ জানিয়েছে। সেই সন্দেহভাজন ব্যক্তি আগুন লাগানোর কথা স্বীকার করেছে কারণ সে 'জ্বলন্ত পাতার গন্ধ পছন্দ করত'। পুলিশ জানিয়েছে, সন্দেহভাজন ব্যক্তিটি বলেছে যে সে আগুন ধরিয়ে দিয়েছিল কারণ সে এই বিশৃঙ্খলা ও ধ্বংস উপভোগ করেছিল।

ক্যাল ফায়ার ইনসিডেন্ট কমান্ডার গেরি মাগানা বলেন, গত ২৪ ঘণ্টায় ইটোন এবং প্যালিসেডস উভয় স্থানেই আগুন কোনও বৃদ্ধি পায়নি। লস অ্যাঞ্জেলেস কাউন্টির ফায়ার চিফ অ্যান্থনি ম্যারোন সতর্ক করে বলেছেন, দাবানলের আবহাওয়া অব্যাহত থাকবে।

লস অ্যাঞ্জেলেস সিটির ফায়ার চিফ ক্রিস্টিন ক্রাউলি জানিয়েছেন, রাতারাতি বাতাস ৩০ থেকে ৪০ মাইল প্রতি ঘণ্টায় পৌঁছেছে। ম্যারোন বলেন, ৭০ মাইল বেগের শক্তিশালী বাতাস এখনও আসেনি, তবে তাও সম্ভব।

## ফ্লোরের ভাড়া ও শুটিং খরচ কমেছে

৪৬ পৃষ্ঠার পর

চলচ্চিত্রের আঁতুড়ঘর হিসেবে পরিচিত এফডিসি আবারও নির্মাতাদের আকৃষ্ট করতে শুটিং খরচ কমানোর উদ্যোগ নিয়েছে। পরীক্ষামূলকভাবে ছয় মাসের জন্য ভাড়ার হার পুনর্নির্ধারণ করা হয়েছে।

বছরের শুরুতেই এফডিসির পরিচালক (প্রকৌ) মো. রেজাউল হক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হয় বিষয়টি। বলা হয়, ১ ও ৬ নম্বর ফ্লোর সেট নির্মাণ এবং শুটিংকালীন ভাড়া ছিল যথাক্রমে ২ হাজার ৫৫০ ও ৬ হাজার ৫০০ টাকা।

নতুন বিজ্ঞপ্তির ফলে এ ভাড়া কমে দাঁড়িয়েছে যথাক্রমে ২ হাজার ও ৫ হাজার টাকা। ২ নম্বর ফ্লোর (এসি ছাড়া) সেট নির্মাণ ও শুটিংকালীন ভাড়া ছিল যথাক্রমে ৫ হাজার ১০০ ও ১ হাজার ৩০০ টাকা। নতুন বিজ্ঞপ্তির ফলে কমে দাঁড়িয়েছে যথাক্রমে ৪ হাজার ও ৯ হাজার টাকা। ২ নম্বর ফ্লোর (এসিসহ) সেট নির্মাণ ও শুটিংকালীন ভাড়া ছিল যথাক্রমে ৫ হাজার ১০০ ও ১৮ হাজার৫৪০ টাকা। নতুন বিজ্ঞপ্তির ফলে এটি দাঁড়িয়েছে যথাক্রমে ৪ হাজার ও ১১ হাজার ৫০০ টাকা।

তথ্য অনুযায়ী, সেট নির্মাণের সময় এফডিসির খালি জায়গা, ছাদ ও ঝুটিংস্পটের ভাড়া ছিল ১ হাজার থেকে ৩ হাজার টাকা; যা অপরিবর্তিত রাখা হয়েছে।

ইনডোরে রেড ড্রাগন ক্যামেরার শুটিং ভাড়া ছিল প্রতি শিফট ৬ হাজার ১২০ টাকা। এখন করা হয়েছে ৩ হাজার টাকা। একই ক্যামেরায় আউটডোরে শুটিংয়ে আগে ছিল ৬ হাজার ৬৩০ টাকা। এখন করা হয়েছে ৩ হাজার ৫০০ টাকা। একই ক্যামেরায় দেশের বাইরে শুটিং করতে আগে লাগত ১৯ হাজার ৫০০ টাকা, এখন কমিয়ে ১০ হাজার টাকা করা হয়েছে।

সনি ক্যামেরায় ইনডোরে আগের শুটিং ভাড়া ছিল ৫ হাজার ১০০ টাকা, এখন ২ হাজার। একই ক্যামেরায় আউটডোরে শুটিং ভাড়া ছিল ৫ হাজার ৬১০ টাকা; এখন ২ হাজার ৫০০ টাকা। এছাড়া দেশের বাইরে এ ক্যামেরায় শুটিং করতে প্রতিদিন গুনতে হতো ১৬ হাজার ৫০০ টাকা। এখন ১০ হাজার টাকা।

সনি ক্যামেরায় ইনডোরে আগের শুটিং ভাড়া ছিল ৫ হাজার ১০০ টাকা; এখন করা হয়েছে ২ হাজার টাকা। একই ক্যামেরায় আউটডোরে শুটিং ভাড়া ছিল ৫ হাজার ৬১০ টাকা। এখনে করা হয়েছে ২ হাজার ৫০০টা। এছাড়া দেশের বাইরে এই ক্যামেরায় শুটিং করতে প্রতিদিন গুনতে হতো ১৬ হাজার ৫০০ টাকা। এখন হয়েছে ১০ হাজার টাকা।

ডিজিটাল সম্পাদনা মেশিন চার্জ (প্রতি শিফট) আগে ছিল ২ হাজার ১০০ টাকা। এখন ১ হাজার ৫০০ টাকা। ডিজিটাল কালার গ্রেডিং (প্রতিশিফট) আগে ছিল ৩ হাজার ১৫০ টাকা। এখন সেটা কমিয়ে হয়েছে ২ হাজার ৫০০ টাকা।

শুধু ভাড়া কমানোই নয়, রাখা হয়েছে ছাড়ও। শিক্ষাপ্রতিষ্ঠান বা দাতব্য প্রতিষ্ঠানের শুটিংয়ে সর্বোচ্চ ২০ শতাংশ ভাড়া ছাড় দেওয়া হবে বলে জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে।

## শুটিং গভীর সুন্দরবনে, ইউনিট ছিল লঞ্চে!

৪৬ পৃষ্ঠার পর

তারিক আনাম খান জানান, খুলনা অঞ্চলে তার জন্ম ও বেড়ে ওঠা কিন্তু তিনি কখনও সুন্দরবন দেখেননি। এবারই প্রথম তিনি সুন্দরবনের একদম ভেতরে গিয়ে শুটিং করেছেন। অভিনেতা বলেন, 'আমার এলাকা জন্য ভাষার ব্যবহারেও আমার খুব আরাম লেগেছে। কিন্তু বিষয় কানে লেগে আছে। আমাকে দেখে অনেকে বলেছে, 'উরে বাবারে আপনারে একদিন পরে দেখলাম, সেই ছোট বেলায় দিখিছি। টেলিভিশনে দেখতি হ্যরাম ৫ মাইল দূরি। ভাই আল্লাহ এ কি দেখতিছি, আপনারে একটু ছুঁয়ে দেখি।' সাধারণ ভাষায় মনের কথা বলে দিলো, খুব ভালো লেগেছে আমার।'

চঞ্চল চৌধুরী অভিনয় করেছেন সুনীল চরিত্রে। সিরিজে তিনি একজন ফটোগ্রাফার। 'কেউ'-তে ইতিহাসের একটা ছায়া রয়েছে, প্রেক্ষাপট রয়েছে। সেই ঘটনাগুলোর অনেক তথ্য সুনীল তার ক্যামেরায় ধরে রাখে বলে জানান চঞ্চল চৌধুরী।

চঞ্চল চৌধুরী তার শুটিংয়ের অভিজ্ঞতা জানাতে গিয়ে বলেন, 'আমরা যখন শুটিং করেছি তখন ছিল প্রচণ্ড ঠান্ডা। মাস খানেক সুন্দরবনে শুটিং হয়েছে, যার মধ্যে আমি ছিলাম ২০ দিনের বেশি। রাতে যখন লঞ্চে ঘুমাতাম, খুব ঠান্ডা লাগত। আমি শীতের জামাকাপড় পরেই ঘুমাতাম। তবে ঠান্ডার চেয়েও ভয়ের বিষয় ছিল কুমির। আমাদের লঞ্চ যেখানে নোঙর করা ছিল, সেখানে ছিল কুমিরটা। সকালে জানালা দিয়ে মুখ বের করলেই কুমিরসহ বিভিন্ন পশুপাখি দেখা যেত। আমরা লঞ্চ থেকে শুটিং স্পটে যেতাম ছোট ছোট ট্রলারে। রাতেও শুটিং করতে হতো। খুব কঠিন পরিস্থিতি ছিল।'

মার্শাল চরিত্রে একদম অন্যরকম একটা লুকে অভিনয় করেছেন মোস্তাফিজুর নূর ইমরান। চরিত্রটি ও সিরিজের জন্য দেড় বছর সময় নিয়েছেন তিনি। বলেন, 'পরিচালক যখন এই গল্প এবং মার্শাল চরিত্রটা শোনায়, তখন এতটাই উচ্ছ্বসিত ছিলাম যে, চরিত্র অনুযায়ী প্রস্তুত হতে কতটা সময় লাগবে বা কী হবে সেসব মনেই আসেনি বা ভাবিনি। কাজটা সুন্দরবনে হয়েছে। সেখানকার একটা চরিত্রের শারীরিক ভাষা, দর্শন, আরও ডিটেইল কীভাবে করা যায় সেগুলোর প্রস্তুতি নিয়েছি। চুলদাড়ি বড় করতে হয়েছিল। এটা তো দেখা যায় কিন্তু ভেতরে এক রকম প্রস্তুতি নিতে হয় সেটা দেখা যায় না।'

নূর ইমরান জানান, 'কেউ'-এর শুটিং অভিজ্ঞতা অসাধারণ। সুন্দরবনের এমন সব জায়গায় কাজ করতে হয়েছে, যেখানে কখনও শুটিং হয়নি।

১৯৭৯ সালের জানুয়ারি থেকে মে মাসে পশ্চিমবঙ্গের দক্ষিণ পরগনা জেলার দ্বীপ মরিচঝাঁপিতে ঘটে যাওয়া গণহত্যার ছায়া অবলম্বনে 'কেউ' নির্মিত হলেও সিরিজটি ফিকশনাল। এর গল্প লিখেছেন সুকর্ন সাহেদ ধীমান, রোমেল রহমান এবং চিত্রনাট্য করেছেন সুকর্ন সাহেদ ধীমান ও সিদ্দিক আহমেদ। ইতিহাসের সঙ্গে নিজের দেখা চরিত্র, নিজের জানা ঘটনা, নিজের অঞ্চলের গল্প সিরিজে তুলে ধরেছেন বলে জানান নির্মাতা।


KHAIRUL BASHAR LAW OFFICES
basharlaw.com

সবধরনের ইমিগ্রেশন সমাধানে
KHAIRUL BASHAR LAW OFFICES

আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি



Khairul Bashar
Attorney At Law
(MBA., LL.M.)

* ফ্যামেলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
* অ্যাসাইলাম ও ডিপোর্টেশন ডিফেন্স
* ওয়েভারস (I-601, I-601A & 1-212)
* বর্ডারে গ্রেপ্তার, ডিটেনশন ও বন্ড
* আপিল ও রিট অব ম্যানডামাস
* U - ভিসা, VAWA & SIJS
* EB-1, EB-2 NIW & EB-3
* বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
* কনস্যুলার প্রসেসিং ও 221 (g) ভিসা রিফিউজাল

718-775-8509
212-464-8620
khairul@basharlaw.com

72-32 Broadway
Suite 301-302
Jackson Heights, NY 11372

1629 K Street NW, Suite 300
Washington, D. C. 20006
Tel: (888) 771- 4529

Admitted in Washington D.C. and Alabama State Bar
Practice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States



সাপ্তাহিক আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা

**বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
**পাত্র/ পাত্রী চাই:** এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
**লোক আবশ্যক:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
**বেবি সিটার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
**ড্রাইভার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১

Email: ajkalnews@gmail.com










# উইজডেনের বর্ষসেরা ওয়ানডে একাদশে তাসকিন

৫২ পৃষ্ঠার পর

ওপেনার পাথুম নিসাঙ্কা এবং অভিষ্ক ফার্নান্দোকে শুরুতেই আউট করেন। তার নিয়ন্ত্রিত বোলিং শ্রীলঙ্কাকে ২৩৫ রানে আটকে রাখে, যা বাংলাদেশ চার উইকেট হাতে রেখে অতিক্রম করে। এই পারফরম্যান্সকে উইজডেনও উল্লেখযোগ্য বলছে।

উইজডেনের এই একাদশে ওপেনার হিসেবে রয়েছেন সাইম পাকিস্তানের আইয়ুব ও ও শ্রীলংকার পাথুম নিসাঙ্কা। ওয়েস্ট ইন্ডিজের কেসি কার্টি পূরণ করেছেন টপঅর্ডার। লংকান কুশল মেন্ডিসকে বর্ষসেরার কোয়াডে উইকেটরক্ষক হিসেবে রাখা হয়েছে। মিডলঅর্ডারে আজমতউল্লাহ ওমরজাই জায়গা করে নিয়েছেন। অন্য দুই মিডলঅর্ডার ইংল্যান্ডের লিয়াম লিভিংস্টোন ও ওয়েস্ট ইন্ডিজের শারফেইন রাদারফোর্ড। দলে স্বীকৃত স্পিনার শ্রীলংকার ওয়ানিন্দু হাসারাঙ্গা। আরেক স্পিনার আফগানিস্তানের এএম গাজানফার। একাদশে দুই পেসারের একজন শাহিন আফ্রিদি ও তাসকিন আহমেদ। পুরো বছরে ওয়ানডেতে শাহিন আফ্রিদির ঝুলিতে গেছে ১৫ উইকেট। ছিলেন বেশ ইকোনমিক্যাল। আর তাসকিনের বছরশেষে উইকেট ১৪টি।

উইজডেনের বর্ষসেরা ওয়ানডে একাদশঃ সাইম আইয়ুব, পাথুম নিসাঙ্কা, কেসি কার্টি, কুশল মেন্ডিস, আজমতউল্লাহ ওমরজাই, লিয়াম লিভিংস্টোন, শেরফান রাদারফোর্ড, ওয়ানিন্দু হাসারাঙ্গা, শাহীন শাহ আফ্রিদি, এএম গাজানফার ও তাসকিন আহমেদ।

# সাইফ আলীকে ছুরিকাঘাত

৪৬ পৃষ্ঠার পর

দেওয়া হয়েছে সাইফ আলি খানকে। শুক্রবার সকালে শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। তবে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, দুই দিন পর হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হতে পারে তাকে।

সাইফের জনসংযোগ টিমের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়, অস্ত্রোপচার সম্পন্ন হয়েছে সাইফের, এখন শঙ্কামুক্ত তিনি। চিকিৎসকেরা তার দেখভাল করছেন। তার পরিবারের অন্য সদস্যরা নিরাপদে আছেন। পুলিশ ঘটনার তদন্ত করছে।

কারিনা ও সন্তানরা নিরাপদ আছে বলে জানিয়েছে তাদের গণসংযোগ কর্মকর্তা। লীলাবতী হাসপাতাল সূত্রে খবর, অস্ত্রোপচার করা হয়েছে সাইফ আলি খানের। আপাতত স্থিতিশীল তিনি। আড়াই ঘণ্টা ধরে চলে সাইফ আলি খানের অস্ত্রোপচার। অভিনেতার শরীর থেকে ২-৩ ইঞ্চি একটি ধারালো বস্তু বের করা হয়েছে। চিকিৎসকরা মনে করছেন, ওটা ছুরির অংশ। এছাড়া সাইফের স্নায়ুর অস্ত্রোপচারও সফলভাবে শেষ হয়েছে।

সাইফের ঘটনায় গণমাধ্যমের প্রতি কারিনার যে আকুতি : অভিনেতা সাইফ আলি খান মুম্বাইয়ের বান্দ্রায় তার বাসভবনে ছুরিকাঘাতে আহত হয়েছেন। বৃহস্পতিবার ভোরে এক অজ্ঞাতপরিচয় ব্যক্তি তার বাড়িতে প্রবেশ করে এবং সংঘর্ষের সময় সাইফকে ছুরিকাঘাত করে। তাকে দ্রুত লীলাবতী হাসপাতালে নিয়ে যাওয়া হয়, সেখানে জরুরি অস্ত্রোপচারের পর তিনি বর্তমানে স্থিতিশীল অবস্থায় আছেন। ভারতীয় গণমাধ্যমকে এমনটাই জানিয়েছে চিকিৎসকরা।

এদিকে সাইফের স্ত্রী, অভিনেত্রী কারিনা কাপুর খান সকাল থেকে এ বিষয়ে কোনও কথা বলেননি। এদিন রাত ৯টা নাগাদ ইনস্টাগ্রামে একটি বিবৃতি দিয়েছেন। এই কঠিন সময়ে তাদের পরিবারের গোপনীয়তা রক্ষার আহ্বান জানিয়ে আকুতি করেছেন। তিনি বলেন, 'এটি আমাদের পরিবারের জন্য অত্যন্ত চ্যালেঞ্জিং একটি দিন। আমরা এখনও ঘটে যাওয়া ঘটনাগুলো বোঝার চেষ্টা করছি। এই কঠিন সময়ে, আমি বিনীতভাবে এবং শ্রদ্ধার সঙ্গে গণমাধ্যমকর্মী ও পাপারাজ্জিদের প্রতি অনুরোধ করছি যে, আপনারা নানাবিধ জল্পনা এবং সংবাদ পরিবেশন থেকে বিরত থাকুন। আমরা আপনাদের উদ্বেগ এবং সমর্থনকে প্রশংসা করি, তবে আপনাদের ক্রমাগত নজরদারি এবং মনোযোগ আমাদের জন্য অত্যন্ত চাপের হয়ে উঠেছে। এটি আমাদের নিরাপত্তার জন্যও ঝুঁকিপূর্ণ। আমি অনুরোধ করছি যে, পরিবার হিসেবে সুস্থ হয়ে ওঠার জন্য প্রয়োজনীয় সময় দিন। এই সংবেদনশীল সময়ে আপনাদের বোঝাপড়া এবং সহযোগিতার জন্য আগাম ধন্যবাদ।'

এছাড়া কারিনা কাপুর খান আরও উল্লেখ করেছেন যে, তাদের দুই সন্তান এবং তাদের ব্যক্তিগত কর্মীদের নিরাপত্তা নিয়ে গভীর উদ্বিগ্ন। কারিনা জানান, বাড়ির নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করার পরিকল্পনা করা হচ্ছে।

এদিকে এমন ঘটনার পর মুম্বাই পুলিশ সন্দেহভাজন এক ব্যক্তিকে শনাক্ত করেছে, যিনি সাইফ-কারিনার বাড়ির ভেতরে সিঁড়ি দিয়ে প্রবেশ করেছিলেন বলে ধারণা করা হচ্ছে। তার চুরির উদ্দেশ্য থাকতে পারে বলেও সন্দেহ করা হচ্ছে। তদন্ত চলছে।

ছুরিকাঘাতের ঘটনাটি সম্পর্কে যেটুকু জানা গেলো : মুম্বাইয়ের বান্দ্রায় সাইফ আলি খানের বিলাসবহুল বাসভবনে ঘটে যাওয়া এই ঘটনাটি বলিউডের পাশাপাশি সারা দেশকে হতবাক করে দিয়েছে। স্থানীয় সূত্র মতে, বৃহস্পতিবার ভোরে এক ব্যক্তি সুরক্ষিত নিরাপত্তা ভেদ করে বাড়ির ভেতরে প্রবেশ করে।

ঘটনার সময় সাইফ বাড়ির লিভিং রুমে ছিলেন। সন্দেহভাজন ব্যক্তি তার সঙ্গে কথা বলতে চান বলে জানান, কিন্তু কিছুক্ষণের মধ্যেই উত্তপ্ত তর্কের সৃষ্টি হয়। সংঘর্ষের একপর্যায়ে, ব্যক্তিটি ছুরি বের করে সাইফকে আঘাত করতে থাকেন। সাইফের চিৎকারে বাড়ির নিরাপত্তাকর্মীরা ছুটে আসেন এবং সন্দেহভাজন ব্যক্তি দ্রুত পালিয়ে যায়।

এরপর মুম্বাইয়ের লীলাবতী হাসপাতালে নিয়ে যাওয়া হয় সাইফকে। চিকিৎসকেরা জানান যে, ছুরিকাঘাত গুরুতর হলেও প্রাণঘাতী নয়। একটি জরুরি অস্ত্রোপচারের মাধ্যমে তার অবস্থা স্থিতিশীল করা হয়েছে।

মুম্বাই পুলিশের প্রাথমিক তদন্তে জানা গেছে, সন্দেহভাজন ব্যক্তি পেশাদার চোর হতে পারে। তবে, বাড়ির সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করা হচ্ছে এবং অপরাধীর পরিচয় শনাক্তের কাজ চলছে।

বলিউডে শোকের ছায়া : এই ঘটনা বলিউড তারকাদের মধ্যে ভয় ও উদ্বেগের জন্ম দিয়েছে। অনেকেই সোশ্যাল মিডিয়ায় সাইফের দ্রুত আরোগ্যের জন্য প্রার্থনা জানিয়েছেন। অমিতাভ বচ্চন, শাহরুখ খান, প্রিয়াঙ্কা চোপড়াসহ অনেক তারকা সাইফের পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেছেন।

মুম্বাই পুলিশ জনগণকে আশ্বস্ত করেছে যে, তারা এই ঘটনাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে এবং অপরাধীকে শিগগিরই আইনের আওতায় আনার চেষ্টা চলছে। সূত্র: টাইমস অব ইন্ডিয়া



## Amader Service.com
Your Trusted Service Partner

**আমাদের সেবাসমূহ**

**ইভেন্ট ম্যানেজমেন্ট**
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

**হোম সার্ভিস**
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

**অফিস এ্যাডভাইজারী**
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IT ON App Store

CONTACT

+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410

www.amaderservice.com



## বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

**Md. Alamgir Hossain**
Associate Broker

75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

**মোঃ আলমগীর হোসেন**
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২



প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



## STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

**NEHER SIDDIQUEE**
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com



## REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

**Hasan Malik, Esq.**
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

# সাইফ আলীকে ছুরিকাঘাত

## জবানবন্দিতে রোমহর্ষক বর্ণনা, ১ কোটি রুপি দাবি করেছিল দুর্বৃত্ত

আজকাল বিনোদন





গভীর রাতে বাড়িতে ঢুকে বলিউড অভিনেতা সাইফ আলী খানের ওপর হামলা করেছে দুর্বৃত্তরা। বুধবার মধ্যরাতে সাইফের বান্দ্রার বাড়িতে দুর্বৃত্তরা ঢুকে পড়ে। ওই সময় তাকে ছুরি দিয়ে আঘাত করে পালিয়ে যায়। বলিউড তারকা ও নবাব পরিবারের এই সদস্যকে ছুরিকাঘাতের ঘটনায় রীতিমতো অবাক নেটিজেনরা। নড়েচড়ে বসেছে ভারতীয় প্রশাসন।

এদিকে, ভারতীয় সংবাদ সংস্থা জানাচ্ছে পুলিশের কাছে ঘটনাপ্রসঙ্গে বুধবার ঘটনার জবানবন্দি দিয়েছেন সাইফ আলি খান ও স্ত্রী কারিনা কাপুরের পরিচারিকা। জানা গেছে, প্রথমে ঘরের মধ্যে, বাথরুমের পাশে আচমকা ছায়া লক্ষ করেন তিনি। প্রাথমিকভাবে তিনি মনে করেন, কারিনা ছোট ছেলের ঘরে যাচ্ছেন। কিন্তু কিছুক্ষণেই, ছায়ার দিকে কিছুটা এগোতেই ভুল ভাঙে। স্পষ্ট দেখতে পান, অন্য একটি মধ্যবয়স্ক যুবক গভীররাতে ঘরের ভেতর। পরিচারিকাকে দেখেই তার ওপর ধারাল অস্ত্র দিয়ে হামলা চালায় দুষ্কৃতি। ইতোমধ্যে সেখানে দ্বিতীয় পরিচারিকা হাজির হয়ে দুষ্কৃতিকে জিজ্ঞাসা করেন 'কী চায়?' এই প্রশ্নের উত্তরে দুষ্কৃতি সাফ জানায়, 'এক কোটি রুপি।'

কথা-কাটাকাটি শুনেই ঘর থেকে বেরিয়ে আসেন সাইফ। তিনি দুষ্কৃতিকে বাধা দেওয়ার চেষ্টা করেন। তখনই পরপর তার ওপর এলোপাথাড়ি ধারাল অস্ত্রের কোপ চালায় সে। সাইফের হাতে, ঘাড়ে, মেরুদণ্ডে ছুরি দিয়ে কোপানো হয়েছে বলে জানা গেছে। পুলিশের দাবি, সাইফকে একাধিকবার কোপায় দুষ্কৃতি।

এদিকে, প্রাথমিক তদন্তের পর পুলিশ জানিয়েছে, সাইফের বাড়ির সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হয়েছে। কিন্তু সেখানে বুধবার রাতে ওই ঘটনার দুই ঘণ্টা আগ পর্যন্ত কাউকে বাড়িতে ঢুকতে দেখা যায়নি। মনে করা হচ্ছে, দুপুরেই দুষ্কৃতিকারী বাড়িতে ঢুকে বসেছিল। চিকিৎসকেরা জানিয়েছেন, অস্ত্রোপচারের পর পর্যবেক্ষণের জন্য আইসিইউতে এরপর ৪৪ পৃষ্ঠায়



## সাইফের ওপর হামলার সময় স্ত্রী-সন্তানেরা কোথায় ছিলেন

আজকাল বিনোদন

ছুরিকাঘাতে মারাত্মক আহত বলিউড অভিনেতা সাইফ আলি খান হাসপাতালে চিকিৎসাধীন। গত রাত আনুমানিক ২টা ৩০ মিনিটে নিজ বাড়িতে হামলার শিকার এই অভিনেতা মারাত্মকভাবে জখম হয়েছেন। জানা গেছে, গত রাতে ঘটনার সময় বাড়ির বাইরে ছিলেন তার স্ত্রী অভিনেত্রী কারিনা কাপুর খান। এরপর ৫৩ পৃষ্ঠায়



## জুলাই আন্দোলন নিয়ে 'দ্য রিমান্ড', প্রদর্শনে বাধা!

আজকাল বিনোদন

জুলাই আন্দোলন নিয়ে তৈরি হয়েছে সিনেমা 'দ্য রিমান্ড'। আশরাফুর রহমানের পরিচালনায় সিনেমাটির বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন জাকিয়া বারী মম, পারভেজ আবির চৌধুরী, সালহা খানম নাদিয়া, লুৎফর রহমান জর্জ, কাজী হায়াৎ, মারুফ আকিব প্রমুখ।

এরই মধ্যে চলচ্চিত্র সেন্সর সার্টিফিকেশন বোর্ডে জমা পড়েছে 'দ্য রিমান্ড'। বিদায়ী বছরের ৩০ ডিসেম্বর সিনেমাটি সার্টিফিকেশন বোর্ড পরীক্ষণ কার্যক্রম সম্পন্ন করেছে। তবে অজ্ঞাত কারণে এখনও সনদপত্র পায়নি ছবিটি। বোর্ডের সদস্যরা শিগগিরই সিনেমাটি ছাড়পত্র দেবেন বলে আশাবাদী প্রযোজক বেলায়েত হোসেন।

সম্প্রতি 'ফ্যাসিজমমুক্ত বাংলাদেশে স্বাধীন শিল্প সাহিত্য সংস্কৃতি চর্চা' শীর্ষক আলোচনা অনুষ্ঠান ও 'দ্য রিমান্ড' চলচ্চিত্রটির অংশ বিশেষ প্রদর্শনের লক্ষ্যে বাংলা একাডেমির আব্দুল করিম সাহিত্য বিশারদে সিনেমাটি প্রদর্শনের অনুমতি দিয়েও শেষ মুহূর্তে বাধা দেন বাংলা একাডেমির ডিজি।

এ প্রসঙ্গে অভিনেতা আবির চৌধুরী বলেন, "ছাত্র-জনতার আন্দোলনের মুখে স্বৈরাচার আওয়ামী সরকারের পতন ঘটেছে। এটা বাঙালিদের অনন্য অর্জন। এই অর্জনকে দালিলিক রূপ দিতে পরিচালক আশরাফুর রহমান তাই সিনেমাটি নির্মাণ করেছেন। আমি এই সিনেমার একটা অংশ হতে পেরে গর্বিত। ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের পর 'ওরা ১১ জন' যেমন প্রথম পূর্ণদৈর্ঘ্য সিনেমা হিসেবে স্বীকৃতি পেয়েছে, আগামী প্রজন্মের এরপর ২৮ পৃষ্ঠায়



নিজের বাড়ি পুড়ে ছাই

## তবু ৮ লাখ ডলার ত্রাণ দিলেন অভিনেত্রী

আজকাল বিনোদন

হলিউডের জনপ্রিয় অভিনেত্রী প্যারিস হিলটন। একজন ব্যবসায়ী হিসেবেও সুপরিচিত ও প্রতিষ্ঠিত তিনি। ১১:১১ মিডিয়া ইমপ্যাক্ট নামে তার একটি অমুনাফাভোগী সংস্থা রয়েছে। এর মাধ্যমে লস অ্যাঞ্জেলেসে দাবানল ত্রাণ কার্যক্রমের জন্য ৮ লাখ ডলার সংগ্রহ করেছেন তিনি।

মিডিয়া ব্যক্তিত্ব এবং ব্যবসায়ী প্যারিস নিজেও চলমান দাবানলের ভয়াবহ অগ্নিকাণ্ডের শিকার হয়েছেন। লস অ্যাঞ্জেলেসের অভিজাত এলাকা মালিবুতে ছিল তার বিলাসবহুল বাড়ি। দাবানলে তার বাড়ি পুড়ে ছাই হয়ে গেছে। সে দৃশ্য টিভিতে দেখে হাউমাউ করে কেঁদেছেন এই অভিনেত্রী।

তবে এই ক্ষতিতে তিনি গুটিয়ে যাননি। বরং অসহায়দের জন্য ত্রাণ সংগ্রহ করতে মাঠে নেমেছেন। আশ্রয় হারানো শিশু ও তাদের পরিবারগুলোর সাহায্যের জন্য একটি জরুরি তহবিল চালু করেন। মাত্র ৭২ ঘণ্টার মধ্যে সেই তহবিলে ৮ লাখ ডলার জমা হয়েছে। এছাড়াও হিলটন গোকাভমির ওয়াইল্ডফায়ার রিলিফ ফান্ডে দেড় লাখ ডলার অনুদান দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। এই অর্থ দিয়ে ১৫০টি পরিবারে নগদ সহায়তা প্রদান করা হবে।

হিলটন ইনস্টাগ্রামে লিখেছেন, 'একজন মা হিসেবে আমি কল্পনাও করতে পারি না যে শিশুরা অনিরাপদ রয়েছে। এটা আমাকে খুবই বিপর্যস্ত করে দিচ্ছে। তাদের নিরাপদ স্থানের ব্যবস্থা না করা পর্যন্ত স্বস্তি পাচ্ছি না। আমি সবাইকে আহ্বান করবো আসুন বাস্তুহারা পরিবারগুলোর পাশে থাকি। বিশেষ করে যেসব এরপর ৫৩ পৃষ্ঠায়

## শুটিং গভীর সুন্দরবনে, ইউনিট ছিল লঞ্চে!

আজকাল বিনোদন

ফেউ শব্দের আভিধানিক অর্থ শৃগাল বা শিয়াল। অর্থাৎ চালাক প্রকৃতির বলা যায়। অনুসরণকারী হিসেবেও ফেউএর ব্যবহার দেখা যায়। ফেউলাগা মানে কারও পেছনে লেগে থেকে তাকে ক্রমাগত উত্ত্যক্ত করা। সেই শব্দটির যথাযথ মর্যাদা রাখতে 'ফেউ' নামে নির্মিত হলো একটি ওয়েব সিরিজ।



১৬ জানুয়ারি বিকেলে ফেসবুক পেজে প্রকাশ পেয়েছে সিরিজের টিজার। যেখানে একটি সংলাপে শোনা যায়, 'ও সুনীল দা, ফেউ কারা?' উত্তরে শোনা যায়, 'অ্যাজেন্ট। সরকারি গোয়েন্দাগে অ্যাজেন্ট কয়।'

'ফেউ' নির্মাতা সুকর্ন সাহেদ ধীমান বলেন, "পুরো গল্পজুড়েই ফেউ শব্দটার উপস্থিতি আছে। গল্পের রাজনৈতিক বর্ণনাতেও ফেউ প্রাসঙ্গিক। মানুষের স্বভাবজাত আতঙ্ক, ভয় যখন দৈনন্দিন হয়ে যায় তখনও সেটা ফেউ শব্দ দিয়ে বোঝান সম্ভব। এই আতঙ্কের মধ্যে বসবাস এবং উতরে যাওয়ার গল্প নিয়ে 'ফেউ' সিরিজ। তাই সিরিজের নামকরণ সবচেয়ে যৌক্তিক মনে হয়েছে।"

'ফেউ'-এর টিজার প্রকাশের মধ্য দিয়ে এর অভিনয়শিল্পী এবং মুক্তির তারিখও ঘোষণা করা হয়েছে। সিরিজটি চরকিতে আসছে ২৯ জানুয়ারি রাত ১২টা ১ মিনিটে (৩০ জানুয়ারি)। আর এতে অভিনয় করেছেন তারিক আনাম খান, চঞ্চল চৌধুরী, মোস্তাফিজুর নূর ইমরান, তানভীর অপূর্ব, হোসেন জীবন, তাহমিনা অথৈ, রিজভি রিজু, ফারাহ রোমা, বাবলু বোস, এ কে আজাদ সেতু প্রমুখ।

সিরিজে কাজী চরিত্রে অভিনয় করেছেন তারিক আনাম খান। চরিত্র নিয়ে তিনি বলেন, 'কাজী চরিত্রটি এই এলাকার প্রভাবশালী মানুষ। রাজনীতির সঙ্গে সে খুব বেশিভাবে জড়িত। সব জায়গায় তার কর্তৃত্ব আছে কিন্তু সেটা সে বোঝাতে চায় না। এর মধ্য দিয়ে ওই এলাকার রাজনীতি বেশ ভালোভাবে উঠে এসেছে বলে আমার মনে হয়।' এরপর ৪৩ পৃষ্ঠায়



এফডিসি

## ফ্লোরের ভাড়া ও শুটিং খরচ কমেছে

আজকাল বিনোদন

এফডিসিতে শুটিংয়ের খরচ বরাবরই ছিল বেশি। এ নিয়ে অনেক আক্ষেপ-অভিযোগ ছিল। ফ্লোর ভাড়া, ক্যামেরা, লাইট, সম্পাদনা ও কালার গ্রেডিংয়ের খরচ এত বেশি যে নির্মাতারা তুলনামূলক কম খরচে এবং বেশি সুবিধা পান বিএফডিসির বাইরে। এরপর ৪৩ পৃষ্ঠায়


GRAND SPONSOR
DULAL BEHEDO
President -
Dhaka Zila Association USA
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
POWERED BY
rivertel
PRESENTS
ঢালিউড ফিল্ম এন্ড মিউজিক অ্যাওয়ার্ড
বহির্বিশ্বের সর্বাধিক জনপ্রিয় অনুষ্ঠান
LIVE IN CONCERT
DHALLYWOOD
FILM & MUSIC
AWARDS 2025
TICKET PLACE
খামারবাড়ি গ্রোসারি
JACKSON HEIGHTS
খলিল বিরানি হাউজ
BRONX
আপনার চা ঘর
JAMAICA
সূচনা গ্রোসারি
BROOKLYN
SATURDAY 6PM, 18TH JANUARY 2025
QUEENS THEATER AUDITORIUM, 14 UNITED NATIONS AVE S
FLUSHING MEADOWS CORONA PARK, QUEENS, NY 11368
SHOWTIME MUSIC
FOR MORE INFO
646 546 6038
TICKET PRICE
$50
$100
VIP $200

জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

### Geriatric Medicine

# শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**







যেসব বিষয়ে পরামর্শ দিই

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।

আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছি।



বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214

Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

C&A **CHHETRY & ASSOCIATES P.C.**
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116





PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005

EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us



জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

# নুসরাত জেরিন

CALL: 917-436-0954

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com

ESTD 2017

**Tribune Training Academy**

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

# Zillur Tax Accounting and Insurance

Accounting, Tax Filling, Audit, Insurance and Real State

## Zillur Rahim

IRS Enrolled Agent, MBA

646-322-3254



**Our Services:**

- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting

Zillur Rahim
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432

646-322-3254, 718-374-3110

Email : zillurincometaxnyc@gmail.com

Zillurtaxandinsurance.com


## গত শুক্রবারের খুৎবা




بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ২৬শে জুলাই, ২০২৪ তারিখে হাদীকাতুল মাহ্দীর জলসা গাহে প্রদত্ত জুমুআর খুতবায় যুক্তরাজ্যের ৫৮তম বার্ষিক জলসা উপলক্ষে স্বেচ্ছাসেবী কর্মী ও আগত অতিথিদের করণীয় ও অন্যান্য আনুষঙ্গিক সম্পর্কে মূল্যবান দিকনির্দেশনা প্রদান করেন এবং জলসা'র সফলতার জন্য দোয়ার আহ্বান করেন।

আশহাদু, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর আনোয়ার (আই.) বলেন, আল্লাহ্ তা'লার অশেষ কৃপায় আজ যুক্তরাজ্যের জলসা সালানা শুরু হচ্ছে এবং এখানে হাজার হাজার লোক ধর্মীয় ও আধ্যাত্মিক কল্যাণ লাভের উদ্দেশ্যে এসেছে। এ দিনগুলোতে হাদীকাতুল মাহ্দীতে একটি অস্থায়ী শহর বানানো হয়েছে যেন এ পরিবেশে পার্থিব আমোদমুক্ত হয়ে আমরা নিজেদের ধর্মীয়, নৈতিক ও আধ্যাত্মিক অবস্থাকে উন্নত করতে পারি। তাই এ সময়টিতে জাগতিক চাহিদার প্রতি মনোযোগী হওয়ার পরিবর্তে আধ্যাত্মিকভাবে সর্বোচ্চ লাভবান হওয়ার চেষ্টা করা উচিত। কিন্তু মানবীয় প্রয়োজনীয়তা ও চাহিদা থেকেই যায় যা পূরণের লক্ষ্যে ব্যবস্থাপনা সামর্থ্যানুযায়ী চেষ্টা করে থাকে, শত শত কর্মী স্বেচ্ছাসেবার ভিত্তিতে মসীহ্ মওউদ (আ.)-এর অতিথিদের সেবার উদ্দেশ্যে নিজেদেরকে উপস্থাপন করে থাকে।

এ ধারাবাহিকতায় প্রথমে আমি সমস্ত স্বেচ্ছাসেবকদের এদিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আপনারা নিজেদের দায়দায়িত্ব সুচারুরূপে পালন করার চেষ্টা করুন। জলসার অতিথিদেরকে মসীহ্ মওউদ (আ.)-এর অতিথি মনে করে সেবা করুন। আপনাদের ধারণানুযায়ী যদি কোন অতিথি কোন বিষয়ে বাড়াবাড়ি করেও ফেলে তা উপেক্ষা করুন। আল্লাহ্ তা'লার কৃপায় এখন প্রতিটি দেশে অতিথিপরায়ণতা এবং উন্নত চরিত্রের বহিঃপ্রকাশ জামাতে আহমদীয়ার একটি বিশেষ বৈশিষ্ট্যে পরিণত হয়েছে। হযরত মসীহ্ মওউদ (আ.) বলেন, **অতিথিদের হৃদয় কাঁচের ন্যায় হয়ে থাকে;** স্পর্শকাতর হয়ে থাকে। তাই খুব ভালভাবে দৃষ্টি রাখা উচিত যেন তারা কোনভাবে কষ্ট না পায়। জলসায় অংশগ্রহণকারীদের অধিকাংশেই তো আহমদী আর তারা এ বিষয়টি অবগত হয়েই আসে যে কষ্ট সহ্য করতে হবে, কিন্তু যারা আহমদী নয় কিংবা নবদীক্ষিত আহমদী যারা উত্তম তরবিয়ত পায়নি তাদের কথা স্মরণ রেখে বিশেষ দৃষ্টি দেয়া উচিত। ট্রাফিক, গাড়ি পার্কিং, পরিচ্ছন্নতা, শৃঙ্খলা, পানি সরবরাহ, খাদ্য ব্যবস্থাপনা, ট্রান্সপোর্ট যে বিভাগেরই দায়িত্বই হোক না কেন অতিথিদের সহজতার জন্য সর্বোচ্চ চেষ্টা করুন এবং তাদের যেন কোন প্রকার কষ্ট না হয় সেদিকে বিশেষভাবে খেয়াল রাখুন।

এরপর অতিথিদের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, **আপনারা এখানে পুণ্য অর্জনের লক্ষ্যে মসীহ্ মওউদ (আ.)-এর জলসায় অংশগ্রহণ করতে এসেছেন।** পার্থিব সম্মান এবং সেবা লাভের প্রতি মনোযোগ দেয়ার পরিবর্তে সেই সমস্ত উন্নত চরিত্র গঠনের প্রতি আরো সচেষ্ট হোন যা একজন প্রকৃত মুসলমানের বৈশিষ্ট্য হয়ে থাকে। খোদা তা'লার পথে ভ্রমণকারীদের পার্থিব আরাম আয়েশের প্রতি মনোযোগ খুব কমই থাকে। অনেক সময় ব্যবস্থাপকদের দুর্বলতা পরিলক্ষিত হয়, কিন্তু এসকল বিষয় উপেক্ষা করা উচিত। যদি প্রত্যেক আগত অতিথির হৃদয়ে এটি বিরাজ করে যে, আমাদের প্রকৃত উদ্দেশ্য আধ্যাত্মিক খোরাক অর্জন তাহলে অতিথি এবং আপ্যায়নকারীদের পারস্পরিক ভালবাসা এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের মাধ্যমে এ দিনগুলো অতিবাহিত হবে। ব্যবস্থাপকদের প্রচেষ্টা সর্বদা এটিই থাকে যেন সমস্ত অতিথির সাথে ভারসাম্যপূর্ণ আচরণ করা হয়, তথাপি কখনো কখনো কমবেশি হয়ে যায় যা অতিথিদের উপেক্ষা করা উচিত। তদুপরি আমি স্বেচ্ছাসেবকদের বলে দিতে চাই, অতিথিদের মাঝে বৈষম্য করা উচিত নয়। শ্রেণিভেদে সকল অতিথির আরামের প্রতি মনোযোগ দিতে হবে।

হযরত মসীহ্ মওউদ (আ.) নিজে অতিথিদের সম্মান করতেন এবং সেবা করতেন। জলসার বিষয়ে তিনি (আ.) বলতেন, **সকলের জন্য অভিন্ন ব্যবস্থাপনা থাকবে।** একইসাথে তিনি অতিথিদের হৃদয়ে এটি প্রথিত করতেন যে, **আপনাদের এখানে আগমনের প্রকৃত উদ্দেশ্য হল, ধর্ম শেখা, নিজেদের জ্ঞানভাণ্ডারকে পবিত্র করা এবং আল্লাহ্ তা'লার নৈকট্য লাভের চেষ্টা করা।** সুতরাং এ উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে আপনারা এখানে একত্রিত হয়েছেন। হুযূর বলেন, জলসায় আসন গ্রহণ করে জলসার প্রোগ্রাম ও বক্তৃতাসমূহ মনোযোগ দিয়ে শুনুন এবং এথেকে উপকৃত হোন। প্রত্যেক মুমিনের তার সময়ের যথাযথ ব্যবহার অত্যন্ত জরুরী।

জলসায় দূর দূরান্ত থেকে আগমনকারীরা পরস্পরের সাথে সাক্ষাত করে থাকে। এর মাধ্যমে মসীহ্ মওউদ (আ.)-এর জামাতের সদস্যরা দেশ-জাতি ও গোত্রীয় বিভক্তি ভুলে এক অসাধারণ ভ্রাতৃত্ববোধের পরিবেশ সৃষ্টি করে থাকে। সুতরাং এটিও জলসার একটি উদ্দেশ্য। এ সুযোগকে কাজে লাগানো উচিত, কিন্তু অনেক সময় এভাবে পারস্পরিক আলোচনা ও গল্পগুজবে মত্ত থাকার কারণে গভীর রাত হয়ে যায় আর তাহাজ্জুদ তো দূরের কথা, ফজরে উঠতেই কষ্ট হয়ে যায়। এছাড়া অনেক সময় খাবারের পর ডাইনিংয়ে দাঁড়িয়ে দীর্ঘক্ষণ আলোচনা করতে থাকে আর এর ফলে ব্যবস্থাপকদের কর্মীদের অসুবিধা হতে হয়, এটি সমীচীন নয়। মহানবী (সা.)-এর কাছে আগমনকারী অতিথিদেরকে আল্লাহ্ তা'লা বলেন, **তোমরা খাবার খাওয়ার পর দীর্ঘক্ষণ বসে গল্পগুজবে মত্ত থেকো না।**

হুযূর (আই.) বলেন, এত বড় সমাবেশে অনেক সময় পারস্পরিক বাকবিতণ্ডা হয়ে যায়। প্রকৃত মুমিন সম্পর্কে আল্লাহ্ তা'লা বলেন, **সে তার ক্রোধ নিয়ন্ত্রণ করে।** সুতরাং জলসার পরিবেশের পবিত্রতাকে দৃষ্টিপটে রেখে একে অপরের দোষত্রুটি উপেক্ষা করুন। যদি কোন কর্মীর পক্ষ থেকে কোন ভুল হয়েও যায় তখন এটিকে খারাপভাবে নেয়ার পরিবর্তে তাকে সাহস প্রদান করুন এবং ধৈর্য্য ও মার্জনার আচরণ প্রদর্শন করুন। অতিথিদের অহেতুক বাড়াবাড়ি করা উচিত নয় আবার কর্মীদেরও অতিথিদের বাড়াবাড়ি দেখে নীরবতা অবলম্বন করা উচিত। মহানবী (সা.)-এর একটি নির্দেশনা হল, **যে তোমার সাথে সম্পর্কচ্ছিন্ন করে তার সাথেও তুমি উত্তম আচরণ করো।** অর্থাৎ, যদি কেউ কঠোরতা করেও ফেলে তাকে তিক্ত জবাব দেয়ার পরিবর্তে তার সাথে উত্তম আচরণ করো। স্মরণ রাখতে হবে, আমরা যদি উত্তম আচরণ করি তাহলে এটি এক নীরব তবলীগের কাজ হবে। সুতরাং আমাদের প্রত্যেকের প্রকৃত উদ্দেশ্য হওয়া উচিত আমরা যেন কথা, মেজাজ ও ইবাদতের মাধ্যমে আল্লাহ্ তা'লার সন্তুষ্টি অর্জনকারী হতে পারি।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল, পরস্পরের মাঝে সালাম প্রদানের প্রচলন করুন, অধিক হারে সালাম আদান-প্রদান করুন। আল্লাহ্ তা'লা আমাদেরকে এমন এক পবিত্র দোয়া শিখিয়েছেন যা পরস্পরের মাঝে ভালবাসা ও সৌহার্দ্য ছড়িয়ে দেয় এবং উভয়ের জন্য কল্যাণ বয়ে আনে। মহানবী (সা.) বলেন, **কাউকে চেন বা না চেন সালাম প্রদান করো।** সুতরাং এ সালামের প্রচলন হলে অ-আহমদী ও নবদীক্ষিত আহমদীদের হৃদয়েও ভাল প্রভাব পড়বে এবং তারা ইসলামের অনিন্দ্য সুন্দর শিক্ষার প্রশংসাকারী হবে। অনুরূপভাবে প্রতিটি বিষয়ে আমাদের জন্য রসূলুল্লাহ্ (সা.)-এর সাহাবীদের দৃষ্টান্ত বিদ্যমান। কুরআন করীমের নির্দেশ হল, **কোন ব্যক্তি যদি অতিথিকে বলে যে, তুমি ফিরে যাও। তাহলে খুশিমনে ফেরত চলে** আসা উচিত। এক সাহাবী সম্পর্কে বর্ণিত হয়েছে যে, তিনি মানুষের বাড়িতে গিয়ে অনেক চেষ্টা করেছেন যেন কেউ তাকে ফেরত যেতে বলে আর তিনি কুরআনের নির্দেশ মান্য করে খুশিমনে ফেরত চলে আসতে পারেন।

হযরত মসীহ্ মওউদ (আ.) একটি মুকদ্দমায় অংশগ্রহণের উদ্দেশ্যে যেখানে অবস্থান করছিলেন সেখানে সাহাবীরা একদিন অতিথিদের আধিক্যের কারণে হযরত মসীহ্ মওউদ (আ.)-এর জন্য খাবার রাখতে ভুলে গিয়েছিলেন। দীর্ঘক্ষণ অপেক্ষার পর তিনি যখন খাবারের কথা জিজ্ঞেস করেন তখন সবাই অস্থির ও ব্যাকুল হয়ে যায়। তিনি (আ.) এটি দেখে বলেন, এত চিন্তার কী আছে? দস্তরখানে দেখ। সেখানে যা আছে তাই নিয়ে আস। **টেবিলে শুধুমাত্র কিছু রুটির টুকরো পড়ে ছিল, তরকারি অবশিষ্ট ছিল না। তথাপি তিনি বলেন, আমার জন্য এটিই যথেষ্ট।** অতঃপর তিনি তাই খেয়ে নেন। সুতরাং আমরা যারা তাঁর জামাতের অনুসারী হওয়ার দাবি করি আমাদেরও সর্বদা এরূপ ধৈর্য্য, সাহস এবং কৃতজ্ঞতাবোধ প্রদর্শন করা উচিত।

এরপর হুযূর (আই.) বলেন, এ দিনগুলোতে বিভিন্ন প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। **হযরত মুসলেহ মওউদ (রা.)'র ইউরোপ সফরের শতবর্ষ পূরণ, রিভিউ অব রিলিজিয়নস, মাখজানে তাসাভীর** প্রভৃতির প্রদর্শনী রয়েছে। অবসর সময়ে সময় নষ্ট না করে এসব প্রদর্শনী থেকে পরিপূর্ণভাবে উপকৃত হোন। পরিশেষে হুযূর বলেন, ইউরোপের বিভিন্ন স্থানে কভিডের আক্রমণ বাড়ছে। এ কারণে প্রবেশপথগুলোতে প্রতিরোধস্বরূপ হোমিও ওষুধ প্রদান করা হচ্ছে; এগুলো সেবন করুন। আল্লাহ্ তা'লা সবাইকে সবধরণের ব্যাধি থেকে নিরাপদ রাখুন। সিকিউরিটি বা নিরাপত্তার বিষয়ে মনোযোগী হোন। এ ক্ষেত্রে প্রত্যেকে নিজেদের আশেপাশে ও ডানেবামে লক্ষ রাখুন। এটি সবচেয়ে বড় নিরাপত্তার মাধ্যম। কোন অস্বাভাবিক বস্তু বা কারো অস্বাভাবিক আচরণ লক্ষ করলে ব্যবস্থাপকদের জানান, কিন্তু আমাদের সবচেয়ে বড় অস্ত্র হল দোয়া। বিশেষভাবে এ দিনগুলোতে দোয়া এবং যিকরে এলাহীতে রত থাকুন। আল্লাহ্ তা'লা এ জলসাকে প্রত্যেকের জন্য কল্যাণমণ্ডিত করুন।

**[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পারেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, www.mta.tv এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট www.ahmadiyyabangla.org -এ]**

*(সূত্র: কেন্দ্রীয় বাংলাদেশ দফতরের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)*




# ফুলতলী ইসলামিক সেন্টারে ঈসালে সাওয়াব মাহফিল

আজকাল রিপোর্ট

ভারতীয় উপমহাদেশের প্রখ্যাত বুজুর্গ শামছুল উলামা আল্লামা ফুলতলী ছাহেব কিবলাহ (র.)-এর ১৭তম ঈসালে সাওয়াব মাহফিল উপলক্ষে গত বুধবার আনজুমানে আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট এবং ফুলতলী ইসলামিক সেন্টারের যৌথ উদ্যোগে ফুলতলী ইসলামিক সেন্টারে এক আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আনজুমানে আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট কমিটির সভাপতি মাওলানা শাব্বির আহমদ সাহেবের সভাপতিত্বে ও ফুলতলী ইসলামিক সেন্টারের সাধারণ সম্পাদক আলহাজ্ব মোহাম্মদ শরিয়ত খান ও আঞ্জুমানে আল ইসলাহ নিউইয়র্ক স্টেটের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক হাফিজ নজম উদ্দিন আহমদের যৌথভাবে অনুষ্ঠান পরিচালনা করেন। শুরুতে পবিত্র কুরআন থেকে তিলাওয়াত করেন সংগঠনের প্রচার সম্পাদক হাফিজ কারী মাওলানা রওশন আহমদ।

প্রধান অতিথি হিসেবে ফুলতলী ছাহেব কিবলাহ (রহ)'র জীবনের নানান দিক নিয়ে আলোচনা করেন আনজুমানে আল-ইসলাহ ইউএসএ'র স্থায়ী কমিটির সাধারণ সম্পাদক হযরত মাওলানা এম এ নূর। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আনজুমানে আল ইসলাহ ইউএসএ স্থায়ী কমিটির সদস্য আল্লামা সৈয়দ নাজমুল হক, স্থায়ী কমিটির সদস্য মাওলানা আবুল কাশেম ইয়াহইয়া, আনজুমানে আল ইসলাহ ইউএসএ সাবেক সহ-সভাপতি মাওলানা মাশহুদ ইকবাল, সাবেক সাধারণ সম্পাদক মাওলানা মইনুল ইসলাম, ফুলতলী ইসলামিক সেন্টারের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব আজিজুর রহমান বুরহান, আঞ্জুমানে আল-ইসলাহ ইউএসএ'র সাবেক আইন বিষয়ক সম্পাদক জনাব শাহাদাত খান।

বক্তব্য রাখেন ফুলতলী ইসলামিক সেন্টারের এডুকেশনাল সেক্রেটারি সৈয়দ সায়েম, আল-ইসলাহ নিউইয়র্ক স্টেট কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক হাফিজ শাহতেজ সিদ্দিক, আনজুমানে আল ইসলাহ নিউইয়র্ক স্টেটের সাবেক সাংগঠনিক সম্পাদক এডভোকেট মাওলানা আশিক আহমদ খান, আনজুমানে আল ইসলাহ নিউইয়র্কের সাবেক সহ-সভাপতি মাওলানা জামাল উদ্দিন, শাহজালাল দারুস সুন্নাহ জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা আব্দুল হাদী জালালী।

মাহফিলে উপস্থিত ছিলেন আনজুমানে আল-ইসলাহ ইউএসএর সাবেক সাংগঠনিক সম্পাদক মাওলানা মুস্তাফিজুর রহমান ও সাবেক সহ-সভাপতি কবীর আবুল খায়ের, আর রহমান মসজিদের সম্মানিত ইমাম ও খতিব মাওলানা মনসুর আহমদ, দারুস সুন্নাহ নিউইয়র্কের প্রিন্সিপাল হাফিজ মাওলানা মিনহাজুর রহমান চৌধুরী, ফুলতলী ইসলামিক সেন্টারের প্রেসিডেন্ট মহিবুর রহমান সোহেল, জালালাবাদ অ্যাসোসিয়েশনের (ভারপ্রাপ্ত) সাধারণ সম্পাদক রোকন হাকিম। সংগঠনের দায়িত্বশীলদের মধ্য থেকে উপস্থিত ছিলেন সহ-সভাপতি মাওলানা শাহান ইয়াহিয়া, সহ-সভাপতি হাফিজ জামশেদ হোসাইন, অর্থ সম্পাদক কারী মালিক শেখ, অফিস সম্পাদক আতিকুল হক বিলাল, ও সদস্য আশফাক হুসাইন শুভ। এছাড়াও উপস্থিত ছিলেন সংগঠনের সাবেক সহ সাধারণ সম্পাদক কারী খালেদ মিয়া, সাবেক সদস্য শাহনিয়াজ ইসলাম। আরো ও উপস্থিত ছিলেন ফুলতলী ইসলামিক সেন্টারের সহ অর্থ সম্পাদক লুৎফুর রহমান রুবেল, সেন্টারের ট্রাস্টি বোর্ডের সদস্য ক্বারী ইসলাম উদ্দিন, ফুলতলী ইসলামিক সেন্টারের উইকেন্ড ক্লাসের শিক্ষক কারী আমিরুল ইসলাম, মাওলানা সৈয়দ নাজমুল হক, মামুন ইসলাম, আদনান চৌধুরী সহ প্রমুখ।




# স্ট্যাটেন আইল্যান্ড লায়ন'স ক্লাবে কম্বল বিতরণ

আজকাল রিপোর্ট

স্ট্যাটেন আইল্যান্ড লায়ন'স ক্লাবের পক্ষ থেকে শুক্রবার জানুয়ারী ১০ তারিখে শীতার্তদের মাঝে বিনা মূল্যে কম্বল বিতরন করা হয়। স্ট্যাটেন আইল্যান্ডের রিচমন্ড রোডে বিনামূল্যে কম্বল সংগ্রহের জন্য প্রচুর লোক উপস্থিত ছিলেন। স্ট্যাটেন আইল্যান্ড লায়ন'স ক্লাবের প্রেসিডেন্ট কাজী হেলেনইন বলেন, "এটি আমাদের ক্লাবের একটি নিয়মিত আয়োজন। প্রতিবছর আমরা শীতার্তদের মাঝে কম্বল বিতরন করে থাকি। স্ট্যাটেন আইল্যান্ডের বাসিন্দা নিম্ন আয়ের লোকজন যাদের অনেকেরই কম্বল কেনার সামর্থ্য নেই তাদের সহায়তা করার জন্য আমাদের এই উদ্যোগ।"

কম্বল বিতরন অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন স্ট্যাটেন আইল্যান্ড লায়ন'স ক্লাবের সাধারন সম্পাদক চৌধুরী মোহাম্মদ কাজল। অন্যান্যদের মাঝে আরও উপস্থিত ছিলেন স্ট্যাটেন আইল্যান্ড লায়ন'স ক্লাব নর্থ শোরের প্রেসিডেন্ট অলিভিয়া কিনতো, পরিচালক মারিলো ক্রুসাস, স্ট্যাটেন আইল্যান্ড ইউনাইটেড এশীয়ান লায়ন'স ক্লাবের প্রেসিডেন্ট ইমিথ রেনাল্ডে, নিউইয়র্ক জাপানীজ-আমেরিকান লায়ন'স ক্লাবের ইন্টারন্যাশনাল কো-অর্ডিনেটর মারি মরিমোতো ও লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল ফাউন্ডেশনের কো-অর্ডিনেটর লুইস ক্যাম্পবেল।

## নিউইয়র্কে চার তরুণ বাংলাদেশি উদ্যোক্তা

৬২ পৃষ্ঠার পর

উদ্যোক্তা হচ্ছেন- রেদিজ, হুমায়ুন কবির, সাখাওয়াত হোসেন ও জাহিদুল হক। 'এনওয়াইসি পিৎজা এন্ড ফ্রাইড চিকেন' নামে তাদের নতুন ব্যবসা প্রতিষ্ঠান নিয়ে যাত্রা শুরু করেছেন তারা। বাংলাদেশি কমিউনিটির কাছে তারা দোয়া প্রার্থনা করেন। এসব তরুণরা বাংলাদেশি-আমেরিকান ব্যবসায় সফলতার প্রতীক হয়ে উঠেছেন। তাদের শ্রম, মেধা, পরিশ্রম, বুদ্ধি, যোগ্যতা আর সততার মধ্য দিয়ে গড়ে তুলতে চান সফল ব্যবসা প্রতিষ্ঠান 'এনওয়াইসি পিৎজা এন্ড ফ্রাইড চিকেন'।

হালাল মুখরোচক ভিন্ন ভিন্ন স্বাদের পিৎজার পাশাপাশি ওরিগানো রাইস, সসি অ্যান্ড চেসি পিৎজা, জাইরো রাইস, চিকেন ভেজিটেবল পিৎজা, চিকেন বার্গার, এনওয়াইসি স্পেশাল টিক্কা মাশালা পিৎজা, চিজ বার্গারসহ বিভিন্ন ধরনের পাবলিক ফ্রেন্ডলি বেশ কিছু মুখরোচক খাবার পাওয়া যাবে। অনুষ্ঠানে বাঙালি কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।





# ব্লিং লেদার প্রোডাক্টস্ লিমিটেডের শীত বস্ত্র বিতরণ

আজকাল রিপোর্ট

সুদূর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত সেলিম ফাউন্ডেশন ইনক্ এর আয়োজনে একযোগে নীলফামারী ও রংপুরের শীতার্থ মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ কর্মসূচি পালন করা হয়। উত্তরবঙ্গ তথা নীলফামারী ও রংপুর এ অঙ্কুর সীড এন্ড হিমাগার (কিশোরগঞ্জ , চাঁদের হাট নীলফামারী ), অঙ্কুর স্পেশালাইজড কোল্ড স্টোরেজ (মিঠাপুকুর, রংপুর ) এবং ব্লিং লেদার প্রোডাক্টস্ লিঃ (ধনিরামপুর, তারাগঞ্জ, রংপুর ) এর প্রতিষ্ঠাতা মোহাম্মদ সেলিম গত ২৩শে জানুয়ারী ২০২৩ সালে নিউ-






ইয়র্কে ইন্তেকাল করেন। মোহাম্মদ সেলিম এর অসামান্য অবদান কে সামনে রেখে তার ছোট ভাই নিউইয়র্ক কমিউনিটির প্রিয় মুখ হাসানুজ্জামান হাসানের জ্যেষ্ঠ কন্যা নাওয়াল হাসান নিউইয়র্কে "সেলিম ফাউন্ডেশন ইনক্" নামে একটি স্বেচ্ছাসেবী দাতব্য /সাহায্য ও অলাভজনক প্রতিষ্ঠান গড়ে তোলেন।
সেলিম ফাউন্ডেশন এর উদ্যোগে শীতবস্ত্র বিতরণ কর্মসূচিতে প্রধান অতিথী হিসেবে উপস্থিত থেকে বিশিষ্ট ব্যবসায়ী ও ব্লিং লেদার প্রোডাক্টস্ লিঃ এর চেয়ারম্যান ও এমডি হাসানুজ্জামান হাসান শীতবস্ত্র বিতরণ করেন এবং মরহুম ভাইয়ের রুহের মাগফেরাত কামনা করে দোয়া প্রার্থনা করেন। এসময় তারাগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম মোঃ মনোয়ার হোসেন সুমন, ব্লিং লেদার প্রোডাক্টস্ লিঃ এর জিএম এম এম খালিদ আহসান, হেড অফ ফিনান্স মারুফ চৌধুরী, এইচ আর এন্ড অ্যাডমিন ম্যানেজার মোঃ আব্দুল্লাহ আল ফারুক নীলফামারী অঙ্কুর সীড এন্ড হিমাগারের ফারুক প্রামানিক ও হায়দার আলী উপস্থিত ছিলেন। উল্লেখ যে বাংলাদেশে ও "সেলিম ফাউন্ডেশন ইনক্" নামে একটি স্বেচ্ছাসেবী দাতব্য /সাহায্য ও অলাভজনক প্রতিষ্ঠান শুরু করার কাজ প্রক্রিয়াধীন রয়েছে। খুব শীঘ্রই "সেলিম ফাউন্ডেশন ইনক্" এর কার্যক্রম বাংলাদেশ ও শুরু করা হবে। প্রেস বিজ্ঞপ্তি।

## ডা. জিয়া মুক্তধারার চেয়ারম্যান, ড. নুরুন্নবী'র পদত্যাগ

১ পৃষ্ঠার পর

পক্ষে অবস্থান নিয়েছেন। অন্যদিকে একটি অংশ নিউইয়র্ক বাংলা বইমেলাকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের চেতনায় পরিচালিত করার পক্ষে। কিন্তু বিপত্তি দেখা দেয় গত ৯ জানুয়ারি বৃহস্পতিবার অনুষ্ঠিত কার্যকরী কমিটির সভায়। সভায় রাজাকার ও স্বৈরাচারের সমর্থক নিয়ে পাল্টাপাল্টি বক্তব্য আসে। এতে আপত্তি জানিয়ে কমিটির শীর্ষস্থানীয় পাঁচজন কর্মকর্তা সভা থেকে বেরিয়ে যান। পরে কোনো সিদ্ধান্ত ছাড়াই সভা মুলতবি করা হয়।
মুক্তধারা ফাউন্ডেশনের নতুন চেয়ারম্যান হয়েছেন ডা. জিয়াউদ্দিন আহমেদ। পরে পূর্ণাঙ্গ কমিটি গঠনের কথা রয়েছে। ৩৪তম বইমেলার আহবায়ক নির্বাচিত হয়েছেন প্রখ্যাত সাংবাদিক রোকেয়া হায়দার। তবে একাত্তরের প্রহরী নামে একটি সংগঠনের কর্মকর্তারা এক বিবৃতিতে অভিযোগ করেছেন, ৩৫ বছর ধরে মুক্তিযুদ্ধের চেতনায় অনুষ্ঠিত নিউইয়র্ক বাংলা বইমেলা এ বছর জুলাই অভ্যুত্থানকারীদের দখলে চলে যাচ্ছে। এ কারণে তারা আগামী কমিটিতে মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তিকে রাখার পক্ষে মত দেন।
এ ব্যাপারে জানতে চাইলে ড. নুরুন নবী বলেন, ৯ জানুয়ারি বৃহস্পতিবার অনুষ্ঠিত কার্যকরী কমিটির সভায় এ বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে। পূর্ণাঙ্গ কমিটি হয়নি। পুরো কমিটি ঘোষণার পর প্রতিক্রিয়া দেব।
এ ব্যাপারে জানতে চাইলে মুক্তধারা ফাউন্ডেশনের সদস্য সচিব ও সিইও বিশ্বজিৎ সাহা আজকালকে বলেন, ৩৪ বছর ধরে মুক্তিযুদ্ধের চেতনায় বইমেলা হয়ে আসছে। কোন দলীয় ভাবাদর্শে এ সংগঠন চলে না। আগামীতেও চলবে না। মুক্তধারায় যারাই জড়িত তারা সকলেই মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী । দলীয় আদর্শে বইমেলা অনুষ্ঠিত হয় না। সর্বসম্মতভাবে ৩৪তম আন্তর্জাতিক বইমেলার আহবায়ক রোকেয়া হায়দার ও মুক্তধারা ফাউন্ডেশনের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন ডা. জিয়াউদ্দিন আহমেদ। আমাদের বিশ্বাস, এই নেতৃত্ব এ বছরের বইমেলাকেও মহিমান্বিত ও প্রবাসীদের প্রানের মেলায় পরিণত করবে।
সাংবাদিক হাসান ফেরদৌস দীর্ঘদিন ধরে বইমেলা ও মুক্তধারা ফাউন্ডেশনের সাথে জড়িত। তার দৃষ্টি আকর্ষণ করলে বলেন, ড. নুরুন্নবী বিদায়ী কমিটির চেয়ারম্যান ছিলেন। ৩১ ডিসেম্বর তার মেয়াদ শেষ হয়েছে। আমরা নতুন কমিটি করতে ১ সপ্তাহ দেরি করে ফেলেছি। তার পদত্যাগের বিষয়টি এখন আর বিবেচ্য নয়। আর বইমেলা তার অতীত ধারাবাহিকতায় অনুষ্ঠিত হবে। আগামী ২৩-২৬ মে ৪ দিনব্যাপী বইমেলা অনুষ্ঠিত হবে।




## সম্মিলিত বিশ্ববিদ্যালয় একুশ উদযাপনের প্রস্তুতি সভা

৬৪ পৃষ্ঠার পর

গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। বরাবরের মতো এবারও ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি ও সাধারণ সম্পাদককে যথাক্রমে আহবায়ক ও সদস্য সচিব মনোনীত করে সম্মিলিত মহান একুশ উদযাপন পরিষদ ঘোষণা করা হয়। সেই সাথে সাংস্কৃতিক উপ-পরিষদ, শিশু-কিশোর মেধা প্রতিযোগিতা উপ-পরিষদ, অর্থ উপ-পরিষদ, প্রকাশনা উপ-পরিষদ, স্বেচ্ছাসেবক উপ-পরিষদ, রেজিস্ট্রেশন উপ-পরিষদ ও অভ্যর্থনা উপ-পরিষদ গঠন করা হয় । উক্ত সভায় বক্তব্য রাখেন মোহাম্মদ হোসেন খান, সাইদা আক্তার লিপি, মোল্লা মনিরুজ্জামান, আবুল কালাম আজাদ তালুকদার, স্বপন বড়ুয়া, মোঃ হানিফ মজুমদার, আজহার আলী খান, মোঃ গোলাম মোস্তফা, মোঃ ইউসুফ আলী, মোঃ আব্দুল মতিন, নুপুর চৌধুরি, শাবিনা শারমিন নিভার, মীর কাদের রাশেল, আক্তার আহমেদ রাশা, শামীম আরা বেগম, শবনম পাপরী, ফতে নুর আলম বাবু, শফি আলম আনসারি, বেলায়াত হোসেন চৌধুরি, মনোয়ারুল ইসলাম, এম এ মান্নান, সবিতা দাস, স্বপ্ন কুমার রায় চৌধুরি, আলপনা গুহ ও অভয়া সাহা প্রমুখ। সকল নেতৃবৃন্দ আগামী একুশ উদযাপন সফলভাবে সম্পন্ন করার লক্ষে একসাথে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। একুশ উদযাপনের অংশ হিসেবে আগামী ১৬ই ফেব্রুয়ারি শিশু-কিশোর মেধা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এবং একুশের মূল অনুষ্ঠান আগামী ২৩শে ফেব্রুয়ারি কুইনস প্যালেসে অনুষ্ঠিত হবে। প্রবাসী সকল সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবি সংগঠন সহ সবাইকে বিশাল এই আয়োজনে অংশগ্রহণ করতে আমন্ত্রণ জানানো যাচ্ছে।



## কর্ণফুলী ট্রাভেলসের ওমরাহ হজ্বের এক্সক্লুসিভ প্যাকেজ

৬২ পৃষ্ঠার পর

অংশগ্রহণকারীদের নিয়ে ওয়ার্কশপ ও সেমিনারের আয়োজন করেছিল ১১ জানুয়ারি, শনিবার বিকাল ৩টায়। সম্মানিত ওমরাহ হাজিদের নিয়ে জ্যাকসন হাইটসের ৭৩ স্ট্রিটস্থ কর্ণফুলি ট্রাভেলসের কার্যালয়ে আয়োজিত এই ওয়ার্কশপ ও সেমিনারে ওমরাহ হজ্ব সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর ওমরাহ হজ্বে আগ্রহিদের ধারণা দেয়া হয়, যাতে পবিত্র ওমরাহ হজ্ব পালনে কোন প্রকার অসুবিধা না হয়। প্রতিষ্ঠানের প্রতিষ্ঠানের কর্ণধার মুহাম্মদ সেলিম (হারুন) ও সিইও রেহেনা





আক্তার (মিনু) সেমিনারে বিস্তারিত তুলে ধরেন।
মুহাম্মদ সেলিম (হারুন) জানিয়েছেন, দীর্ঘ দুই দশক ধরে ওমরাহ হজ্বের জন্য বিখ্যাত এবং সৌদি হজ্ব মন্ত্রনালয় অনুমোদিত প্রতিষ্ঠান কর্ণফুলি ট্রাভেলস। এই প্যাকেজের মধ্যে বিশেষ কিছু সার্ভিস যোগ করা হয়েছে। হাজীদের সন্তুষ্টির জন্য যে সব সার্ভিস দেয়া প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তার মধ্যে রয়েছে এয়ার লাইন্স টিকেট, ৫ তারকা হোটেল (মক্কা মোবাম্পিক এবং মদিনা মোবাম্পিক), ভিসা, ফুল ট্রান্সপোর্টেশান (জেদ্দা টু মক্কা,মক্কা টু মদিনা, মদিনা টু এয়ারপোর্ট), প্রতিষ্ঠানের প্রতিনিধি জেদ্দা এয়ারপোর্ট থেকে হাজীদেরকে পিকআপ করেন। ওমরাহ গাইড, সাইড সিয়িং, ব্রেকফাস্ট, তায়েফ টুর ও জিন পাহাড় ইত্যাদি।
এই প্যাকেজে মক্কা-মদিনায় দুইটি জুম্মা এবং পবিত্র শবেবরাত যাতে পালন করতে পারেন এই বিষয়গুলিকে সামনে রেখে প্যাকেজ তৈরী করা হয়েছে। অনুষ্ঠানের আরো জানানো হয়,এই প্যাকেজের মূল্য ধরা হয়েছে জনপ্রতি ২,৬০০ ডলার মাত্র। কর্ণফুলি ট্রাভেলস দীর্ঘ দিন ধরে হাজীদের সেবা দিয়ে আসছে অত্যান্ত নির্ভুলভাবে। সেলিম (হারুন) বলেন, মহান আল্লাহর অসিম রহমতে আজ পর্যন্ত কোন হাজী সার্ভিস নিয়ে কোন প্রকার অভিযোগ আনেন নি, ভবিষ্যতেও আমরা আমাদের সর্বাত্মক প্রচেষ্টার মাধ্যমে আমাদের সুনাম অক্ষুন্ন রাখার চেষ্টা করে যাচ্ছি।
তিনি আরো জানান, ওমরাহ হাজীদের জন্য সৌদি সরকার ম্যানিনজাইটিস এবং পলিমিটিস ভ্যাকসিন বাধ্যতামূলক করেছেন। হজ্ব যাবার পূর্বে হাজিগণ যেন তাদের প্রয়োজনীয় সকল কাগজপত্র এয়ারপোর্টে নিয়ে যান।
উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উক্ত ওয়ার্কশপ ও সেমিনারের সমাপ্তি ঘোষণা করা হয়।

# রেকর্ড ছুঁল এবারের বিপিএল

## ক্লার্কের সেঞ্চুরিতে জিতল চিটাগং

আজকাল স্পোর্টস



চার-ছক্কার ফুলঝুরি ছুটিয়ে উত্তাল ব্যাটিংয়ে সেঞ্চুরি স্পর্শ করলেন গ্রাহাম ক্লার্ক। চিটাগং কিংসের ইংলিশ ব্যাটারের তাণ্ডবে বিপিএলের এবারের আসর স্পর্শ করল একটি রেকর্ড। চলমান মৌসুমে এটি ষষ্ঠ সেঞ্চুরি, যা দেশের ফ্র্যাঞ্চাইজিভিত্তিক টি-টোয়েন্টি প্রতিযোগিতার এক মৌসুমে সর্বোচ্চ। এর আগে ছয়টি সেঞ্চুরি দেখা গিয়েছিল ২০১৯ সালের মৌসুমে।

বৃহস্পতিবার চট্টগ্রাম পর্বের প্রথম দিনের দ্বিতীয় ম্যাচে টস জিতে আগে ব্যাট করে খুলনা টাইগার্সের বিপক্ষে ৭ উইকেটে ২০০ রানের বড় পুঁজি পায় চিটাগং। জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে তাদের হয়ে তিনে নেমে ১০১ রানের বিস্ফোরক ইনিংস খেলেন ক্লার্ক। ২৮ বলে ফিফটি ছোঁয়ার পর ৪৮ বলে তিন অঙ্কে পৌঁছান তিনি। সালমান ইরশাদের বলে মোহাম্মদ নাওয়াজের হাতে ক্যাচ দেওয়ার আগে ৫০ বলে সাতটি চার ও ছয়টি ছক্কা হাঁকান তিনি। এছাড়া, ওপেনার পারভেজ হোসেন ইমন করেন ২৯ বলে ৩৯ রান।

প্রথমবারের মতো বিপিএলে খেলতে আসা ক্লার্কের চিটাগংয়ের জার্সিতে এটি প্রথম সেঞ্চুরি। আর স্বীকৃত টি-টোয়েন্টিতে এটি তার দ্বিতীয় সেঞ্চুরি। চলতি মৌসুমে এখন পর্যন্ত চার ম্যাচ খেলে ৬০ গড় ও ১৭১.৪২ স্ট্রাইক রেটে তিনি করেছেন ২৪০ রান। আগের ম্যাচে সিলেট স্ট্রাইকার্সের বিপক্ষে ৩৩ বলে ৬০ রানের ঝড়ো ইনিংস খেলেন তিনি।

২০২৫ বিপিএলে প্রথম সেঞ্চুরি আসে চিটাগংয়ে ক্লার্কের সতীর্থ পাকিস্তানি ব্যাটার উসমান খানের ব্যাট থেকে। এরপর ঢাকা ক্যাপিটালসের লঙ্কান অলরাউন্ডার থিসারা পেরেরা খেলেন তিন অঙ্কের ইনিংস। তৃতীয় সেঞ্চুরি করেন রংপুর রাইডার্সের ইংলিশ ব্যাটার অ্যালেক্স হেলস। তারপর এক ম্যাচেই জোড়া শতরানের দেখা মেলে ঢাকার দুই ব্যাটার তানজিদ হাসান তামিম ও লিটন দাসের ব্যাটে। প্রথম দুটি সেঞ্চুরি ছিল ঢাকা পর্বে, পরের তিনটি সিলেট পর্বে।

২০১৯ সালের আসরেও রংপুরের হয়ে সেঞ্চুরি করেছিলেন হেলস। একই ম্যাচে একই দলের দক্ষিণ আফ্রিকান ব্যাটার রাইলি রুশো তিন অঙ্কের স্বাদ নিয়েছিলেন। রংপুরের আরেক প্রোটিয়া তারকা এবি ডি ভিলিয়ার্সও হাঁকিয়েছিলেন সেঞ্চুরি। ওই মৌসুমের প্রথম শতরান এসেছিল রাজশাহী কিংসের ইংলিশ ব্যাটার লরি ইভান্সের ব্যাট থেকে। সেবারের চ্যাম্পিয়ন কুমিল্লা ভিক্টোরিয়ান্সের ক্যারিবিয়ান ব্যাটার এভিন লুইস এরপর ৪২ পৃষ্ঠায়

অনূর্ধ্ব-১৯ নারী ক্রিকেট দল



## সুপার ওভারের রোমাঞ্চে ইংল্যান্ডকে হারাল বাংলাদেশের মেয়েরা

আজকাল স্পোর্টস

অনূর্ধ্ব-১৯ টি-টোয়েন্টি বিশ্বকাপ আসরের মাঠে নামার আগে দারুণ ছন্দেই আছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী দল। প্রথম প্রস্তুতি ম্যাচে শ্রীলঙ্কাকে হারানোর পর দ্বিতীয় ম্যাচে ইংলিশ মেয়েদের হারিয়ে ভালোভাবেই প্রস্তুতি সেরেছে সুমাইয়া আক্তারের দল। এরপর ৫৩ পৃষ্ঠায়



## উইজডেনের বর্ষসেরা ওয়ানডে একাদশে তাসকিন

আজকাল স্পোর্টস

বিখ্যাত ক্রিকেট সাময়িকী উইজডেন ২০২৪ সালের বিশ্বের ওয়ানডে পারফর্মারদের নিয়ে সেরা একাদশ ঘোষণা করেছে, যেখানে বাংলাদেশের পেস তারকা তাসকিন আহমেদ স্থান করে নিয়েছেন। যদিও ২০২৪ সালে তিনি মাত্র সাতটি ওয়ানডে খেলেছেন, তবে সাতটি ওয়ানডেতে তার পারফরম্যান্স ছিল উল্লেখযোগ্য এবং এই স্বীকৃতি তার দক্ষতার প্রমাণ।

অবশ্য বিদায়ী বছরে ওয়ানডে ক্রিকেট ছিল অন্য দুই ফরম্যাটের তুলনায় পিছিয়ে। বিদায় বছরটিতে সবচেয়ে বেশি ১৮ ওয়ানডে খেলেছে শ্রীলঙ্কা। সবচেয়ে কম খেলার তালিকায় রয়েছে ভারত ও নিউজিল্যান্ড। এই দুই দল মাত্র তিনটিটি করে ওয়ানডে খেলেছে ম্যাচ। ক্রিকেটের বিখ্যাত সাময়িকী উইজডেনের বর্ষসেরা একাদশেও ছিল এর প্রভাব।

উইজডেনের বর্ষসেরা একাদশে ক্রিকেটের বিগ থ্রি খ্যাত তিন দেশ ইংল্যান্ড, অস্ট্রেলিয়া ও ভারত থেকে বর্ষসেরা ওয়ানডে দলে জায়গা পেয়েছেন মাত্র একজন। আর বাংলাদেশ থেকেও জায়গা পেয়েছেন একজন। তিনি তারকা পেসার তাসকিন আহমেদ। বছরজুড়ে ওয়ানডে ফরম্যাটে নিজের দারুণ পারফরম্যান্সে জায়গা করে নিয়েছেন বর্ষসেরা স্কোয়াডে। বাংলাদেশের পেসার তাসকিন আহমেদ ২৩.৯ গড়ে ২০২৪ সালে ১৪টি উইকেট শিকার করেন, তার ইকোনমি রেট ছিল ৫.৩। বছরের শুরুতে শ্রীলঙ্কার বিপক্ষে সিরিজে তার পারফরম্যান্স ছিল নজরকাড়া। চট্টগ্রামে অনুষ্ঠিত এক ম্যাচে তিনি ৩/৪২ বোলিং ফিগার দিয়ে শ্রীলঙ্কার দুই এরপর ৪৪ পৃষ্ঠায়



## হঠাৎ দেখায় কী কথা হলো হামজা-তাবিথের?

আজকাল স্পোর্টস

২০২৪ সালের শেষভাগে এসে বাংলাদেশের হয়ে খেলার অনুমতি পেয়েছিলেন তিনি। ইংলিশ ফুটবলার হামজা চৌধুরী করে বাংলাদেশের জার্সি গায়ে মাঠে নামবেন, সেদিকেই মুখিয়ে আছেন সমর্থকরা। এসবের মাঝে হঠাৎ করেই ইংল্যান্ডের মাটিতে বাফুফের নতুন সভাপতি তাবিথ আউয়াল দেখা করলেন হামজার সঙ্গে।

অনেক কাঠখড় পুড়িয়ে বাংলাদেশ জাতীয় দলের হয়ে খেলার অনুমতি পেয়েছেন হামজা। গত বছরের আগস্টে পেয়েছিলেন বাংলাদেশি পাসপোর্টও। তবে লেস্টার সিটির হয়ে প্রিমিয়ার লিগে খেলা হামজা অনুমতি পাওয়ার পর এখনো বাংলাদেশে পা রাখেননি। জাতীয় দলের হয়ে কবে নাগাদ তার অভিষেক হবে, সেটা নিয়েই চলছে নানা আলোচনা। শোনা যাচ্ছে, এশিয়ান কাপের বাছাইপর্বের ম্যাচে আগামী ২৫ মার্চ ভারতের বিপক্ষে ম্যাচ দিয়েই হতে পারে তার অভিষেক।

এসব গুঞ্জনের মাঝেই হামজার সাথে দেখা করতে ইংল্যান্ডে উড়াল দিয়েছেন বাফুফের নবনির্বাচিত সভাপতি তাবিথ আউয়াল। গতকাল রাতে লেস্টারে হামজার মা-বাবার সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন তাবিথ আউয়াল ও বাফুফের কার্যনির্বাহী সদস্য ইমতিয়াজ হামিদ।

পরিবারের সাথে সাক্ষাৎ শেষে দুজন কিং পাওয়ার স্টেডিয়ামে বসে দেখেছেন হামজার ক্লাব লেস্টার সিটি ও ক্রিস্টাল প্যালেসের ম্যাচ। এই ম্যাচে অবশ্য মাঠে নামা হয়নি হামজার। ম্যাচ শেষে হামজার সাথে নৈশভোজে অংশ নেন তাবিথ-ইমতিয়াজ।

এই নৈশভোজে কী আলোচনা হয়েছে সেই ব্যাপারে বিস্তারিত জানা যায়নি। তবে হামজার অভিষেক ও বাংলাদেশে তার ভবিষ্যৎ পরিকল্পনা এরপর ৫৩ পৃষ্ঠায়

## ৩০ বছরের সংসার রক্ষা করতে পারলেন না গার্দিওলা

আজকাল স্পোর্টস



বর্তমান সময়ের সেরা ও সফল কোচদের মধ্যে অন্যতম হলেন পেপ গার্দিওলা। বার্সেলোনা, বায়ার্ন মিউনিখ ও ম্যানসিটির মতো দলকে এনে দিয়েছেন অনেকগুলো সাফল্য। কোচ হিসেবে সফল হলেও সংসার জীবনে ব্যর্থ হয়েছেন তিনি। স্ত্রী ক্রিস্টিনা সেরার ৩০ বছরের দাম্পত্য জীবনের সমাপ্তি ঠেকাতে পারেননি গার্দিওলা।

স্প্যানিশ সংবাদমাধ্যম স্পোর্তের এক প্রতিবেদন থেকে এই তথ্য উঠে এসেছে। পেপ গার্দিওলা এবং তার স্ত্রী ক্রিস্টিনা সেরার ৩০ বছরের দাম্পত্য জীবনের সমাপ্তি ঘটেছে বলে জানিয়েছে গণমাধ্যমটি। তাদের বিবাহবিচ্ছেদ সম্পূর্ণ সৌহার্দ্যপূর্ণভাবে সম্পন্ন করেছেন বলে জানা গেছে।

প্রতিবেদনে বলা হয়েছে, গার্দিওলা ও ক্রিস্টিনা গত পাঁচ বছর ধরে ভিন্ন দেশে বসবাস করছিলেন। ক্রিস্টিনা বার্সেলোনায় এবং গার্দিওলা ম্যানচেস্টারে ছিলেন। ম্যানচেস্টার সিটি এই বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হয়নি।

এই দম্পতি ডিসেম্বর মাসে তাদের সম্পর্কের ইতি টানার সিদ্ধান্ত নেন এবং তাদের ঘনিষ্ঠদের মধ্যেই এই খবর সীমাবদ্ধ ছিল। পরিবারের সদস্য ও বন্ধুদেরও বিষয়টি নিয়ে কোনো তথ্য প্রকাশ না করার জন্য বলা হয়েছে। তবে তাদের সম্পর্ক এখনো 'সম্পূর্ণ সৌহার্দ্যপূর্ণ, স্থিতিশীল এবং বন্ধুত্বপূর্ণ' রয়েছে।

২০২২ সালের জানুয়ারিতে স্ত্রীর প্রশংসা করে গার্দিওলা বলেছিলেন, আমার স্ত্রী অনেক কিছুতে সেরা, বিশেষ করে ফ্যাশনে। তিনি আমাকে বলেন কী পরতে হবে আর কী নয়। আমি যথেষ্ট স্মার্ট যে, বুঝতে পারি যেসব মানুষ আমার চেয়ে অনেক ভালো, তাদের পরামর্শ মেনে চলা উচিত।

গার্দিওলার জীবনের গুরুত্বপূর্ণ মুহূর্তগুলোতে সবসময় পাশে ছিলেন ক্রিস্টিনা। ২০২৩ সালের জুনে ইস্তানবুলে গার্দিওলা যখন ম্যানচেস্টার সিটিকে ইন্টার মিলানের বিরুদ্ধে জয় এনে দিয়ে ট্রেবল জিতিয়েছিলেন, তখন সেরাও সেখানে এরপর ২৮ পৃষ্ঠায়

## মেসির পর ইয়ামালই বিশ্বের সেরা

আজকাল স্পোর্টস



একটি গোল করেছেন। করিয়েছেন আরও একটি। পরিসংখ্যানের চেয়েও মুখ্য ছিল ধারাবাহিকভাবে লামিনে ইয়ামালের উজ্জীবিত পারফরম্যান্স। তাতে মনে করিয়ে দিচ্ছে লিওনেল মেসির কথা। বার্সার সাবেক ১০ নম্বরকে বিশ্বের সেরা খেলোয়াড় মেনে তার পরেই এই ইয়ামালকে তার পরেই রাখছেন সতীর্থ গাভি।

গত বুধবার রাতে অলিম্পিক স্টেডিয়ামে কোপা দেল রে'র ম্যাচে রিয়াল বেতিসকে ৫-১ গোলের ব্যবধানে উড়িয়ে দিয়ে কোয়ার্টার ফাইনালে উঠেছে বার্সেলোনা। ম্যাচে ইয়ামালের সঙ্গে দারুণ পারফর্ম করেছেন গাভিও। পেয়েছেন গোলও। চোট কাটিয়ে ওঠার পর এদিন পুরনো এরপর ৫৩ পৃষ্ঠায়

## গাজা উপত্যকায় যুদ্ধবিরতি

৩ পৃষ্ঠার পর

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কেইর স্টারমার দেশে ফিরে আসা জিম্মিদের নিয়ে উদযাপন করেছেন এবং ৭ ই অক্টোবর, ২০২৩-এ হামাসের হামলায় এবং বন্দিদশায় নিহত ব্যক্তিদের জন্য শোক প্রকাশ করেছেন। তিনি গাজায় যুদ্ধ-ক্লান্ত বেসামরিক নাগরিকদের জন্য মানবিক সহায়তা বাড়ানোর প্রতিশ্রুতি দিয়েছেন। এক বিবৃতিতে তিনি বলেন, সার্বভৌম ও টেকসই ফিলিস্তিন রাষ্ট্রের পাশাপাশি ইসরায়েলের নিরাপত্তা ও স্থিতিশীলতার নিশ্চয়তা দেবে এমন দ্বি-রাষ্ট্র সমাধানের ভিত্তিতে ইসরায়েল ও ফিলিস্তিনের জনগণের জন্য আমরা কীভাবে স্থায়ীভাবে উন্নত ভবিষ্যত নিশ্চিত করব সেদিকে আমাদের দৃষ্টি নিবদ্ধ করতে হবে।

ইসরায়েলের ঘনিষ্ঠ মিত্র জার্মানির চ্যান্সেলর ওলাফ শলজ বলেছেন, বাকি সব জিম্মি এবং যারা মারা গেছে তাদের মৃতদেহ অবশ্যই ফিরিয়ে দিতে হবে। তিনি বলেন, এই যুদ্ধবিরতি যুদ্ধের স্থায়ী সমাপ্তি এবং গাজার দুর্বল মানবিক পরিস্থিতির উন্নতির দরজা খুলে দিয়েছে।

ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ লিখেছেন, চুক্তিটিকে অবশ্যই সম্মান করতে হবে। বন্দীরা মুক্ত। গাজাবাসীকে উদ্ধার করা হয়েছে। রাজনৈতিক সমাধান খুঁজে বের করতে হবে।

তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগান এই চুক্তিকে স্বাগত জানিয়ে বলেছেন, তিনি আশা করেন এটি আমাদের অঞ্চল এবং সমগ্র মানবতার উপকার করবে এবং স্থায়ী শান্তি ও স্থিতিশীলতার দ্বার উন্মুক্ত করবে। তিনি গাজার ফিলিস্তিনিদের প্রতিও শ্রদ্ধা জানান- যারা সাহসের সাথে তাদের ভূমি রক্ষা করেছিল।

জাতিসংঘের সেক্রেটারি জেনারেল আন্তোনিও গুতেরেস বলেছেন যে, যুদ্ধবিরতি চুক্তি বাস্তবায়নে সমর্থন করতে এবং মানবিক সহায়তা সরবরাহের মাত্রা বাড়াতে প্রস্তুত। তিনি বলেন, আমাদের অগ্রাধিকার হওয়া উচিত এই সংঘাতের ফলে সৃষ্ট প্রচণ্ড দুর্ভোগকে সহজ করা।

## হঠাৎ দেখায় কী কথা হলো হামজা-তাবিথের?

৫২ পৃষ্ঠার পর

নিয়েই যে কথা হয়েছে, সেটা বলাই বাহুল্য।

শেষ পর্যন্ত ভারতের বিপক্ষে অভিষেক হবে কিনা হামজার, সেটার জন্য অপেক্ষা করতে হবে আরও কিছুদিন।

## সুপার ওভারের রোমাঞ্চে ইংল্যান্ডকে হারাল বাংলাদেশের মেয়েরা

৫২ পৃষ্ঠার পর

বুধবার কুয়ালালামপুরে অনুষ্ঠিত ম্যাচে সুপার ওভারে ২ রানে জিতেছে বাংলাদেশের মেয়েরা। ইংল্যান্ডের বিপক্ষে মেয়েদের যে কোনো পর্যায়ের ক্রিকেটে এটিই বাংলাদেশের প্রথম জয়।

টসে জিতে ব্যাটিং করা ইংল্যান্ড ২৩ ওভারে ৯ উইকেট হারিয়ে তোলে ১১৩ রান। এই রান তাড়া করতে নেমে জয়ের জন্য শেষ বলে বাংলাদেশের ১ রান দরকার ছিল। হাতে উইকেটও ছিল একটি। তবে শেষ বলে রান-আউট হয়ে যান নিশিতা আক্তার। ম্যাচ যায় সুপার ওভারে।

সুপার ওভারে সাদিয়া আক্তারের ৩ বলে অপরাজিত ৮ রানের সৌজন্যে ১১ রান তোলে বাংলাদেশের মেয়েরা। বাংলাদেশের হয়ে সুপার ওভারটি করেন পেসার হাবিবা আক্তার। পুরো ওভারে দারুণ বোলিং করা হাবিবার শেষ বলে ইংল্যান্ডের দরকার ছিল ৪ রান। খ্রিশা অনাওয়ালা ২ রানের বেশি নিতে পারেননি। ২ রানের জয় পায় বাংলাদেশ।

আন্তর্জাতিক ক্রিকেটে বাংলাদেশ নারী জাতীয় দল এর আগে ইংল্যান্ডের মেয়েদের হারাতে পারেনি। অনূর্ধ্ব ১৯ দল এর আগে তাদের বিপক্ষে খেলেওনি। ১৬ দলের বিশ্বকাপ শুরু হবে ১৮ জানুয়ারি, ফাইনাল ২ ফেব্রুয়ারি। বাংলাদেশ পড়েছে 'ডি' গ্রুপে। সেখানে তাদের প্রতিপক্ষ অস্ট্রেলিয়া, স্কটল্যান্ড ও নেপাল।


BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন
Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !
মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন
YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:
Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়
Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%
Real Estate Productivity Coaching



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com



kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY




•Residential •Commercial •Investment
•Foreclosures •Auctions •Co-Op & Condo
•Short Sale •Hud •Rentals
•Bank Owned/ REO Properties
List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor
realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64
AzizulH48770125
azizul-hoque-880064245



ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।





যোগাযোগ : ৭১৮ ৬৯৭ ৭৭১৭


## মেসির পর ইয়ামালই বিশ্বের সেরা

৫২ পৃষ্ঠার পর

ছন্দে দেখা গিয়েছে এই তরুণকে।

তবে আলোচনা ওই ইয়ামালকে নিয়েই। বার্সেলোনার প্রতিটি জয়েই দুর্দান্ত পারফর্ম করা এই তরুণকে নিয়ে মূল্যায়ন জানতে বলা হয় তার সতীর্থ গাভিকে। তার উত্তর, 'আমার কাছে সে বিশ্বের সেরা, মেসির পরে।'

পরবর্তী প্রশ্নে আরও সতর্ক হয়ে গাভি বললেন, 'লামিন খুব ভালো, বর্তমানে সেরা। তবে মেসির সাথে তার তুলনা করা বোকামি। মেসি এক এবং অদ্বিতীয়। যেমন জাভি, ইনিয়েস্তা, বা বুসকেতস একজনই থাকবে। আমাদের নিজেদের পথ তৈরি করতে হবে।'

গাভির এই মন্তব্য মনে করিয়ে দেওয়া হয় তাদের কোচ হ্যান্সি ফ্লিককে। একই সুরে কথা বলেন তিনিও, 'গাভি খুব আবেগপ্রবণ। তবে হ্যাঁ, আমার উত্তরও হ্যাঁ। বড় ম্যাচে আমরা দেখেছি কীভাবে দারুণ প্রতিভাগুলো উজ্জ্বল হয়ে ওঠে। আমরা এটি অনেক ম্যাচে দেখেছি, কিন্তু আমাদের তার যত্ন নিতে হবে।'

ইয়ামালকে নিয়ে উচ্ছ্বসিত তাদের আরেক সতীর্থ পাউ কুবারসিও। লামিনের বর্তমান অবস্থান নিয়ে তাকে প্রশ্ন করা হলে, অন্যতম স্মরণীয় মন্তব্য করেন এই তরুণ, 'লামিন? আমি তাকে অনেক বছর ধরে উপভোগ করেছি, আর এখন সবাই উপভোগ করছে।'

## তবু ৮ লাখ ডলার ত্রাণ দিলেন অভিনেত্রী

৪৬ পৃষ্ঠার পর

পরিবারে শিশুরা ভয় ও ঝুঁকির মধ্যে সময় পার করছে।'

প্যারিস হিলটন দাবানলে আহত এবং ভীত পশুগুলোর প্রতি সদয় হতেও মানবিক আহ্বান জানিয়েছেন।

নিজের পুড়ে যাওয়া বাড়ির ধ্বংসস্তূপ দেখতে গিয়েছিলেন প্যারিস হিলটন। সেসবের ছবি ও ভিডিও সামাজিক মাধ্যমে শেয়ার করেছেন প্যারিস হিলটন। সেখানে ক্যাপশন লিখেছেন, 'আমি এখন সেই ধ্বংসস্তূপে দাঁড়িয়ে যেটা আমার স্বপ্নের বাড়ি ছিল। কতটা কষ্ট হচ্ছে বলে বোঝাতে পারব না। প্রথম যখন খবরটা পেলাম, আমি কিছুক্ষণের জন্য হতভম্ব হয়ে গিয়েছিলাম। কিছুতেই বিশ্বাস করতে পারিনি প্রথমে।' অভিনেত্রীর কথায়, 'এটা শুধু আমার বাড়ি ছিল না। এই সেই বাড়ি যেখানে আমরা একসঙ্গে স্বপ্ন দেখেছি, হেসেছি-কেঁদেছি। পুরো পরিবারকে নিয়ে কত সুন্দর সুন্দর স্মৃতি তৈরি করেছি। যে বাড়ির প্রতিটা কোণায় কোণায় ভালোবাসার চিহ্ন রয়েছে। সেই বাড়ি এভাবে ছাইয়ে পরিণত হয়ে গেছে।'

## সাইফের ওপর হামলার সময় স্ত্রী-সন্তানেরা কোথায় ছিলেন

৪৬ পৃষ্ঠার পর

ভারতীয় একটি গণমাধ্যম জানিয়েছে সাইফ আলী খানের স্ত্রী গত রাতে বাড়িতে ফেরেননি। তাকে দেখা গেছে বলিউডের বেশ কয়েকজন অভিনেত্রীর সঙ্গে এক রাতের পার্টিতে। ওই পার্টিতে ছিলেন কারিনার বোন কারিশমা কাপুর, সোনম কাপুর, রেয়া কাপুর। বাড়িতে ঘটে যাওয়া দুর্ঘটনার ঘণ্টাখানেক আগে সেই পার্টি থেকে ইনস্টাগ্রামে ছবি পোস্ট করেছেন কারিনা। ছবি দেখে অনুমান করা হচ্ছে যে, রাতে বাড়ির বাইরেই ছিলেন এই অভিনেত্রী। যদিও রাতে তার বাড়ির বাইরে অবস্থান বিষয়ে নিশ্চিত হওয়া যায়নি। এমনকি কারিনাও এখন পর্যন্ত এ বিষয়ে কোনো বিবৃতি দেননি।

কী বলছে পুলিশ: পুলিশটা জানিয়েছে, রাতে সাইফের বাড়িতে অনুপ্রবেশকারী দুর্বৃত্তের সঙ্গে গৃহপরিচারকদের বাকবিতণ্ডা হয়। উত্তেজিত কথাবার্তার আওয়াজে ঘুম ভেঙে যায় সাইফের। উঠে এসে সাইফ তাকে ধরার চেষ্টা করলে দুজনার মধ্যে ধস্তাধস্তি হয়। এ সময় ওই দুর্বৃত্তের ছুরির আঘাতে আহত হন সাইফ আলী খান।

পুলিশ জানিয়েছে বাড়ির সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে ঘটনা খতিয়ে দেখছে তারা। সাইফ আলী খানের বাড়ির এই ঘটনা তদন্তে কয়েকটি টিম গঠন করা হয়েছে। স্থানীয় থানায় একটি মামলাও দায়ের করা হয়েছে। সাইফ আলী খান শরীরের কোথায় কোথায় আঘাত পেয়েছেন তা এখনো নিশ্চিত করে জানায়নি কোন পক্ষ। তবে তিনি আপাতত শঙ্কামুক্ত বলে নিশ্চিত করেছে হাসপাতাল কর্তৃপক্ষ।

অভিনেতা সাইফ আলী খানের বাড়ির ঘটনায় উদ্বিগ্ন সবাই। তার কারণ অভিজাত এলাকার বাসিন্দারা এখন আর নিরাপদ বোধ করছেন না। অন্যদিকে বলিউড তারকা সাইফ আলী খানের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করছেন তার অনুরাগীরা।

কাজের খবর হচ্ছে, সাইফ আলী খানকে সর্বশেষ দেখা গেছে একাধিক ভাষায় মুক্তি পাওয়া তেলেগু ছবি 'দেভারা'য়। ছবিটির প্রধান চরিত্রাভিনেতা জুনিয়র এনটিআর। পরবর্তীতে সাইফকে দেখা যাবে সিদ্ধার্থ আনন্দের 'জুয়েল থিফ: দ্য রেড সান চ্যাপ্টার' ছবিতে।

UCS Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR
## ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট,
